Bhagabat 11-17 & 18 distinguishes between the function of the paramahansa and the activities of conditioned souls enjoined by the Varnashrama system. Varnashrama life is not the unalloyed spiritual life that is led by fully liberated souls. It is the stage preparatory to such life. Neither is it on

1. Bhag. 1/2/6 ; Bh. R. S. 1/2/33
2. Vish. P. 3/8/9

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

a par with the life of unmixed sensuousness that is led by people outside the Varnashrama society. Every form of activity of conditioned souls outside the Varnashrama system is inspired by meaningless malicious hostility to the Absolute. All such activity is necessarily atheistical. This mundane world is the congenial sphere for the practice of the deluded dominating activity that is coveted by conditioned souls for practising active aversion towards the Absolute. The conditions for such activity are supplied by the deluding power. They constitute the realm of nescience, spiritual ignorance or achit. But as soon as the activity of chit, or uneclipsed cognition, is aroused in the spiritual essence of the misguided soul, it dissipates by its appearance

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

such wrong addiction to the ignorant activities of this world and also the susceptibility of being tempted by the deluding power.

There is no common ground between unalloyed spiritual function and the activity of conditioned souls in the grip of nescience. The one does not dove-tail into the other. It is for this reason that the unalloyed spiritual function can never be understood by the resources of the archæologists, historians, allegorists, philosophers, etc., of this world. Such empiric speculations tamper the transcendental Personality of the Absolute. They belong to the realm of nescience and constitute the active denial of the Entity of the Absolute. By indulging in such speculations our

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

spiritual nature is deprived of its proper function.

Conduct enjoined by the Varnashrama system is calculated to counteract the inherent atheistical trend of all worldly activities which are unavoidable in the conditioned state. The distinction between the deliberate atheistical activity of misguided souls, the guided activity of persons belonging to Varnashrama society and the unalloyed spiritual function of fully liberated souls or paramahansas, is hinted in such texts as Mundaka 3-1-2, Svet-4/6/7, Bhagabat 11/11/6.

Activities that are prompted by the urge for sensuous enjoyment create the discordant diversity of this world. One who is addicted to wordly enjoyment has a deluded way of looking at

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

everything. When such a person is established in the proper activity of his unalloyed spiritual nature towards his transcendental Master, the only Recipient of all willing service in the eternal world, the true view of everything is revealed to his serving vision. There can be no ignorance and misery if the world is viewed aright.

The urge for sensuous enjoyment expresses itself in the institutions of family and society of worldly-minded persons. They are the traps of the deluding energy. But these very traps are used as instruments of service of the Absolute by the awakened soul. The hymns of the Bhagabat always reveal the eternal service of the Absolute on the highest plane, identical with the Personality of Sree

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

Gaursundar, to the enlightened soul. I may refer in this connection to the interpretation of the Bhagabat that has been supplied by the commentaries of the Gaudiya Vaishnava School. We read in those commentaries that the hymns of Bhagabat 11/5/33-34, which seem to be in praise of Sree Ramachandra as the ideal monogamous husband, are in praise of Sree Krishna Chaitanya. This is not an instance of twisting the meaning of a text to suit the whim of the commentator. The language of Srimad Bhagabat reveals its true meaning only to the enlightened soul. That meaning is very different from what even the most renowned linguists may suppose it to be in their blind empiric vanity.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

The Bhagabat gives the highest position to the service of Sree Krishna by the gopees (spiritual milkmaids of Vrindavana). In its account of the rasa dance (circular amorous dance), it gives the clue to the distinctive nature of the services of Sree Radhika and other milkmaids.[1]

Sree Krishna is served by Sree Radhika by herself and simultaneously by her multiple bodily forms in the shapes of the residents of Vraja. The services of the other milkmaids, of Nanda and Yasoda,—of Sridam and Sudam,—of all the associates and servitors of Krishna in Vraja, are part and parcel of the service of Sree Radhika. Sree Gurudeva belongs to this inner group of the servitors. He

1. Bhag. 10/30/24.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

is the Divine Manifestive Entity for disclosing the forms and activities of all eternal servitors of Sree Krishna. The function of Sree Gurudeva is a fundamental fact in the Leela of Vraja where Sree Krishna is served as the emporium of all the rasas. The servitors of Vraja minister to the gratification of the senses of Krishna in every way. Sree Gurudeva is the Divine exciting Agent of the serving activity of Vraja.

The nature of transcendental Vraja Leela is liable to be misunderstood by the empiric study of the Bhagabat. The limit of empiric inference is reached by the speculations of the paroksha method. By the abandonment of empiricism, represented by the aparoksha method, the Brahma

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

and Paramatma conceptions are realised. But these also are not objects of worship. We have already seen that the activity of service is possible only on the plane of the adhokshaja, which yields the realisation of the Majestic Personality of the Absolute as Sree Narayana. Aprakrita Vraja Leela, the central topic of the Bhagabat, is the highest form of adhokshaja realisation.

The dalliances of Sree Krishna in Vraja have a close resemblance to unconventional mundane amour. Sexuality, in all its forms, is an essentially repulsive affair on the mundane plane. It is, therefore, impossible to understand how the corresponding transcendental activity can be the most exquisitely wholesome service of the Absolute. It is, however, possible

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

to be reconciled, to some extent, to the truth of the narrative of the Bhagabat if we are prepared to admit the reasonableness of the doctrine that the mundane world is the unwholesome reflection of the realm of the Absolute, and that this world appears in a scale of values that is the reverse of that which obtains in the reality of which it happens to be the shadow.

In the form of the narrative of the Bhagabat, the Transcendental Vraja Leela manifests its descent to the plane of our mundane vision in the symbolic shapes resembling those of the corresponding mundane events. If we are disposed, for any reason, to underestimate the transcendental symbolism of the narrative of the Bhagabat, we are unable to avoid unfavourable and

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

hasty conclusions regarding the nature of the highest, the most perfect and the most charming form of the loving service of the Divinity to which all other forms of his service are as the avenues of approach.

Sexuality symbolises the highest attraction and the acme of deliciousness of transcendental service. In the amorous performances of Vraja, the secrets of the eternal life are exhibited in their uncovered perfection in the activity of the love of unalloyed souls.

We may notice in passing, certain significant differences, that should prevent any hasty conclusions, between Sree Krishna's amorous dalliances and mundane sex activity. In Vraja Leela Sree Krishna is under the age of eleven years. The spiritual milkmaids never

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

conceive and bear children to Sree Krishna [1]. The children born of Sree Krishna belong to the less perfect Leela of Dwaraka. To suppose it to be the product of anthropomorphic speculation is the greatest offence against the Divine Leela. The Bhagabat declares the realisation of the true nature of the Vraja Leela, in pursuance of the shrauta method, as the only remedy of all conditioned souls afflicted with the disease of mundane sexuality.

The conventions of civilised society for the regulation of sexual relationship attain their ethical perfection in the Varnashrama arrangement. A person belonging to the Varnashrama society can readily appreciate the transparent moral purity of life on the plane of

1. Bhag. 10/29.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

Vaikuntha and Ayodhya, although he cannot understand their esoteric nature. In those realms, Godhead poses as the ideal monogamous husband. Ethical restrictions of sex relationship, that are imposed at Ayodhya by the form of the monogamous marriage are relaxed at Dwarka where the Absolute manifests His fuller Personality and appears in the guise of the polygamous husband. The conventions of marriage are abrogated in Vrindavana where the sanctity of wedlock becomes secondary and a foil to the amorous exploits of Sree Krishna in His Fullest Manifestation.

The spiritual function in its unalloyed form has a real correspondence to mundane activity, with the distinction that its objective, mode of activity and

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

instrumental are unalloyed spirit. This makes the inconceivable difference between spiritual function and mundane activity. It also supplies a kind of explanation of the fact that the activities in Vraja corresponding to the most wholesome performances on the mundane plane are, comparatively speaking, the least pleasing in the sight of Sree Krishna.

The sole object of all spiritual activity is gratification of the senses of Sree Krishna. When Sree Krishna is pleased, His servitors experience unmixed joy. This is the reverse of what happens in this world. Activity, that yields enjoyment to the person indulging in the same, alone possesses attraction on the mundane plane. But such selfish pleasure is never coveted

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

on the plane of spiritual service. The plane of mundane sensuous enjoyment is thereby sharply differentiated from that of spiritual service in respect of the quality and orientation of their respective activities. Desire for mundane enjoyment is potentially, but uncongenially, inherent in the soul, and it can be cultivated at his option. The practice of it, however, leads to the abeyance of his truly natural serving function. Modern civilisation does not suspect its own degradation in seeking exclusively for mundane enjoyment. The mind and body of man have a natural aptitude for sensuous gratification, and all his ordinary mundane activities are practised for its realisation.

For this reason very few people in this world can grasp the significance

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

of the statement of the Bhagabat and other spiritual scriptures that the unallcyed essence of the soul has a natural aptitude for the exclusive service of the Absolute which is utterly incompatible with mundane sensuous living.

In the transcendental service of the Absolute the aptitude, form, as well as ingredients, are uncovered absolutely-wholesome living reality. In this complete uncovering of the proper nature of a person by the perfection of his serving function, he is enabled to realise fully the abiding interests of his real entity. Such unconditional submissive activity towards the Absolute is also necessarily identical with the realisation of the perfect freedom of the soul expressing itself in the highest forms of his serving activity.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

Prayojana or Fruit.

In the position of complete realisation of the activity of the uncovered soul a person becomes eligible for participation in the Transcendental Pastime or Leela of Sree Krishna (Bhag. 1/7/10 and Sridhar's commentary on the same). The realisation of this all-absorbing love for Sree Krishna is the FRUIT or Prayojana of the eternal spiritual activities of all pure souls.

Sree Krishna is directly served by His plenary inner power as His only consort. The residents of Vraja, the plane of this inner service, are extensions of the figure of the plenary Divine power. They are the Divine participants in the Divine Pastime, as all those entities display the nature of the full servitorship of the Divinity.

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

Not so the souls of men, all of whom are susceptible to the temptations offered by the deluding face of the plenary power for preventing the access of the non-residents of Vraja to the Arena of the Divine Pastime. We the sojourners of this mundane plane, have been thus kept out of the plane of Vraja by the deluding face of the Divine power.

Individual souls who are not part and parcel of the inner plenary power have no automatic access to the plane of Vraja. They are also lacking in spontaneous love for Sree Krishna. It is possible for them to attain to the love of Sree Krishna only as accepted subservients of the inhabitants of Vraja.

The first appearance of the spontaneous loving aptitude for Sree Krishna in

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

an individual soul elevates him to the condition of the madhyam Bhagabat (mediocre servant of Sree Krishna) as distinct from the condition of the maha-Bhagabat who possesses love for Sree Krishna in the plenary measure which makes him eligible for participating, as a subservient of the servitors of Vraja, in the loving activities of the highest sphere of service.

In proportion as the hesitant, reverential, serving disposition of the madhyam Bhagabat is gradually developed, by the practice of pure service, into one of subserviency to the inhabitants of Vraja in their unconventional performances of the highest loving services of Sree Krishna, such hesitation and distance are superseded by growing

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

confidence and proximity to the Object of one's highest love. Thereby the spiritual vision is perfected, in conformity with the natural capacity of an individual, and he is enabled to realise the full function of his specific spiritual self.

Goloka-Vrindavana is realisable in the symbolic Vrindavana that is open to our view in this world by all persons whose love has been perfected by the mercy of the inhabitants of Transcendental Vraja, and not otherwise. The grossest misunderstanding of the subject of the Vraja-Leela of Sree Krishna is inevitable if these considerations are not kept in view. All persons, under the sinister influence of the deluding power of Nescience, are subject to such misunderstanding

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

in one form or another. They are fated to see nothing but a mundane tract of country in the terrestrial (Bhauma) Vrindavana, and the practice of the grossest forms of debauchery in the Vraja Pastimes of Sree Krishna.

But the true esoteric vision of the maha-Bhagabat is very different from such realisation of deluded humanity. It is described in Bhagabat 10/35/9 and sequel, and also in Chaitanya-charitamrita Madhya Leela, 17-55:

"When He (Sree Krishna-Chaitanya) catches sight of a wood, it appears to Him in the likeness of Vrindavana; when He looks at a hill, He mistakes it for Gobardhana."

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

গীতিসাহিত্যে শ্রীভক্তিবিনোদ

মহামহোপদেশক
শ্রীসুন্দরানন্দ বিদ্যাবিনোদ-
বিরচিত

[সর্ব্বস্বত্ব-সংরক্ষিত]

[বার আনা]

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

প্রকাশক—
শ্রীনিশিকান্ত সান্যাল, এম্‌-এ
শ্রীমায়াপুর, নদীয়া

প্রাপ্তিস্থান—
ঠাকুর-ভক্তিবিনোদ-ইন্‌ষ্টিটিউট্
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া
শ্রীগৌড়ীয় মঠ
পোঃ বাগবাজার, কলিকাতা
ইউনিয়ন প্রেস
লক্ষ্মীবাজার, ঢাকা
শ্রীজগন্নাথ-গৌড়ীয় মঠ
বড়বাজার, ময়মনসিংহ

মুদ্রাকর—শ্রীরমেশচন্দ্র দে সরকার
ইউনিয়ন প্রেস, লক্ষ্মীবাজার, ঢাকা

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri



ওঁ বিষ্ণুপাদ
শ্রীশ্রীল সচ্চিদানন্দ ভক্তিবিনোদ ঠাকুর

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

নমো ভক্তিবিনোদায় সচ্চিদানন্দনামিনে ।
গৌরশক্তিস্বরূপায় রূপানুগবরায় তে ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

উপোদ্ঘাত

নিগমকল্পতরুর গলিত-ফল শ্রীমদ্ভাগবতকে মূল অবলম্বন করিয়া শ্রীগৌরসুন্দর ও তাঁহার আশ্রিত শ্রীগদাধর-দামোদর-স্বরূপাভিন্ন-বিগ্রহ ষড়্গোস্বামি-প্রভু ও তদনুগত গৌড়ীয়াচার্য্যগণ নিঃশ্রেয়স-প্রার্থী জীবের জন্য যে প্রণালীতে পরম সম্বন্ধ, পরম অভিধেয় ও পরম প্রয়োজনের কথা স্বকৃত গ্রন্থাদিতে লিপিবদ্ধ ও আচার-প্রচার করিয়া গিয়াছেন, সেই প্রণালীর অনুসরণে সমগ্র মানবজাতির চির চরম ও পরম কল্যাণ-বিধানের উদ্দেশ্যে পরম করুণাময় শ্রীভক্তিবিনোদ ঠাকুর সহজ ও সরল বঙ্গভাষায় তাঁহার গীতি-গুচ্ছ রচনা করিয়াছেন। গোস্বামিপাদগণের সিদ্ধান্তরাজি দুরবগাহ সংস্কৃত-ভাষায় লিপিবদ্ধ থাকায় সর্ব্বসাধারণের পক্ষে তাহা অনুশীলন ও ধারণা করিবার সম্ভাবনা ছিল না। ঠাকুর শ্রীভক্তিবিনোদ বঙ্গভাষায় বিশেষতঃ গীতি-ছন্দে তাহা প্রকাশ করায় সেই সকল তত্ত্ব সংস্কৃত-ভাষানভিজ্ঞ সর্ব্বসাধারণের পক্ষে সুলভ হইয়াছে। এই সব গীতি বিশ্বের বিভিন্ন ভাষায় অনূদিত হইয়াছে ও হইতেছে। ঠাকুর ভক্তিবিনোদের এই মহা-দানের তুলনা আর নাই। বাল-বৃদ্ধ-বনিতা, সকলেই শ্রদ্ধালু হইয়া ঠাকুরের এই সকল গীতি শ্রবণ, কীর্ত্তন ও বিচার করিলে অবিদ্যা, অচেতনতা বা কৃষ্ণবহির্ম্মুখতা হইতে সহজেই উদ্ধার লাভ করিয়া বিদ্যার সাহায্যে ব্রহ্ম-পরমাত্ম-জ্ঞান-লাভের অন্তে ভগবজ্জ্ঞানে জ্ঞানী ও ভগবদ্ভক্তিতে প্রতিষ্ঠিত হইতে পারিবেন। গুরু-বৈষ্ণবের আনুগত্যে এই সকল গীতির

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

শ্রবণ-কীর্ত্তন-মুখে অনুশীলনের ন্যায় শ্রেষ্ঠ ভজনাঙ্গ আর কিছুই নাই। যাঁহারা সুকণ্ঠ, তাঁহারা এই সকল গীতি সুর-তানাদির সহিত কীর্ত্তন করিতে পারেন; গানের শক্তি না থাকিলেও অর্থাৎ সুর-তানাদি না জানিলেও অনুগমন, অনুমোদন, দৈন্য, আর্ত্তি, বিজ্ঞপ্তি ও লালসার সহিত এই সকল গীতি কীর্ত্তন করিলে ভজনরাজ্যে নিশ্চয়ই অগ্রসর হইয়া সাধ্য-ভক্তি লাভ করিতে পারিবেন, সন্দেহ নাই।

ঠাকুরের এই সকল গীতির বৈশিষ্ট্য এই যে, ইহারা কৃষ্ণ-বিমুখ কোন জীবের ইন্দ্রিয়-তর্পণ না করিয়া একমাত্র অধোক্ষজ কৃষ্ণেন্দ্রিয়ের তর্পণ বিধান করিয়াছেন। প্রত্যেকটি গীতির মধ্যে শুদ্ধভক্তি-সিদ্ধান্ত ও ভজন-রাজ্যে অগ্রসর হইবার চরম উপদেশ-সমূহ নিহিত রহিয়াছে।

শ্রীশ্রীভক্তিবিনোদ-শতবর্ষ-পূর্ত্ত্যাবির্ভাব-তিথি-পূজার উপায়নরূপে 'গৌড়ীয়'-সম্পাদক মহামহোপদেশক শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ প্রভু এই উপাদেয় গ্রন্থটি রচনা করিয়াছেন। তাঁহার উপর ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল ভক্তিবিনোদ ঠাকুর ও তদভিন্নবিগ্রহ ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদের সুপ্রসাদ-বারি-ধারা চিরদিনই বর্ষিত—ইহা সকল নিরপেক্ষ সুধীই জানেন।

"গীতি-সাহিত্যে শ্রীভক্তিবিনোদ" গ্রন্থে তিনি শ্রীস্বরূপ-রূপানুগ-বর শ্রীল ঠাকুর ভক্তিবিনোদের প্রচারিত ভক্তিসিদ্ধান্ত ও উপদেশ-সমূহ সমালোচনামুখে উদ্ঘাটন করিয়া আমাদের ন্যায় অনর্থগ্রস্ত ভগবদ্বিমুখ জীবের বিষয়-ভোগ-ত্যাগ-ধূলি-মলিন চিত্তকে পরিমার্জ্জন-পূর্ব্বক 'ভূরিদ'-সুখ্যাতি অর্জ্জন করিয়াছেন।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

শ্রীরূপের 'নামাষ্টকে'র সর্ব্বশেষ (অষ্টম) শ্লোক-অবলম্বনে ঠাকুর শ্রীভক্তিবিনোদ তাঁহার গীতাবলীতে গাহিয়াছেন—

"নারদমুনি, বাজায় বীণা,
রাধিকারমণ-নামে।
নাম অমনি, উদিত হয়,
ভকত-গীত-সামে ॥"

শ্রীরূপানুগ-ভক্তিবিনোদ-ধারায় যে শ্রীরাধিকারমণ-নামের প্রকাশ হয়, তাহাতে শ্রীনারদের জিহ্বায় অভিন্ন-বাচক নামী প্রণবরূপী বাচক-কৃষ্ণনাম ও শ্রীভক্তিবিনোদ-সরস্বতীর বীণা-যন্ত্রে শ্রীরাধিকারমণ-নাম প্রকটিত হন। এই রাসে শ্রীভক্তিবিনোদ-সরস্বতী মহতী বীণা বাদন করিয়া থাকেন। শ্রীনারদরূপী পণ্ডিত শ্রীবাসের অঙ্গনে বা শুদ্ধ জীবাত্মার নির্ম্মল-হৃদয়ে এই নিত্য-সঙ্কীর্ত্তন-রাসের নৃত্য-কীর্ত্তন হইয়া থাকে। শ্রীমদ্ভক্তিবিনোদাবির্ভাব-শতবর্ষপূর্ত্তি-উপলক্ষে ভক্তিবিনোদ-বাণীর শ্রীচরণ-কমলে এই দীন হীন কাঙ্গালের আন্তরিক প্রার্থনা—সকল জীব-হৃদয় সেইরূপ শুদ্ধসত্ত্বরূপে প্রকাশিত হইয়া শ্রীবাস-অঙ্গন-রাসস্থলীরূপে পরিণত হউন। তাহাতে রাধিকারমণ-নামের নিত্য-বিলাস হউক, শ্রীনামরূপ-গুণ-লীলা-সঙ্কীর্ত্তন-রাসে সকল জীব যোগদান করুন। সমগ্র জীবজাতির (নারের) স্বরূপ যিনি, তাঁহারই নাম—'নারদ' (জীবসমষ্টি বা 'নার'কে যিনি শ্রীপাদপদ্মে প্রদান করেন), সেই শ্রীনারদ-ব্যাসাভিন্ন শ্রীভক্তিবিনোদ-সরস্বতীর বীণা-যন্ত্রে প্রকটিত গীতিতে সকলে যোগদান করিয়া রাধিকারমণ-নামের সঙ্কীর্ত্তনের সঙ্গে এই অযোগ্য দীন হীন

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

কাঙ্গালকে দোহার করিবার যোগ্যতা, শক্তি ও সুবুদ্ধি প্রদান করুন।

একদিন স্বয়ং শ্রীমন্মহাপ্রভু প্রশ্নকর্ত্তৃরূপে ও শ্রীরামানন্দ প্রভু বক্তৃরূপে এই কথা বলিয়াছিলেন—

(প্রভু কহে—) "সর্ব্ব ত্যজি জীবের কর্ত্তব্য কাঁহা বাস ?"

(রায় কহে—) "শ্রীবৃন্দাবন-ভূমি—যাঁহা নিত্যলীলা-রাস ॥"

—(চৈঃ চঃ ম ৮।২৫৪)

যেখানে রাহিত্য নাই, যেখানে গীতি-সাহিত্যের স্বচ্ছন্দ বিলাস, তাহাই রাসক্ষেত্র। "বহুভির্মিলিত্বা যৎ কীর্ত্তনং তদেব সঙ্কীর্ত্তনম্" —এই সঙ্কীর্ত্তনই 'সংহিতা' বা 'সহিতা'। বেদের সংহিতা-সমূহ তথা 'ব্রহ্মসংহিতা', 'কৃষ্ণসংহিতা' এই সঙ্কীর্ত্তন-রাসের কথাই গাহিয়াছেন। বেদের 'সূক্ত'সমূহের অর্থও (সু+উক্ত=সূক্ত) সুকথিত, সুকীর্ত্তিত বা সুগীত। "ভকত-গীত-সামে"—সূক্ত-সমূহ বা গীতি-সাহিত্য-সমূহের দ্বারা রাধিকারমণ-নামেরই রাস হইয়া থাকে। শ্রীস্বরূপ-রূপানুগবর শ্রীভক্তিবিনোদ-সরস্বতীর বীণা-বাদিত গীতির দোহার করিবার জন্য কবে আমরা সেই নাম-সঙ্কীর্ত্তন-রাসে প্রবেশাধিকার-লাভ করিব ? সেই অকপট আর্ত্তির কণা শ্রীরূপানুগ-ভক্তিবিনোদ-সরস্বতীর পাদপদ্মে অধম অযোগ্য আমি পুনঃ পুনঃ প্রার্থনা করিতেছি। শ্রীরূপানুগ বৈষ্ণববৃন্দ কৃপা করুন।

শ্রীরূপগোস্বামি-প্রভুর তিরোভাব-তিথি
গৌরদ্বাদশী, বাং ২২শে শ্রাবণ, ১৩৪৫
ইং ৭ই আগষ্ট, ১৯৩৮, গৌরাব্দ ৪৫২
শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার কলিকাতা

শ্রীশ্রীভক্তিবিনোদ-গৌর-সরস্বতীর
কৃপাবিন্দু-প্রার্থী
শ্রীঅনন্তবাসুদেব বিদ্যাভূষণ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

নিবেদন

"গীতি-সাহিত্যে শ্রীভক্তিবিনোদ" গ্রন্থ ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের ভুবনপাবনী শতবর্ষপূর্ত্ত্যাবির্ভাব-তিথি-পূজার একটী উপায়নরূপে গৌড়ীয়-বৈষ্ণবাচার্য্যবর্য্য পরমহংস ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ গোস্বামী প্রভুর অহৈতুকী কৃপায় প্রকাশিত হইল।

শ্রীস্বরূপ-রূপানুগ-ভক্তিবিনোদ-ধারায় অবগাহন করিয়া যাঁহারা শ্রীগৌরসুন্দরে শ্রীরাধা-মাধব ও শ্রীরাধা-মাধবে শ্রীগৌরসুন্দরের লীলা দর্শন ও আস্বাদন করিবার জন্য অকপট অভিলাষী, তাঁহারা ঠাকুরের গীতি-সাহিত্য পাঠ করিয়া তাঁহার অনর্পিতচর অবদানের মহিমা উপলব্ধি করিতে পারিবেন।

এই গ্রন্থে "শোক-শাতন", "বাউল-সঙ্গীত" ও "দালালের গান" প্রভৃতি যে 'গীতমালা'র অন্তর্গত বলিয়া সমালোচিত হইয়াছে, তাহা প্রকৃত-প্রস্তাবে "গীতমালা" গ্রন্থের অন্তর্গত হইবে না। 'শোক-শাতন', 'বাউল-সঙ্গীত' ও 'দালালের গান' প্রত্যেকটি পৃথক্ গীতিগুচ্ছ। সুধী পাঠকগণ কৃপা-পূর্ব্বক এই প্রমাদটী সংশোধন করিয়া লইবেন।

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদের মহিম-সিন্ধু অনন্ত, অতল ও সুরবগাহ। অসংখ্য অনর্থগ্রস্ত এই ক্ষুদ্র জীব-কীট তাহা কি করিয়া স্পর্শ করিবে? তবে পরমারাধ্য আচার্য্যদেব ও শুদ্ধবৈষ্ণবগণের

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

আদেশে ও নিত্যানুগত্যে শ্রীশ্রীল প্রভুপাদের কৃপাশীর্ব্বাদ-বাণী স্মরণ করিয়া শ্রীল ঠাকুর ভক্তিবিনোদের সেবার আভাস-লাভের আকাঙ্ক্ষায় এইরূপ দুরূহ-কার্য্যে সাহসী হইয়াছি। এই গ্রন্থে অনেক ত্রুটী-বিচ্যুতি রহিয়া গিয়াছে; অদোষ-দর্শী সজ্জনগণ ইহা হইতে সার গ্রহণ করিবেন, এই ভরসা করিয়াই এই গ্রন্থ তাঁহাদের করকমলে অর্পিত হইল।

শ্রীপবিত্রারোপণী একাদশী
২১শে শ্রাবণ, ১৩৪৫
শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার,
কলিকাতা

শ্রীগুরুবৈষ্ণবচরণকৃপাকণাকাঙ্ক্ষী
শ্রীসুন্দরানন্দ বিদ্যাবিনোদ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

সূচীপত্র

নিবন্ধ	পৃষ্ঠা
শ্রীভক্তিবিনোদ-গৌরবাণী	১-৪
শরণাগতি	৫-৩২
কল্যাণকল্পতরু	৩৩-৬০
গীতমালা (যামুনভাবাবলী)	৬১-৬৬
গীতমালা (কার্পণ্য-পঞ্জিকা)	৬৬-৬৯
শোকশাতন	৬৯-৭১
গীতমালা (শ্রীশ্রীরূপানুগ-ভজন-দর্পণ)	৭১-৭৪
গীতমালা (সিদ্ধিলালসা)	৭৫-৭৮
বাউল-সঙ্গীত	৭৮-৮৪
নামহট্ট ও দালালের গান	৮৪-৯৫
গীতাবলী	৯৬-১২৫
পূর্ব্বপদকর্ত্তৃগণ ও শ্রীভক্তিবিনোদ	১২৬-১৪৪

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

গীতিসাহিত্যে ভক্তিবিনোদ

শ্রীভক্তিবিনোদ-গৌর-বাণী

ধর্ম-নীতি, সমাজ-নীতি, অর্থ-নীতি, পরমার্থ-নীতি ও রাষ্ট্র নীতির বিপ্লবময় যুগে ; প্রাচ্য ও পাশ্চাত্ত্য-ভাব-ধারার বিনিময় ও সংঘর্ষের সন্ধিক্ষণে ; নূতন পৃথিবী ও নূতন যুগের আবর্ত্তন-কালে যিনি ভগীরথের ন্যায় পতিতপাবনী সুনির্ম্মলা ভক্তিগঙ্গাকে এই শুষ্ক মরুভূমি-তুল্য ধরাতলে পুনরায় প্রবাহিত করিয়াছেন, সেই গৌর-শক্তি ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল সচ্চিদানন্দ ভক্তিবিনোদ ঠাকুরের প্রপঞ্চাবতরণ কালের শতবর্ষ পূর্ণ হইল। এই ভুবনমঙ্গল-অবসরে আমরা ভক্তিবিনোদের বিচিত্রতরঙ্গা লীলাময়ী গীতি-গঙ্গা হইতে দুই এক অঞ্জলি অর্ঘ্য আহরণ করিয়া আচার্য্যের পৌরোহিত্যে গঙ্গাজলে গঙ্গাপূজা করিবার আশা পোষণ করিতেছি। ভক্তিবিনোদ-

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

গৌর-সরস্বতী যদি কৃপা করিয়া আমাদিগকে সেবায় অধিকার প্রদান করেন ও ঐ সেবা প্রসন্ন হইয়া স্বীকার করেন, তবেই আমরা আমাদের এই স্বপ্নকে কথঞ্চিৎ বাস্তবতায় পরিণত করিতে সমর্থ হইব। তাই আদি, মধ্য ও অন্ত্য—সর্ব্বত্র ভক্তিবিনোদ-গৌর-বাণীর কৃপার আরতি যাজ্ঞা করিতেছি।

"কানু ছাড়া গীত নাই"। কানুর গীতই গীত, আর অন্যগুলি প্রজল্প বা ভেক-কলরব। শ্রুতিতে যে রসস্বরূপ শবল-ব্রহ্মের উদ্‌গান; শ্রীমদ্ভগবদ্গীতায় যে শ্রীকৃষ্ণের শরণাগতির গীতি; শ্রীমদ্ভাগবতে যে পরমহংসগণের কৃষ্ণগান; শ্রীশিক্ষাষ্টকে যে শ্রীচৈতন্যের কীর্ত্তন; শ্রীগীতগোবিন্দে যে জয়দেব-সরস্বতীর গীত; শ্রীকৃষ্ণকর্ণামৃতে যে বিল্বমঙ্গলের গান; শ্রীকৃষ্ণবিজয়ে যে গুণরাজ খানের ভাগবতী গীতি; চণ্ডীদাস, বিদ্যাপতি, রামরায়, স্বরূপ, সনাতন, রূপ, রঘুনাথ, কবিরাজ, ঠাকুর নরোত্তমের গৌর-বিহিত ও গৌরকর্ণামৃতস্বরূপ যে গীতিসমূহ গীত হইয়াছে, ঠাকুর ভক্তিবিনোদের গীতি-সাহিত্যে সেই সকল গীতির ঐকতান-মহোৎসব ও অধিকতর মধুর মূর্চ্ছনা প্রকটিত দেখিতে পাওয়া যায়।

ভক্তিবিনোদের গীতি-সাহিত্য রূপানুগ ভজনামৃতের প্রস্রবণ। ভক্তিবিনোদ তাঁহার গীতি-নির্ঝরিণী হইতে জগৎকে অফুরন্ত কল্যাণামৃত দান করিয়াছেন। অনন্তকোটি ব্রহ্মাণ্ডের সাগরের বিপুল জলরাশি যদি মসি হইত, আর তথাকার পর্ব্বতরাজি যদি লেখনী হইত ও স্বয়ং গণেশ যদি লেখক হইতেন, তথাপি ভক্তি-বিনোদের অবঞ্চনাময়ী করুণার কথা লিখিয়া শেষ করা যাইত না।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

এ কথা একটুও অতিরঞ্জিত নহে। যদিও গৌড়-সাহিত্য-ভাণ্ডার পূর্ব পূর্ব মহাজনগণের গীতাবলীতে পরিপূর্ণ হইয়া রহিয়াছে, তথাপি ঠাকুর ভক্তিবিনোদ তাঁহার গীতি-সাহিত্যে অনর্থ-যুক্ত জীবের জন্য উদার্য্য-ঝঙ্কারে সম্বন্ধজ্ঞান-তত্ত্বের যেরূপ বিচার ও বিশ্লেষণ করিয়াছেন, প্রতি পদে শ্রীনামহট্টের পরিমার্জ্জনের লীলাটি যেরূপভাবে ব্যক্ত করিয়াছেন, তাহা অদ্বিতীয় ও অভূতপূর্ব্ব।

"হিতেন প্রাণিনামবিদ্যা-মোচন-রূপোপকারেণ সহ বর্ত্তমানা সহিতা' ভগবদ্ভক্তি-স্তামর্হতীতি সাহিত্যং শ্রীভাগবতং" অথবা "সহিতস্য ভগবৎসঙ্গস্য ভাবঃ সাহিত্যম্।"

অর্থাৎ প্রাণিগণের অবিদ্যামোচনরূপ উপকারের সহিত যাহা বর্ত্তমানা, তাহাই 'সহিতা'। সেই 'সহিতা' অর্থ—ভগবদ্ভক্তি। ভগবদ্ভক্তি প্রতিপাদন করিবার যোগ্যবস্তুই 'সাহিত্য'। সেই সাহিত্যই—'ভাগবত'। অথবা 'সহিত' অর্থাৎ ভগবৎসঙ্গের যে ভাব, তাহার নামই সাহিত্য।

সাহিত্য স্বরাট্ লীলাপুরুষোত্তমের—চিল্লীলামিথুনের নব-নবায়মান চিদ্বিলাসের সেবা করিয়া থাকে। রাহিত্য বা নির্ব্বিশেষ ভাবকে এবং জড়বিলাসকে নিরাস করিয়া সাহিত্য "রসো বৈ সঃ" ও "সর্ব্বেষাং ভূতানাং মধু"র লীলাকৈবল্যের গান করিয়া থাকেন। ভক্তিবিনোদের গীতি-সাহিত্য ঐরূপ তাৎপর্য্যেরই উপমান-স্বরূপ।

ভক্তিবিনোদ তাঁহার 'শরণাগতি', 'কল্যাণকল্পতরু', 'গীতমালা', 'গীতাবলী', 'ভজনরহস্য' প্রভৃতি গীতি-গ্রন্থে যে-সকল ক্লেশঘ্নী,

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

শুভদা, মোক্ষ-লঘুতাকারিণী, সুদুর্লভা, সান্দ্রানন্দবিশেষাত্মা ও কৃষ্ণাকর্ষিণী ভক্তিগীতি গান করিয়াছেন, তাহাই আমরা শ্রীস্বরূপ-রূপ-রঘুনাথের গীতি-বিদ্যা-বিশারদ আচার্য্যের মূল গায়কত্বের অনুগমনে এই পুস্তিকায় অনুশীলন করিবার চেষ্টা করিয়াছি। এই গীতি-সাহিত্যের শব্দব্রহ্মে ভক্তিবিনোদের নাম-রূপ-গুণ-পরিকরবৈশিষ্ট্য ও লীলার সম্যক্ পরিচয় পাওয়া যায়। আমরা অকপট-আনুগত্যধর্ম্মবিশিষ্ট হইয়া সেবোন্মুখ হইতে পারিলেই ভক্তিবিনোদের শব্দাবলীর মধ্যে তাঁহার নাম, রূপ, গুণ, পরিকর ও লীলার অবতার তাঁহার প্রপঞ্চাবতরণ-লীলার শতবর্ষ পরেও নামাঞ্জনচ্ছুরিত-চক্ষুতে দর্শন করিয়া ধন্য হইতে পারিব।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

শরণাগতি

গীতার চরম শিক্ষা—শরণাগতি। শ্রীরূপ গোস্বামি-প্রভু 'ভক্তিরসামৃতসিন্ধু'তে শরণাগতির সর্ব্বোত্তমাবস্থা বর্ণন করিয়াছেন। ঠাকুর ভক্তিবিনোদ তাঁহার আদর্শ-চরিত্রে ও শিক্ষায়, শরণাগতি সম্বন্ধে বিভিন্ন প্রবন্ধে ও তাঁহার স্বরচিত গীতি-গ্রন্থে শরণাগতির বহুবিধ লক্ষণের অভূতপূর্ব্ব বিশ্লেষণ করিয়াছেন। শ্রীজীব গোস্বামি-প্রভু ভক্তিসন্দর্ভে শ্রীভক্তিরসামৃতসিন্ধু-কথিত শরণাগতির ছয়টি লক্ষণের মধ্যে "কৃষ্ণকে গোপ্তৃত্বে বরণ"ই শরণাগতির 'অঙ্গী' ও অন্যান্য পাঁচটিকে 'অঙ্গ' বলিয়াছেন। যাঁহারা কৃষ্ণকে একমাত্র পালয়িতা বলিয়া বরণ করেন নাই বা তদ্বিষয়ে যাঁহাদের কিঞ্চিন্মাত্রও অন্যতা আছে, তাঁহারা পূর্ণ শরণাগত নহেন। সেই অদ্বিতীয় রাধা কৃষ্ণের গোপীগণ পূর্ণশরণাগত। ঠাকুর ভক্তিবিনোদ তাঁহার 'শরণাগতি'-গীতির প্রারম্ভে বলিয়াছেন,—শ্রীকৃষ্ণচৈতন্য জীবের প্রতি দয়াবিশিষ্ট হইয়া অত্যন্ত দুর্ল্লভ প্রেম দান করিবার জন্য নিজ-পার্ষদ ও নিজ-ধামের সহিত অবতীর্ণ হইয়া ভক্তগণের জীবনস্বরূপ শরণাগতি শিক্ষা দিয়াছেন। কৃষ্ণকে গোপ্তৃত্বে বরণ, দৈন্য, আত্মনিবেদন, কৃষ্ণ অবশ্য রক্ষা করিবেন—এই বিশ্বাস, ভক্তির অনুকূল স্বীকার ও ভক্তির প্রতিকূল বর্জ্জন—শরণাগতির এই ছয় প্রকার ভেদ। ভক্তিবিনোদ বলিতেছেন,—

"ষড়ঙ্গ শরণাগতি হইবে যাঁহার।
তাঁহার প্রার্থনা শুনে শ্রীনন্দকুমার॥"

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

আমরা ভগবান্‌কে তাঁহার নামের দ্বারা যে আহ্বান করি, সেই প্রার্থনা-সূচক নাম শরণাগত ব্যক্তির নিকটেই ফলদায়ক হয়। শরণাগতি ব্যতীত ভগবান্ কাহারও আহ্বানে সাড়া দেন না। অনেক সময় আমরা ভগবানের নিকট প্রার্থনা করিয়া মনে করি, ভগবান্‌কে অনেক ডাকিয়াছি, কিন্তু তিনি আমাদের ডাক শুনিতেছেন না! আমরা কতটা শরণাগত হইতে পারিয়াছি, তাহা একটুও তলাইয়া দেখি না। ঠাকুর ভক্তিবিনোদ শ্রীরূপ-সনাতনকে "শরণাগতির শিক্ষক" বিচার করিয়া তাঁহাদের নিকট শরণাগতি যাচ্ঞা করিয়াছেন—

"রূপ-সনাতন-পদে দন্তে তৃণ করি।
ভকতিবিনোদ পড়ে দুই পদ ধরি॥
কাঁদিয়া কাঁদিয়া বলে আমি ত' অধম।
শিখায়ে শরণাগতি কর হে উত্তম॥"

শরণাগত ব্যক্তি শ্রীরূপ-সনাতনের কৃপায় 'ভাল আমি' হন, 'বড় আমি' হইতে চাহেন না। এইজন্যই ঠাকুর ভক্তিবিনোদ—

"কাঁদিয়া কাঁদিয়া বলে আমি ত অধম।
শিখায়ে শরণাগতি করহ উত্তম॥"

শ্রীরূপানুগ-গণ 'ভাল আমি' হইবার বিচারে প্রতিষ্ঠিত। তাঁহারা 'সর্ব্বোত্তম' হইয়াও 'বড় আমি' হইতে চাহেন না।

ঠাকুর ভক্তিবিনোদ কায়িক, বাচিক ও মানসিক-ভেদে শরণাগতির ছয় প্রকার বিভাগ করিয়াছেন। ছয় প্রকার শরণাগতিই

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

কায়িক, বাচনিক ও মানস-ভেদে তিন তিন প্রকার। শ্রীজীব গোস্বামি-প্রভু শরণাগতি সম্বন্ধে এইরূপ বলিয়াছেন,—

"ষড়্‌বর্গাদ্যরিকৃতসংসারভয়বাধ্যমান এব হি শরণং প্রবিশত্যনন্যগতিঃ। ভক্তিমাত্রকামোঽপি তৎকৃতভগবদ্বৈমুখ্যবাধ্যমানঃ। অনন্যগতিত্বঞ্চ দ্বিধা দর্শাতে। আশ্রয়ান্তরস্যাভাবকথনেন নাতিপ্রতজ্জয়া কদাচিদাশ্রিতস্য অপ্যন্যস্য ত্যজনেন চ।" (ভক্তিসন্দর্ভ, ২৩৬ সং)

কাম, ক্রোধ, লোভ, মোহ প্রভৃতি ছয় রিপু-কৃত সংসার-ভয় পর্য্যালোচন-পূর্ব্বক ভাগ্যবান্ জীব অনন্যগতি হইয়া শ্রীকৃষ্ণচরণে শরণাপন্ন হন। যাঁহার কেবল শুদ্ধভক্তিমাত্রই কামনা, তিনিও তদ্দ্বারা ভগবদ্বৈমুখ্য আশঙ্কা করতঃ আপনাকে অনন্যগতি মনে করেন। অনন্যগতিত্ব দুই প্রকার—এক প্রকার অনন্যগতি এই যে, আশ্রয়ান্তর না পাইয়া এইরূপ বলেন—"হে কৃষ্ণ! আমি সংসার-সুখ, কর্ম্ম ও তৎফলরূপ ভোগ এবং জ্ঞান ও তৎফলরূপ মুক্তি উত্তমরূপে পর্য্যালোচনা করিয়া দেখিলাম, চিৎস্বরূপ আত্মা যে আমি, আমার আর তোমার অভয় পদ ব্যতীত কোন প্রকৃত আশ্রয় নাই। আমি তোমার শরণাপন্ন হইলাম।" দ্বিতীয় প্রকার অনন্যগতিত্ব এইরূপ—"হে কৃষ্ণ! আমি কর্ম্মকাণ্ডকে আশ্রয় মনে করিয়া তদ্যোগ্য দেবতা আশ্রয় করতঃ কত কোটি কোটি জন্মে বর্ণাশ্রমধর্ম্ম, যজ্ঞ ও ব্রতাদি করিয়া দেখিলাম, তাহাতে কোন-প্রকার নিত্যানন্দ নাই। পুনরায় জ্ঞানকে আশ্রয় করিয়া নির্ব্বিশেষ ব্রহ্মাশ্রয় করতঃ মুক্তির আস্বাদন দ্বারা দেখিলাম—তাহাতেও চিদানন্দ নাই। এই সমস্ত অবস্থার পর, হে নাথ! আমি সেই

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

সেই আশ্রয়-পরিত্যাগ-পূর্ব্বক এখন তোমার অমৃতপদ-চরণকমলের আশ্রয় গ্রহণ করিলাম।"

অনন্য কৃষ্ণভক্তিতে যখন জীবের শ্রদ্ধা হয়, তখন জীব এই সঙ্কল্প করেন যে, আমি কৃষ্ণভক্তির অনুকূল সমস্ত বিষয় স্বীকার করিব। অনুকূল বিষয় স্বীকার না করিলে ভক্তি অনুশীলন কিরূপে হইতে পারে? সংসারে আবদ্ধ হইয়া বিষয়-ধ্যানে জীবন কাটাইতেছি। সেই সকল বিষয়-ধ্যান আমাকে বিষয়ে পুনঃ পুনঃ গাঢ়রূপে আবদ্ধ করিতেছে। অতএব কৃষ্ণভক্তির অনুকূল যাহা হয়, তাহাই মাত্র অঙ্গীকার করিলে ভক্তির অনুশীলন হইবে এবং ক্রমশঃ বিষয়-বন্ধন ক্ষয় হইয়া পড়িবে। শ্রীজীব গোস্বামি-প্রদর্শিত প্রথা-অনুসারে কায়িক, বাচিক ও মানসিক ভেদে ত্রিবিধ আনুকূল্যের পৃথক্ আলোচনা করিতেছি। পঞ্চবিধ যথা—

১। রসনাগত, ২। কর্ণগত, ৩। চক্ষুগত, ৪। হস্ত-পদাদি-শরীর-গত, ৫। ঘ্রাণগত।

রসনাকে ভক্তির অনুকূল করিতে হইলে শ্রীকৃষ্ণ-প্রসাদ ও ভক্ত-প্রসাদ-সেবন-ব্রতই একমাত্র উপায়। প্রসাদ সেবার সময় ভোগসুখ মনে হয় না, কেবল জীবননাথ শ্রীকৃষ্ণের ভোজন-সুখই মনে পড়ে। প্রসাদ-সেবার সময় স্বীয় ভোগসুখ মনে করিলে আর আনুকূল্য ভাব থাকে না।

চক্ষুকে ভক্তির অনুকূল করিতে হইলে শ্রীমূর্ত্তি-দর্শন, বৈষ্ণব-দর্শন, ভগবল্লীলাস্থানের বিবিধ শোভা-দর্শন এবং লীলা-প্রতিকৃতি ইত্যাদি দর্শন-ব্রতই একমাত্র উপায়। যাহা কিছু চক্ষুর বিষয়ীভূত হয়, তাহাতে ভগবৎসম্বন্ধ দর্শন করাই মূল প্রয়োজন।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ঘ্রাণকে ভক্তির অনুকূল করিতে হইলে শ্রীকৃষ্ণার্পিত তুলসী, পুষ্প-চন্দনাদির ঘ্রাণ-গ্রহণ-ব্রতই একমাত্র উপায়। যে-কিছু গন্ধ গ্রহণ করিতে হয়, তাহা কৃষ্ণ-সম্বন্ধের সহিত গ্রহণ করা উচিত,—

তস্যারবিন্দনয়নস্য পদারবিন্দ-
কিঞ্জল্কমিশ্রতুলসীমকরন্দবায়ুঃ।
অন্তর্গতঃ স্ববিবরেণ চকার তেষাং
সংক্ষোভমক্ষরজুষামপি চিত্ততন্বোঃ॥

(ভাঃ ৩।১৫।৪৩)

সনক-সনাতনাদি পূর্ব্বে নির্ব্বিশেষ ব্রহ্মালোচনায় প্রবৃত্ত ছিলেন, কিন্তু যখন কৃষ্ণপাদপদ্মকিঞ্জল্কমিশ্র তুলসীগন্ধ নাসিকা-বিবর দ্বারা অন্তর্গত হইল, তখন ভক্তিজনিত বিকার উদিত হইতে লাগিল।

কর্ণকে ভক্তির অনুকূল করিতে হইলে হরিকথা, ভক্তকথা ও হরিসম্বন্ধিনী বিষয়কথার শ্রবণ-ব্রতই একমাত্র উপায়; যথা—

যচ্চ ব্রজন্ত্যনিমিষামৃষভানুবৃত্ত্যা
দূরেযমা হ্যুপরি নঃ স্পৃহণীয়শীলাঃ।
ভর্ত্তুর্মিথঃ সুযশসঃ কথনানুরাগ-
বৈক্লব্যবাষ্পকলয়া পুলকীকৃতাঙ্গাঃ॥

(ভাঃ ৩।১৫।২৫)

ব্রহ্মা কহিলেন,—হে দেবগণ! যাঁহারা পরস্পর হরিকথার আলাপ করিতে করিতে ভক্তিবিকার লাভ করেন, তাঁহারা আমাদের উপরিস্থ নিত্যধামে যাইতে সক্ষম।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

হস্তপদাদি শরীরকে ভক্তির অনুকূল করিতে হইলে তত্তৎশরীর দ্বারা ভগবৎসেবা ও বৈষ্ণবসেবাই একমাত্র উপায় ; যথা—

স বৈ মনঃ কৃষ্ণপদারবিন্দয়ো-
র্বচাংসি বৈকুণ্ঠগুণানুবর্ণনে।
করৌ হরের্মন্দিরমার্জ্জনাদিষু
শ্রুতিঞ্চকারাচ্যুতসৎকথোদয়ে॥
মুকুন্দলিঙ্গালয়দর্শনে দৃশৌ
তদ্ভৃত্যগাত্রস্পর্শেঽঙ্গসঙ্গমম্।
ঘ্রাণঞ্চ তৎপাদসরোজ-সৌরভে
শ্রীমত্তুলস্যা রসনাং তদর্পিতে॥
পাদৌ হরেঃ ক্ষেত্রপদানুসর্পণে
শিরো হৃষীকেশপদাভিবন্দনে।
কামঞ্চ দাস্যে ন তু কামকাম্যয়া
যথোত্তমঃশ্লোকজনাশ্রয়া রতিঃ॥

(ভাঃ ৯।৪।১৮-২০)

যেরূপে কৃষ্ণভক্তগণের শুদ্ধা রতি হয়, সেইরূপে তিনি কৃষ্ণ-পাদপদ্মে মনঃ, কৃষ্ণগুণানুবর্ণনে বাক্য, কৃষ্ণমন্দির-মার্জ্জনাদিতে কর, কৃষ্ণকথায় কর্ণ, কৃষ্ণমূর্ত্তি ও মন্দিরাদির দর্শনে চক্ষু, কৃষ্ণদাসাঙ্গ-স্পর্শনে স্পর্শেন্দ্রিয়, কৃষ্ণপাদপদ্মগত তুলসী-সৌরভে ঘ্রাণ, কৃষ্ণার্পিত-বস্তুতে রসনা, কৃষ্ণলীলাস্থলী-ভ্রমণে পাদদ্বয়, কৃষ্ণপাদাভিবন্দনে মস্তক ও ভোগেচ্ছাশূন্যকৃষ্ণদাস্যে কাম নিযুক্ত করিয়াছিলেন।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

এইপ্রকার উপায়েই কৃষ্ণে স্থিরচিত্ত হওয়া যায়; যথা শ্রীগোস্বামি-বাক্য—

হৃষীকেশে হৃষীকাণি যস্য স্থৈর্য্যগতানি বৈ।
স এব ধৈর্য্যমাপ্নোতি সংসারজীবচঞ্চলে॥

যাঁহার ইন্দ্রিয়সকল ইন্দ্রিয়াধিপতি কৃষ্ণে স্থিরতা লাভ করে, তিনিই এই চঞ্চল সংসারে ধৈর্য্য লাভ করিতে সক্ষম।

এইপ্রকার কায়িক শরণাপত্তি হইয়া থাকে; মানসিক শরণাপত্তি তিন প্রকার, যথা— (১) ধ্যানগত, (২) বিচারগত, ও (৩) আস্বাদনগত।

মনের কার্য্য—ধ্যান ও বুদ্ধির কার্য্য—বিচার। সকল চিন্তা, সকল বিচার এবং সমস্ত আস্বাদন ভক্তির অনুকূল করিতে হইলে ঐ সকল মানস-ব্যাপারসকলে কৃষ্ণ-সম্বন্ধ স্থাপন করা উচিত।

ব্যবহারিক সমস্ত কথালাপ, গীত ও কাব্যাদি কৃষ্ণ-সম্বন্ধযুক্ত করিতে পারিলে আনুকূল্য সিদ্ধি হয়; যথা তন্ত্রে—

তবাস্মীতি বদন্ বাচা তথৈব মনসা বিদন্।
তৎস্থানমাশ্রিতস্তন্বা মোদতে শরণাগতঃ॥

"হে কৃষ্ণ! 'আমি তোমার'—এইরূপে বচনের ও মানসবৃত্তির দ্বারা এবং কৃষ্ণলীলাস্থলী-সমাশ্রিত শরীরের দ্বারা শরণাগত পুরুষ আনন্দ লাভ করেন।

প্রাতিকূল্য-বর্জ্জনই শরণাগতির দ্বিতীয়াঙ্গ। ইহাও কায়িক, বাচিক ও মানসিক-ভেদে ত্রিবিধ। "ভগবৎ-ভাগবত-প্রসাদ ব্যতীত

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

কিছুই ভোজন করিব না, ভগবৎ-ভাগবত-রূপ মন্দির ও স্থানাদি ব্যতীত আর কিছুই দেখিব না, প্রসাদ-গন্ধ ব্যতীত আর কিছুই ঘ্রাণ লইব না, ভগবৎ-ভাগবত-কথা ব্যতীত আর কোন কথা শুনিব না, হস্তপদাদি-বিশিষ্ট শরীরকে ভগবৎ-ভাগবত-সম্বন্ধ-শূন্য ব্যাপারে নিযুক্ত করিব না, তদ্ব্যতীত কিছুই ধ্যান, বিচার ও আস্বাদন করিব না, তদ্বিষয় ব্যতীত অন্য কাব্য-গীতাদি বলিব না"—এইরূপ সঙ্কল্পই প্রাতিকূল্য-বর্জন। ফলতঃ ভগবদ্ভক্তি-সাধনের যাহাই প্রতিকূল হয়, তাহাই বর্জ্জনীয়। সংসারস্থিত পুরুষের পক্ষে এই ব্যাপারটী বড়ই কঠিন। যতদূর হইতে পারে, ইহার অনুষ্ঠানে যত্ন না করিলে ঐকান্তিকী ভক্তি লাভ করা নিতান্ত দুঃসাধ্য। এই সম্বন্ধে শাস্ত্রে যে-সকল কথা আছে, তাহা সংক্ষেপে সংগ্রহ করিতেছি; যথা পাদ্মে—

অবৈষ্ণবানামন্নঞ্চ পতিতানাং তথৈব চ।
অনর্পিতং তথা বিষ্ণৌ শ্বমাংসসদৃশং ভবেৎ॥

অবৈষ্ণব-প্রদত্ত অন্ন, পতিত লোকের এবং কৃষ্ণে নিবেদিত হয় নাই—এইরূপ অন্ন কুক্কুর-মাংস-তুল্য পরিত্যাজ্য। ভাগবতেও—

অসদ্ভিঃ সহ সঙ্গস্তু ন কর্ত্তব্যঃ কদাচন।
যস্মাৎ সর্ব্বার্থহানিঃ স্যাদধঃপাতশ্চ জায়তে॥

অসৎব্যক্তির সহিত কদাচ সঙ্গ করিবে না। পাপাচারী ও বিষয়াসক্ত ব্যক্তিগণ সহজেই অসৎ। পুণ্যবান্ ও শাস্ত্রজ্ঞ লোকের মধ্যে যাহারা কৃষ্ণভক্তিশূন্য ও বৈষ্ণববিদ্বেষী, তাহাদেরও সহিত

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

সঙ্গ করিবে না; কেন না, উহারাও অত্যন্ত অসৎ। অসৎসঙ্গ করিলে সর্ব্বার্থহানি ও অধঃপতন হয়—

ন তথাস্য ভবেন্মোহো বন্ধশ্চান্যপ্রসঙ্গতঃ।
যোষিৎসঙ্গাদ্যথা পুংসো তথা তৎসঙ্গিসঙ্গতঃ॥
(ভাঃ ৩।৩১।৩৫)

অন্য বিষয়ে আসক্তিতে জীবের ততদূর মোহ ও বন্ধ হয় না—যত কামিনীতে আসক্তি ও কামিনীতে আসক্ত পুরুষের আসক্তিতে হয়।

"কৃষ্ণ আমাকে অবশ্য রক্ষা করিবেন"—এই বিশ্বাসটী শরণাগতির তৃতীয়াঙ্গ। অর্জ্জুনকে কৃষ্ণ বলিয়াছেন,—

কৌন্তেয় প্রতিজানীহি ন মে ভক্তঃ প্রণশ্যতি।
(গীঃ ৯।৩১)

হে কৌন্তেয়, তুমি আমার এই প্রতিজ্ঞা সকলকে (নিজে প্রতিজ্ঞা করিয়া) জানাও যে, আমার ভক্তের কখনও নাশ হইবে না। কর্ম্মী ও জ্ঞানিগণ আপন-ধর্ম্ম-বলে আপনাকে রক্ষা করিবে; কিন্তু আমার ভক্তের পদস্খলিত হইলেও আমি তাহার রক্ষাকর্ত্তা। শরণাগত লোক এই কথায় দৃঢ় বিশ্বাস করেন।

"শ্রীকৃষ্ণই আমার একমাত্র পালয়িতা"—এইরূপ বুদ্ধি শরণাগতির চতুর্থ অঙ্গ। "অন্য মনুষ্য আমাকে পালন করেন বা আমি অর্জ্জন করিয়া আপনাকে পালন করি"—এই বুদ্ধি অতিশয় নিকৃষ্ট। কৃষ্ণ অনুকূল না হইলে কেহ আমাকে পালন করিতে এবং আমিও স্বয়ং অর্জ্জন করিতে পারিব না। অতএব কৃষ্ণ ব্যতীত আমার আর কেহ পালনকর্ত্তা নাই।"

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

জীবের আত্মনিবেদনই শরণাগতির পঞ্চমাঙ্গ। "আমি কেহই নই, আমি যত কিছু 'আমার' বলিয়া বলি, সমস্ত কৃষ্ণের, আমি কৃষ্ণের সংসারে দাসমাত্র; কৃষ্ণের ইচ্ছাই প্রবল; আমার স্বতন্ত্র ইচ্ছা নিরর্থক; কৃষ্ণেচ্ছার অনুগত থাকাই আমার স্বভাব; মূর্খতা বশতঃ এ পর্য্যন্ত যে-সকল বস্তু ও ব্যক্তিতে 'আমি' ও 'আমার' বলিয়া বুদ্ধি ছিল, তাহা আমি শ্রীকৃষ্ণে অর্পণ করিলাম; আজ হইতে আমি—আমার নই, কৃষ্ণের"—এই বুদ্ধির নাম আত্ম-নিক্ষেপ।

কার্পণ্য বা দৈন্যই শরণাগতির ষষ্ঠ অঙ্গ। "আমি চিন্ময় জীব নিজ-কর্ম্ম-দোষে সংসারে নানা ক্লেশ ভোগ করিতেছি; আমি দণ্ডের উপযুক্ত পাত্র, কৃপাময় কৃষ্ণের নিত্যদাস হইয়া তাঁহার চরণাশ্রয়ের বিস্মৃতি-বশতঃই আমার কর্ম্মচক্রে প্রবেশ ও এত ক্লেশ; আমার ন্যায় হতভাগ্য আর কে আছে? আমি সকল অপেক্ষা হীন, দীন ও অকিঞ্চন।"

এবম্ভূত ষড়ঙ্গ শরণাগতির দ্বারা যাঁহার চিত্ত নির্ম্মল ও চরিত্র পবিত্র হয়, তিনি শুদ্ধভক্তির একমাত্র অধিকারী।

ঠাকুর ভক্তিবিনোদ তাঁহার 'শরণাগতি' গীতিতে শ্রীরূপ-সনাতনের নিকট শরণাগতির প্রার্থনা করিয়া শরণাগতির অধিকারীর কিরূপ দৈন্য ও নির্ব্বেদ উপস্থিত হইবে, তাহা "সংসারে আসিয়া" প্রভৃতি গীতিতে কীর্ত্তন করিয়াছেন। শরণাগতির পঞ্চম গীতিতে অননুকরণীয় ভাষায় সাংসারিক জীবের অবস্থা বর্ণন করিয়াছেন—

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

আমার জীবন, সদা পাপে রত,
নাহিক পুণ্যের লেশ।
পরেরে উদ্বেগ, দিয়াছি যে কত,
দিয়াছি জীবেরে ক্লেশ॥
নিজ-সুখ-লাগি, পাপে নাহি ডরি,
দয়াহীন স্বার্থপর।
পরসুখে দুঃখী, সদা মিথ্যাভাষী,
পরদুঃখ সুখকর॥
অশেষ কামনা, হৃদিমাঝে মোর,
ক্রোধী দম্ভ-পরায়ণ।
মদমত্ত সদা, বিষয়ে মোহিত,
হিংসা-গর্ব্ব-বিভূষণ॥
নিদ্রালস্য হত, সুকার্য্যে বিরত,
অকার্য্যে উদ্যোগী আমি।
প্রতিষ্ঠা লাগিয়া, শাঠ্য আচরণ,
লোভ-হত সদা কামী॥

শরণাগতির প্রথম লক্ষণ—আত্মগ্লানি বা কার্পণ্য; তাহা শরণাগতির ৬, ৭, ৯, ১০ সংখ্যক গীতিতে জলন্ত ভাবায় কীর্ত্তিত হইয়াছে। আত্মগ্লানি উপস্থিত হইলে শ্রবণগুরু ও দীক্ষাগুরুর অনুসন্ধান হয়। এই জগতে পতিত অথচ নির্ব্বেদগ্রস্ত জীবের জন্য কৃষ্ণ নিত্যশ্রবণগুরু ও মহান্তগুরু প্রেরণ করিয়া থাকেন। ঐরূপ চিত্তবৃত্তিতে গুরুপাদপদ্মের সন্ধান হয়, তাহা ঠাকুর ভক্তিবিনোদ শরণাগতির—

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"এমন দুর্ম্মতি, সংসার ভিতরে,
পড়িয়া আছিনু আমি।
তব নিজ-জন, কোন মহাজনে,
পাঠাইয়া দিলে তুমি॥" ইত্যাদি

অষ্টম গীতিতে কীর্ত্তন করিয়াছেন।

একাদশ সংখ্যক গীতিতে ঠাকুর ভক্তিবিনোদ যে জীবন্ত-ভাষায় 'আত্মসমর্পণ' বর্ণন করিয়াছেন, তাহার তুলনা হয় না। একাদশ গীতি হইতে আত্মনিবেদনের কথা আরম্ভ হইয়াছে। ঐ গীতির মধ্যে—

"জনক জননী, দয়িত, তনয়।
প্রভু, গুরু, পতি তুঁহু সর্ব্বময়॥"

প্রভৃতি পদ দেখিতে পাওয়া যায়। আত্মনিবেদনে ভগবান্‌কে মাতা-পিতা-জ্ঞান ভক্তিবিরুদ্ধ নহে। নির্ব্বিশেষ ব্রহ্মকে "পিতা মাতা" সম্বোধন করিয়া তাঁহার নিকট হইতে কিছু আদায় করিবার চেষ্টা শাক্তেয় মতবাদে দৃষ্ট হয়। ভগবদ্ভক্তের আত্মনিবেদনে ভগবান্‌কে মাতাপিতৃসম্বোধন শাক্তেয় মতবাদের বিচার হইতে সম্পূর্ণ পৃথক্। শরণাগতিতে পরমেশ্বরকে 'ভাই,' 'বন্ধু,' 'মাতা,' 'পিতা,' 'প্রভু,' 'গুরু'—এই সকল কথা বলা হয়; কারণ, তিনিই 'আত্মা' (প্রাণ বা প্রিয়)—"আততত্বাচ্চ মাতৃত্বাদাত্মা হি পরমো হরিঃ"; অথবা 'মা' ধাতু 'তৃচ্' প্রত্যয় করিয়া 'মাতা' শব্দ নিষ্পন্ন। 'মা' ধাতুর অর্থ—পরিমাণ করা। যিনি আমাদিগের পরিমাণ করেন অর্থাৎ যে বৈকুণ্ঠবস্তু আমাদিগকে পরিমাণ করিতে পারেন,

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

সেই পূর্ণব্রহ্মই মাতা। আমরা পরিমিত বিভিন্নাংশ জীব। 'পা' ধাতু 'তৃচ্' প্রত্যয় করিয়া 'পিতা' শব্দ নিষ্পন্ন। যিনি আমাদিগকে পালন করেন, রক্ষা করেন, তিনি পিতা। অপবণিগ্-বৃত্তি রহিত হইয়া শরণাগতিতে পরমেশ্বরকে 'মাতা' পর্য্যন্ত বলিতে পারা যায়; কিন্তু কখনও কন্যা, ভগ্নী বা স্ত্রী—এই তিনটী নামের দ্বারা অভিহিত করা যায় না। কারণ, পরমেশ্বর শক্তি-জাতীয় বস্তু নহেন; তিনি শক্তিমান্।

শরণাগতির দ্বাদশ সংখ্যক গীতিতে শরণাগত কিরূপভাবে 'অহং মম' নামাপরাধ পরিত্যাগ করেন, তাহা বর্ণিত আছে—

"আমি শব্দে দেহী জীব অহংতা ছাড়িল।
স্বীয়াভিমান আজি হৃদয়ে পশিল॥"

আত্মনিবেদন করিবার পর জীবের আর কোন চিন্তা থাকে না। অনুক্ষণ চিন্তামণির সেবা-চিন্তাই তাহার একমাত্র সহজ-স্বরূপে উদিত হয়। তখন তিনি হরিসেবায় সুখ-দুঃখ বিচার করেন না। হরি-গুরু-বৈষ্ণব-সেবার জন্য যত দুঃখই উপস্থিত হউক না কেন, তাহা পরম সুখ বলিয়াই শরণাগত ব্যক্তি বরণ করেন। সেবা-সুখে পূর্ব্বে ইতিহাস সমস্ত ভুলিয়া যান, কৃষ্ণসেবা ব্যতীত তাঁহার আর অন্য অভিলাষ থাকে না এবং কৃষ্ণসেবার জন্য অখিল চেষ্টা করিতে করিতে স্বরূপসিদ্ধি লাভ করেন—

"তোমার সেবায়, দুঃখ হয় যত,
সেও ত' পরম সুখ।

২—

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

সেবা-সুখ-দুঃখ, পরম সম্পদ,
নাশয়ে অবিদ্যা-দুঃখ ॥
পূর্ব্ব ইতিহাস, ভুলিনু সকল,
সেবা-সুখ পেয়ে মনে।
আমি ত' তোমার, তুমি ত' আমার,
কি কাজ অপর ধনে ॥
ভকতিবিনোদ, আনন্দে ডুবিয়া,
তোমার সেবার তরে।
সব চেষ্টা করে, তব ইচ্ছা মত,
থাকিয়া তোমার ঘরে ॥"

(শরণাগতি—১৬)

এইরূপ শরণাগতির পর ভজন আরম্ভ হয়; তখন তিনি সদৈন্যে বলেন—

"ভকতিবিনোদ, কাঁদিয়া শরণ,
লয়েছে তোমার পায়।
ক্ষমি' অপরাধ, নামে রুচি দিয়া,
পালন করহে তায়"

(শরণাগতি—১৭)

শরণাগত জীব কৃষ্ণের বিলাসের আধার কৃষ্ণ-সংসারে এইরূপে অবস্থান করেন—

"তোমার সংসারে, করিব সেবন,
নহিব ফলের ভোগী।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

তব সুখ যাহে, করিব যতন,
হ'য়ে পদে অনুরাগী ॥"
(শরণাগতি—১৬)

শরণাগত ব্যক্তির অবস্থা কিরূপ, তাহা ঠাকুর ভক্তিবিনোদ অনুস্বরণীয় ভাষায় বলিতেছেন ——

"সর্ব্বস্ব তোমার, চরণে সঁপিয়া,
পড়েছি তোমার ঘরে।
তুমি ত' ঠাকুর, তোমার কুকুর,
বলিয়া জানহ মোরে ॥
বাঁধিয়া নিকটে, আমারে পালিবে,
রহিব তোমার দ্বারে।
প্রতীপ-জনেরে, আসিতে না দিব,
রাখিব গড়ের পারে ॥
তব নিজ-জন, প্রসাদ সেবিয়া,
উচ্ছিষ্ট রাখিবে যাহা।
আমার ভোজন, পরম আনন্দে,
প্রতিদিন হ'বে তাহা ॥
বসিয়া শুইয়া, তোমার চরণ,
চিন্তিব সতত আমি।
নাচিতে নাচিতে, নিকটে যাইব,
যখন ডাকিবে তুমি ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

নিজের পোষণ, কভু না ভাবিব,
রহিব ভাবের ভরে।
ভকতিবিনোদ, তোমারে পালক,
বলিয়া বরণ করে॥"
(শরণাগতি—১৯)

শরণাগতির পর পরমেশ্বরে কিরূপ গৌরব-বুদ্ধি উপস্থিত হয়, তাহা ২০, ২১ ও ২২ সংখ্যক গীতিতে প্রকাশিত হইয়াছে। গৌরবের পর বিশ্রম্ভ-শাস্ত "আমি তোমার গরু, তোমার পাল"— এইরূপ বিচার হয়। তুমি গো-পালক—

"তুয়া ধন জানি তুহুঁ রাখবি নাথ।
পাল্য গোধন জানি করি তুয়া সাথ॥
চরাওবি মাধব যমুনাতীরে।
বংশী বাজাও ত' ডাকবি ধীরে॥
অঘ, বক মারত রক্ষা বিধান।
করবি সদা তুহুঁ গোকুল কান॥" ইত্যাদি।
(শরণাগতি—২৩)

বিশ্রম্ভ দাস্য, সখ্য ও বৎসলরসে শরণাগত জীব কিরূপে কৃষ্ণসেবা করেন, তাহাও ২৩ সংখ্যক গীতিতে বর্ণিত আছে। ২৪ সংখ্যক গীতিতে শরণাগত জীব পুরুষাভিমান পরিত্যাগ করিয়া মধুর রতিতে গুরুরূপা সখীর আনুগত্যে কিরূপে কৃষ্ণভজন করেন, তাহা চিত্রিত হইয়াছে—

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"ছোড়ত পুরুষ-অভিমান।
কিঙ্করী হইলুঁ আজি কান॥

শরণাগতির ২৫ সংখ্যক গীতিতে নাস্তিক্য, সংশয়, সগুণ, নির্গুণ, ক্লীব-বিচারপরায়ণ, ভক্তি-বহির্ম্মুখ, আধ্যক্ষিক, বঞ্চিত ও বঞ্চকগণের স্বরূপ বর্ণিত হইয়াছে। শরণাগত ব্যক্তি ইহাদিগকে সঙ্গ-জ্ঞানে দূর হইতে দণ্ডবৎ করিবেন। ইহারা ভুক্তি-মুক্তির ফাঁদ পাতিয়া লোক-বঞ্চনা করে। ভুক্তি-মুক্তি-পিপাসা শরণাগতির সম্পূর্ণ বিরুদ্ধ —

"ভব কই নিজ-মতে, ভুক্তি-মুক্তি যাচত,
পাতই নানাবিধ ফাঁদ।
সো সব্ বঞ্চক, তুয়া ভক্তি-বহির্ম্মুখ,
ঘটাওয়ে বিষম পরমাদ॥
বৈমুখ-বঞ্চনে, ভটসো সব্,
নিরমিল বিবিধ পসার।
দণ্ডবৎ দূরতঃ, ভকতিবিনোদ ভেল,
ভকত-চরণ করি সার॥"

শরণাগত ব্যক্তি ভক্তি-প্রতিকূল সর্ব্ববিধ অসৎসঙ্গকে কিরূপ দৃঢ় নিষ্ঠার সহিত দূরে পরিত্যাগ করেন, তাহা ভক্তিবিনোদ স্বীয় ভাষায় বর্ণন করিয়াছেন ——

তুয়া ভক্তি-বহির্ম্মুখ সঙ্গ না করিব।
গৌরাঙ্গ-বিরোধি-জন-মুখ না হেরিব॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizaqtion by eGangotri

ভক্তি-প্রতিকূল স্থানে না করি বসতি।
ভক্তির অপ্রিয় কার্য্যে নাহি করি রতি॥
ভক্তির বিরোধী গ্রন্থ পাঠ না করিব।
ভক্তির বিরোধী ব্যাখ্যা কভু না শুনিব॥
গৌরাঙ্গ-বর্জ্জিত-স্থান তীর্থ নাহি মানি।
ভক্তির বাধক জ্ঞান-কর্ম্ম তুচ্ছ জানি॥
ভক্তির বাধক কালে না করি আদর।
ভক্তি-বহির্ম্মুখ নিজ-জনে জানি পর॥
ভক্তির বাধিকা স্পৃহা করিব বর্জ্জন।
অভক্ত-প্রদত্ত অন্ন না করি গ্রহণ॥
যাহা কিছু ভক্তি-প্রতিকূল বলি জানি।
ত্যজিব যতনে তাহা এ নিশ্চয় বাণী॥"

(শরণাগতি—২৬)

ভক্তি-প্রতিকূল দুঃসঙ্গের মধ্যে মায়াবাদী বা নির্ব্বিশেষবাদী সর্ব্বপ্রধান। বিষয়ী ও পাপী হইতেও মায়াবাদী অধিকতর ভক্তি-বিরোধী দুঃসঙ্গ—

"এ দুয়ের মধ্যে বিষয়ী তবু ভাল।
মায়াবাদি-সঙ্গ নাহি মাগি কোন কাল॥
ধিক্ তার কৃষ্ণ-সেবা শ্রবণ-কীর্ত্তন।
কৃষ্ণ-অঙ্গে বজ্র হানে তাহার স্তবন॥"

(শরণাগতি—২৭)

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

শরণাগত ব্যক্তি মধুর রতিতে যে সিদ্ধি-লালসা ও প্রতিকূল-সঙ্গ পরিত্যাগ করেন, তাহা ২৮ সংখ্যক গীতিতে বর্ণিত হইয়াছে—

"আমি ত' স্বানন্দ-সুখদবাসী।
রাধিকা-মাধব-চরণ-দাসী ॥
দুহাঁর মিলনে আনন্দ করি।
দুহাঁর বিয়োগে দুঃখেতে মরি ॥
শ্রীরাধা-গোবিন্দ-মিলন-সুখ।
প্রতিকূল-জন না হেরি মুখ ॥
রাধা-প্রতিকূল যতেক জন।
সম্ভাষণে কভু না হয় মন ॥

(শরণাগতি—২৮)

"ছোড়ত পুরুষ অভিমান" (২৪) ও "আমি ত' স্বানন্দ-সুখদ-বাসী"—এই দুইটী গীতিতে ঠাকুর ভক্তিবিনোদ কৃষ্ণ-লীলার স্বারসিকী স্থিতি বর্ণন করিয়াছেন। সিদ্ধির স্বারসিকী স্থিতির প্রতিকূল-বর্জ্জন "আমি ত' স্বানন্দ-সুখদবাসী" গীতিতে লীলাময়ী ভাষায় বর্ণিত হইয়াছে। ২৯ সংখ্যক গীতিতে শরণাগত কিরূপ ভক্তির অনুকূল-বিষয়-সমূহের সেবা করেন, তাহা বর্ণিত হইয়াছে। মাৎসর্য্য ব্যতীত অন্যান্য সকল রিপুকে কৃষ্ণসেবায় নিয়োগ করিয়া বন্ধ করা যায়; কিন্তু নির্ম্মৎসর ভাগবত-ধর্ম্মে কোনপ্রকার মৎসরতার স্থান নাই—

"ভক্তি-অনুকূল যত বিষয় সংসারে।
করিব তাহাতে রতি ইন্দ্রিয়ের দ্বারে ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

শুনিব তোমার কথা যতন করিয়া।
দেখিব তোমার ধাম নয়ন ভরিয়া॥

তোমার প্রসাদে দেহ করিব পোষণ।
নৈবেদ্য-তুলসী-ঘ্রাণ করিব গ্রহণ॥

কর দ্বারে করিব তোমার সেবা সদা।
তোমার বসতিস্থলে বসিব সর্ব্বদা॥

তোমার সেবায় কাম নিয়োগ করিব।
তোমার বিদ্বেষি-জনে ক্রোধ দেখাইব॥

এইরূপ সর্ব্ববৃত্তি আর সর্ব্বভাব।
তুয়া অনুকূল হ'য়ে লভুক প্রভাব॥"

শরণাগত পুরুষ গৌর-লীলায় কিরূপে স্বারসিকী স্থিতি লাভ করেন, তাহা ঠাকুর ভক্তিবিনোদ—

"গোদ্রুম-ধামে ভজন-অনুকরণে।
মাথুর-শ্রীনন্দীশ্বর-সমতুলে॥"

গীতিতে কীর্ত্তন করিয়াছেন।

"বৈষ্ণব-জন-সহ গাওবুঁ নাম।
জয় গোদ্রুম জয় গৌর কি ধাম॥
ভকতিবিনোদ ভক্তি-অনুকূল।
জয় কুঞ্জ মুঞ্জ সুরনদীকূল॥"

(শরণাগতি—৩০)

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain. Digitizagtion by eGangotri

শুদ্ধভক্তের চরণরেণু-সেবাই হরিভজনের অনুকূল এবং পরম-সিদ্ধি ও প্রেমলতিকার মূল। সেবা-বৃত্তির উদ্বোধনকারিণী মাধব-তিথি শ্রীএকাদশী যত্নের সহিত পালন, কৃষ্ণধামে অবস্থানকে পরম আদরের সহিত বরণ, গৌর-প্রণয়ী ভক্তের অনুগমনে গৌর-পাদাঙ্কিত তীর্থসমূহ ভ্রমণ, গৌরসুন্দর ও গৌরভক্তগণ যে-সকল গান জীবের মঙ্গলের জন্য বিহিত করিয়া দিয়াছেন, তাহা শ্রবণে হৃদয়ের সুখোদ্রেক, শ্রীমূর্ত্তি-দর্শনে হৃদয়ে সেবানন্দ-প্রকাশ, ভগবান্ ও ভগবদ্ভক্তের উচ্ছিষ্ট সেবন করিয়া অনর্থ-জয়, সর্ব্বদা ভজনময় গৃহে গোলোক-প্রতীতিতে অবস্থান, বিষ্ণু-চরণামৃত গঙ্গা ও মাধব-তোষণী তুলসীর সেবা, গৌর-প্রীতির উদ্দীপনা লাভের জন্য গৌরসুন্দরের প্রিয়-বিচারে তদ্ভক্তোচ্ছিষ্ট শাক সেবন—প্রত্যহ এইরূপ কৃষ্ণ-ভজনের অনুকূল বস্তু-সমূহের স্বীকার করিয়া কৃষ্ণ-ভজনার্থ জীবনধারণই শরণাগতের একমাত্র স্বাভাবিক চেষ্টা। শরণাগতির ৩২ সংখ্যক গীতিতে কৃষ্ণলীলায় স্বারসিকী স্থিতি কৃষ্ণ-লীলার উদ্দীপন-আলম্বনের সহিত বর্ণিত হইয়াছে—

"যুগল-বিলাসে অনুকূল জানি।
লীলা-বিলাস উদ্দীপক মানি॥

এ সব ছোড়ত কাঁহা নাহি যাঁউ।
এ সব ছোড়তু পরাণ হারাউ॥

ভকতিবিনোদ কহে শুন কান।
তুয়া উদ্দীপক হামারা পরাণ॥"

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

শরণাগতিতে শ্রীরূপানুগ-ভজন-লালসায় ঠাকুর শ্রীভক্তিবিনোদ শ্রীরূপের উপদেশামৃতের ভক্তি-প্রতিকূল ছয়টি বেগ, ছয়টি ভক্তির কণ্টক, ভক্তির অনুকূল ছয়টি বৃত্তি, ভক্তিপোষক ছয়প্রকার সঙ্গ, মধ্যম ভক্তের কনিষ্ঠ, মধ্যম ও উত্তম বৈষ্ণবকে যথাক্রমে আদর, প্রণতি ও শুশ্রূষার দ্বারা সেবা, প্রকৃত শুদ্ধ বৈষ্ণবকে প্রাকৃত-বিচারে দর্শন নিষেধ; বৈষ্ণব ঠাকুরের নিকট বাক্যবেগ, মনোবেগ, ক্রোধবেগ, জিহ্বাবেগ, উদরবেগ, উপস্থবেগ ; অত্যাহার, জড়বিষয়ে প্রয়াস, গ্রাম্যকথা, অসৎ নিয়মাগ্রহ, অসৎ জনসঙ্গ, অস্থির সিদ্ধান্তরূপ দোষ দমন ও শোধন করিয়া ভজনে উৎসাহ, ভক্তিতে দৃঢ়বিশ্বাস, প্রেমলাভে ধৈর্য্য, ভক্তির অনুকূল কর্ম্ম-প্রবৃত্তি, অসৎসঙ্গ ত্যাগ ও ভক্তিসদাচাররূপ ছয় গুণ তথা শুদ্ধভক্তের সহিত দান, প্রতিগ্রহ, ভজন-কথা শ্রবণ ও আলাপন, মহাপ্রসাদ সেবন ও মহাপ্রসাদ দানরূপ ছয় সৎসঙ্গ প্রার্থনা শিক্ষা দিয়াছেন। বৈষ্ণবের কৃপা ব্যতীত দুর্ব্বল জীব কখনও হরিনাম-সঙ্কীর্ত্তনে বল প্রাপ্ত হইতে পারে না। কৃষ্ণ—বৈষ্ণবেরই একচেটিয়া সম্পত্তি। সুতরাং একমাত্র বৈষ্ণবই কৃষ্ণকে দান করিতে পারেন। শরণাগত ও বৈষ্ণব-সেবার কাঙ্গাল হইয়া "কৃষ্ণ কৃষ্ণ" বলিয়া বৈষ্ণবের অনুগমন করিলেই শরণাগতিতে সিদ্ধি হয়। সেই কৃষ্ণনামের উচ্চারণ অবিদ্যা-পীড়িত জিহ্বার নিকট প্রথম-মুখে তিক্ত বোধ হয়। তথাপি সিতপল (মিছরি) যেরূপ চোষন করিতে করিতে জিহ্বার পিত্তজনিত তিক্ত স্বাদ বিনাশ করে এবং মধুর রসের আস্বাদন করায়, তদ্রূপ গুরু-বৈষ্ণবের আনুগত্যে প্রতিদিন আদর করিয়া নামকীর্ত্তন করিতে থাকিলে নামে রুচি উদ্বুদ্ধ হয়।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

দশবিধ অপরাধই জীবের দুর্দ্দৈব। শ্রীগুরু-বৈষ্ণবের কৃপায় সেবোন্মুখ হইয়া নামোচ্চারণ করিতে করিতে সেই দুর্দ্দৈব বিনষ্ট হয়। কৃষ্ণ ভিন্ন অন্য রুচিপর রসনাকে ও কৃষ্ণ ভিন্ন অন্য চিন্তাপর মনকে ক্রম-প্রথানুসারে শ্রীব্রজেন্দ্রনন্দনের নাম-রূপ-গুণ-লীলার সম্যক্ কীর্ত্তনে ও অনুক্ষণ স্মরণাদিতে নিযুক্ত করিয়া ব্রজবাসিজনের অনুগত হইয়া জাতরুচিক্রমে ব্রজবাস-পূর্ব্বক কালযাপনই শ্রীরূপের উপদেশ-সার। সেই শ্রীরূপের আনুগত্যই শরণাগত জীবের একমাত্র কাম্য—

"হা! রূপ গোসাঞি, দয়া করি' কবে,
দিবে দীনে ব্রজবাসা।
রাগাত্মিক তুমি, তব পদানুগ,
হইতে দাসের আশা॥"
(শরণাগতি, রূপানুগ-ভজন-লালসা—৯)

বৈকুণ্ঠ হইতে মথুরা, মথুরা হইতে বৃন্দাবন, বৃন্দাবন হইতে গোবর্দ্ধন, গোবর্দ্ধন হইতে রাধাকুণ্ড-তট কৃষ্ণসেবার প্রগাঢ়তা ও চমৎকারিতায় উত্তরোত্তর শ্রেষ্ঠ। ঠাকুর ভক্তিবিনোদ গোদ্রুম-কাননকে রাধাকুণ্ড-তট-জ্ঞানে তথায় অবস্থান করিয়া শ্রীরূপের আজ্ঞায় হরিকীর্ত্তন করিতেছেন। সেই রাধাকুণ্ড-তটে একান্তে ভজন করিবার জন্য শ্রীরূপের নিকট দৈন্যের সহিত যোগ্যতা-অধিকার প্রার্থনা করিতেছেন। 'কবে' শব্দের দ্বারা ভক্তিবিনোদের বিপ্রলম্ভময়ী চিত্তবৃত্তি প্রকাশিত হইয়াছে। শ্রীরূপানুগ-গণ বিপ্রলম্ভের উপাসক। পুনরায় শ্রীগুরুদেব শ্রীরূপের নিকট

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

শ্রীগৌরসুন্দরের কীর্ত্তিত নাম-ভজন-প্রণালী 'তৃণাদপি সুনীচতা', 'তরুর ন্যায় সহিষ্ণুতা', 'অমানিত্ব,' ও 'মানদত্ব' প্রার্থনা করিতেছেন। কারণ, শরণাগত পুরুষ ঐরূপ ভজন-প্রণালী অবলম্বন করিয়া অর্থাৎ বিপ্রলম্ভ-বিভাবিত হইয়াই অনুক্ষণ হরিকীর্ত্তন করেন। এ স্থান হইতে শরণাগতির শ্রীরূপানুগ-ভজন-লালসার প্রত্যেকটি গীতিতেই 'কবে' শব্দের প্রয়োগ দেখিতে পাওয়া যাইতেছে। পূর্ব্বেই বলা হইয়াছে, এই 'কবে' আর কিছু নহে, কেবল বিপ্রলম্ভ—

"কিন্তু কবে প্রভো !, যোগ্যতা অর্পিবে,
এ দাসেরে দয়া করি।
চিত্ত স্থির হ'বে, সকল সহিব,
একান্তে ভজিব হরি॥"
(শরণাগতি, রূপানুগ-ভজন-লালসা—১০)

"কবে হেন কৃপা, লভিয়া এ জন,
কৃতার্থ হইবে নাথ।
শক্তি-বুদ্ধিহীন, আমি অতি দীন,
কর মোরে আত্মসাথ॥"
(শরণাগতি, রূপানুগ-ভজন-লালসা—১১)

"গুরুদেব! কবে মোর সেই দিন হ'বে।
মন স্থির করি, নির্জ্জনে বসিয়া,
কৃষ্ণনাম গাব কবে॥"
(শরণাগতি রূপানুগ-ভজন-লালসা—১২)

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"গুরুদেব ! কবে তব করুণা প্রকাশে।
শ্রীগৌরাঙ্গ-লীলা, হয় নিত্য তত্ত্ব,
এই দৃঢ় বিশ্বাসে।
'হরি' 'হরি' বলি, গোদ্রুম-কাননে,
ভ্রমিব দর্শন-আশে ॥"
(শরণাগতি, রূপানুগ-ভজন-লালসা—১৩)

"কবে গৌর-বনে, সুরধুনী-তটে,
হা রাধে ! হা কৃষ্ণ ! ব'লে।
কাঁদিয়া বেড়া'ব, দেহ-সুখ ছাড়ি',
নানা লতা-তরুতলে ॥
দেখিতে দেখিতে, ভুলিব বা কবে,
নিজ-স্থূল পরিচয়।
নয়নে হেরিব, ব্রজপুর-শোভা,
নিত্য চিদানন্দময় ॥"
(শরণাগতি, রূপানুগ-সিদ্ধি-লালসা—১৫)

শরণাগতির 'বিজ্ঞপ্তি'তে ঠাকুর ভক্তিবিনোদ শ্রীগৌরসুন্দরের 'শিক্ষাষ্টক' অবলম্বনে শুদ্ধ নামে রুচি প্রার্থনা করিতে করিতে বিপ্রলম্ভে উদ্ভাসিত হইয়াছেন—

"কবে হ'বে বল সেদিন আমার।
অপরাধ ঘুচি, শুদ্ধ নামে রুচি,
কৃপা-বলে হ'বে হৃদয়ে সঞ্চার ॥
তৃণাধিক হীন, কবে নিজে মানি,
সহিষ্ণুতা গুণ হৃদয়েতে আনি।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

সকলে মানদ, আপনি অমানী,
হ'য়ে আস্বাদিব নাম-রস-সার ॥"

আবার গাহিয়াছেন—

"কবে নবদ্বীপে, সুরধুনী-তটে
গৌর-নিত্যানন্দ বলি' নিষ্কপটে।
নাচিয়া গাইয়া, বেড়াইব ছুটে,
বাতুলের প্রায় ছাড়িয়া বিচার ॥
কবে নিত্যানন্দ, মোরে করি' দয়া,
ছাড়াইবে মোর বিষয়ের মায়া।
দিয়া মোরে নিজ- চরণের ছায়া,
নামের হাটেতে দিবে অধিকার ॥"

হরিনামরসের রসিক একাকী সেই রস আস্বাদন করিয়া স্থির থাকিতে পারেন না। পরদুঃখদুঃখী নামকীর্ত্তনাচার্য্য সকলকে সেই রস আস্বাদন করাইবার জন্য পাগলপারা হইয়া থাকেন। ইহারই নাম 'জীবে দয়া'—

"কবে জীবে দয়া, হইবে উদয়,
নিজ-সুখ ভুলি' সুদীন হৃদয়।
ভকতিবিনোদ, করিয়া বিনয়,
শ্রীআজ্ঞা-টহল করিবে প্রচার ॥"

(শরণাগতি, রূপানুগ-ভজন-লালসা—বিজ্ঞপ্তি)

"যারে দেখ তারে কহ কৃষ্ণ-উপদেশ।
আমার আজ্ঞায় 'গুরু' হঞা তার' এই দেশ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ভারতভূমেতে হৈল মনুষ্য-জন্ম যার।
জন্ম সার্থক কর করি' পর-উপকার ॥"

—ইহাই হইল 'শ্রীআজ্ঞা' অর্থাৎ মহাপ্রভুর আদেশ। সেই আদেশের টহল প্রচারের নামই—"জীবে দয়া"; তাহা এই—

"প্রভুর কৃপায় ভাই, মাগি এই ভিক্ষা।
বল কৃষ্ণ, ভজ কৃষ্ণ, কর কৃষ্ণশিক্ষা ॥
অপরাধ-শূন্য হইয়া লহ কৃষ্ণনাম।
কৃষ্ণ মাতা, কৃষ্ণ পিতা, কৃষ্ণ ধন, প্রাণ ॥
কৃষ্ণের সংসার কর ছাড়ি' অনাচার।
জীবে দয়া, কৃষ্ণনাম সর্ব্বধর্ম্ম-সার ॥"

সর্বশেষে শ্রীমদ্ভাগবতের "তদশ্মসারং" শ্লোক অবলম্বনে মধুর রীতিতে শ্রীভক্তিবিনোদ ঠাকুর নামের তত্ত্ব, রস ও সেবা-প্রার্থনা শিক্ষা দিয়াছেন—

"কৃষ্ণনাম ধরে কত বল।
বিষয়-বাসনানলে, মোর চিত্ত সদা জলে,
রবিতপ্ত মরুভূমি-সম।
কর্ণরন্ধ্র পথ দিয়া, হৃদি-মাঝে প্রবেশিয়া,
বরিষয় সুধা অনুপম ॥
হৃদয় হইতে বলে, জিহ্বার অগ্রেতে চলে,
শব্দরূপে নাচে অনুক্ষণ।
কণ্ঠে মোর ভঙ্গে স্বর, অঙ্গ কাঁপে থর থর,
স্থির হইতে না পারে চরণ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

চক্ষে ধারা, দেহে ঘর্ম্ম, পুলকিত সব চর্ম্ম,
বিবর্ণ হইল কলেবর।
মূর্চ্ছিত হইল মন, প্রলয়ের আগমন,
ভাবে সর্ব্ব দেহ জর জর॥
করি' এত উপদ্রব, চিত্তে বর্ষে সুধাদ্রব,
মোরে ডারে প্রেমের সাগরে।
কিছু না বুঝিতে দিল, মোরে ত, বাতুল কৈল,
মোর চিত্ত-বিত্ত সব হরে॥
লইনু আশ্রয় যার, হেন ব্যবহার তার,
বর্ণিতে না পারি এ সকল।
কৃষ্ণনাম ইচ্ছাময়, যাহে যাহে সুখী হয়,
সেই মোর সুখের সম্বল॥
প্রেমের কলিকা নাম, অদ্ভুত রসের ধাম,
হেন বল করয়ে প্রকাশ।
ঈষৎ বিকশি' পুন, দেখায় নিজ-রূপ-গুণ,
চিত্ত হরি' লয় কৃষ্ণ-পাশ॥
পূর্ণ বিকশিত হঞা, ব্রজে মোরে যায় লঞা,
দেখায় মোরে স্বরূপ-বিলাস।
মোরে সিদ্ধ দেহ দিয়া, কৃষ্ণপাশে রাখে গিয়া,
এ দেহের করে সর্ব্বনাশ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

কল্যাণকল্পতরু

প্রেমামরতরু শ্রীগৌরসুন্দরের নিজ-জন ঠাকুর শ্রীভক্তিবিনোদ জীবের দুঃখে ব্যথিত হইয়া শ্রীবৈকুণ্ঠধাম হইতে ভূতলে "কল্যাণ-কল্পতরু" আনয়ন করিয়াছেন। বৈকুণ্ঠের নিঃশ্রেয়স-বনে সেই কল্যাণকল্পতরু বিরাজিত। শ্রীমদ্ভাগবতে সেই কল্যাণ-কাননের কথা শুনিতে পাওয়া যায়—

যত্র নৈঃশ্রেয়সং নাম বনং কামদুঘৈর্দ্রুমৈঃ।
সর্ব্বর্ত্তু-শ্রীভির্বিভ্রাজং কৈবল্যমিব মূর্ত্তিমৎ॥

(ভাঃ ৩।১৫।১৬)

সেই ধামে মূর্ত্তিমান্ শুদ্ধভক্তিসুখস্বরূপ 'নিঃশ্রেয়স' নামে একটী বন বিরাজিত; সেই বনটী সকল ঋতুর পুষ্পাদি সম্পদ্‌যুক্ত ফলবৃক্ষ-সমূহদ্বারা পরিশোভিত।

ঠাকুর ভক্তিবিনোদ 'কল্যাণকল্পতরু'র মঙ্গলাচরণে গাহিয়াছেন,—

"শ্রীবৈকুণ্ঠধামে আছে নিঃশ্রেয়স বন।
তাহে শোভা পায় কল্পতরু অগণন॥
তহি-মাঝে এ কল্যাণকল্পতরুরাজ।
নিত্যকাল নিত্যধামে করেন বিরাজ॥
স্কন্ধত্রয় আছে তা'র অপূর্ব্ব দর্শন।
উপদেশ, উপলব্ধি, উচ্ছ্বাস গণন॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

সুভক্তিপ্রসূন তাহে অতি শোভা পায়।
'কল্যাণ' নামক ফল অগণন তায় ॥
যে সুজন এ বিটপী করেন আশ্রয়।
'কৃষ্ণসেবা'-সুকল্যাণ-ফল তাঁ'র হয় ॥
শ্রীগুরুচরণ-কৃপা-সামর্থ্য লভিয়া।
এ-হেন অপূর্ব্ব বৃক্ষ দিলাম আনিয়া ॥"

কল্যাণকল্পতরুর তিনটি স্কন্ধ—(১) উপদেশ, (২) উপলব্ধি ও (৩) উচ্ছ্বাস। এই তিন স্কন্ধে বহু শুদ্ধভক্তিকুসুম প্রস্ফুটিত হইয়া রহিয়াছে। এই কল্পবৃক্ষ কল্যাণফল দান করেন। সেই কল্যাণ-ফলই—অপ্রাকৃত-যুগল-সেবা। তাই ঠাকুর ভক্তিবিনোদ সকলকে বলিতেছেন—

"তোমরা সকলে হও এ বৃক্ষের মালী।
শ্রদ্ধা-বারি দিয়া পুনঃ কর রূপশালী ॥
ফলিবে কল্যাণ-ফল—যুগল-সেবন।
করিব সকলে মিলি' তাহা আস্বাদন ॥"

(কল্যাণকল্পতরু—মঙ্গলাচরণ)

স্বরূপশক্তি-সমাশ্লিষ্ট স্বরাট্ লীলাপুরুষোত্তমের বিলাসের সেবানুগমনই জীবের চরম কল্যাণ—

কল্যাণকল্পতরুর মঙ্গলাচরণে শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর তাঁহার আশ্রয়বিগ্রহ শ্রীজাহ্নবা ঠাকুরাণীর নিকট আশ্রয় প্রার্থনা করিয়াছেন—

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"নিখিল বৈষ্ণব-জন দয়া প্রকাশিয়া।
শ্রীজাহ্নবা-পদে মোরে রাখহ টানিয়া॥"

শ্রীঅনঙ্গমঞ্জরীস্বরূপিণী জাহ্নবা দেবীর আশ্রয় প্রার্থনা ঠাকুর ভক্তিবিনোদের বিচারে দেখিতে পাওয়া যায়। কল্যাণকল্পতরুতে ঠাকুর ভক্তিবিনোদ বৈষ্ণবের অধিকার বিচার করিয়া বৈষ্ণব-সেবার কথা বলিয়াছেন। বৈষ্ণব-অবৈষ্ণব চিনিতে না পারার ন্যায় দুর্ভাগ্য আর নাই—

"আমি ত' দুর্ভাগা অতি, বৈষ্ণব না চিনি।
মোরে কৃপা করিবেন বৈষ্ণব আপনি॥
শ্রীগুরু-চরণে মোরে ভক্তি কর দান।
যে চরণ-বলে পাই তত্ত্বের সন্ধান॥"

এইরূপ নিষ্কপট আর্ত্তি, দৈন্য, কার্পণ্য, আত্মনিবেদন ও একান্ত শরণাগতি থাকিলে বৈষ্ণব-ঠাকুর কৃপা করিয়া বৈষ্ণব ও অবৈষ্ণব চিনাইয়া দেন। তখন বৈষ্ণব-ঠাকুরের কৃপায় গুরুপাদপদ্মে অহৈতুকী ভক্তি, বৈষ্ণবের অধিকার-উপলব্ধি ও ভগবৎপাদপদ্মের সন্ধান লাভ হয়।

কল্যাণকল্পতরুর স্কন্ধত্রয়ের সর্ব্বপ্রথম স্কন্ধ 'উপদেশে'র প্রারম্ভে শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর দীক্ষাগুরু ও শিক্ষাগুরুর বৈশিষ্ট্য কীর্ত্তন করিয়াছেন,—

"দীক্ষাগুরু কৃপা করি' মন্ত্র-উপদেশ।
করিয়া দেখান কৃষ্ণতত্ত্বের নির্দ্দেশ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

শিক্ষাগুরুবৃন্দ কৃপা করিয়া অপার।
সাধকে শিখান সাধনের অঙ্গসার ॥"

দীক্ষাগুরু কৃপাপূর্ব্বক মন্ত্র-উপদেশ করিয়া কৃষ্ণতত্ত্বের নির্দ্দেশ করেন। এইজন্যই শ্রীরায়-রামানন্দ-সংবাদে দেখিতে পাওয়া যায়—

"যেই কৃষ্ণতত্ত্ববেত্তা, সেই গুরু হয়।"

দীক্ষাগুরু—এক, কিন্তু শিক্ষাগুরু বহু হইতে পারেন। তাঁহারা কৃপা করিয়া সাধককে ভজন শিক্ষা দেন।

'উপদেশে'র মধ্যে ঠাকুর ভক্তিবিনোদ মনকে লক্ষ্য করিয়া কৃষ্ণবিমুখ জীবের নিত্যমঙ্গলের উপদেশ দিয়াছেন। এই জগতের বহির্ম্মুখ জীবের যে-সকল অনর্থ—অন্যাভিলাষ, কর্ম্ম, জ্ঞান, যোগ, ব্রতাদি অভক্তি-চেষ্টা জীবকে কল্যাণকল্পতরুর ফলের আস্বাদনে চিরবিমুখ করিয়া রাখিয়াছে,ঠাকুর ভক্তিবিনোদ অপার কৃপা করিয়া নানাপ্রকার যুক্তি ও সদুপদেশ প্রদান-পূর্ব্বক তাহা হইতে তাহাদিগকে মুক্ত করিবার চেষ্টা করিয়াছেন। অন্যাভিলাষ, কর্ম্ম, জ্ঞানাদি হইতে নির্ম্মুক্ত না হইলে শুদ্ধভক্তি লাভ হয় না। কল্যাণকল্পতরুর প্রথম গানে তিনি ভূতশুদ্ধি-শিক্ষা-দান, জীব-স্বরূপ ও জীব-সংসার বর্ণন করিয়াছেন; দ্বিতীয় গানে জড়কাম পরিত্যাগ-পূর্ব্বক অপ্রাকৃত কামদেবের সেবা উপদেশ করিয়াছেন; তৃতীয় গানে সংশয়-বাদ নিরসন করিবার জন্য বৈষ্ণবের কৃপার বল প্রার্থনা করিবার উপদেশ দিতেছেন,—

"বৈষ্ণবের কৃপাবলে, সন্দেহ যাইবে চলে',
তুমি পুনঃ হইবে তোমার।
পা'বে বৃন্দাবন-ধাম, সেবিবে শ্রীরাধা-শ্যাম,
পুলকাশ্রুময় কলেবর ॥"

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

চতুর্থ সঙ্গীতে পারভিত্ত পরিত্যাগ-পূর্ব্বক সর্ব্বেশ্বরেশ্বর শ্রীকৃষ্ণের সেবার কথা উপদেশ দিয়াছেন। ভগবান্ অচ্যুতের সেবাতেই সকলের সেবা হয়—

"মূলেতে সিঞ্চিলে জল, শাখা-পল্লবের বল,
শিরে বারি নহে কার্য্যকর।
হরিভক্তি আছে যাঁ'র, সর্ব্বদেব বন্ধু তাঁ'র,
ভক্তে সবে করেন আদর॥"

পঞ্চম সঙ্গীতে সংশয়-মূলক তর্কপথাশ্রিত নির্ব্বিশেষ-মত নিরাস, ষষ্ঠ সঙ্গীতে জড়বিদ্যার অনুশীলন নিরাস, সপ্তম ও দশম সঙ্গীতে জড়বিদ্যার ভোগমূলক অনুশীলন নিরাস করিয়াছেন—

"মন রে কেন কর বিদ্যার গৌরব।
স্মৃতিশাস্ত্র ব্যাকরণ, নানা-ভাষা-আলোচন,
বৃদ্ধি করে যশের সৌরভ॥
কিন্তু দেখ চিন্তা করি,' যদি না ভজিলে হরি,
বিদ্যা তব কেবল রৌরব।
কৃষ্ণ-প্রতি অনুরক্তি, সেই বীজে জন্মে ভক্তি,
বিদ্যা হ'তে তাহা অসম্ভব॥
বিদ্যায় মার্জ্জন তা'র, কভু কভু অপকার,
জগতেতে করি অনুভব।
যে বিদ্যার আলোচনে, কৃষ্ণরতি স্ফুরে মনে,
তাহারি আদর জান সব॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ভক্তি বাধা যাহা হ'তে, সে বিদ্যার মস্তকেতে,
পদাঘাত কর অকৈতব।
সরস্বতী কৃষ্ণপ্রিয়া, কৃষ্ণভক্তি তাঁ'র হিয়া,
বিনোদের সেই সে বৈভব ॥"
(কল্যাণকল্পতরু, উপদেশ—১০)

অষ্টম সঙ্গীতে নির্ভেদ-ব্রহ্মানুসন্ধান নিরাস করিয়াছেন—

"বিন্দু নাহি হয় সিন্ধু, বামন না স্পর্শে ইন্দু,
রেণু কি ভূধর-রূপ পায় ?"

উপদেশের নবম সঙ্গীতে জড়বর্ণাভিমান নিরাস করিয়াছেন। উচ্চবর্ণই হউক, আর নীচবর্ণই হউক, যে-কোন প্রকার বর্ণের অভিমান দেহাত্মবোধ হইতেই জাত। দেহাত্মবোধ থাকিলে কোন দিন কৃষ্ণপাদপদ্ম-রেণুতে আত্মবোধ হয় না—

"মন রে, কেন আর বর্ণ-অভিমান।
মরিলে পাতকী হ'য়ে, যমদূতে যাবে ল'য়ে,
না করিবে জাতির সম্মান ॥
যদি ভাল কর্ম্ম কর, স্বর্গভোগ অতঃপর,
তা'তে বিপ্র-চণ্ডাল সমান।
নরকেও দুই জনে, দণ্ড পা'বে একসনে,
জন্মান্তরে সমান বিধান ॥
সামাজিক মান ল'য়ে, থাক ভাই বিপ্র হ'য়ে,
বৈষ্ণবে না কর অপমান।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

আদার ব্যাপারী হ'য়ে, বিবাদ জাহাজ ল'য়ে,
কভু নাহি করে বুদ্ধিমান্ ॥”

একাদশ সঙ্গীতে ঠাকুর ভক্তিবিনোদ জড়-রূপ-মদ, দ্বাদশ সঙ্গীতে ধন-মদ, ত্রয়োদশ সঙ্গীতে জড়ত্যাগপর ফল্গু-সন্ন্যাস নিরাস করিয়াছেন। সন্ন্যাস-লিঙ্গের দ্বারা হরিভক্তি মাপা যায় না। যিনি সন্ন্যাস-বিধি স্বীকার করিয়াছেন, তিনিই খুব বড় ভক্ত—এরূপ নহে। অহৈতুকী ভক্তি-বৃত্তির দ্বারাই ভক্ত পরিলক্ষিত হন। আধুনিক একশ্রেণীর ব্যক্তি লাভ-পূজা-প্রতিষ্ঠার জন্য সন্ন্যাসী সাজিয়া বলিতেছেন যে, সাজা সন্ন্যাসী না হইলে আচার্য্য হওয়া যায় না। ইহা প্রতিষ্ঠাকাঙ্ক্ষী বদ্ধজীবের অভক্তিপর মতবাদ। তাহাদেরই জন্য ঠাকুর শ্রীল ভক্তিবিনোদ কল্যাণকল্পতরুতে গাহিয়াছেন—

“মন ! তুমি সন্ন্যাসী সাজিতে কেন চাও।
বাহিরের সাজ যত, অন্তরেতে ফাঁকি তত,
দম্ভ পূজি' শরীর নাচাও ॥
সন্ন্যাস-বৈরাগ্য-বিধি, সেই আশ্রমের নিধি,
তাহে কভু না কর আদর।
সে-সব আদরে ভাই, সংসারে নিস্তার নাই,
দাম্ভিকের লিঙ্গ নিরন্তর ॥
তুমি ত' চৈতন্যদাস, হরিভক্তি তব আশ,
আশ্রমের লিঙ্গে কিবা ফল।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

প্রতিষ্ঠা করহ দূর, বাস তব শান্তিপুর,
সাধু-কৃপা তোমার সম্বল ॥
বৈষ্ণবের পরিচয়, আবশ্যক নাহি হয়,
আড়ম্বরে কভু নাহি যাও।
বিনোদের নিবেদন, রাধাকৃষ্ণ-গুণগণ,
ফুকারি' ফুকারি' সদা গাও ॥"

ঠাকুর ভক্তিবিনোদ ফল্গু-সন্ন্যাস নিরাস করিয়াছেন বলিয়া কাহাকেও গৃহব্রত বা গৃহাসক্ত হইতে বলেন নাই। একদিকে যেমন গৃহাসক্তি নিষেধ করিয়াছেন, অপরদিকে আশ্রমাদির বাহ্য পোষাকের প্রতি অত্যাসক্তি বা দাম্ভিকতাও বর্জ্জন করিবার উপদেশ দিয়াছেন। "সন্ন্যাসী সাজিয়াছি" মনে করিয়া কেহ যে-কোন বেশে অবস্থিত নিষ্কিঞ্চন বৈষ্ণবকে 'ছোট' বিচার করিলে তাহাকে জন্ম-জন্মান্তর ভগবদ্বিমুখতার দণ্ড গ্রহণ করিতে হইবে।

বৈষ্ণবধর্ম্ম সর্ব্বদাই আনুগত্যময়। যেখানে স্বতন্ত্রতা, সেখানেই ভোগোন্মুখতা। বুভুক্ষা-মূলে জীবের তীর্থ-ভ্রমণের প্রয়াস—একটি অন্যাভিলাষ। ঐরূপ অন্যাভিলাষ থাকিলে কল্যাণ-ফল-লাভ সুদূরপরাহত। ঠাকুর ভক্তিবিনোদ চতুর্দ্দশ সঙ্গীতে ঐরূপ তীর্থাটন-কাম নিরাস ও প্রকৃত তীর্থের স্বরূপ বর্ণন করিয়াছেন। অযোধ্যা, মথুরাদি সপ্তমোক্ষদায়িকা পুরী কর্ম্মকাণ্ডীয় বুভুক্ষা বা জ্ঞানকাণ্ডীয় মুমুক্ষা-বৃত্তির সহিত ভ্রমণ কেবল "নিরর্থক পরিশ্রম," তাহা "চিত্ত স্থির নাহি করে"—

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

তীর্থফল—সাধুসঙ্গ, সাধুসঙ্গে অন্তরঙ্গ,
শ্রীকৃষ্ণ-ভজন মনোহর।
যথা সাধু, তথা তীর্থ, স্থির করি' নিজ-চিত্ত,
সাধুসঙ্গ কর নিরন্তর॥

ঠাকুর ভক্তিবিনোদ উপদেশ করিতেছেন যে, যে-তীর্থে বৈষ্ণব অবস্থান করেন না, যেখানে বৈষ্ণবের বাণী শুনা যায় না, বৈষ্ণবের সেবা লাভ হয় না, সেই তীর্থে গমন কেবল বৃথা পর্যটন-শ্রান্তি-মাত্র। যেখানে বৈষ্ণবগণ বাস করেন, সেই স্থানই বৃন্দাবন। সেই স্থানে নিত্যানন্দ বিরাজিত। তথায় কৃষ্ণভক্তি-গঙ্গা প্রবাহিতা, মুক্তি তথায় দাসীর মত ভক্তির সেবা করিবার জন্য অপেক্ষা করিতেছেন। তথাকার পর্ব্বতসমূহ—গোবর্দ্ধন, ভূমি—চিন্তামণি বৃন্দাবন, হ্লাদিনী তথায় স্বপ্রকাশিতা। ঠাকুর ভক্তিবিনোদের সার উপদেশ এই—

"বিনোদ কহিছে ভাই, ভ্রমিয়া কি ফল পাই,
বৈষ্ণব-সেবন মোর ব্রত।"

পঞ্চদশ গীতিতে ঠাকুর ভক্তিবিনোদ বুভুক্ষা ও মুমুক্ষা-মূলক ব্রতাচার ও তপস্যার অকর্ম্মণ্যতা প্রদর্শন করিয়াছেন; এই বিষয়ে ভক্তিবিনোদ উপদেশ প্রদান করিতেছেন যে, ব্রতে আচ্ছন্ন হইলে কখনও আত্মার সহজ-বৃত্তি উদ্বুদ্ধ হয় না—

"ভক্তি যে সহজ তত্ত্ব, চিত্তে তা'র আছে সত্ত্ব,
তাহার সমৃদ্ধি তব আশ!

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

দেখিবে বিচার করি' সু-কঠিন ব্রত ধরি'
সহজের না কর বিনাশ ॥
কৃষ্ণ-অর্থে কায়ক্লেশ, তা'র ফল আছে শেষ,
কিন্তু তাহা সামান্য না হয়।
ভক্তির বাধক হ'লে, ভক্তি আর নাহি ফলে,
তপঃফল হইবে নিশ্চয় ॥
কিন্তু ভে'বে, দেখ ভাই, তপস্যায় কাজ নাই,
যদি হরি আরাধিত হন।
ভক্তি যদি না ফলিল, তপস্যার তুচ্ছ ফল,
বৈষ্ণব না লয় কদাচন ॥"

—ইহা আত্মমঙ্গলকামীর জন্য উপদেশ; কিন্তু যাহারা আত্ম-মঙ্গলের অধিকার গ্রহণ করিতে পরাঙ্মুখ, তাহারা পাপাসক্তি হইতে সাময়িকভাবে কথঞ্চিৎ মুক্ত থাকিবার জন্য তপস্যা-ব্রতাদি-কর্ম্মে নিষ্ঠাযুক্ত হন।

ষোড়শ সঙ্গীতে ঠাকুর ভক্তিবিনোদ অভক্ত-ধর্ম্মধ্বজীর সঙ্গ পরিত্যাগ করিবার উপদেশ দিয়াছেন। ধূর্ত্ত লোকের সঙ্গ সর্ব্বতো-ভাবে পরিত্যাজ্য। কপটের সঙ্গ করিলে কখনও আত্ম-মঙ্গল লাভ হয় না—

"বুজ্‌রুগী জানে যেই, তব সাধুজন সেই,
তা'র সঙ্গ তোমারে নাচায়।
ক্রূর-বেশ দেখ যা'র, শ্রদ্ধাস্পদ সে তোমার,
ভক্তি করি' পড় তা'র পায় ॥"

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

কপট লোক কপট ব্যক্তিকেই 'সাধু' বলিয়া মনে করে। আবার কতকগুলি অজ্ঞ লোক ভাগ্যদোষে বুজ্‌রুগের পাল্লায় পড়িয়া যায়।

সপ্তদশ সঙ্গীতে ঠাকুর ভক্তিবিনোদ শ্রৌতপথ বা আম্নায়-বিধি ও শাস্ত্রানুগত্যহীন স্বতন্ত্রতামূলক ভজনাভিনয় নিরাস করিয়াছেন। কতিপয় ব্যক্তি স্বতন্ত্রতার বা যথেচ্ছাচারিতারূপ মায়াবীর মোহে মুগ্ধ হইয়া অসাম্প্রদায়িক হইবার যুক্তিতে শ্রৌতপথ, মহাজনানুগত্য ও শাস্ত্রানুগত্য পরিত্যাগ করিয়া মনোধর্ম্মের কৈঙ্কর্য্য করিবার দুর্ব্বুদ্ধিতে পতিত হয়, তাহারাই সম্প্রদায়ে দোষবুদ্ধি করিয়া সং-সাম্প্রদায়িক দীক্ষা বা তিলক-মালাদি-সদাচার-গ্রহণের বিরুদ্ধবাদী হইয়া মনঃকল্পিত নবীন মত প্রচার করে। তাহাদের যুক্তি এই যে, ভণ্ড বা ধূর্ত্তেরা তিলক-ফোঁটা, দীক্ষা, মালা প্রভৃতি ধারণ করিয়া অন্যায় কার্য্য করে; অতএব ঐসকল চিহ্নই তজ্জন্য দায়ী। বস্তুতঃ যাহারা লোকভয় বশতঃই হউক বা ভক্তিদেবীর প্রতি বিমুখতা-বশতঃই হউক, বহির্ম্মুখ-লোকপ্রিয়তা এবং চিৎ ও অচিৎএর গোঁজামিল দেওয়াকেই বহুমানন করে, তাহারাই সং-সম্প্রদায়ে দোষারোপ করিয়া মনঃকল্পিত সম্প্রদায় রচনা করে। ঠাকুর ভক্তিবিনোদ অতি সজীব-ভাষায় ইহা বর্ণন করিয়াছেন—

"সম্প্রদায়ে দোষ-বুদ্ধি, জানি' তুমি আত্মশুদ্ধি,
করিবারে হৈলে সাবধান।
না নিলে তিলক-মালা, ত্যজিলে দীক্ষার জ্বালা,
নিজে কৈলে নবীন বিধান॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

পূর্ব্বমতে তালি দিয়া, নিজ-মত প্রচারিয়া,
নিজে অবতার-বুদ্ধি ধরি'।
ব্রতাচার না মানিলে, পূর্ব্বপথ জলে দিলে,
মহাজনে ভ্রম-দৃষ্টি করি'॥
ফোঁটা দীক্ষা মালা ধরি', ধূর্ত্ত করে স্বচাতুরী,
তাই তাহে' তোমার বিরাগ।
মহাজন-পথে দোষ, দেখিয়া তোমার রোষ,
পথ প্রতি ছাড়' অনুরাগ ॥
এখন দেখহ ভাই, স্বর্ণ ছাড়ি' লৈলে ছাই,
ইহকাল পরকাল যায়।
কপট বলিল সবে, ভকতি বা পেলে কবে,
দেহান্তে বা কি হ'বে উপায় ॥"

কল্পতরুর অষ্টাদশ উপদেশ-গীতিতে ঠাকুর ভক্তিবিনোদ কৃত্রিম অভ্যাস, পিচ্ছিল-স্বভাব-জনিত ছায়া ও প্রতিবিম্ব ভক্ত্যাভাসকে নিরাস করিয়াছেন। প্রাকৃত-সহজিয়া-সম্প্রদায়ে কনক-কামিনী-লাভ-পূজা-প্রতিষ্ঠার উদ্দেশে যে নানাপ্রকার কৃত্রিম ও আনুকরণিক ভাব-বিকার দেখিতে পাওয়া যায়, উহা সম্পূর্ণ কপটতা ও ভক্তিদেবীর চরণে অপরাধ। ঠাকুর ভক্তিবিনোদের জলন্ত-ভাষায় ইহা এইরূপ ব্যক্ত হইয়াছে—

"কি আর বলিব তোরে মন।
মুখে বল "প্রেম প্রেম," বস্তুতঃ ত্যজিয়া হেম,
শূন্য গ্রন্থি অঞ্চলে বন্ধন ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

অভ্যাসিয়া অশ্রুপাত, লম্ফ-ঝম্প অকস্মাৎ,
মূর্চ্ছা-প্রায় থাকহ পড়িয়া।
এ লোক বঞ্চিতে রঙ্গ, প্রচারিয়া অসৎ সঙ্গ,
কামিনী কাঞ্চন লভ গিয়া॥
প্রেমের সাধন—'ভক্তি,' তা'তে নৈল অনুরক্তি,
শুদ্ধপ্রেম কেমনে মিলিবে।
দশ-অপরাধ ত্যজি', নিরন্তর নাম ভজি'
কৃপা হ'লে সুপ্রেম পাইবে॥
না মানিলে সুভজন, সাধুসঙ্গে সঙ্কীর্ত্তন,
না করিলে নির্জ্জনে স্মরণ।
না উঠিয়া বৃক্ষোপরি, টানাটানি ফল ধরি',
দুষ্টফল করিলে অর্জ্জন॥
অকৈতব কৃষ্ণ-প্রেম, যেন সুবিমল হেম,
এই ফল নৃলোকে দুর্ল্লভ।
কৈতবে বঞ্চনা মাত্র, হও আগে যোগ্য পাত্র,
তবে প্রেম হইবে সুলভ॥"

প্রতিবিম্ব ছায়া-নামাভাস-সম্বন্ধে শ্রীরূপানুগবর ঠাকুর ভক্তিবিনোদ ভক্তিরসামৃতসিন্ধুর বিচারানুসারে 'শ্রীহরিনামচিন্তামণি'র পাদ-টীকায় অনেক বিচার প্রদর্শন করিয়াছেন। প্রতিবিম্ব ছায়া-নামাভাস একটি দুরূহ অপরাধ। ঐ গীতিতে ঠাকুর সর্ব্বশেষে নিজেন্দ্রিয়-তর্পণ ও কৃষ্ণেন্দ্রিয়-তর্পণের পার্থক্য প্রদর্শন করিয়াছেন।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ঊনবিংশ গীতিতে আধ্যাত্মিক-জ্ঞান-জনিত প্রকৃত সাধুসঙ্গে বিতৃষ্ণা এবং ক্রম-বিধানানুসারে শ্রদ্ধা হইতে সাধুসঙ্গ, সাধুসঙ্গে ভজন-ক্রিয়া, ভজন-ফলে অনর্থ-নিবৃত্তি, তৎপরে নিষ্ঠা, রুচি, আসক্তির উদয়, আসক্তি হইতে ভাব ও ভাবের পরিপক্কতায় প্রেম-লাভের ক্রম বর্ণিত হইয়াছে। যাহারা এই ক্রম-সাধন পরিত্যাগ করিয়া নাটকাভিনয়ের মত কপট-ভাব প্রদর্শন করে, তাহারা ইন্দ্রিয়ের দাস—কামুক। অতএব ঠাকুর ভক্তিবিনোদের কল্যাণকল্পতরুর সর্বশেষ 'উপদেশ'—

"নাটকাভিনয় প্রায়, সকপট প্রেম ভায়,
তাহে মাত্র ইন্দ্রিয়-সন্তোষ।
ইন্দ্রিয়-তোষণ ছার, সদা কর পরিহার,
ছাড়' ভাই অপরাধ-দোষ ॥"

কল্যাণকল্পতরুর দ্বিতীয় স্কন্ধের নাম—উপলব্ধি। সেই উপলব্ধি বিভিন্ন লক্ষণযুক্ত—(১) অনুতাপ-লক্ষণউপলব্ধি, (২) নির্বেদ-লক্ষণ-উপলব্ধি, (৩) সম্বন্ধ-বিজ্ঞান-উপলব্ধি, (৪) অভিধেয়-বিজ্ঞান-লক্ষণ-উপলব্ধি, (৫) প্রয়োজনবিজ্ঞান-লক্ষণ-উপলব্ধি। অনুতাপ-লক্ষণ-উপলব্ধিতে পাঁচটি সঙ্গীত, নির্বেদ-লক্ষণে পাঁচটি সঙ্গীত এবং সম্বন্ধ, অভিধেয় ও প্রয়োজন-বিজ্ঞান-লক্ষণে একত্রে চারিটি সঙ্গীত দৃষ্ট হয়।

'উপলব্ধি'র প্রথম সঙ্গীতে দুর্লভ-মনুষ্য-জন্মে হরিভজন না হইলে কিরূপ প্রকৃতির দাসত্বে জীবন অতিবাহিত হয়, তাহার চিত্র

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

প্রকাশিত হইয়াছে। তথাপি কল্যাণের আভাস উদিত হইলে স্বতাপ-লক্ষণ-উপলব্ধি চিত্তে প্রকাশিত হইয়া থাকে। কিছুকাল গর্ভবাসে, কিছুকাল খেলা-ধূলায়, কিছুকাল গ্রাম্য-ধর্ম্মে, কিছুকাল রোগ-শোকে কাটাইয়া জীবনের ব্যর্থতা-সাধন-জন্য 'উপলব্ধি' ও 'নির্ব্বেদ' উপস্থিত হইলে সুবুদ্ধিযুক্ত হইয়া মনুষ্য কল্যাণের অনুসন্ধান করে। "ভুলিয়া তোমারে সংসারে আসিয়া"; "বিদ্যার বিলাসে কাটাইনু কাল"; "যৌবনে যখন ধন-উপার্জ্জনে" (শরণাগতি—২, ৩, ৪)—শরণাগতির এই সঙ্গীতসমূহ কল্যাণ-কল্পতরুর 'উপলব্ধি'র প্রথম সঙ্গীতের সহিত সমতাৎপর্য্যবিশিষ্ট।

'উপলব্ধি'র দ্বিতীয় সঙ্গীতে সাধুজনের সঙ্গ পরিত্যাগ করিয়া বহির্ম্মুখ-জনসঙ্গের প্রভাবে লোকের চিত্তবৃত্তির অবস্থা বর্ণিত হইয়াছে। তথাকথিত সভ্যতা কেবল অন্যাভিলাষযুক্ত বহির্ম্মুখ লোকের লক্ষণমাত্র—

"সুবর্ণ করিয়া ত্যাগ, তুচ্ছ লোষ্ট্র-অনুরাগ,
দুর্ভাগার এই ত' লক্ষণ।
অসতের সঙ্গ করি, সাধুজনে পরিহরি',
মদ-গর্ব্বে কাটা'নু জীবন॥
ভক্তিমুদ্রা দরশনে, হাস্য করিতাম মনে,
বাতুলতা বলিয়া তাহায়।
যে সভ্যতা শ্রেষ্ঠ গণি,' হারাইনু চিন্তামণি,
শেষে তাহা রহিল কোথায়॥"

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

'উপলব্ধি'র তৃতীয় সঙ্গীতে সৎকর্ম্ম-পিপাসা-মত্ত জীব স্বর্গসুখাদি-লাভের আশায় উপবাস-ব্রত, নানা কায়ঃক্লেশ, নানা কৃচ্ছ্রসাধ্য তপস্যা ও বর্ণাশ্রমে নানা দেবদেবীর পূজা, শাস্ত্র-অধ্যয়ন-শ্রম স্বীকার করিয়া পরিণামে যাহা লাভ করেন, তাহাতে আত্মমঙ্গলের কিছুই সঞ্চিত হয় না। তদ্দ্বারা ঊর্ণনাভের ন্যায় কর্ম্মজালে বিজড়িত ও ভস্মে ঘৃতাহুতি প্রদত্ত হয় মাত্র।

'উপলব্ধির চতুর্থ সঙ্গীতে নির্ব্বিশেষজ্ঞান-মতের সর্ব্বাপেক্ষা অপকারিতার উপলব্ধি—

"আমি ব্রহ্ম একমাত্র, এ জ্বালায় দহে গাত্র,
ইহার উপায় কিবা ভাই।
বিকার যে ছিল ভাল, ঔষধ জঞ্জাল হ'ল,
ঔষধ-ঔষধ কোথা পাই ॥"

জীব ত্রিতাপ-জ্বালায় তপ্ত হইয়া 'অহং ব্রহ্মাস্মি' শ্রবণ-মনন-নিদিধ্যাসনকে ঔষধরূপে স্থির করেন। কিন্তু সেই ঔষধই তাহার পক্ষে বিষের ক্রিয়া করে। রোগ ও রোগী উভয়ের বিনাশক ঔষধ ঔষধ-পদ-বাচ্য নহে। নির্ব্বিশেষ-ব্রহ্মোপলব্ধিতে জীবের আত্মবিনাশ ঘটে।

'উপলব্ধি'র পঞ্চম সঙ্গীতে কৃত্রিমভাবে ক্লেশ-নিবৃত্তি-চেষ্টার অকিঞ্চিৎকরতার উপলব্ধি বর্ণিত হইয়াছে।

নির্ব্বেদ-লক্ষণ-উপলব্ধির দ্বিতীয় সঙ্গীতে বিষয়-বাসনা, জড় উচ্চাকাঙ্ক্ষা, ভুক্তি-মুক্তি-স্পৃহার অকিঞ্চিৎকরত্ব, জড়দেহ ও তজ্জনিত

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ভোগের ক্ষণিকত্ব ও ভগবদ্ভক্তির নিত্যত্বের উপলব্ধি প্রকাশিত হইয়াছে। ঠাকুর ভক্তিবিনোদ জীবন্ত ভাষায় উচ্চাকাঙ্ক্ষা বা elevationismকে নিরাস করিয়া বলিতেছেন—

"ওরে মন, বাড়িবার আশা কেন কর।
পার্থিব উন্নতি যত, শেষে অবনতি তত,
শান্ত হও মোর বাক্য ধর॥
আশার ইয়ত্তা নাই, আশাপথ সদা ভাই,
নৈরাশ্য-কণ্টকে রুদ্ধ আছে।
বাড়ে যত আশা তত, আশা নাহি হয় হত,
আশা নাহি নিত্যানিত্য বাছে॥
এক রাজ্য আজ পাও, অন্য রাজ্য কা'ল চাও,
সর্ব্বরাজ্য কর যদি লাভ।
তবু আশা নহে শেষ, ইন্দ্রপদ অবশেষ,
ছাড়ি' চা'বে ব্রহ্মার প্রভাব॥
ব্রহ্মত্ব ছাড়িয়া ভাই, শিবপদ কিসে পাই,
এই চিন্তা হ'বে অবিরত।
শিবত্ব লভিয়া নর, ব্রহ্মসাম্য তদন্তর,
আশা করে শঙ্করানুগত!
অতএব আশা-পাশ, যাহে হয় সর্ব্বনাশ,
হৃদয় হইতে রাখ দূরে।
অকিঞ্চন-ভাব ল'য়ে, চৈতন্য-চরণাশ্রয়ে,
বাস কর সদা শান্তিপুরে॥"

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

নির্ব্বেদ-লক্ষণ-উপলব্ধির তৃতীয় সঙ্গীতে বর্ণিত হইয়াছে—ভুক্তি-মুক্তি-বাঞ্ছা—দুইটিই পিশাচী। তন্মধ্যে মুক্তিবাঞ্ছা আরও অধিক দুষ্ট—

"মুক্তিবাঞ্ছা দুষ্ট অতি, নষ্ট করে শিষ্টমতি,
মুক্তি-স্পৃহা কৈতব-প্রধান।
তাহা যে ছাড়িতে নারে, মায়া নাহি ছাড়ে তা'রে,
তা'র যত্ন নহে ফলবান্॥
অতএব স্পৃহাদ্বয়, ছাড়ি' শোধ' এ হৃদয়,
নাহি রাখ কামের বাসনা।
ভোগ-মোক্ষ নাহি চাই, শ্রীকৃষ্ণ-চরণ পাই,
বিনোদের এই ত' সাধনা॥"

শ্রীরূপগোস্বামি-প্রভু "ভক্তিরসামৃতসিন্ধু"র প্রারম্ভে—

অন্যাভিলাষিতাশূন্যং জ্ঞানকর্ম্মাদ্যনাবৃতম্॥
আনুকূল্যেন কৃষ্ণানুশীলনং ভক্তিরুত্তমা॥

—শ্লোকে 'অন্যাভিলাষিতাশূন্য' অর্থে—"অহৈতুকী" ও 'জ্ঞান-কর্ম্মাদ্যনাবৃত' অর্থে—"অপ্রতিহতা" অধোক্ষজ-ভক্তির কথা বলিয়াছেন। শ্রীরূপের "অন্যাভিলাষিতাশূন্যং" শ্লোক শ্রীমদ্ভাগবতের "স বৈ পুংসাং পরো ধর্ম্ম" শ্লোকেরই বিবৃতি। ঠাকুর শ্রীল ভক্তিবিনোদ শ্রীরূপ গোস্বামি-প্রভুর কথিত সেই "উত্তমা ভক্তি"ই জগতে আচারমুখে প্রচার করিয়াছেন। ভোগ-মোক্ষ-বাসনা থাকিলে ভক্তিকে 'অহৈতুকী' ও 'অপ্রতিহতা' বলা যায় না। ঐ দুইটি চেষ্টা সম্পূর্ণ অভক্তিবাদ বা ভক্তি-বিরোধ।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

নির্ব্বেদ-লক্ষণ-উপলব্ধির চতুর্থ সঙ্গীতে দেহ, গেহ, পুত্র-কন্যাদির অনিত্যতা ও বহির্ম্মুখ-সংসারের জন্য প্রয়াস অতি প্রাণ-স্পর্শী ভাষায় বর্ণিত হইয়াছে। এজন্য এই সঙ্গীতটি নির্ব্বেদ-উপলব্ধির বিশেষ উদ্দীপক—

"দুর্লভ মানবজন্ম লভিয়া সংসারে।
কৃষ্ণ না ভজিনু,—দুঃখ কহিব কাহারে॥
'সংসার' 'সংসার' ক'রে মিছে গেল কাল।
লাভ না হইল কিছু, ঘটিল জঞ্জাল॥
কিসের সংসার এই, ছায়াবাজী প্রায়।
ইহাতে মমতা করি' বৃথা দিন যায়॥"

দেহারামতা হরিভজনের বিশেষ প্রতিকূল। চক্ষু, কর্ণ, নাসিকা, জিহ্বা, ত্বকাদির জড়স্পৃহা জীবকে চেতনের অনুশীলন করিতে বাধা দেয়। ইহা উপলব্ধি করিতে পারিলে জীব সাধু-কৃপায় চেতনের অনুশীলনে প্রবৃত্ত হয়। ঠাকুর ভক্তিবিনোদ তাঁহাকে এইরূপ উপদেশ করিয়াছেন—

"আর কেন জীব জড়ে করিবে সমর।
জড়ে দেও বিসর্জ্জন, শুদ্ধজীব-প্রবোধন,
সহজ-সমাধি-যোগে সাধ'।
ক্রমে ক্রমে জড়সত্তা হ'বে অবসর।
লিঙ্গদেহ-অনুগত, কর' দেহ জড়াশ্রিত,
পরমার্থ না হইবে বাধ॥"

(কল্যাণকল্পতরু, নির্ব্বেদ-লক্ষণ-উপলব্ধি—৫)

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

সম্বন্ধাভিধেয়-প্রয়োজন—এই ত্রিতত্ত্ব অদ্বয়জ্ঞান। কল্যাণ-কল্পতরুতে এই ত্রিতত্ত্বের উপলব্ধি-বিজ্ঞান বর্ণিত হইয়াছে। নিষ্কিঞ্চন-সাধুগণ যোগৈশ্বর্য্য, ভোগৈশ্বর্য্য ও যাবতীয় ঔপাধিক-ধর্ম্ম হইতে বিরত হইয়া রাগ-দ্বেষ বিসর্জ্জন-পূর্ব্বক যুক্তবৈরাগ্যের সহিত সর্ব্বদা কৃষ্ণভজনে প্রমত্ত থাকেন। সাধুগণের কোন প্রকার লিঙ্গ-নিষ্ঠার প্রয়োজন হয় না। তাঁহারা সর্ব্বনিরপেক্ষ—

"অতএব লিঙ্গহীন সদা সাধুজন।
দ্বন্দ্বাতীত হ'য়ে করেন শ্রীকৃষ্ণ-ভজন॥
জ্ঞানের প্রয়াসে কাল না করি' যাপন।
ভক্তি বলে নিত্যজ্ঞান করেন সাধন॥
যথা তথা বাস করি', যে-সে বস্ত্র পরি'।
সুলব্ধ-ভোজনদ্বারা দেহরক্ষা করি'॥
কৃষ্ণভক্ত কৃষ্ণসেবা-আনন্দে মাতিয়া।
সদা কৃষ্ণপ্রেমরসে ফিরেন গাহিয়া॥"

(কল্যাণকল্পতরু, সম্বন্ধাভিধেয়-প্রয়োজন-উপলব্ধি—১)

প্রয়োজন-বিজ্ঞান-লক্ষণ-উপলব্ধিটি ঠাকুর শ্রীল ভক্তিবিনোদ অমিত্রাক্ষর-ছন্দে বর্ণন করিয়াছেন। ঠাকুর ভক্তিবিনোদ ১২৭০ বঙ্গাব্দে (১৮৬৩ খৃষ্টাব্দ) "বিজন-গ্রাম" নামক বাঙ্গালা কাব্যে অমিত্রাক্ষর-ছন্দ ব্যবহার করিয়াছিলেন। কল্যাণকল্পতরুর প্রয়োজন-বিজ্ঞান-উপলব্ধিতে ১২৮৮ বঙ্গাব্দে (১৮৮১ খৃষ্টাব্দ) অমিত্রাক্ষর-ছন্দে সুগভীর দার্শনিক তত্ত্বকে প্রস্ফুটিত করিয়াছেন। জড়জগৎ চিজ্জগতের প্রতিবিম্ব; যথা—

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"বৈকুণ্ঠ-নিলয়ে যেই অপ্রাকৃত রতি
সুমধুর মহাভাবাবধি।
তা'র তুচ্ছ অনুকৃতি পুরুষ-প্রকৃতি
সঙ্গসুখ-সংক্লেশ-জলধি ॥
অপ্রাকৃত সিদ্ধদেহ করিয়া আশ্রয়
সহজ-সমাধি-যোগবলে।
সাধক প্রকৃতিভাবে শ্রীনন্দ-তনয়
ভজেন সর্ব্বদা কৌতূহলে ॥"

(কল্যাণকল্পতরু, প্রয়োজন-বিজ্ঞান-উপলব্ধি—৩)

সমস্ত জীবনটি বহির্ম্মুখ-গৃহ-সেবায় কাটাইয়া দিয়া—জীবন-যৌবন, বল-বীর্য্য সমস্তই সংসারের সেবায় নিঃশেষিত করিয়া অকর্ম্ম অবস্থায় "পেন্সন্" ভোগ করিবার জন্য বার্দ্ধক্যে কৃষ্ণ-ভজনের কৃত্রিম ইচ্ছা যে কিরূপ আত্ম-বঞ্চনা, তাহা ঠাকুর ভক্তি-বিনোদের সজীব ভাষায় বর্ণিত হইয়াছে,—

সংসার নির্ব্বাহ করি' যা'ব আমি বৃন্দাবন,
ঋণত্রয় শোধিবারে করিতেছি সুযতন ॥
এ আশায় নাহি প্রয়োজন।
এমন দুরাশাবশে, যা'বে প্রাণ অবশেষে,
না হইবে দীনবন্ধু-চরণ-সেবন ॥
যদি সুমঙ্গল চাও, সদা কৃষ্ণনাম গাও,
গৃহে থাক, বনে থাক, ইথে তর্ক অকারণ ॥"

(কল্যাণকল্পতরু, প্রয়োজন-বিজ্ঞান-লক্ষণ-উপলব্ধি—৪)

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

কল্যাণকল্পতরুর তৃতীয় স্কন্ধের নাম—উচ্ছ্বাস। তাহাতে দৈন্যময়ী ও লালসাময়ী প্রার্থনা ও বিজ্ঞপ্তি দেখিতে পাওয়া যায়। এই প্রার্থনা-সমূহ ঠাকুর নরোত্তমের প্রার্থনার অনুরূপ সহজ, সরল, অকৃত্রিম আর্ত্তির অভিব্যক্তি। এই সকল "প্রার্থনা" পাঠ, আবৃত্তি বা কীর্ত্তন করিতে করিতে জন্ম-জন্মান্তরের রুদ্ধ-সেবা-মন্দিরের দ্বার উদ্‌ঘাটিত হইয়া যায়। এই প্রার্থনা-সমূহ শতমুখী মার্জ্জনীর ন্যায় হৃদয়-গুণ্ডিচা মার্জ্জন করিয়া তাহাকে সমুজ্জ্বল ভক্তিপীঠরূপে প্রকাশিত করিতে পারে। ইহাতে ঠাকুর ভক্তিবিনোদ জীবকে 'গলবস্ত্রকৃতাঞ্জলি' হইয়া, দন্তে তৃণ-ধারণ-পূর্ব্বক বৈষ্ণবের নিকট কাঁদিয়া কাঁদিয়া আত্ম-নিবেদন করিবার শিক্ষা দিয়াছেন। বৈষ্ণবের আবেদনে কৃষ্ণের কৃপাদৃষ্টি অবশ্যম্ভাবী—এই অমোঘ আশ্বাসটী প্রদান করিয়াছেন। হরি-গুরু-বৈষ্ণবের পতিতপাবনত্বের নিকট নিজের অযোগ্যতাকে অকপটভাবে ডালি দিবার জন্য জীবকে উদ্‌বুদ্ধ করিয়াছেন। নিত্যানন্দশক্তি, কৃষ্ণভক্তি-গুরু জাহ্নবাদেবীর চরণতরণী আশ্রয় করিয়া বিষয়-নক্র-মকরাদি-সঙ্কুল কামসমুদ্র হইতে উত্তীর্ণ হইবার জন্য কাতর প্রার্থনা শিক্ষা দিয়াছেন। শ্রীরূপ গোস্বামি-প্রভুর নিকট যুক্তবৈরাগ্যাশ্রয়, বিষয় হইতে উদ্ধার-লাভ-পূর্ব্বক শ্রীনিত্যানন্দ-পাদপদ্মে সমর্পণ করিবার জন্য শ্রীসনাতন গোস্বামিপ্রভুর নিকট কাতর প্রার্থনা এবং শ্রীশ্রীজীব গোস্বামিপ্রভুর নিকট তাঁহার সিদ্ধান্ত-সলিলের দ্বারা কুতর্কানল নির্ব্বাপণ করিবার বিজ্ঞপ্তি জানাইয়াছেন। আবার—

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"কুলদেবী যোগমায়া মোরে কৃপা করি'।
আবরণ সম্বরিবে কবে বিশ্বোদরী ॥"

বলিতে বলিতে যোগমায়ার কৃপা প্রার্থনা শিক্ষা দিয়াছেন। লালসাময়ী প্রার্থনায় গুরু-বৈষ্ণবের কৃপায় বৃন্দাবনধাম আশ্রয় করিয়া অনুক্ষণ যুগলসেবা-লালসার সন্ধান দিয়াছেন। শ্রীগুরু-বৈষ্ণবের কৃপায় উপাধি-রহিত-রতি ও সিদ্ধদেহের লালসা প্রকট করিয়াছেন। লোকাপেক্ষা-রহিত হইয়া কেবল সজাতীয়াশয়স্নিগ্ধ বৈষ্ণব-সঙ্গে নিরন্তর কৃষ্ণসেবা প্রার্থনা করিতে করিতে বলিতেছেন—

"শ্রীগুরুচরণামৃত-মাধ্বিক-সেবনে।
মত্ত হ'য়ে কৃষ্ণগুণ গা'ব বৃন্দাবনে ॥
কর্ম্মী, জ্ঞানী, কৃষ্ণদ্বেষী বহির্ম্মুখ-জন।
ঘৃণা করি' অকিঞ্চনে করিবে বর্জ্জন ॥
কর্ম্মজড়-স্মার্ত্তগণ করিবে সিদ্ধান্ত।
আচার-রহিত এই নিতান্ত অশান্ত ॥
বাতুল বলিয়া মোরে পণ্ডিতাভিমানী।
ত্যজিবে আমার সঙ্গ মায়াবাদী জ্ঞানী ॥
কুসঙ্গ-রহিত দেখি' বৈষ্ণব-স্বজন।
কৃপা করি' আমারে দিবেন আলিঙ্গন ॥"

ঠাকুর ভক্তিবিনোদ মহাভাগবত-দর্শনে বলিতেছেন—

"কবে আমি আচণ্ডালে করিব প্রণতি।
কৃষ্ণভক্তি মাগি' ল'ব, করিয়া মিনতি ॥"

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

আবার শ্রীল রঘুনাথের "ব্রজবিলাস স্তবে"র ন্যায় ব্রজের বিভিন্ন লীলাস্থলীর সেবা করিবার লৌল্য প্রকাশ করিতেছেন; কখনও বৈষ্ণবে রতি-প্রার্থনা, কখনও বা কনিষ্ঠ, মধ্যম, উত্তম বৈষ্ণব চিনিবার যোগ্যতা-প্রার্থনা ও বৈষ্ণবের কৃপায় 'আমি বৈষ্ণব'—এইরূপ প্রতিষ্ঠাশা হইতে মুক্ত হইয়া বৈষ্ণবের উচ্ছিষ্ট-ভোজী কুক্কুরত্ব-প্রার্থনা, জড়-আশায় জলাঞ্জলি দিয়া বৃন্দাবনাভিন্ন নবদ্বীপে বাস-প্রার্থনা; নবদ্বীপের মধ্যে আবার কীর্ত্তনাখ্য গোদ্রুম-কাননের বৈশিষ্ট্য-উপলব্ধি, গৌর-নিত্যানন্দের কৃপা-বলে গৌর-বনে ব্রজ-বনের শোভা-দর্শন এবং নবদ্বীপের গ্রামে-গ্রামে ধামবাসীর গৃহে মাধুকরী ভিক্ষা করিয়া অনুক্ষণ 'শ্রীগৌর-গদাধর' ও 'শ্রীরাধা-মাধব' নাম বিপ্রলম্ভের সহিত উচ্চারণ করিতে করিতে জীবন যাপন করিবার শিক্ষা প্রদর্শন করিয়াছেন।

কল্যাণকল্পতরুর 'বিজ্ঞপ্তি'র মধ্যে শ্রীগোপীনাথের প্রতি নিবেদন-সমূহ বিপ্রলম্ভের আর্ত্তিরসে অভিষিক্ত। যখন জীব গোপীনাথের পাদপদ্মে এইরূপ আর্ত্তিবিশিষ্ট হয়, তখনই তাহার জন্ম-জন্মান্তরের অপরাধ ও ভোগলিপ্সাজনিত পাষাণতুল্য হৃদয় বিগলিত হইতে পারে। কেবল এই গোপীনাথ-গীতিগুলি শ্রীহরি-গুরু-বৈষ্ণবের আনুগত্যে অকপটে গান করিলেই জীব অনায়াসে জীবন্মুক্তি লাভ করিতে পারে, তাহার আর অন্য কোন প্রকার সাধন-ভজনের প্রয়োজন হয় না।

শ্রীকৃষ্ণের নিকট বিজ্ঞপ্তি তিন প্রকার—(১) সংপ্রার্থনাময়ী, (২) দৈন্যবোধিকা ও (৩) লালসাময়ী—

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

সংপ্রার্থনাময়ী দৈন্যবোধিকা লালসাময়ী।
ইত্যাদির্বিবিধা ধীরৈঃ কৃষ্ণে বিজ্ঞপ্তিরীরিতা॥
(ভঃ রঃ সিঃ পূঃ ২।৬৫)

ঠাকুর ভক্তিবিনোদ 'কল্যাণকল্পতরু'তে এই ত্রিবিধ বিজ্ঞপ্তিই প্রকাশ করিয়াছেন। লালসাময়ী প্রার্থনার দশম ও একাদশ সঙ্গীতে গদাই-গৌরাঙ্গ ও রাধা-মাধবের ঐক্য-দর্শন ও গোদ্রুম-বনে তাঁহার স্বভজনের কথা বর্ণিত হইয়াছে। "কবে আহা গৌরাঙ্গ বলিয়া"—'কল্যাণকল্পতরু'র এই লালসাময়ী প্রার্থনার দ্বাদশ সঙ্গীতটী 'শরণাগতি'র সিদ্ধি-লালসা—"কবে গৌর-বনে সুরধুনী তটে" সঙ্গীতটীর তুল্য ভাব-ব্যঞ্জক। 'বিজ্ঞপ্তি' বৈধী ভক্তিতে চৌষট্টি ভক্ত্যঙ্গের অন্যতম; আবার অধিকার-ভেদে তাহা বিপ্রলম্ভরসাত্মিক হইয়া মুক্তকুলেরও ভজনাঙ্গ-বিশেষ।

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ বিজ্ঞপ্তিতে যে 'গোপীনাথ' বলিয়া পুনঃ পুনঃ সম্বোধন করিয়াছেন, তাহা শ্রীল রঘুনাথের মনঃশিক্ষার—

মদীশানাথত্বে ব্রজবিপিনচন্দ্রং ব্রজবনে-
শ্বরীং মন্নাথত্বে তদতুল-সখীত্বে তু ললিতাম্।
বিশাখাং শিক্ষালীবিতরণ-গুরুত্বে প্রিয়সরো-
গিরীন্দ্রৌ তৎপ্রেক্ষা-ললিতরতিদত্বে স্মর মনঃ॥
(মনঃশিক্ষা—৯)

এই শ্লোকের 'মদীশানাথত্ব'-বিচারমূলেই "আমার প্রভুর প্রভু"—এই ভাগবত-বচন দৃষ্ট হয়। আমার (ভক্তিবিনোদের)

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

প্রভুর (গোপীর) প্রভু (নাথ)—গোপীনাথ। দৈন্যার্ত্তিময় (বিপ্রলম্ভের) সেবকের "আমার প্রভুর প্রভু" বিচারেই 'ভরসা'। এইজন্যই ঠাকুর ভক্তিবিনোদ 'গোপীনাথ' নাম উচ্চারণ করিয়া তাঁহার শ্রীচরণে বিজ্ঞপ্তি জানাইয়াছেন।

'উচ্ছ্বাস'-কীর্ত্তনের মধ্যে প্রথম নাম-কীর্ত্তন, তৎপরে রূপ-কীর্ত্তন, তৎপরে গুণ-কীর্ত্তন, তৎপরে লীলা-কীর্ত্তন, রস-কীর্ত্তন—এই ক্রম রক্ষিত হইয়াছে। নাম-কীর্ত্তনে অধিকার লাভের পূর্ব্বেই যাঁহারা রূপ-কীর্ত্তন বা লীলা-কীর্ত্তন করেন, তাঁহারা রূপানুগ-বিরুদ্ধ প্রাকৃত-সহজিয়া-বিচারে ধাবিত হন এবং কীর্ত্তনের ফল লাভ করিতে পারেন না। নাম-কীর্ত্তনের মধ্যে আবার পূর্ব্বে গৌর-কীর্ত্তন, পরে কৃষ্ণ-কীর্ত্তন মহাজনের অনুমোদিত—এই ক্রম কল্যাণ-কল্পতরুতে সুষ্ঠুভাবে রক্ষিত হইয়াছে। রূপ-কীর্ত্তনেও ঠাকুর ভক্তিবিনোদ নামকেই রূপময় বলিয়াছেন অর্থাৎ নামের দ্বারাই রূপ বর্ণন করিয়াছেন এবং সম্বন্ধ-জ্ঞানের সহিত রূপ-বর্ণনের আদর্শ প্রদর্শন করিয়াছেন। রূপ-কীর্ত্তনের এই পদটিই তাহার প্রমাণ—

"ইন্দ্রনীল জিনি, কৃষ্ণরূপ খানি,
হেরিয়া কদম্ব-মূলে।
মন উচাটন, না চলে চরণ,
সংসার গেলাম ভুলে॥"

অধিকারি-জনের জন্য ঠাকুর ভক্তিবিনোদ রূপ-কীর্ত্তনের মধ্যে সম্বন্ধাভিধেয়-প্রয়োজন-তত্ত্বকে উদ্‌ঘাটিত করাইয়াছেন; লীলা-

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

কীর্ত্তনের মধ্যেও কৃষ্ণতত্ত্বের স্ফূর্ত্তি করাইয়াছেন ; কৃষ্ণলীলার তত্ত্ব বিচার করিয়াছেন ; যেমন—

"কর্ম্মবদ্ধ জ্ঞানবদ্ধ, আবেশে মানব অন্ধ,
তারে কৃষ্ণ করুণা-সাগর।
পাদপদ্ম-মধু দিয়া, অন্ধভাব ঘুচাইয়া,
চরণে করেন অনুচর॥
বিধিমার্গরত জনে, স্বাধীনতা-রত্ন দানে,
রাগমার্গে করান প্রবেশ।
রাগ-বশবর্ত্তী হ'য়ে, পারকীয়-ভাবাশ্রয়ে,
লভে জীব কৃষ্ণপ্রেমাবেশ॥"

ক্রমে রস-কীর্ত্তনে ঠাকুর ভক্তিবিনোদের স্বারসিক-পরিচয় সুমেধোগণের নিকট প্রকাশিত হইয়াছে। তাহাতে যামুন-তটগতি ও বিপ্রলম্ভমূলে সেবার জন্য অভিসার বা কৃষ্ণানুসন্ধানের আদর্শ পরিস্ফুট হইয়াছে। এই পর্য্যন্তই সাধক-জীবের শ্রবণের অধিকার। রাগাত্মক গুরুপাদপদ্মের আনুগত্যে রাগানুগ-জীব শ্রোতৃবৃন্দের নিকট ঐ পর্য্যন্ত কীর্ত্তন করিতে পারেন। তাহার পরের অধিকার-বৈশিষ্ট্যের কথা ভাষাদ্বারা অনধিকারী তত্ত্ববিচারা-নভিজ্ঞ সর্ব্বসাধারণের নিকট প্রকাশ করা যায় না। এইজন্য ঠাকুর শ্রীল ভক্তিবিনোদ কল্যাণকল্পতরুর রস-কীর্ত্তনের উপসংহারে বলিতেছেন—

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"কেন মোর দুর্ব্বলা লেখনী নাহি সরে।
অভিসার আরম্ভিয়া সকম্প অন্তরে॥
মিলন, সম্ভোগ, বিপ্রলম্ভাদি বর্ণন।
প্রকাশ করিতে নাহি সরে মম মন॥
দুর্ভাগা না বুঝে রাস-লীলা-তত্ত্বসার।
শূকর যেমন নাহি চিনে মুক্তাহার॥
অধিকারহীন-জন-মঙ্গল চিন্তিয়া।
কীর্ত্তন করিনু শেষ, কাল বিচারিয়া॥"

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

গীতমালা

“যামুনভাবাবলী”

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদের ‘গীতমালা’-গ্রন্থ শুদ্ধ বৈষ্ণব ও রূপানুগ গৌড়ীয়গণের ভজনের রত্নখনি। ইহার প্রথম সাতাশটী সঙ্গীত ‘যামুনভাবাবলী’ বা শান্ত-দাস্য-ভক্তিসাধন-লালসাময়ী গীতিরূপে নির্দ্দিষ্ট হইয়াছে। তৎপরে ‘কার্পণ্য পঞ্জিকা’ বা ‘বিজ্ঞপ্তি-নিবেদন’ নামক গীতি, ইহার পর ‘শোক-শাতন’, তৎপরে ‘শ্রীরূপানুগ-ভজন-দর্পণ’ এবং সর্ব্বশেষে ‘সিদ্ধিলালসা’র অন্তর্গত দশটী গীতি সন্নিবিষ্ট হইয়াছে। যামুনভাবাবলীর সঙ্গীত-সমূহ শ্রীবৈষ্ণব-সম্প্রদায়ের প্রাচীন আচার্য্য শ্রীযামুনাচার্য্যের স্তোত্ররত্নের ভাবানুসরণে রচিত। এই সকল শান্ত ও দাস্য-ভাবের সঙ্গীত। শ্রীমন্মহাপ্রভুর প্রকাশিত মধুর ভাবে শান্ত, দাস্য, সখ্য ও বাৎসল্য-ভাব অনুস্যূত আছে। শান্ত ও দাস্যরস মধুর রসের প্রতিদ্বন্দ্বী নহে।

নিত্যলীলাপ্রবিষ্ট ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ শুদ্ধভক্তির কথাজগতে প্রচার করিতে গিয়া সর্ব্বপ্রথমে শ্রী-বৈষ্ণব-সম্প্রদায়ের মহাত্মগণের চরিত্র ও শিক্ষা আলোচনা করিয়াছেন। ‘শ্রীল প্রভুপাদের প্রবন্ধাবলী’র প্রথম খণ্ডে আমরা শ্রী-সম্প্রদায়ের কতিপয় পূর্ব্বাচার্য্যের চরিত্র অনুশীলন করিবার সুযোগ পাইয়াছি। ‘শ্রীযামুনচার্য্য’ নামক প্রবন্ধে শ্রীল প্রভুপাদ লিখিয়াছেন—

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"শ্রীশঠকোপ যে বৈষ্ণবধর্ম্ম তদীয় শিষ্য মধুর কবিকে দিয়াছিলেন, তাহাই শ্রীপরাঙ্কুশের নিকট হইতে শ্রীমন্নাথমুনি প্রাপ্ত হন। শ্রীনাথের প্রিয় শিষ্য পুণ্ডরীক শ্রীনাথ-কথিত শঠকোপ-মত তদীয় শিষ্য রামমিশ্রের নিকট রাখিয়া স্বধাম প্রাপ্ত হন। রামমিশ্র যামুনাচার্য্যকে শিষ্যত্বে গ্রহণ করেন। যামুনাচার্য্যের নিকট হইতে গোষ্ঠীপূর্ণ বৈষ্ণব-সিদ্ধান্ত সংগ্রহ করেন। গোষ্ঠীপূর্ণের শিষ্য—রামানুজ।"

—(শ্রীল প্রভুপাদের প্রবন্ধাবলী প্রথম খণ্ড ৩৩ পৃষ্ঠা)

শ্রীযামুনাচার্য্যের অপর নাম—আলবন্দারু ঋষি। তাঁহার রচিত স্তোত্ররত্ন হইতে শ্রীসনাতন, শ্রীরূপ, শ্রীশ্রীজীব, শ্রীল কৃষ্ণদাস কবিরাজ গোস্বামি-প্রভু প্রভৃতি গৌড়ীয় মহাজনগণ বাক্য উদ্ধার করিয়াছেন। শ্রীরূপানুগবর শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ সেই স্তোত্ররত্নের বিভিন্ন স্তোত্রের ভাব লইয়া তাঁহার গীতমালার "যামুনভাবাবলী" জগতে প্রকট করিয়াছেন। শ্রীযামুনাচার্য্যের স্তোত্ররত্নের ভাবানুসরণে গীতমালার লালসা-গীতি-সমূহ কিরূপ-ভাবে গ্রথিত হইয়াছে, নিম্নে আমরা উহার কএকটী নিদর্শন দিতেছি। শ্রীযামুনাচার্য্য লিখিয়াছেন—

"বশী বদান্যো গুণবানৃজুঃ শুচি-
র্মৃদুর্দয়ালুর্মধুরঃ স্থিরঃ সমঃ।
কৃতী কৃতজ্ঞস্তমসি স্বভাবতঃ
সমস্তকল্যাণগুণামৃতোদধিঃ॥

—(স্তোত্ররত্ন—২০)

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ইহার ভাবানুসরণে ঠাকুর ভক্তিবিনোদ যামুনভাবাবলীর পঞ্চম সঙ্গীতে গাহিয়াছেন—

"হরি হে!
তুমি সর্ব্বগুণযুত, শক্তি তব বশীভূত,
বদান্য, সরল, শুচি, ধীর।
দয়ালু, মধুর, সম, কৃতী, স্থির, সর্ব্বোত্তম,
কৃতজ্ঞ-লক্ষণে পুনঃ বীর॥
সমস্ত কল্যাণ-গুণ- গণামৃত-সম্ভাবন,
সমুদ্রস্বরূপ ভগবান্।
বিন্দু বিন্দু গুণ তব, সর্ব্বজীব-সুবৈভব,
তুমি পূর্ণ সর্ব্বশক্তিমান্॥
এ ভক্তিবিনোদ ছার, কৃতাঞ্জলি বার বার,
করে চিত্তকথা বিজ্ঞাপন।
তব দাসগণ-সঙ্গে, তব লীলাকথা-রঙ্গে,
যায় যেন আমার জীবন॥"
(গীতমালা, যামুনভাবাবলী—৫)

শ্রীযামুনাচার্য্য লিখিয়াছেন—

ন নিন্দিতং কর্ম্ম তদস্তি লোকে
সহস্রশো যন্ন ময়া ব্যধায়ি।
সোঽহং বিপাকাবসরে মুকুন্দ
ক্রন্দামি সম্প্রত্যগতিস্তবাগ্রে॥
(স্তোত্ররত্ন—২৫)

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ইহার ভাবানুসরণে ঠাকুর ভক্তিবিনোদ গাহিয়াছেন—

"হেন দুষ্ট কর্ম্ম নাই, যাহা আমি করি নাই,
সহস্র সহস্রবার হরি!
সেই সব কর্ম্মফল, পেয়ে অবসর বল,
আমায় পিশিছে যন্ত্রোপরি॥
গতি নাহি দেখি আর, কাঁদি হরি অনিবার,
তোমার অগ্রেতে এবে আমি।
যা তোমার হয় মনে, দণ্ড দেও অকিঞ্চনে,
তুমি মোর দণ্ডধর স্বামী॥
ক্লেশভোগ ভাগ্যে যত, ভোগ মোর হউ তত,
কিন্তু এক মম নিবেদন।
যে যে দশা ভোগি আমি, আমাকে না ছাড় স্বামি!
ভক্তিবিনোদের প্রাণধন॥"

(গীতমালা, যামুনভাবাবলী—৯)

স্তোত্ররত্নের প্রসিদ্ধ সুমধুর একটী শ্লোক এই—

তব দাস্যসুখৈকসঙ্গিনাং
ভবনেষ্বস্ত্বপি কীটজন্ম মে।
ইতরাবসথেষু মাস্ম ভূ-
দপি মে জন্ম চতুর্ম্মুখাত্মনা॥

(স্তোত্ররত্ন—৫৭)

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ইহার ভাবানুসরণে গীতমালার যামুনভাবাবলীর ২২শ সংখ্যক গীতিতে ঠাকুর ভক্তিবিনোদ গাহিয়াছেন—

"তবে এক কথা মম, শুন হে পুরুষোত্তম,
তবদাস-সঙ্গি-জন-ঘরে।
কীটজন্ম যদি হয়, তাহাতেও দয়াময়,
রহিব হে সন্তুষ্ট অন্তরে॥
তব দাস-সঙ্গহীন যে গৃহস্থ অর্ব্বাচীন,
তা'র গৃহে চতুর্ম্মুখ ভূতি।
না হউ, কখন হরি! করদ্বয় যোড় করি',
করে ভক্তিবিনোদ মিনতি॥"

শরণাগতিতেও ঠিক এইরূপ ভাবের অনুসরণে কএকটী পদ দেখিতে পাওয়া যায়—

"কীট জন্ম হউ যথা তুয়া দাস।
বহির্ম্মুখ-ব্রহ্ম-জন্মে নাহি আশ॥"
(শরণাগতি—১১)

স্তোত্ররত্নের নিম্নলিখিত পদটী অনুসরণে ঠাকুর ভক্তিবিনোদের যামুনভাবাবলীর ২৬শ সংখ্যক গীতি ও শরণাগতির "জনক-জননী-দয়িত-তনয়। প্রভু-গুরু-পতি তুঁহু সর্ব্বময়"—এই সঙ্গীতটী রচিত হইয়াছে।

পিতা ত্বং মাতা ত্বং দয়িত-তনয়স্ত্বং প্রিয়সুহৃৎ
ত্বমেব ত্বং মিত্রং গুরুরপি গতিশ্চাসি জগতাম্।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

তদীয়স্তদ্ভৃত্যস্তব পরিজনস্তদ্গতিরহং
প্রপন্নশ্চৈবং সত্যহমপি তবৈবাস্মি হি ভবঃ ॥

(স্তোত্ররত্ন ৬২)

তুমি জগতের পিতা, তুমি জগতের মাতা,
দয়িত, তনয় হরি তুমি।
তুমি সুহৃন্মিত্র গুরু, তুমি গতি কল্পতরু,
তদীয় সম্বন্ধ মাত্র আমি ॥
তব ভৃত্য পরিজন- গতি-প্রার্থী অকিঞ্চন;
প্রপন্ন তোমার শ্রীচরণে।
তব সত্ত্ব তব ধন, তোমার পালিত জন,
আমার মমতা তব জনে ॥
এ ভক্তিবিনোদ কয়, অহংতা মমতা নয়,
শ্রীকৃষ্ণ-সম্বন্ধ-অভিমানে।
সেবার সম্বন্ধ ধরি, অহংতা মমতা করি,
তদিতর প্রাকৃত বিধানে ॥

(গীতমালা, যামুনভাবাবলী—২৬)

"কার্পণ্য-পঞ্জিকা"

গীতমালায় 'কার্পণ্য-পঞ্জিকা' বা 'বিজ্ঞপ্তি-নিবেদন' শ্রীরূপের কার্পণ্য-পঞ্জিকার অনুসরণে লিখিত। কার্পণ্য-পঞ্জিকার গীতি-সমূহে শ্রীল ভক্তিবিনোদ তাঁহার ঐকান্তিক-রূপানুগত্য প্রকাশ করিয়াছেন। 'কার্পণ্য'-শব্দের অর্থ—'দৈন্য,' 'পঞ্জিকা'—প্রস্তাবনা।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

কার্পণ্য-পঞ্জিকায় ঠাকুর ভক্তিবিনোদ নিজেশ্বরী শ্রীবৃষভানু-নন্দিনী ও ঈশানাথ শ্রীকৃষ্ণকে অতি দৈন্যভরে ব্রজের কুঞ্জে বাস করিয়া বিজ্ঞপ্তি-নিবেদন করিতেছেন। এই নিবেদনে ঈশা ও ঈশানাথের নাম, রূপ, গুণ, পরিকর ও লীলা-বৈশিষ্ট্য কীর্ত্তিত হইয়াছে। ঠাকুর দৈন্যভরে শ্রীরাধাগোবিন্দের নিকট এইরূপভাবে নিজ-অযোগ্যতা জ্ঞাপন করিয়াছেন—

"তোমাদের কৃপা পাই, এরূপ যোগ্যতা নাই,
যদিও আমার ব্রজবনে।
দুঁহে মহাকৃপাময়, জানি' কৈনু পদাশ্রয়,
কৃপা কর, এ অধম জনে॥
কেবল অযোগ্য নহি, অপরাধী আমি হই,
তথাপি করহ কৃপা দান।
লোকে কৃপাবিষ্ট জন, ক্ষমে অপরাধগণ,
তুমি দুঁহে মহা কৃপাবান্॥
কৃপাহেতু ভক্তিসার, লেশাভাস নাহি তা'র,
কৃপা-অধিকারী নহি আমি।
দুঁহে মহালীলেশ্বর, হও এ সেই লীলাপর,
কৃপা কর ব্রজ-জন-স্বামি॥
(গীতমালা—কার্পণ্য-পঞ্জিকা)

এই কার্পণ্য-পঞ্জিকায় ঠাকুর ভক্তিবিনোদ আমাদের ন্যায় জীবের স্বভাব অতি সজীব ভাষায় বর্ণন করিয়া শ্রীরাধাগোবিন্দের

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

শ্রীচরণে কিরূপভাবে নিজ-অযোগ্যতা নিষ্কপটে জ্ঞাপন করিতে হয়, তাহা শিক্ষা দিয়াছেন। হৃদয়ে স্বাভাবিক-ভাবে এইরূপ কার্পণ্য বা দৈন্য উপস্থিত না হইলে জিহ্বায় কখনও শ্রীরাধা-গোবিন্দের অপ্রাকৃত শব্দাবতার শ্রীনামের উদয় হয় না। ঠাকুর ভক্তিবিনোদ গাহিয়াছেন—

"অধমে উত্তম মানি,' মূঢ়, বিজ্ঞ, অভিমানী,
দুষ্ট হঞা শিষ্ট-অভিমান।
এই দোষে দোষী হঞা, গেল চিরদিন বঞা,
না করিনু ভজন-বিধান॥"

ঠাকুর ভক্তিবিনোদ কার্পণ্য-পঞ্জিকার মধ্যে যে-সকল আর্তি-গীতি গাহিয়াছেন, তাহা একটুকু সেবোন্মুখ-চিত্তে শ্রবণ করিলে অতি পাষাণ-হৃদয়ও বিগলিত হয়। ঠাকুরের অমৃত-প্রবাহ-ভাষ্যের (চৈঃ চঃ ম ৪।১৯৭) উক্তি—"মথুরা রাজ্যপ্রাপ্ত শ্রীকৃষ্ণের বিচ্ছেদে শ্রীমতী রাধিকার মহাপ্রেমের যে উচ্ছ্বাস হইয়াছিল, সেই ভাবের অনুগত হইয়া যে কৃষ্ণ-ভজন করা যায়, তাহাই সর্ব্বোত্তম। এই রসের ভক্ত আপনাকে অত্যন্ত দীন-জ্ঞানে দীন-দয়ার্দ্র-নাথকে এই ভাবে ডাকিবেন। জীবের পক্ষে কৃষ্ণের বিচ্ছেদগত-ভাবই স্বাভাবিক ভজন।"

কার্পণ্য-পঞ্জিকায় ঠাকুর ভক্তিবিনোদের সেই চিত্তবৃত্তি পরিপূর্ণভাবে প্রকাশিত হইয়াছে—

"প্রাচীনাশা, ফলপূর্ত্তি, তুঁহু পদাম্বুজ-স্ফূর্ত্তি,
সেই দুঁহুজন-দরশন।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

এ জন্মে কি হ'বে মন, এ উৎকণ্ঠা সুবিষম,
বিচলিত করে মম মন॥
(গীতমালা—কার্পণ্য-পঞ্জিকা)

"শোকশাতন"

গৃহস্থগণের শোকের কারণ উপস্থিত হইলেও তাঁহারা কিরূপ অবিক্লব-মতি হইয়া গুরু-গৌরাঙ্গের মনোঽভীষ্ট পরিপূরণ করিবেন বা মহাপ্রভুর সঙ্কীর্ত্তন-রাসের সেবা করিবেন, গীতমালার 'শোক-শাতনে' তাহার আদর্শ শিক্ষা দেখিতে পাওয়া যায়। গৃহস্থগণকে অশোক-কৃষ্ণপাদপদ্মে মতিমান করিবার জন্য শোকশাতনে সম্বন্ধ-জ্ঞানের প্রাণস্পর্শী উপদেশ-সমূহ কীর্ত্তিত হইয়াছে। সম্বন্ধ-জ্ঞানের উদয় হইলে শোকাদি-ধর্ম্ম অনায়াসে বিদূরিত হয়।

বৈষ্ণব-গৃহস্থ কৃষ্ণের সংসার করেন, তিনি মায়ার সংসার করেন না। 'কৃষ্ণের সংসার' অর্থই—নাম-সঙ্কীর্ত্তনের সংসার। সেই সংসারের প্রভু—শ্রীকৃষ্ণ-নাম। শুদ্ধবৈষ্ণব কখনও নিজেকে 'প্রভু' অভিমান করেন না। কৃষ্ণনামকে সংসারের প্রভু বলিয়া উপলব্ধি হইলে শোক-মোহাদি-ধর্ম্ম আক্রমণ করিতে পারে না, তখন সবই কৃষ্ণের সেবার অনুকূল ব্যাপাররূপে পরিদৃষ্ট হয়। ঠাকুর ভক্তিবিনোদ শ্রীচৈতন্যভাগবতের (চৈঃ ভাঃ মঃ ২৫শ পঃ) শ্রীবাস-পুত্রের পরলোক-প্রাপ্তির প্রসঙ্গই আত্ম-মঙ্গলের উপদেশাবলীতে গ্রথিত করিয়া গীতমালায় "শোকশাতন" আখ্যায় প্রকাশ করিয়াছেন। 'শাতন' শব্দের অর্থ—বিনাশন। এই 'শোক-

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

শাতন'কে করুণ-গম্ভীর ভক্তিসিদ্ধান্তগর্ভ—"পালাগান" বলা যাইতে পারে। শ্রীবাসাদি ভ্রাতৃ-চতুষ্টয় ভক্তিবিনোদের গীতিতে মহাপ্রভুর নিকট শরণাগত আদর্শ-বৈষ্ণব-গৃহস্থের অন্তরের প্রার্থনা জানাইয়াছেন—

"ওহে প্রাণেশ্বর, এ হেন বিপদ,
প্রতিদিন যেন হয়।
যাহাতে তোমার, চরণ-যুগলে,
আসক্তি বাড়িতে রয়॥
বিপদ-সম্পদে, সেই দিন ভাল,
যে-দিন তোমারে স্মরি।
তোমার স্মরণ- রহিত যে-দিন,
সে-দিন বিপদ হরি॥"

শোকশাতনের উপসংহারে গুরুবর্গের আশীর্ব্বাদরূপ ভক্তিসূচক উপাধিকে যাহারা অপব্যবহার করিয়া থাকে অর্থাৎ গুরুবর্গের প্রদত্ত আশীর্ব্বাদে হৃদয়ের অকপট দৈন্য, আর্ত্তি ও বিপ্রলম্ভময় চিত্তবৃত্তি উত্তরোত্তর বর্দ্ধিত হইবার পরিবর্ত্তে যাহাদের হৃদয়ে 'বড় আমি', 'বৈষ্ণব আমি' অভিমান উপস্থিত হয় এবং যাহারা উত্তরোত্তর হৃদয়ে প্রতিষ্ঠা-লোলুপ, দাম্ভিক হইয়া পড়ে, তাহাদের মন্দভাগ্যকে ঠাকুর শ্রীল ভক্তিবিনোদ সর্ব্বতোভাবে গর্হণ ও তাহা হইতে উদ্ধারের উপায় প্রদর্শন করিয়াছেন—

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"শ্রীগুরু-বৈষ্ণব মোরে দিলেন উপাধি।
ভক্তিহীনে উপাধি এবে হইল ব্যাধি॥
যতন করিয়া সেই ব্যাধি-নিবারণে
শরণ লইনু আমি বৈষ্ণব-চরণে॥
বৈষ্ণবের পদরজ মস্তকে ধরিয়া।
এই শোকশাতন গায় ভক্তিবিনোদিয়া॥"

"শ্রীশ্রীরূপানুগ-ভজন-দর্পণ"

গীতমালার রূপানুগ-ভজন-দর্পণের গীতি-সমূহে শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ শ্রীরূপের ভক্তিরসামৃতসিন্ধু ও উজ্জ্বলনীলমণির রস-বিচার-বিশ্লেষণ অধিকারী জনগণের জন্য প্রকট করিয়াছেন; সঙ্গীতের মধ্যে এরূপ অপ্রাকৃত অলঙ্কার ও রস-বিষয়ক বিচারের নিদর্শন দুর্লভ। ভজন-দর্পণের প্রারম্ভেই রূপানুগবর শ্রীল রঘুনাথের অনুসরণে ঠাকুর ভক্তিবিনোদ শ্রীগুরু-গৌরাঙ্গ, বৃন্দাবনের যুবদ্বন্দ্ব ও ব্রজবাসিজনের শ্রীচরণ-বন্দনা, শ্রীরূপের ঐকান্তিক আনুগত্য ও ব্রজবাসীর সেবাদর্শের প্রতি লোভের আরতি করিয়াছেন। ঠাকুর ভক্তিবিনোদ জানাইয়াছেন যে, রূপানুগ-ভজনে প্রবেশ করিতে হইলে কর্ম্ম-জ্ঞান-যোগ-চেষ্টায় সম্পূর্ণ অনাস্থা এবং সর্ব্ব-প্রকার অন্যাভিলাষ পরিত্যাগ একান্ত প্রয়োজন। এতৎপ্রসঙ্গে ঠাকুর গাহিয়াছেন—

জ্ঞান, কর্ম্ম, দেব, দেবী, বহু যতনেতে সেবি,
প্রাপ্তফলে হৈলে তুচ্ছ জ্ঞান।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

সাধুজন-সঙ্গাবেশে, কৃষ্ণকথার শেষে,
বিশ্বাস ত' হয় বলবান্॥
সেই ত' বিশ্বাসে ভাই, শ্রদ্ধা বলি' সদা গাই,
ভক্তিলতাবীজ বলি তারে।
কর্ম্মি-জ্ঞানী জনে যারে, শ্রদ্ধা বলে বারে বারে,
সেই বৃত্তি শ্রদ্ধা হইতে নারে॥
নামের বিবাদ মাত্র, শুনিয়া ত' জ্বলে গাত্র,
লৌহে যদি বলহ কাঞ্চন।
তবু লৌহ লৌহ রয়, কাঞ্চন ত' কভু নয়,
মণি-স্পর্শে নহে যতক্ষণ॥"

শ্রদ্ধা দ্বিবিধ—বিধিমূলা শ্রদ্ধা ও রুচিমূলা শ্রদ্ধা। শ্রদ্ধা-ভেদে সাধন-ভক্তিও দ্বিবিধ—(১) বৈধী-সাধন-ভক্তি ও (২) রাগানুগা সাধন-ভক্তি। রাগানুগ-পথে যাঁহার স্বাভাবিক রুচি উপস্থিত হয়, তিনি রূপানুগ হইতে পারেন। রূপানুগ হইতে হইলে প্রাকৃত ও অপ্রাকৃত রসতত্ত্ব-জ্ঞানের অত্যাবশ্যকতা আছে। ভক্তিসিদ্ধান্ত ও রসতত্ত্বে অলস-ব্যক্তি কখনও রূপানুগ হইতে পারেন না, ইহা ঠাকুর ভক্তিবিনোদ বিশেষভাবে জানাইয়াছেন—

"রূপানুগ তত্ত্বসার, বুঝিতে আকাঙ্ক্ষা যাঁ'র,
রসজ্ঞান তাঁ'র প্রয়োজন।
চিন্ময় আনন্দরস, সর্ব্বতত্ত্ব যাঁ'র বশ,
অখণ্ড পরম তত্ত্ব-ধন॥"

(গীতমালা—রূপানুগ-ভজন-দর্পণ—৬)

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

এই অখণ্ড চিন্ময় আনন্দ-রসের একটু ভান নির্ভেদ-জ্ঞানিগণকে ব্রহ্মলয়ের জন্য উন্মত্ত করিয়াছে। ঐ অখণ্ড রসের একটু ছায়া কত কত ব্যক্তিকে ঈশ্বর-সাযুজ্যকামী যোগী ও ধর্ম্মার্থ-কামকামী কর্ম্মী করিয়াছে। স্থায়ীভাব-রতির সহিত বিভাব, অনুভাব, সাত্ত্বিক ও ব্যভিচারী—এই সামগ্রী-চতুষ্টয়ের মিলনে রসের প্রকট হয়। প্রপঞ্চে বা জড়কাব্যে যে রস দেখিতে পাওয়া যায়, তাহা পরম রসেরই অসন্মূর্ত্তি; অতএব অনিত্য ও আদর্শের ছায়া—মরীচিকা বা আলেয়ার মত ছলনাময়।

ভজন-দর্পণের সপ্তম গীতিতে রসের মূল স্থায়ীভাব-রতির প্রকার বর্ণিত হইয়াছে। স্থায়ীভাব-রতিই রস-উদ্দীপন-কার্য্যে মুখ্য আধার। ভক্তভেদে রতি পঞ্চ প্রকার; যথা—শান্ত, দাস্য, সখ্য, বাৎসল্য ও মধুর রতি। রতিভেদে কৃষ্ণভক্তিরস পঞ্চ মুখ্যরস ও সপ্ত গৌণরসে বিভক্ত। শান্ত, দাস্য, সখ্য, বাৎসল্য, মধুর—এই পাঁচটী মুখ্য ভক্তিরস; আর হাস্য, অদ্ভুত, বীর, করুণ, রৌদ্র, ভয়ানক ও বীভৎস—এই সাতটী গৌণরস। তটস্থভাবে বিচার করিলে মধুর রসই সর্ব্বশ্রেষ্ঠ। সাধনভক্তি হইতে রতির উদয় হয়। শ্রদ্ধা-বৃত্তি ক্রমশঃ উচ্চভাব ধারণ করিয়া নিষ্ঠা, রুচি, আসক্তি, ভাব বা রতি—এই সকল নামে পরিচিত হয়। শ্রবণ-কীর্ত্তনাদির অনুশীলনে সেই রতি যত গাঢ় হইতে থাকে, ততই প্রেমাদি নাম ধারণ করে। প্রেম ক্রমশঃ স্নেহ, মান, প্রণয়, রাগ, অনুরাগ, ভাব ও মহাভাব পর্য্যন্ত উন্নত হয়।

স্থায়ীভাবই রসের মূল, বিভাব—রসের হেতু, অনুভাব—রসের

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain. Digitizagtion by eGangotri

কার্য্য, সাত্ত্বিক ভাবও রসের কার্য্য-বিশেষ এবং সঞ্চারী বা ব্যভিচারী ভাব—সকলই রসের সহায়। বিভাব দুই প্রকারে বিভক্ত—আলম্বন ও উদ্দীপন। আলম্বন পুনরায় দুই প্রকারে বিভক্ত—বিষয় ও আশ্রয়। কৃষ্ণভক্তিরসে ভক্তই আশ্রয়, কৃষ্ণই বিষয় এবং কৃষ্ণের গুণগণই উদ্দীপন। ঠাকুর ভক্তিবিনোদ শ্রীচৈতন্যচরিতামৃতের অমৃতপ্রবাহ-ভাষ্যে ইহা বিস্তৃতভাবে বর্ণন করিয়াছেন এবং গীতমালায় তাহা পদ্যাকারে বর্ণন করিতেছেন—

"ভক্ত-চিত্ত-সিংহাসন, তা'তে উপবিষ্ট হন,
স্থায়ীভাব সর্ব্বভাব-রাজ।
হ্লাদিনী যে পরা শক্তি, তাঁ'র সার শুদ্ধভক্তি,
ভাবরূপে তাঁহার বিরাজ॥"

আলম্বনরূপ বিভাবের মধ্যে বিষয়-নন্দনন্দনের রূপ, গুণ প্রভৃতি ভজন-দর্পণে বর্ণিত হইয়াছে। আলম্বন-বিভাবের আশ্রয়, কৃষ্ণ-বল্লভাগণের স্বরূপ ও সেবা, নায়িকাগণের অষ্ট অবস্থা, প্রধানা নায়িকা শ্রীমতী রাধিকার সর্ব্বশ্রেষ্ঠত্ব, রাধিকার সখীগণের নাম ও সেবা, সখীগণের পরস্পর ভাব প্রভৃতি বর্ণন করিয়া ত্রয়োদশ প্রকার অনুভাব, অষ্ট প্রকার সাত্ত্বিক ভাব ও তেত্রিশ প্রকার ব্যভিচারী বা সঞ্চারী ভাব, ভাবাবস্থা প্রাপ্ত স্থায়ী ভাবের উত্তরদশা, সম্ভোগ ও বিপ্রলম্ভভেদে উজ্জ্বল রসের বিভাগ, সম্ভোগের প্রকার, উজ্জ্বল-রসাশ্রিত-লীলা প্রভৃতি বর্ণন করিয়া ঠাকুর ভজন-দর্পণের উপসংহারে ব্রজলীলার সর্ব্বশ্রেষ্ঠতা প্রদর্শন করিয়াছেন। সান্তর ও নিরন্তর-ভেদে নিত্যলীলার দ্বিবিধ বৈচিত্র্য সর্ব্বশেষে কীর্ত্তন করিয়াছেন।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

সিদ্ধিলালসা

গীতমালার সিদ্ধিলালসায় দশটী সঙ্গীত দৃষ্ট হয়। প্রথম সঙ্গীতে গৌর-জন শ্রীল ভক্তিবিনোদ গৌরবন ও ব্রজবনের অভিন্নতা-দর্শন-লালসা শিক্ষা দিয়াছেন—

(কবে) "গৌর-ব্রজবনে, ভেদ না দেখিব,
হইব বরজবাসী।
(তখন) ধামের স্বরূপ, স্ফুরিবে নয়নে,
হইব রাধার দাসী॥"

গৌরবনে রাধাবন দর্শন না হইলে রাধা-দাস্য লাভ হয় না। চিত্তে গৌরবনের সেই স্বরূপ-স্ফূর্ত্তিই সিদ্ধির পরিচয়। যাহার ব্রজ-দর্শন হয়, তাহার আর মাংস-দর্শন থাকে না—

"দেখিতে দেখিতে ভুলিব বা কবে,
নিজ-স্থূল-পরিচয়।
নয়নে হেরিব, ব্রজপুর-শোভা,
নিত্য-চিদানন্দময়॥"
(সিদ্ধিলালসা—২)

দুর্ব্বপরাধী, এঁচড়ে পাকাদলের কোন কোন ব্যক্তি বলেন যে, ঠাকুর ভক্তিবিনোদ গীতমালার উপসংহারে অষ্টম গীতিতে যখন নিজ-সিদ্ধস্বরূপের কথা লিপিবদ্ধ করিয়াছেন, তখন উহার অনুকরণ করিয়া যে-কেহ সিদ্ধ-প্রণালীর কথা হাটে-বাজারে প্রচার করিলে

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

তাহা 'অপরাধ' বলিয়া গণ্য হইবে না। বস্তুতঃ গুর্ব্বপরাধিগণের জানা প্রয়োজন যে, ঠাকুর ভক্তিবিনোদ উক্ত গীতিতে গুরুরূপা সখীর চরণে নিজ-স্বারসিকী স্থিতি প্রার্থনা করিয়াছেন, যথা—

"সখীর চরণে কবে করিব আকুতি।
সখী কৃপা করি' দিবে স্বারসিকী স্থিতি॥

*　　*　　*

কবে বা এ দাসী, সংসিদ্ধি লভিবে,
রাধাকুণ্ডে বাস করি'।
রাধাকৃষ্ণসেবা সতত করিবে,
পূর্ব্ব স্মৃতি পরিহরি॥"

পূর্ব্ব-স্মৃতি বা পূর্ব্ব-ইতিহাস—সমস্তই বিস্মৃত হইয়া স্বারসিকী স্থিতির জন্য একান্ত লৌল্য ও তজ্জন্য শ্রীগুরুদেবের কৃপা-প্রার্থনা এক কথা, আর "গুরুদেব আমাকে সিদ্ধ-প্রণালী দিয়াছেন, আমার নাম অমুক মঞ্জরী"—ইহা জানাইয়া জগতের নিকট হইতে তদ্-বিনিময়ে প্রতিষ্ঠা-বিষ্ঠা আহরণ করা আর এক কথা। যে-ব্যক্তি সিদ্ধ-প্রণালী প্রাপ্ত হইয়া সত্য-সত্যই "গুরুপ্রেষ্ঠ" হইতে পারিয়াছেন, সেই ব্যক্তির বিষয়-পিপাসা, পুরুষাভিমান, মৎসরতা, গুরুদেবে জাতিবুদ্ধি, স্ত্রী-পুত্রাদির প্রতি ষোল আনা আসক্তি কখনও থাকিতে পারে না। কপটতা করিয়া নিজেকে ঠাকুর ভক্তিবিনোদের সমকক্ষ বলিয়া জগতে প্রচার করিতে গেলে সেই অপরাধের সীমা নাই। ঠাকুর শ্রীল ভক্তিবিনোদ শ্রীরূপানুগবর

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ইন শ্রীজীব গোস্বামী প্রভুর ভক্তিসন্দর্ভের নিম্নলিখিত বাক্য তাঁহার গীতমালায় লঙ্ঘন করেন নাই, বরং তাহা সর্ব্বতোভাবে পরিপালনই করিয়াছেন। শ্রীজীবগোস্বামি-প্রভুর শিক্ষা এই—

"অত্র চ শ্রীগুরোঃ শ্রীভগবতো বা প্রসাদলব্ধং সাধন-সাধ্যগতং স্বীয়সর্ব্বস্বভূতং যৎকিমপি রহস্যং তত্তু ন কস্মৈচিৎ প্রকাশনীয়ম্; যথা—(ভাঃ ৮।১৭।২০)—

নৈতৎ পরস্মা আখ্যেয়ং পৃষ্টয়াপি কথঞ্চন।
সর্ব্বং সম্পদ্যতে দেবি দেবগুহ্যং সুসংবৃতম্॥
(ভক্তিসন্দর্ভ—৩৩৯ সংখ্যা)

অর্থাৎ ইহার মধ্যে শ্রীগুরু বা শ্রীভগবানের প্রসাদে সাধন-সাধ্যগত স্বীয় সর্ব্বস্বভূত যে রহস্য অবগত হওয়া যায়, তাহা কাহারও নিকট প্রকাশ্য নহে। যথা—

হে দেবি! কেহ জিজ্ঞাসা করিলেও এই তত্ত্ব অন্যকে বলিবে না। দেবগণের রহস্য সমস্ত সুগুপ্ত হইলেই ফলপ্রদ হইয়া থাকে।

শ্রীল ভক্তিবিনোদের স্বারসিকী সিদ্ধি এক মহা আশ্চর্য্য ব্যাপার। ভক্তিবিনোদ সিদ্ধির লালসায় যেমনটী ইচ্ছা করিয়াছেন, সিদ্ধি-লালসায় যে লৌল্য-গীতিটী গাহিয়াছেন, নিত্যসিদ্ধ ভক্তি-বিনোদের অপ্রকট-লীলা-প্রবেশের কালে ঠিক সেই সিদ্ধিলালসা-টীই মূর্ত্তিমতী সিদ্ধিরূপে আত্ম-প্রকট করিয়াছেন। ভক্তিবিনোদ গীতমালার সিদ্ধিলালসার ষষ্ঠ গীতে গাহিয়াছেন—

"সাক্ষাৎ দর্শন, মধ্যাহ্ন লীলায়,
রাধাপদ-সেবার্থিনী।
যখন যে সেবা, করহ যতনে,
শ্রীরাধা-চরণে ধনি॥"

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

শ্রীরাধাকুণ্ডাভিন্ন শ্রীগোদ্রুমের নিত্য-মধ্যাহ্ন-লীলায়ই ভক্তিবিনোদ প্রবেশ করিয়াছেন।

ভক্তিবিনোদ তাঁহার 'নবদ্বীপশতকে'ও গাহিয়াছেন—

"রাধাকুণ্ড শ্রীগোদ্রুমে শ্রীরাধার সহ।
বিহার সময়ে তব পাদপদ্ম লহ॥"

বাউল-সঙ্গীত

ভক্তিবিনোদ mass বা সাধারণ জনমণ্ডলীর জন্য কতকগুলি সরল অথচ চরমতত্ত্বোপদেশপূর্ণ অসৎসিদ্ধান্ত ও অসৎসঙ্গ-নিরাসক সঙ্গীত রচনা করিয়াছেন। তাঁহার "বাউল-সঙ্গীত" ও "দালালের গীত" প্রভৃতি সে-জাতীয় গান। এক সময় বঙ্গদেশ বাউল-সঙ্গীতের ঝঙ্কারে মাতিয়া উঠিয়াছিল। এখনও পল্লীর মজুর, চাষী, দোকানী, নাবিক, জনসাধারণ বাউল-সঙ্গীতের মূর্চ্ছনায় সাড়া দেয়। এমনকি, পাশ্চাত্ত্য-শিক্ষা-দীক্ষায় অনুপ্রাণিত আভিজাত্যবাদিগণের দরবারেও বাউল-সঙ্গীতের সমাদর দেখিতে পাওয়া যায়। গণশিক্ষার পক্ষে সহজ-গ্রাম্যভাষা ও যুক্তিগর্ভ বাউল-সঙ্গীতগুলি খুব উপযোগী। কিন্তু জনসাধারণ রাগিণী ও ভাষার ঝঙ্কারে মুগ্ধ হইয়া প্রচলিত বাউল-সঙ্গীতগুলির মধ্যেও বাউল-গানের বিচারে কি কি তত্ত্ববিরোধ রসাভাস, সম্ভোগবাদ ও মায়াবাদাদি মারাত্মক বিষ ভক্তিদেবীর চরণে বিবিধ অপরাধরূপে মিশ্রিত রহিয়াছে, তাহা বুঝিতে পারে না। অদ্বিতীয় ভোক্তা অধোক্ষজ কৃষ্ণের ইন্দ্রিয়-তর্পণে 'বাতুল' বা 'বাউল' না হইয়া অনাদি-বহির্ম্মুখতা বিশ্বকে স্থূল ও

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

স্বয় ইন্দ্রিয়ের ভোগ-লালসায় 'বাতুল' করিয়া তুলিয়াছে। তাই প্রচলিত বাউল-সঙ্গীতের মধ্যে ভক্তির নামে কতটা সম্ভোগবাদ বা একচ্ছত্র সম্ভোগবিগ্রহ কৃষ্ণের অনুকরণ করিবার দুর্ব্বুদ্ধি ও পাষণ্ডতা নিহিত রহিয়াছে, তাহা তাহারা আদৌ ধরিতে পারে না। কিন্তু কুন্‌কী হাতী দিয়া যেরূপ মদমত্ত বন্য হস্তীকে ধরিয়া পোষ-মানান হয়, তদ্রূপ সম্ভোগমদমত্ত আমাদিগকে অহৈতুকী শুদ্ধ-ভক্তিদেবীর সেবায় পোষ মানাইবার জন্য পরদুঃখদুখী ঠাকুর ভক্তিবিনোদ বাউল-সঙ্গীত ও নামহট্টের দালালের গীতি-সমূহ রচনা করিয়াছেন। ইহা সাধারণ জনমণ্ডলীর ও তি ঠাকুর ভক্তিবিনোদের অনর্পিতচর অবদান।

ভক্তিবিনোদ বাউল-সঙ্গীতের মধ্যে আপনাকে "চাঁদবাউল" বলিয়া পরিচয় দিয়াছেন। এই চাঁদবাউল সত্য-সত্যই নিতাই-চাঁদ ও গোরাচাঁদের সেবার বাতুল ও তাঁহাদের ভক্তিসিদ্ধান্ত-সাম্রাজ্য-সংরক্ষক মহাজন। চাঁদবাউল সম্ভোগমদমত্ত বাউল সমাজকে বাউল-সঙ্গীতের মধ্যে এইরূপ শিক্ষা দিয়াছেন—

"বাউল বাউল' ব'ল্‌ছে সবে, হচ্ছে বাউল কোন্ জনা।
দাড়ি-চূড়া দেখিয়ে (ও ভাই) ক'র্‌ছে জীবকে বঞ্চনা॥
দেহতত্ত্ব-জড়ের তত্ত্ব, তা'তে কি ছাড়ায় মায়ার গর্ত্ত,
চিদানন্দ পরমার্থ, জান্‌তে ত' তায় পার্‌বে না॥
যদি বাউল চাওরে হ'তে, তবে চল ধর্ম্মপথে,
যোষিৎসঙ্গ সর্ব্বমতে ছাড়রে মনের বাসনা॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

বেশ-ভূষা-রঙ্গ যত, ছাড়ি' নামে হওরে রত,
নিতাই চাঁদের অনুগত, হও ছাড়ি' সব দুর্ব্বাসনা ॥
মুখে 'হরেকৃষ্ণ' বল, ছাড়রে ভাই কথার ছল,
নাম বিনা ত' সুসম্বল, চাঁদবাউল আর দেখে না ॥"

সম্বন্ধতত্ত্বজ্ঞানের উপদেশ-প্রদান ঠাকুর ভক্তিবিনোদের নিত্য-সিদ্ধ স্বভাব। কাজেই বাউল-সঙ্গীত রচনা করিতে গিয়াও তিনি সেই স্বভাব পরিত্যাগ করেন নাই। সেখানেও তিনি 'দেহতত্ত্ব-স্বরের তত্ত্ব' প্রভৃতি কথার মধ্যে শুদ্ধভক্তি-সিদ্ধান্ত প্রচার করিয়াছেন।

বাউলগণ সচ্চিদানন্দ-বিগ্রহ কৃষ্ণের সম্ভোগরসের অনুকরণ করিতে গিয়া স্থূল-সূক্ষ্ম-দেহভজা বা মানুষভজা হইয়াছে। চণ্ডীদাসের নামে বিকৃত ও প্রচলিত 'সবার উপরে মানুষ বড়' পদের বিকৃতার্থ করিয়া রিপুতাড়িত মনুষ্যগণ সকলের উপরে রিপুবশীভূত স্বজাতিকে অর্থাৎ মনুষ্য-জাতিকে সর্ব্বোচ্চ আসনে বসাইবার নজির পাইয়াছেন! কিন্তু তাহারা 'ভাল মানুষ' হইবার পরিবর্ত্তে 'বড় মানুষ' হইতে গিয়া মাংস-চর্ম্মে আসক্ত হইয়া পড়িতেছেন। 'সবার উপরে মানুষ বড়' স্বীকার করিয়া লইলেও তাহাকে কোন কোন বিশেষজ্ঞ "গূঢ়ঃ কপটমানুষ" শ্রীকৃষ্ণ বলিয়া অর্থ করেন। কিন্তু বহির্ম্মুখ সাহিত্যিক মানুষেরা তাহা উপলব্ধি করিতে পারেন নাই। প্রাকৃত বাউলগণ সেই গূঢ় কপট-মনুষ্যের অনুকরণ করিতে গিয়া রক্ত-মাংসে ও যোষিৎসঙ্গে প্রমত্ত হইয়া পড়িয়াছে। ইহাদের কপটতা জনসাধারণকে জানাইবার জন্য ঠাকুর ভক্তিবিনোদ এইসব বাউল-সঙ্গীত কীর্ত্তন করিয়াছিলেন—

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"মানুষ-ভজন ক'র্‌ছো ও-ভাই ভাবের গান ধ'রে।
গুপ্ত ক'রে রাখ্‌ছো ভাল, ব্যক্ত হ'বে যমের ঘরে ॥
মেয়ে হিজ্‌ড়ে, পুরুষ খোজা, তবে ত' হয় কর্ত্তাভজা,
এই ছলে ক'র্‌ছো মজা, মনের প্রতি চোখ ঠেরে ॥
'গুরু সত্য' ব'লছো মুখে, আছ তো ভাই জড়ের সুখে,
সঙ্গ তোমার বহির্ম্মুখে, শুদ্ধ হ'বে কেমন ক'রে ?
যোষিৎসঙ্গ-অর্থ-লোভে, মজে ত' জীব চিত্তক্ষোভে,
বাউলে কি সে-সব শোভে, আগুন দেখে' ফড়িং মরে ॥
চাঁদবাউল মিনতি করি,' বলে ও-সব পরিহরি,'
শুদ্ধভাবে বল হরি, যা'বে ভব-সাগর-পারে ॥

এও ত' এক কলির চেলা।
মাথা নেড়া কপ্নি পরা, তিলক নাকে গলায় মালা ॥
দেখ্‌তে বৈষ্ণবের মত, আসল শাক্ত কাজের বেলা।
সহজ ভজন ক'র্‌ছেন মামু, সঙ্গে ল'য়ে পরের বালা ॥
সখীভাবে ভজ্‌ছেন তারে, নিজে হয়ে নন্দলালা।
কৃষ্ণদাসের কথার ছলে, মহাজনকে দিচ্ছেন শলা ॥
নব রসিক আপনে মানি,' খাচ্ছেন আবার মনকলা।
বাউল বলে দোহাই ও-ভাই, দূর কর এ লীলা-খেলা ॥"

আউল, বাউল, কর্ত্তাভজা, নেড়া, দরবেশ, সাঁই, সহজিয়া, সখীভেকী, অতিবাড়ী, চূড়াধারী প্রভৃতি প্রাকৃত-সাহজিক-সম্প্রদায়—প্রচ্ছন্ন-সম্ভোগবাদী ও মায়াবাদী অপরাধী। ইহারা কলির চেলা।

৬—

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain. Digitizagtion by eGangotri

ইহারা মহাজন, সংশাস্ত্র, ভক্তিসিদ্ধান্ত, শুদ্ধ আচার ও বিচারের বিরোধী পাষণ্ড। ইহা ঠাকুর ভক্তিবিনোদ সুন্দর যুক্তি-সমূহদ্বারা বাউল-সঙ্গীতে প্রদর্শন করিয়া কোমলশ্রদ্ধ, বিপথগামী ও পতনোন্মুখ জীবগণের প্রতি দয়ার পরাকাষ্ঠা প্রদর্শন করিয়াছেন। বাউল-গণের সহিত এক শ্রেণীর বহির্ম্মুখ জনসাধারণের বিচার এই যে, 'মনে মনে' মালা জপাই ভাল। হরিনামের মালা বা ঝোলায় হরিনাম করা কিংবা ভক্তির কোনপ্রকার অঙ্গ পালন করার প্রয়োজনীয়তা নাই। তাহাদের অন্তর্নিহিত বিচার এই—'আমাদের ব্যবহারিক কার্য্যগুলি সব বাহিরে হইবে, আর পারমার্থিক কার্য্যগুলি সমস্তই মনে মনে করিতে হইবে।' এইরূপ 'মনে মনে মনকলা খাওয়া'র মতবাদ বাউলগণের ন্যায় আমরাও অনেকেই ন্যূনাধিক পোষণ করি। এমন কি, কতকগুলি ভিন্ন দেশীয় ছড়াও শুনিতে পাওয়া যায়—

"মালা জপে শালা, কর জপে ভাই।
যো মন্ মন্ জপে, উস্‌কো বলিহারী যাই।"

ভক্তিবিনোদ বাউলগণের সহিত সমচিত্তবৃত্তিবিশিষ্ট জন-সাধারণের এই প্রচ্ছন্ন দুষ্ট মতকে খণ্ডন করিয়া "চাঁদবাউল" সাজিয়া গান করিতেছেন—

"মনের মালা জপ্‌বি যখন মন,
কেন ক'র্‌বি বাহ্য বিসর্জ্জন।
মনে মনে ভজন যখন হয়,
প্রেম উথ্‌লে প'ড়ে বাহ্যদেহে ব্যাপ্ত হ'য়ে রয়;

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain. Digitizagtion by eGangotri

আবার দেহে চরে, জপায় করে, ধরায় মালা অনুক্ষণ ॥
যে ব্যাটা ভণ্ড তাপস হয়,
বক বিড়াল দেখায়ে বাহ্য নিন্দে অতিশয় ;
নিজে জুৎ পেলে কামিনী-কনক করে সদা সংঘটন ॥
সে ব্যাটার ভিতর ফক্কাকার,
বাহ্য সাধন নিন্দা বই আর আছে কিবা তা'র,
(নিজের) মন ভাল দেখা'তে গিয়ে নিন্দে সাধু আচরণ ॥
শুদ্ধ করি' ভিতর বাহির ভাই,
হরিনাম কর্‌তে থাক, তর্কে কাজ নাই,
তোমার তর্ক ক'র্‌তে জীবন যা'বে চাঁদবাউল তায় দুঃখী হন ॥

শ্রীভক্তিবিনোদ অকালপক্ক বা অকালে ভেকধারী ব্যক্তিগণকে তীব্রভাবে গর্হণ করিয়াছেন, তাহা তাঁহার নিম্নলিখিত বাউল-সঙ্গীতে জলন্ত-মূর্ত্তিতে পরিস্ফুট হইয়াছে। অকালে আনুকরণিক বৈরাগ্যের ফলে জগতে নেড়া-নেড়ীর দলের ছড়াছড়ি ও আখ্‌ড়া বাঁধিয়া জঘন্যতম ব্যভিচারের স্রোত এক সময় বঙ্গসমাজে প্রবলভাবে প্রবাহিত হইয়াছিল। একদিকে যেমন অত্যন্ত ঘর-পাগ্‌লামী বা গেহ-দেহাসক্তিজনিত গৃহি-বাউলগিরিকে ভক্তি-বিনোদ তীব্রভাবে নিন্দা করিয়াছেন, অপরদিকে অকালে ফল্গু-ত্যাগাভিনয়ের প্রদর্শনী-স্বরূপ ত্যাগি-বাউলগিরিকেও ভক্তি-বিনোদ তীব্রতম ভাষায় নিন্দা করিয়াছেন —

কেন ভেকের প্রয়াস ?
হয় অকাল-ভেকে সর্ব্বনাশ।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain. Digitizagtion by eGangotri

হ'লে চিত্তশুদ্ধি, তত্ত্ববুদ্ধি, ভেক আপনি এসে হয় প্রকাশ ॥
তুমি শুদ্ধ চিদানন্দ, কৃষ্ণসেবা তোর আনন্দ,
পঞ্চ ভূতের হাতে প'ড়ে' হায় আছ একটী মেষ ;
এখন সাধুসঙ্গে, চিৎপ্রসঙ্গে, তোমার উপায় অবশেষ ॥
ভেক ধরি' চেষ্টা ক'রে, ভেকের জ্বালায় শেষে মরে,
নেড়ানেড়ি ছড়াছড়ি, আখ্ড়া বেঁধে বাস ;
অকাল কুষ্মাণ্ড, যত ভণ্ড, কর্‌ছে জীবের সর্ব্বনাশ ॥
শুক, নারদ, চতুঃসন, ভেকের অধিকারী হন,
তাঁ'দের সমান পার্‌লে হ'তে ভেকে ক'র্‌বে আশ ;
বল তেমন বুদ্ধি, চিত্তশুদ্ধি ক'জন ধরায় ক'র্‌ছে বাস ?
আত্মানাত্ম-সুবিবেকে, প্রেমলতায় চিত্ত-ভেকে,
ভজন-সাধন-বারি-সেকে করহ উল্লাস ;
চাঁদবাউল বলে, এমন হ'লে হ'তে পার্‌বে 'কৃষ্ণদাস' ॥"

নামহট্ট ও দালালের গান

ঠাকুর ভক্তিবিনোদ জনসাধারণ বা massএর মধ্যে শুদ্ধভক্তির কথা সহজ ও সরল ভাষায় প্রচারের জন্য "নামহট্ট" খুলিয়াছিলেন এবং সেই নামের হাটে নিজে একজন সর্ব্বাপেক্ষা নীচ সেবক অর্থাৎ 'ঝাড়ুদার'-মাত্র, এইরূপ পরিচয় দিয়া গ্রামে-গ্রামে দালাল অর্থাৎ প্রচারকের দ্বারা বেদ-বেদান্ত-ভাগবতের রহস্য-সমূহ প্রচার করিয়াছিলেন। শঙ্করাচার্য্যের ন্যায় বিশ্ববিশ্রুত পণ্ডিত নিখিল বেদ-বেদান্ত আলোড়ন করিয়া যে রহস্যের কথা জগতে প্রচার করেন

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

নাই, শ্রীবিষ্ণুস্বামী, শ্রীরামানুজ, শ্রীমধ্ব, শ্রীনিম্বার্কাদি আচার্য্যবৃন্দ বৃহশাস্ত্র-গ্রন্থ ও ভাষ্যাদি রচনা করিয়া যে রহস্য-প্রচারের কথঞ্চিৎ উদ্দেশ করিয়াছিলেন, গৌর-জন ঠাকুর ভক্তিবিনোদ অতি সহজ ও সরল ভাষায় জনসাধারণের মধ্যে সেই রহস্যের সার বিতরণের জন্য নামহট্ট খুলিয়াছিলেন। শ্রীনিবাসাচার্য্য, ঠাকুর নরোত্তম প্রভৃতি গৌড়ীয়-বৈষ্ণবাচার্য্যগণ জনসাধারণের মধ্যে শুদ্ধবৈষ্ণবধর্ম্ম প্রচারের জন্য গীতাবলী-সাহিত্য রচনা করিয়াছিলেন এবং তাঁহাদের পরবর্ত্তিকালে অনেক পদকর্ত্তা 'হাটপত্তন' শীর্ষক পয়ার-সমূহ রচনা করিয়াছিলেন। কিন্তু তাহাতে আধুনিক যুগের উপযোগী যুক্তিমূলে কুসিদ্ধান্ত-নিরাস, বিশেষতঃ বৈষ্ণবধর্ম্মের মুখোসে যে-সকল বিরুদ্ধ-মতবাদ, ভণ্ডামী ও অপরাধ রাজত্ব করিতেছিল, তাহা সম্বন্ধ-জ্ঞানের উপদেশের সহিত নিরাকৃত করিবার পরিচয় ততটা পরিব্যক্ত হয় নাই।

ঠাকুর ভক্তিবিনোদ শ্রীনামহট্ট উন্মোচন করিয়া তাঁহার সম-সাময়িক যুগের বৈষ্ণবধর্ম্মের গ্লানিসমূহকে যেমন একদিকে দূরীভূত করিয়াছেন, তেমনি অপরদিকে জনসাধারণকে শুদ্ধভক্তিধর্ম্মের প্রাথমিক মূল বিষয়গুলি অতি সহজ ও সরল ভাষায় শিক্ষা দিয়াছেন। ঠাকুর ভক্তিবিনোদের নামহট্টের স্বরূপ ও কার্য্য এই—

"নদীয়া গোদ্রুমে নিত্যানন্দ মহাজন।
পাতিয়াছে নামহট্ট জীবের কারণ॥
(শ্রদ্ধাবান্ জন হে, শ্রদ্ধাবান্ জন হে)
প্রভুর কৃপায় ভাই মাগি এই ভিক্ষা।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

বল কৃষ্ণ, ভজ কৃষ্ণ, কর কৃষ্ণশিক্ষা ॥
অপরাধশূন্য হ'য়ে লহ কৃষ্ণ-নাম।
কৃষ্ণ মাতা, কৃষ্ণ পিতা, কৃষ্ণ ধন-প্রাণ ॥
কৃষ্ণের সংসার কর ছাড়ি' অনাচার।
জীবে দয়া, কৃষ্ণ-নাম সর্ব্বধর্ম্মসার ॥"

'হাট', 'মহাজন', 'দালাল', 'দস্তুরি', 'দণ্ডীদার', 'জমাদার', 'বিপণিপতি', 'মাতা', 'পিতা', 'ধন', 'প্রাণ', 'সংসার',—এই সকল শব্দ সাধারণ লোকে ধরিতে পারে। এইজন্য পরম কৃপালু ঠাকুর ভক্তিবিনোদ তাঁহার নামহট্টে সে-সকল শব্দের মধ্য দিয়া ভক্তিসিদ্ধান্ত ও ভজন-রহস্য-সমূহ শিক্ষা দিয়াছেন। ঠাকুরের ভাষায় এই নামহট্টের বিবরণ পাঠকগণের নিকট উপস্থাপিত করিতেছি। ইহাতে তাঁহার নামহট্টের আদর্শ ও শিক্ষার উদ্দেশ্য পাঠকগণ পাইতে পারিবেন।

১। "শ্রীমহাপ্রভু কলিজীবের প্রতি কৃপা করিয়া শ্রীনিত্যানন্দ প্রভুকে ঘরে ঘরে নাম প্রচার করিতে আজ্ঞা দেন; অতএব শ্রীনিত্যানন্দ প্রভুই গোদ্রুমস্থ নামহাটের মূল মহাজন। নামহট্টের সমস্ত কর্ম্মচারীই আজ্ঞা-টহলের অধিকারী হইলেও টহলদার পদাতিক মহাশয়গণই এই কার্য্য বিশেষরূপে নিঃস্বার্থভাবে করিয়া থাকেন। প্রভু নিত্যানন্দ ও পদাতিক হরিদাস ঠাকুর সর্ব্বাগ্রে নিজে নিজে ঐ কার্য্য করিয়া উক্ত পদের মাহাত্ম্য দেখাইয়াছেন। পয়সা ও চাউল ইত্যাদির আশায় যে 'টহল' দেওয়া যায়, তাহা শুদ্ধ আজ্ঞা-টহল নয়।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

টহলদার মহাশয় করতাল বাজাইয়া বলিবেন—

হে শ্রদ্ধাবান্ জন! আমি আপনার নিকট কোন পার্থিব বস্তু বা উপকার চাহি না। আমার এইমাত্র ভিক্ষা যে, আপনি প্রভুর আজ্ঞা পালন করতঃ কৃষ্ণনাম করুন, কৃষ্ণভজন করুন ও কৃষ্ণশিক্ষা করুন। কৃষ্ণনাম করুন অর্থাৎ নামাভাস ছাড়িয়া চিন্ময় নাম করুন। নামাভাস দুই প্রকার অর্থাৎ ছায়া-নামাভাস ও প্রতিবিম্ব নামাভাস। ছায়া-নামাভাস সহজেই ক্রমশঃ সর্ব্বার্থ-সাধক নাম হয়, যেহেতু তাহাতে একটু অজ্ঞানতম থাকিলেও ভক্তি-প্রতিকূল ভোগ-মোক্ষ-বাসনা-গন্ধ থাকে না। তত্ত্বানভিজ্ঞ লোকেরা প্রথমে ঐ প্রকার নামাভাস করিতে করিতে সাধুসঙ্গ-বলে নামরসে অভিজ্ঞ হইয়া শুদ্ধনামগানে সক্ষম হন। তাঁহারাও ধন্য। ভুক্তি-মুক্তি-ফলকামীদিগের মধ্যেই প্রতিবিম্ব-নামাভাস হয়। তাহারা সেই সেই ক্ষুদ্র অভীষ্ট অনায়াসে নামের নিকট লাভ করে বটে, কিন্তু শুদ্ধনামচিন্তামণি লাভ করিতে পারে না; কেননা, ভোগ-মোক্ষ-সম্বন্ধীয় ভক্তি-প্রতিকূল-বাসনা তাহাদিগকে সহজে ছাড়ে না। বিশেষ ভাগ্যোদয়ে ভক্ত বা ভগবৎকৃপা-দ্বারা অকৈতব হৃদয় হইলে ভুক্তি-মুক্তি-স্পৃহা পরিত্যাগ করিয়া তাঁহারাও শুদ্ধনামের আশ্রয় পান, কিন্তু তাহা অত্যন্ত বিরল। হে শ্রদ্ধাবান্ জন! নামাভাস ত্যাগ-পূর্ব্বক শুদ্ধনাম গান করাই জীবের নিতান্ত শ্রেয়। কৃষ্ণনাম করিতে করিতে কৃষ্ণভজন কর। শ্রবণ, কীর্ত্তন, স্মরণ, সেবন, অর্চ্চন, বন্দন, দাস্য, সখ্য ও আত্ম-নিবেদন-দ্বারা অধিকার-ভেদে বিধিমার্গে বা রাগমার্গে ভজন

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

কর। যদি বিধিমার্গে রুচি থাকে, তবে তদুচিত শ্রীগুরুচরণে ভজনতত্ত্ব শিক্ষা করতঃ জীবের নিখিল অনর্থ-নিবৃত্তি-পূর্ব্বক কৃষ্ণালোচন কর। যদি রাগমার্গে লোভ হইয়া থাকে, তবে কোন ব্রজবাসী বা ব্রজবাসিনীর অনুরাগ-চরিত্র অনুকরণ-পূর্ব্বক যথারুচি ব্রজরস ভজন কর। ব্রজরস-ভজনে প্রবৃত্ত হইলে তদুচিত গুরু-কৃপায় ব্রজে নিত্য-স্থিতি ও যোগ্য চিন্ময়-স্বরূপে শ্রীকৃষ্ণের সেবা লাভ করিবে।

অপরাধ দশটী—(১) বৈষ্ণব-বিদ্বেষ ও বৈষ্ণব-নিন্দা। (২) শিবাদি অন্য দেবতাকে কৃষ্ণ হইতে পৃথক্ ঈশ্বর-জ্ঞান। সেই সেই দেবতাকে কৃষ্ণ-বিভূতি বা কৃষ্ণদাস বলিয়া জানিলে আর ভেদ-জ্ঞান বা অনেক ঈশ্বর-জ্ঞান-জনিত দোষ হয় না। (৩) গুরুকে অবজ্ঞা। দীক্ষা ও শিক্ষাগুরুভেদে গুরু দ্বিবিধ। গুরুবাক্য বিশ্বাস করিবে ও গুরুকে কৃষ্ণের প্রকাশ-বিশেষ বা তাঁহার নিত্যপ্রেষ্ঠ গুরুতত্ত্ব বলিয়া জানিবে। (৪) শ্রুতিশাস্ত্র-নিন্দা। শ্রুতিশাস্ত্র, বেদ, তদনুগ পুরাণ ও ধর্ম্মশাস্ত্র, তৎসিদ্ধান্তরূপ ভগবদ্গীতা-শাস্ত্র, তৎ-মীমাংসা-দর্শনরূপ ব্রহ্মসূত্র ও তাঁহার ভাষ্যভূত শ্রীমদ্ভাগবত, তদ্বিস্তাররূপ ইতিহাস ও সাত্বত-তন্ত্রসকল এবং তত্তৎশাস্ত্র-সমূহের বিশদ-ব্যাখ্যা-স্বরূপ মহাজনকৃত ভক্তিশাস্ত্র-সমূহ। এই সমস্ত শাস্ত্রে বিশেষ শ্রদ্ধা করিবে। (৫) হরিনামে অর্থবাদ অর্থাৎ শাস্ত্র-লিখিত নাম-মাহাত্ম্যকে স্তুতিমাত্র বলিয়া সিদ্ধান্ত করা। (৬) নামের বলে পাপাচরণ। শ্রদ্ধায় নাম করিলে পূর্ব্ব-পাপ-সমূহ অনায়াসে বিনষ্ট হয়, আর পাপ করিতে রুচি হয় না। যদি নামের ভরসায়

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

পাপ করিতে স্পৃহা হয়, সেইটী নামাপরাধ। (৭) ধর্ম্ম-ব্রত-ত্যাগ প্রভৃতি শুভকর্ম্মের সহিত নামকে সমান বলিয়া যিনি নামের নিকট ভোগ-মোক্ষ-রূপ ফলের আশা করেন, তিনি নামাপরাধী। (৮) অশ্রদ্ধাবান্, বিমুখ ও শুনিতে ইচ্ছা করেন না,—এরূপ ব্যক্তিকে হরিনাম দেওয়া অপরাধ। যাঁহার শ্রদ্ধা জন্মে নাই, তাঁহাকে হরিনাম উপদেশ করিবে না। কেবল হরিনামে শ্রদ্ধা উৎপাদন করিবার জন্য নাম-মাহাত্ম্য বলিবে। (৯) নামের মাহাত্ম্য শ্রবণ করিয়াও নামে অবিশ্বাস ও অরুচি। (১০) অহংতা-মমতাপূর্ণ ব্যক্তির হরিনাম-গ্রহণে অপরাধ হয়। জড়শরীরে আত্মবুদ্ধি-ক্রমে যিনি শরীরগত অভিমান করেন ও জড়-সম্পত্তিতে স্বকীয় বুদ্ধি করিয়া আসক্ত হন, তাঁহার হরিনামাপরাধ স্বভাবতঃ আছে। যেহেতু, তিনি সাধ্য-সাধনের চিন্ময়ত্ব-জ্ঞান হইতে নিতান্ত বঞ্চিত। হে শ্রদ্ধাবান্ জন! এই দশাপরাধশূন্য হইয়া কৃষ্ণনাম কর। কৃষ্ণই জীবের মাতা, পিতা, সন্তান, দ্রবিণাদি, ধন ও পতি বা প্রাণেশ্বর। জীব—চিৎকণ, কৃষ্ণ—চিৎসূর্য্য ও জড়জগৎ—জীবের কারাগার। জড়াতীত কৃষ্ণলীলাই তোমার প্রাপ্যধন।

হে শ্রদ্ধাবান্ জীব, তুমি কৃষ্ণবহির্ম্মুখ হইয়া মায়িক সংসারে সুখ-দুঃখ ভোগ করিতেছ। এ অবস্থা তোমার যোগ্য নয়। যে-কাল-পর্য্যন্ত কৃষ্ণ-বহির্ম্মুখতা-দোষজনিত কর্ম্মচক্র তোমাকে আবদ্ধ রাখিয়াছে, সে-পর্য্যন্ত একটি সদুপায় অবলম্বন কর। প্রবৃত্তি-ক্রমে তুমি গৃহী, ব্রহ্মচারী বা বানপ্রস্থ হও, অথবা নিবৃত্তিক্রমে তুমি

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

সন্ন্যাসী হও, সেই সেই অবস্থায় অনাচার ছাড়িয়া দেহ, গেহ, স্ত্রী, পুত্র, সম্পত্তি প্রভৃতি শ্রীকৃষ্ণে অর্পণ-পূর্ব্বক কৃষ্ণের সংসারে বাহেন্দ্রিয়গণ ও মনকে কৃষ্ণভাব-মিশ্রিত-বিষয়ে বিচরণ করাইয়া বহির্ম্মুখতা-শূন্য-হৃদয়ে জীবনযাত্রা নির্ব্বাহ কর। কৃষ্ণসেবানুকূল্যরূপ পরমামৃত ক্রমশঃ ঘনীভূত হইয়া তোমার স্থূল-লিঙ্গদেহদ্বয় ভঙ্গ করতঃ তোমার নিত্য অপ্রাকৃত স্বরূপকে পুনরুদিত করিবে। চৌর্য্য, মিথ্যাভাষণ, কাপট্য, বিরোধ, লাম্পট্য, জীব-হিংসা কুটিনাটী প্রভৃতি নিজের ও সমাজের অহিতকর কার্য্য—সমস্তই অনাচার। সে-সমস্ত ছাড়িয়া সদুপায়ের দ্বারা কৃষ্ণ-সংসার কর। সার কথা এই যে, সর্ব্বজীবে দয়া-পূর্ব্বক শুদ্ধ চরিত্রের সহিত তুমি কৃষ্ণনাম কর। কৃষ্ণনাম ও কৃষ্ণে কোন ভেদ নাই। নামকৃপায় নাম, রূপ, গুণ ও লীলাময় কৃষ্ণ তোমার সিদ্ধস্বরূপগত নয়নের গোচরীভূত হইবেন। অল্পদিনের মধ্যেই তোমার চিৎস্বরূপ উদিত হইয়া কৃষ্ণপ্রেম-সমুদ্রে ভাসিতে থাকিবে।"

"বৈষ্ণব-সিদ্ধান্ত-মালা"র চতুর্থ "গুটী"তে "নামতত্ত্ব শিক্ষাষ্টক"-শীর্ষক নিবন্ধে শিক্ষাষ্টকের ঠাকুর ভক্তিবিনোদ-কৃত গীতি প্রকাশিত হইয়াছিল। উহার উপসংহারে নৃত্য-গীত সমাপ্তিকালে ভক্তিবিনোদ এইরূপ জয়ধ্বনি করিবার বিধি-প্রবর্ত্তন করিয়াছিলেন—

"জয় শ্রীগোদ্রুমচন্দ্র গোরাচাঁদ কি জয়!
জয় প্রেমদাতা শ্রীনিত্যানন্দ কি জয়!
জয় শ্রীশান্তিপুর-নাথ কি জয়!
জয় শ্রীগদাধর পণ্ডিত গোস্বামী কি জয়!

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

জয় শ্রীশ্রীবাসাদি ভক্তবৃন্দ কি জয়!
জয় শ্রীনবদ্বীপধাম কি জয়!
জয় শ্রীনামহট্ট কি জয়!
জয় শ্রীশ্রোতাবর্গ কি জয়!"

বৈষ্ণব-সিদ্ধান্ত-মালার ষষ্ঠ গুটীতে "নাম-প্রচার" শীর্ষক নিবন্ধে "আজ্ঞা-টহল" অনুচ্ছেদে শ্রদ্ধাবান্ জন-সাধারণের নিকট নাম-হট্টের সংবাদ ঘোষণা করা হইয়াছে এবং তৎসঙ্গে নগর-কীর্ত্তনের কয়েকটী গীতি—যাহা পরে ভক্তিবিনোদের 'গীতাবলী' গ্রন্থের অন্তর্ভুক্ত করা হইয়াছে, তাহাও প্রকাশিত হইয়াছে। উপসংহারে ভক্তিবিনোদ এইরূপ প্রেমধ্বনির প্রবর্ত্তন করিয়াছেন—

"প্রেমসে কহ শ্রীকৃষ্ণ-চৈতন্য-নিত্যানন্দ-অদ্বৈত-গদাধর-শ্রীবাস পণ্ডিত কি জয়! শ্রীঅন্তর্দ্বীপ মায়াপুর, সীমন্ত, গোদ্রুম, মধ্যদ্বীপ, কোলদ্বীপ, ঋতুদ্বীপ, জহ্নুদ্বীপ, মোদদ্রুম, রুদ্রদ্বীপাত্মক শ্রীনবদ্বীপ-ধাম কি জয়! শ্রীরাধাকৃষ্ণ-গোপ-গোপী-গো-গোবর্দ্ধন-বৃন্দাবন-রাধাকুণ্ড-যমুনাজী কি জয়! শ্রীতুলসী দেবী কি জয়! শ্রীগঙ্গাজী কি জয়! ঈশ্বরভিক্ষু কি জয়! শ্রীনামহট্ট কি জয়! শ্রীভক্তিদেবী কি জয়! শ্রীগায়ক-শ্রোতা ভক্তবৃন্দ কি জয়!"

সিদ্ধান্তমালার পঞ্চম গুটীর প্রারম্ভে ঠাকুর ভক্তিবিনোদ নাম-হট্টের গীতি গান করিবার প্রস্তাবনারূপে এইরূপ বলিতেছেন—

"শ্রীশ্রীগোদ্রুমচন্দ্রায় নমঃ

ভাই হে! অনন্ত-কল্যাণ-গুণ-রত্নাকর চিদচিদ্বিশিষ্ট-পরম-মহেশ্বর পরব্রহ্ম পরমাত্মবতারী সর্ব্বেশ্বর ভগবান্ হরি অপার সংসার-

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

সাগরে পতিত চিদ্বর্গের কল্যাণ-বিস্তার-বরণাভিপ্রায়ে সর্ব্বাদৌ বেদস্বরূপে আবির্ভূত হইয়াছিলেন। পরে সেই নিখিল শ্রুতির তাৎপর্য্য বিজ্ঞাপনার্থ নারায়ণ-নারদ-কপিল-ব্যাসাদি ঋষিরূপে অবতীর্ণ হইয়া নিখিল স্মৃতিশাস্ত্র প্রচার করেন। পুনশ্চ স্বীয় অচিন্ত্য-লীলা-প্রচারকরণাভিপ্রায়ে তিনি নৃহরি-বামন-রাম-কৃষ্ণ-স্বরূপে ভূমণ্ডলে আবির্ভূত হন। কিন্তু ক্রমশঃ দুস্তর কলিকালরূপ-মেঘাচ্ছন্ন হইলে জীবের চিত্তাকাশ অত্যন্ত কলুষিত হইল। তখন পরাৎপর পরমেশ্বর শ্রীনবদ্বীপ-ধামে শ্রীচৈতন্যচন্দ্ররূপে উদয় হইয়া জীবনিচয়ের নিত্যকল্যাণ-সাধনার্থ সর্ব্ববেদসার স্বীয় নামামৃত বর্ষণ করত কলিপীড়িত জীবের সমস্ত অবিদ্যা-ক্লেশ দূর করিলেন। সেই সচ্চিদানন্দ শচীতনয় স্বীয় শ্রীমুখ-গলিত পরম পীযূষ-স্বরূপ শিক্ষাষ্টক জগজ্জীবকে বিতরণ করেন। সেই শিক্ষাষ্টক অদ্য আমরা গান করিয়া পরম আনন্দ লাভ করি।"

বৈষ্ণব-সিদ্ধান্ত-মালার পঞ্চম গুটীতে "নাম-মহিমা" শীর্ষক নিবন্ধে ঠাকুর ভক্তিবিনোদ শ্রীরূপের নামাষ্টকের গীতানুবাদ ও গদ্যানুবাদ প্রকাশ করিয়াছেন। ঐসকল গানের প্রত্যেকটীতে রাগিণী ও তালের সংযোগ দেখিতে পাওয়া যায়। সেই পঞ্চম গুটীতেই নিম্নলিখিত দালালের গীতটী প্রচারিত হইয়াছিল। নিত্যানন্দ কীর্ত্তনাখ্য গোদ্রুমদ্বীপের সুরভিকুঞ্জে যে নামের হাট খুলিয়াছেন, তাহাই দালাল অর্থাৎ প্রচারক শ্রদ্ধাবান্ জনসাধারণের নিকট ঘোষণা করিতেছেন। জীবকে হরিভজন করাইলে নিত্যানন্দের যে কৃপা লাভ হয়, তাহাই দালালের "দস্তুরি"।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"বড় সুখের খবর গাই।
সুরভি-কুঞ্জেতে নামের হাট খুলেছে খোদ-নিতাই ॥
বড় মজার কথা তায়।
শ্রদ্ধা-মূল্যে শুদ্ধনাম সেই হাটেতে বিকায় ॥
যত ভক্তবৃন্দ বসি'।
অধিকারী দেখে' নাম বেচ্‌ছে দর কষি' ॥
যদি নাম কিন্‌বে ভাই।
আমার সঙ্গে চল মহাজনের কাছে যাই ॥
তুমি কিন্‌বে কৃষ্ণনাম।
দস্তুরি লইব আমি, পূর্ণ হ'বে কাম ॥
বড় দয়াল নিত্যানন্দ।
শ্রদ্ধা-মাত্র ল'য়ে দেন পরম-আনন্দ ॥
একবার দেখ্‌লে চক্ষে জল।
গৌর-বলে নিতাই দেন সকল সম্বল ॥
দেন শুদ্ধ কৃষ্ণশিক্ষা।
জাতি, ধন, বিদ্যাবল না করে অপেক্ষা ॥
অমনি ছাড়ে মায়াজাল।
গৃহে থাক, বনে থাক, না থাকে জঞ্জাল ॥
আর নাইকো কলির ভয়।
আচণ্ডালে দেন নাম নিতাই দয়াময় ॥
ভক্তিবিনোদ ডাকি' কয়।
নিতাইচাঁদের চরণ বিনা আর নাহি আশ্রয় ॥"

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain. Digitizagtion by eGangotri

ঠাকুর ভক্তিবিনোদ যেরূপ জনসাধারণের জন্য নামহট্ট পাতিয়াছিলেন, তদ্রূপ নিখিল বৈষ্ণবের জন্য শ্রীসনাতন-রূপের শ্রীশ্রীবিশ্ববৈষ্ণবরাজসভার পুনরুদ্বোধন করিয়াছিলেন। ১২৯২ সালের ৩০শে বৈশাখ কলিকাতা নগরীতে এই বিশ্ববৈষ্ণবসভার পুনঃ সংস্থাপন হয়। ঠাকুর ভক্তিবিনোদ এই বিশ্ববৈষ্ণবসভার সম্পাদক হইয়াছিলেন। সভার বিবরণ "বিশ্ববৈষ্ণবসভা কল্পাটবী" গ্রন্থমালায় প্রকাশিত হইত। শুদ্ধভক্তিসিদ্ধান্ত-সমূহ শ্রদ্ধাবান্ জনসাধারণ ও বৈষ্ণবাভিমানী ব্যক্তিগণের মধ্যে প্রচার করিয়া তাঁহাদের নিত্যমঙ্গল বিধান করিবার উদ্দেশ্যে ঠাকুর ভক্তিবিনোদ যে কত উপায়ে চেষ্টা করিয়াছেন, তাহার ইয়ত্তা নাই। ঠাকুরের বৈষ্ণব-সিদ্ধান্ত-মালার গুটীকা-সাহিত্য শ্রদ্ধাবান্ জনসাধারণের প্রতি এক অভূতপূর্ব্ব অবদান। mass বা জন-সাধারণকে তাঁহাদের স্বভাবসিদ্ধ নিত্যধর্ম্মে আকৃষ্ট করিবার জন্য— শ্রীচৈতন্যশিক্ষামৃতের দ্বারা অমর করিবার জন্য ঠাকুর ভক্তিবিনোদ নামহট্টের গীতি-সাহিত্য প্রকট করিয়াছিলেন। ভক্তিবিনোদ তাঁহার নামহট্টের বিভিন্ন সেবার জন্য বিভিন্ন পদ প্রকাশ করিয়াছিলেন। তৎসম্পাদিত 'সজ্জনতোষণী' পাঠে জানা যায়, বর্দ্ধমান আমলাজোড়া নিবাসী ক্ষেত্রনাথ ভক্তিনিধি ও বিপিনবিহারী ভক্তিরত্ন মহাশয় যথাক্রমে নামহট্টের "দণ্ডীদার" ও "বিপণিপতি" ছিলেন। কেহ বা নামহট্টের 'ব্রাজকবিপণি,' কেহ বা 'জমাদার' কেহ বা 'সহরৎকারী' প্রভৃতি পদবী লাভ করিয়াছিলেন। আর স্বয়ং ঠাকুর ভক্তিবিনোদ নামহট্টের পরিমার্জ্জকরূপে জীবের

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

যে-সকল অপরাধ-অনর্থ-আবর্জ্জনারাশি তাঁহাদিগের নামহট্টে প্রবেশে বাধা প্রদান করিতেছে, তাহার পরিমার্জ্জন-সেবা করিবার ভার গ্রহণ করিয়াছিলেন। এত বড় দয়ালু ও এত বড় জীবদুঃখ-কাতর আর কি কেহ কোথাও হইয়াছেন? একদিন বাসুদেব দত্ত ঠাকুর মহাপ্রভুকে বলিয়াছিলেন—

"জীবের পাপ লঞা মুঞি করি নরকভোগ।
সকল জীবের প্রভু ঘুচাও ভবরোগ॥"

(শ্রীচৈতন্যচরিতামৃত)

শ্রীল ভক্তিবিনোদ শ্রীল বাসুদেব দত্ত ঠাকুরের প্রার্থনা নাম-হট্টের পরিমার্জ্জকাভিনয়ে বাস্তবতায় পরিণত করিয়াছেন। নাম-প্রভুর মন্দিরে অনর্থযুক্ত জীব আমরা যেন কোনপ্রকার অপরাধ-আবর্জ্জনারাশি নিক্ষেপ (?) করিতে না পারি, তজ্জন্য ভক্তিবিনোদ তাঁহার হস্তে একখানি শতমুখী লইয়া দাঁড়াইয়া আছেন। এইজন্য সেই ভক্তিবিনোদাভিন্নবিগ্রহ ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত-সরস্বতী গোস্বামী ঠাকুর লিখিয়াছেন—

"শ্রীনামহট্টের ঝাড়ুদারপরিচয়ে শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুর মহাশয় যে অপ্রাকৃত-লীলার প্রাকট্য সাধন করিয়াছেন, তাঁহার প্রপঞ্চ-মার্জ্জন-সেবার উপকরণরূপ-শতমুখীসূত্রে আমাদের শত শত জনের মহাজনানুগমন এবং দুঃসঙ্গানুকরণ-বর্জ্জন-কার্য্য জগতে অপ্রিয় হইলেও উহাই আমাদের চরম কল্যাণ উৎপন্ন করিবে।"

('গৌড়ীয়-কণ্ঠহার'-ভূমিকা)

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

গীতাবলী

শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের প্রত্যেকটি গীতি-সাহিত্য-গ্রন্থের এক একটী বৈশিষ্ট্য ও মৌলিকত্ব আছে। 'শরণাগতি'তে প্রধানভাবে আত্মনিবেদন-শিক্ষা, 'কল্যাণকল্পতরু'তে প্রধানভাবে অন্বয় ও ব্যতিরেকমুখে নিঃশ্রেয়সের উপদেশ, 'গীতমালা'য় প্রধানভাবে শান্ত-দাস্য-ভক্তি ও রূপানুগ উজ্জ্বল-ভক্তি-শিক্ষা, আর 'গীতাবলী'তে অর্চ্চন ও ভজনপর উভয়বিধ সাধকের দৈনন্দিন জীবনে পালনীয় ও অনুশীলনীয় যাবতীয় কৃত্যের উপদেশ প্রকাশিত হইয়াছে। গীতাবলীর অরুণোদয়-কীর্ত্তনে অতি প্রত্যূষ হইতেই হরিকীর্ত্তনে ও হরিস্মরণে জীবন-যাপনের প্রেরণা পাওয়া যায়। নিদ্রাভঙ্গের সঙ্গে-সঙ্গেই ঠাকুর ভক্তিবিনোদের অরুণোদয়-কীর্ত্তন আমাদের কর্ণে এই উপদেশামৃত ঢালিয়া দিতেছেন—

"মুকুন্দ, মাধব, যাদব, হরি,
বলরে বলরে বদন ভরি',
মিছে নিদ-বশে গেলরে রাতি,
দিবস শরীর সাজে।"

রাত্রে নিদ্রাভিভূত ও জন্ম-জন্মান্তর মোহনিদ্রাগ্রস্ত জীবকে ঠাকুর ভক্তিবিনোদ জাগ্রত করিয়া দৈনন্দিন জীবনের প্রত্যূষেই মুকুন্দ-মাধব-নাম-কীর্ত্তনের উপদেশ-প্রদান-পূর্ব্বক তৎসঙ্গে শরীর-সজ্জা অর্থাৎ দেহাত্মহংবুদ্ধিরূপ নামাপরাধ পরিত্যাগের উপদেশ প্রদান এবং এই মনুষ্যদেহের দুর্লভত্ব ও মনুষ্য-জীবনের চরম কর্ত্তব্য শিক্ষা দিয়াছেন—

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"এমন দুর্ল্লভ মানব-দেহ,
পাইয়া কি কর ভাবনা কেহ,
এবে না ভজিলে যশোদা-সুত
চরমে পড়িবে লাজে।"

মানুষ বর্ত্তমানের মোহে এবং মদে মুগ্ধ ও মত্ত হইয়া অন্তিমের কথা ভাবেন না। তাই পরদুঃখদুঃখী ভক্তিবিনোদ জীবনের অরুণোদয়-কালেই অন্তিমের জন্য ভাবিবার প্ররোচনা দিয়াছেন—

"উদিত তপন হইলে অস্ত,
দিন গেল বলি' হইবে ব্যস্ত,
তবে কেন এবে অলস হই'
না ভজ হৃদয়-রাজে।
জীবন অনিত্য জানহ সার,
তাহে নানাবিধ বিপদ ভার,
নামাশ্রয় করি' যতনে তুমি'
থাকহ আপন কাজে।"

গৌর-জন ঠাকুর ভক্তিবিনোদের সরল শিক্ষা এই যে, মনুষ্য-জীবনের একমাত্র সর্ব্বশ্রেষ্ঠ কর্ত্তব্য বা স্বভাব ইহাই হওয়া উচিত যে, জীব চেতন-বৃত্তিতে যত্নের সহিত নামের আশ্রয় গ্রহণ করিয়া হরি-ভজনের কার্য্যে নিযুক্ত থাকিবে। নাম-প্রভুর সহিত সম্বন্ধ-স্থাপন-পূর্ব্বক "আপন কাজ" অর্থাৎ "স্বরূপের কার্য্য"রূপ নামানুশীলন বা ভক্তি-যাজনই মনুষ্য-জীবনের একমাত্র কর্ত্তব্য।

৭—

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ঠাকুর ভক্তিবিনোদ গীতাবলীর দ্বিতীয় গানে সেই শ্রুতির "উত্তিষ্ঠত জাগ্রত প্রাপ্য বরান্ নিবোধত" মন্ত্রের সুমধুর পুনরাবৃত্তি করিয়া যেন মায়া-পিশাচীর কোলে অনাদিকাল যাবৎ মোহনিদ্রা-গ্রস্ত ও স্বরূপ-বিভ্রান্ত-জীবকে চেতন করিবার জন্য বলিতেছেন—

"জীব জাগ জীব জাগ গোরাচাঁদ বলে।
কত নিদ্রা যাও মায়া-পিশাচীর কোলে ॥
ভজিব বলিয়া এসে সংসার-ভিতরে।
ভুলিয়া রহিলে তুমি অবিদ্যার ভরে ॥"

ঠাকুর ভক্তিবিনোদ তাঁহার গীতাবলীতে শ্রীগৌরগোবিন্দ, শ্রীগৌরসুন্দর ও শ্রীরাধাকৃষ্ণের ত্রিসন্ধ্যারাত্রিক ও ভোগারাত্রিক প্রভৃতি বর্ণন করিয়াছেন। আরতি—অর্চ্চনের একটী বিশিষ্ট অঙ্গ। কীর্ত্তনমুখে সেই অঙ্গের অনুশীলন হইলেই তাহা সুষ্ঠু হয়। এইজন্য পূর্ব্ব মহাজন ও পদকর্ত্তৃগণ এই সকল আরতি-কীর্ত্তন রচনা করিয়াছেন। কিন্তু প্রাকৃত-সহজিয়া-সম্প্রদায়ে বা বিভিন্ন মন্দিরাদিতে যে-সকল আরতি-কীর্ত্তন 'মহাজনের পদ' বলিয়া প্রচারিত রহিয়াছে, তাহাতে কএক শতাব্দীর নানাপ্রকার ভক্তিসিদ্ধান্ত-বিরুদ্ধ চিন্তা-স্রোতের আবর্ত্তনার ন্যূনাধিক সংমিশ্রণ ও সমাবেশ পরিলক্ষিত হয়। প্রাচীন মহাজনের ভনিতা বা পুষ্পিকার দোহাই দিয়া অনেক সম্ভোগবাদীর ভক্তিসিদ্ধান্ত-বিরুদ্ধ ও রসাভাস-দুষ্ট চিন্তাস্রোতঃ কীর্ত্তনাদির মধ্যে প্রবেশ লাভ করিয়াছে। এজন্য প্রাচীন পদাবলী সাহিত্যের মধ্য হইতে সাধারণ লোক প্রকৃত মহাজনের পদ চয়ন

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

করিয়া লইতে পারেন না। বৈষ্ণব-সমাজের এইরূপ দুর্দ্দশা দেখিয়া ঠাকুর ভক্তিবিনোদ শুদ্ধ ভজনের নির্ম্মলতা সংরক্ষণের জন্য ভক্তি-সিদ্ধান্ত-সম্মত ও গৌর-বিহিত গান-সমূহ রচনা করিয়াছেন। ভক্তি-বিনোদের রচিত আরতি-গান-সমূহ শুদ্ধভক্তি-সিদ্ধান্তে সুবলিত।

ভক্তিবিনোদ প্রতি-কার্য্য, প্রতি-পদবিক্ষেপ যাহাতে কৃষ্ণসেবার অনুকূল হয়—তদ্দ্বারা যাহাতে নিষ্কপটভাবে অহৈতুকী কৃষ্ণসেবা সিদ্ধ হয়, সেইরূপ শিক্ষা প্রদান করিয়াছেন। প্রসাদ-সেবন-কালে প্রসাদকে যাহাতে 'ভোগ্যবস্তু' বিচার না করিয়া কৃষ্ণ-সম্বন্ধি 'সেব্য-বস্তু' বলিয়া উপলব্ধি হয়, প্রসাদে যাহাতে 'তদীয় বিচার' বা ভগবানের কৃপাবতার বিচার করিয়া তাঁহার সম্মানের জন্য চিত্ত-বৃত্তি পরিনিষ্ঠিত থাকে; প্রসাদ-সেবন-কালে 'হরি-গুরু-বৈষ্ণবের অধরামৃত পান করিতেছি'—এইরূপ সেবোন্মুখ-বুদ্ধিযুক্ত থাকিয়া যাহাতে আমরা মায়া-নির্ম্মুক্ত ও কৃষ্ণ-স্মৃতিতে উদ্ভাসিত হইতে পারি; আমরা নিজেদের দেহেন্দ্রিয়তর্পণোদ্দেশ্যমূলে Vitamin A, B, C, D, E বা F খাদ্য যেন ভোগ বা ত্যাগ না করি, 'ভগবৎপ্রসাদ আমাদের বহির্ম্মুখ রুচির ইন্ধন বা উপকরণ'—এই বিচারের পরিবর্ত্তে যাহাতে 'কোন্ কোন্ বিচিত্রতা ভক্ত ও ভগবানের প্রিয় এবং তাঁহাদের প্রীতিতেই আমাদের প্রীতি'—এই স্মৃতি ও বিচার লইয়া প্রসাদ সেবা করিতে পারি, তজ্জন্য ভক্তিবিনোদ প্রসাদ-সেবন-কালেও হরি-কীর্ত্তন-মুখে হরিসেবায় নিযুক্ত থাকিতে বলিয়াছেন। 'প্রসাদ' অর্থে ভগবান্ বা বৈষ্ণবের কৃপা। কৃপা ভোগ্য বা ত্যাজ্য বস্তু নহে, তাহা নিত্য-সেব্য—

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"শরীর অবিদ্যা-জাল, জড়েন্দ্রিয় তাহে কাল,
জীবে ফেলে বিষয়-সাগরে।
তার মধ্যে জিহ্বা অতি, লোভময় সুদুর্ম্মতি,
তা'কে জেতা কঠিন সংসারে॥
কৃষ্ণ বড় দয়াময়, করিবারে জিহ্বা জয়,
স্বপ্রসাদ-অন্ন দিল ভাই।
সেই অন্নামৃত পাও, রাধাকৃষ্ণ গুণ গাও,
প্রেমে ডাক চৈতন্য-নিতাই॥

* * *

একদিন শান্তিপুরে, প্রভু অদ্বৈতের ঘরে,
দুই প্রভু ভোজনে বসিল।
শাক করি' আস্বাদন, প্রভু বলে ভক্তগণ,
এই শাক কৃষ্ণ আস্বাদিল॥
হেন শাক আস্বাদনে, কৃষ্ণপ্রেম আইসে মনে,
সেই প্রেমে কর আস্বাদন।
জড়বুদ্ধি পরিহরি, প্রসাদ ভোজন করি',
হরি হরি বল সর্ব্বজন॥"

প্রত্যেক কার্য্যে কৃষ্ণের ইন্দ্রিয়তর্পণ-স্মরণ ও নিজেকে সেই অপ্রতিহত কৃষ্ণেন্দ্রিয়-তর্পণ-যজ্ঞের ইন্ধন বা উপকরণ বলিয়া উপলব্ধি বৈষ্ণব-ধর্ম্মের মর্ম্মকথা। প্রসাদ-সেবনকালেও কৃষ্ণলীলার উদ্দীপনই কৃষ্ণভজনের অনুকূল। এইজন্য ঠাকুর ভক্তিবিনোদ গীতাবলীতে

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

প্রসাদ-সেবনকালে শ্রীমন্মহাপ্রভুর নবদ্বীপ-লীলা, নীলাচল-লীলা ও শ্রীকৃষ্ণের বাল্য-লীলাদি বর্ণন করিয়াছেন। শচীর অঙ্গনে মাধবেন্দ্র-পুরী কখনও কখনও সন্ন্যাসিগণের সহিত অতিথিরূপে আগমন করিয়া শচী-মাতার হস্ত-পাচিত অন্ন-ব্যঞ্জনাদি হরির ভোগ্যরূপে গ্রহণ করিতেন ও কৃষ্ণপ্রেমে বিভোর হইতেন। শ্রীচৈতন্য-নিত্যানন্দ-শ্রীবাসাদি ভক্তবৃন্দ শ্রীগৌরীদাস পণ্ডিতের ঘরে বিচিত্র-নৈবেদ্য-সম্ভার আস্বাদন করিতেন। নীলাচলে শ্রীচৈতন্য-ভক্তগণ শিব-বিরিঞ্চি-পূজিত মহাপ্রসাদ সম্মানের মহিমা কীর্ত্তন করিতেন। কৃষ্ণ-লীলায় যশোদা-রোহিণী রামকৃষ্ণ গোচারণে দূরে যাইবেন জানিয়া নানাপ্রকার ভোজ্য-সামগ্রী প্রস্তুত করিয়া দিতেন। বয়স্য রাখালগণ কৃষ্ণের সহিত সেই সকল দ্রব্য আস্বাদন করিয়া আনন্দে উৎফুল্ল হইতেন। এই সকল লীলা কীর্ত্তনমুখে স্মরণ করিতে করিতে মহাপ্রসাদ সম্মান করিবার আদর্শ ঠাকুর ভক্তি-বিনোদ তাঁহার "গীতাবলী"তে শিক্ষা দিয়াছেন।

গীতাবলীতে **নগর-কীর্ত্তনের** আটটী সঙ্গীত আছে। তন্মধ্যে নামহট্টের ঘোষণাসূচক সঙ্গীতটী সর্ব্বপ্রথম দেখিতে পাওয়া যায়। এই নগর-কীর্ত্তনও শ্রদ্ধাবন্ত জনসাধারণ বা mass কে হরিসেবায় জাগরূক করিবার একটী বিশিষ্ট উপায়। শ্রীমন্মহাপ্রভু ইহা আবিষ্কার করিয়াছেন। তদনুসরণে তদনুগ জনগণ মোহনিদ্রাভিভূত জন-সাধারণকে জাগাইবার জন্য নগরে-নগরে, গ্রামে-গ্রামে খোল-করতালসহ সঙ্কীর্ত্তন করিয়া ভ্রমণ করেন। নগর-কীর্ত্তনের কতক-গুলি সঙ্গীত ঠাকুর ভক্তিবিনোদ গীতাবলীতে গুম্ফিত করিয়াছেন।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"কৃষ্ণের সংসার কর ছাড়ি' অনাচার।
জীবে দয়া, কৃষ্ণনাম,—সর্ব্বধর্ম্মসার॥"

—এই পদটী নগর-কীর্ত্তনের প্রথম গীতের শেষ দুই চরণ। নগর-কীর্ত্তনের দ্বিতীয় সঙ্গীত—

"গায় গোরা মধুর স্বরে।
হরে কৃষ্ণ হরে কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ হরে হরে।"

ইত্যাদি। এই কীর্ত্তনের উপসংহারে ঠাকুর ভক্তিবিনোদ জীবকে উপদেশ দিয়া বলিতেছেন—

"এখনও চেতন পেয়ে,
রাধামাধব নাম বলরে॥
জীবন হইল শেষ, না ভজিলে হৃষীকেশ,
ভক্তিবিনোদোপদেশ,
একবার নামরসে মাতরে॥"

গীতাবলীর তৃতীয় সঙ্গীতটি আশার কুহকে মত্ত জীবকুলের মোহমুদ্গর-স্বরূপ। ইহাতে দেহাদিতে প্রযত্ন, অহংতা-মমতা, জয়-পরাজয়, ক্রোধ-হিংসা-দ্বেষ পরিত্যাগ-পূর্ব্বক গৌর-পদাশ্রয় করিয়া রাধাকৃষ্ণ-নামগানে চিদানন্দরসময় হইবার করুণ আবেদন রহিয়াছে! ঠাকুর ভক্তিবিনোদের কোন গানেই সম্বন্ধ-জ্ঞানোপদেশের অভাব নাই,—ইহাই তাঁহার গীতাবলীর বৈশিষ্ট্য। গীতাবলীর নগর-সঙ্কীর্ত্তনের চতুর্থ সঙ্গীতটি বহুল প্রচারিত হইয়াছে—

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"রাধাকৃষ্ণ বল্ বল্ বলরে সবাই।
(এই) শিক্ষা দিয়া, সব নদীয়া,
ফির্ছে নেচে গৌর-নিতাই॥" ইত্যাদি।

এখানেও ঠাকুর ভক্তিবিনোদের সম্বন্ধজ্ঞানোপদেশে কোন-প্রকার কার্পণ্য নাই—

(মিছে) "মায়ার বশে, যাচ্ছ ভেসে,
খাচ্ছ হাবুডুবু ভাই।
(জীব) কৃষ্ণদাস, এ বিশ্বাস,
কর্‌লে ত' আর দুঃখ নাই॥"

ঠাকুর ভক্তিবিনোদ এই নগর-কীর্ত্তনটী করিতে করিতে সকলের নিকট একটী ভিক্ষা চাহিয়া ফেলিয়াছেন—

(রাধা) "কৃষ্ণ বল, সঙ্গে চল,
এইমাত্র ভিক্ষা চাই।"

নগরে ও গ্রামে গৃহিগণ গৃহ বাঁধিয়া বাস করেন। অবধূত-বেশী নিত্যানন্দের বাতুল ভক্তিবিনোদ সকলকে তাঁহার সঙ্গে চলিবার জন্য অর্থাৎ রূপানুগ হইবার জন্য আহ্বান করিতেছেন। 'রাধাকৃষ্ণ বলিতে বলিতে আমার অনুসরণ কর অর্থাৎ তোমরাও হরি-কীর্ত্তনের প্রচারক হও'—ইহাই মহাপ্রভুর শিক্ষা—

"যারে দেখ, তারে কহ কৃষ্ণ-উপদেশ।
আমার আজ্ঞায় 'গুরু' হঞা তার' এই দেশ॥"

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

নগর-সংকীর্ত্তনের পঞ্চম সঙ্গীতে—জীবের জন্য গোরাচাঁদ উচ্চৈঃস্বরে যে মহামন্ত্র কীর্ত্তন করিয়াছেন, সকলকে উচ্চৈঃস্বরে সেই নামের অনুকীর্ত্তন করিবার জন্যই ভক্তিবিনোদ আহ্বান করিয়াছেন এবং বৎসল ও মধুর রসের বিষয়-বিগ্রহ যশোদা-জীবন ও গোপীপ্রাণধনের নাম-কীর্ত্তন করিবার উপদেশ করিতেছেন। সেই ব্রজেন্দ্র-নন্দনের সেবা করিতে গেলে অঘ, বক, পূতনা প্রভৃতি অনর্থের প্রতীক-সমূহ উপস্থিত হয়, কিন্তু কৃষ্ণ অসুরকুলকে বিনাশ ও ব্রহ্মার বিমোহন করিয়া ব্রজবাসিগণের উপকার করিয়া থাকেন। এই গীতে ভক্তিবিনোদ এই আশ্বাস প্রদান করিয়াছেন।

ষষ্ঠ সঙ্গীতে সপার্ষদ শ্রীগৌরসুন্দর নদীয়া-নগরে ভ্রমণ করিতে করিতে যে—

"হরি হরয়ে নমঃ কৃষ্ণ যাদবায় নমঃ।
গোপাল গোবিন্দ রাম শ্রীমধুসূদন॥"

নাম-কীর্ত্তন করিতেন, সেই লীলাই নগর-কীর্ত্তনরূপে শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ বর্ণন করিয়াছেন।

সপ্তম সঙ্গীতে নিতাইচাঁদ গোলোক হইতে যে নামচিন্তামণি আনয়ন করিয়া নামের হাটে শ্রদ্ধা-মূল্যে বিতরণ করিতেছেন, সেই লীলা কীর্ত্তিত হইয়াছে। এখানেও ভক্তিবিনোদ নামাভাস ও শুদ্ধনামের বিচার প্রদর্শন করিয়া তাঁহার স্বভাব-সুলভ মহাবদান্যতা ও বৈশিষ্ট্য প্রদর্শন করিতে ক্ষান্ত হন নাই।

নগর-কীর্ত্তনের অষ্টম সঙ্গীত বা শেষ সঙ্গীতটী সর্ব্বত্র প্রসিদ্ধ—

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"হরি ব'লে মোদের গৌর এলো।
এলরে গৌরাঙ্গচাঁদ প্রেমে এলো-থেলো॥"

'শ্রীসজ্জনতোষণী' পত্রিকার চতুর্থ খণ্ডের ২৪৪ পৃষ্ঠায় এই নগর-কীর্ত্তন-গীতিটার শিরোনাম দেওয়া হইয়াছে—"ধাম-পরিক্রমায় বৈষ্ণব-সকল আসিলে তদুদ্দেশ্যে গীত"।

গীতাবলীতে গীত বা কীর্ত্তনের নিম্নলিখিত বিভাগ দেখিতে পাওয়া যায়—

(১) অরুণোদয়-কীর্ত্তন, (২) আরতি-কীর্ত্তন, (৩) প্রসাদ-সেবা-কালীন কীর্ত্তন, (৪) শ্রীনগর-কীর্ত্তন, (৫) শ্রীনাম-কীর্ত্তন, (৬) শ্রেয়ো-নির্ণয়, (৭) শ্রীনামাষ্টক, (৮) শ্রীরাধাষ্টক, (৯) শ্রীমন্মহাপ্রভুর শত-নাম-গান, (১০) কৃষ্ণের বিংশোত্তর শতনাম সংকীর্ত্তন ও (১১) শিক্ষাষ্টক-কীর্ত্তন।

শ্রীনাম-সংকীর্ত্তনে পাঁচটী সঙ্গীত দেখিতে পাওয়া যায়। নাম-সংকীর্ত্তনের প্রথম সঙ্গীতে "যশোমতি-নন্দন, ব্রজবর নাগর, গোকুল-রঞ্জন কান" প্রভৃতি নাম-সমূহ ঠাকুর ভক্তিবিনোদের বিশেষ প্রিয় ও তদ্দ্বারা ভক্তিবিনোদের গৌরজনত্ব ও রূপানুগবরত্ব পরিব্যক্ত হইয়া পড়িয়াছে। শ্রীরূপগোস্বামি-প্রভু যেমন তাঁহার নামাষ্টকের—

"অঘদমন-যশোদানন্দনৌ নন্দসূনো
কমলনয়ন-গোপীচন্দ্র-বৃন্দাবনেন্দ্রাঃ।
প্রণতকরুণ-কৃষ্ণাবিত্যানেকস্বরূপে
ত্বয়ি মম রতিরুচ্চৈর্বর্দ্ধতাং নামধেয় ॥"

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

শ্লোকে যশোদানন্দন ও গোপীচন্দ্র—এই নাম দুইটীর দ্বারা বাৎসল্য ও মধুর রসের বিষয়-বিগ্রহ যশোদা-নন্দন ও শ্যামসুন্দর এই দুইটী নামেই অধিক প্রীতি দেখাইয়াছেন, শ্রীল ভক্তিবিনোদও তাঁহার নাম-কীর্ত্তনে যে-সকল নাম কীর্ত্তন করিয়াছেন, তদ্দ্বারা শ্রীরূপের ঐ চিত্তবৃত্তি ও রূপানুগবর শ্রীল কবিরাজ গোস্বামি-কথিত শ্রীবল্লভ ভট্টের প্রতি শ্রীমন্মহাপ্রভুর নিম্নলিখিত উক্তির অনুসরণ করিয়াছেন—

"প্রভু কহে,—কৃষ্ণনামের বহু অর্থ না মানি।
'শ্যামসুন্দর' 'যশোদানন্দন,'—এই মাত্র জানি॥"

কৃষ্ণনামের 'রূঢ়ি' অর্থ—

তমালশ্যামলত্বিষি শ্রীযশোদাস্তনন্ধয়ে।
কৃষ্ণনাম্নো রূঢ়িরিতি সর্ব্বশাস্ত্র-বিনির্ণয়ঃ॥

(চৈঃ চঃ অ ৭।৮১-৮২ ও কৃষ্ণসন্দর্ভে ধৃত শ্রীলক্ষ্মীধর-কৃত নামকৌমুদী-শ্লোক)

[তমাল-শ্যামলবর্ণ ও যশোদা-স্তনপায়ী,—এই দুইটী কৃষ্ণনামে সর্ব্বশাস্ত্র-বিনির্ণীত রূঢ়ি অর্থাৎ মুখ্য অর্থ বর্ত্তমান]

ঠাকুর ভক্তিবিনোদ নাম-কীর্ত্তনের মধ্যে 'অমল হরিনাম অমিয় বিলাসা' পদের দ্বারা নাম বিচিত্র-বিলাসময়; নামেই রূপ, গুণ, পরিকর, লীলা—সমস্ত বিরাজিত আছেন,—ইহা প্রদর্শন করিয়াছেন। উপরি-উক্ত পদের অব্যবহিত পরেই শ্রীল ভক্তিবিনোদ কৃষ্ণলীলা বর্ণন করিতেছেন। যেমন, বিপিন-পুরন্দর, অসুরকুল-নাশন, নবনীত-তস্কর, গোপী-বসনহর, রাসরসিক প্রভৃতি নাম।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

নাম-সংকীর্ত্তনের দ্বিতীয় সঙ্গীত—

"দয়াল নিতাই-চৈতন্য ব'লে নাচ্‌রে আমার মন।"

একটী বিশেষ সিদ্ধান্তপূর্ণ সঙ্গীত। শ্রীনিত্যানন্দ ও শ্রীচৈতন্যের কৃপা ব্যতীত অনর্থ-অপরাধ, কৃষ্ণনামে রুচি ও ভব-বন্ধন দূর হইতে পারে না এবং বৃন্দাবনে রাধাশ্যামের সেবাও লাভ হয় না। এই সঙ্গীতটিতে গৌর-জন ভক্তিবিনোদ গৌরবাদী ও কৃষ্ণবাদী উভয়ের মতবাদ নিরাস করিয়াছেন। গৌরবাদিগণ বলেন,—যখন গৌরই 'কৃষ্ণ' তখন গৌর-ভজনই কৃষ্ণ-ভজন, কৃষ্ণনাম-গ্রহণের আর প্রয়োজন নাই। আবার কৃষ্ণবাদিগণ বলেন,—এক কৃষ্ণের নামানুশীলনেই কৃষ্ণকে পাওয়া যায়, গৌরসুন্দরের আশ্রয়ের কোন প্রয়োজনীয়তা নাই। ঐ উভয় মতবাদই মায়া-মিশ্রিত ও রূপানুগ-সিদ্ধান্তবিরুদ্ধ। নিতাই-গৌরের কৃপা হইলে কৃষ্ণনামে রুচি হয়, গৌরের কৃপা হইলে বৃন্দাবনে তাঁহাকেই রাধাশ্যামরূপে দর্শন হয়। রূপানুগবর শ্রীল নরোত্তম ঠাকুরও তাঁহার প্রার্থনার প্রথম সঙ্গীতে নিতাই-চাঁদের করুণায় সংসার-বাসনা-নিবৃত্তি, বিষয় হইতে বিরতি, চিত্তশুদ্ধি ও শ্রীবৃন্দাবন-দর্শনে যোগ্যতা-লাভ, গৌরাঙ্গ-নামে পুলক হইলে কৃষ্ণনামে নয়নে প্রেমাশ্রু-উদয়, শ্রীরূপ-রঘুনাথের পাদপদ্মে আর্ত্তি হইলে যুগলপ্রেম বুঝিবার সামর্থ্যের কথা জানাইয়াছেন।

ঠাকুর ভক্তিবিনোদ তাঁহার নাম-কীর্ত্তনের প্রতি-ছত্রে সম্বন্ধ-জ্ঞান ও অপরাধশূন্য হইয়া নাম-কীর্ত্তন করিবার উপদেশ দিয়াছেন—

"হরি ব'লে দেও ভাই আশার মুখে ছাইরে।

(নিরাশ ত' সুখরে)

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ভোগ-মোক্ষ-বাঞ্ছা ছাড়ি' হরিনাম গাইরে।
(শুদ্ধসত্ত্ব হ'য়েরে)"

আবার গাহিয়াছেন—

"অসৎসঙ্গ ছাড়ি' ভাই বোল হরি বোল।
বৈষ্ণবের চরণে পড়ি', বোল হরি বোল॥"

নাম-সঙ্কীর্ত্তনের সর্ব্বশেষ-সঙ্গীতে গাহিয়াছেন—

"গুরুকৃপা-জলে নাশি' বিষয়-অনল।
রাধাগোবিন্দ বল (চার বার)
কৃষ্ণেতে অর্পিয়া দেহ-গেহাদি সকল।
রাধাগোবিন্দ বল (চার বার)
অনন্যভাবেতে চিত্ত করিয়া সরল।
রাধাগোবিন্দ বল (চার বার)
রূপানুগ-বৈষ্ণবের পিয়া পদজল।
রাধাগোবিন্দ বল (চার বার)
দশ-অপরাধ ত্যজি' ভুক্তি-মুক্তি-ফল।
রাধাগোবিন্দ বল (চার বার)
সখীর চরণরেণু করিয়া সম্বল।
রাধাগোবিন্দ বল (চার বার)
স্বরূপেতে ব্রজবাসে হইয়া শীতল।
রাধাগোবিন্দ বল (চার বার)"

ঠাকুর ভক্তিবিনোদের এক একটী গীতিই এক একটী পরিপূর্ণ সম্বন্ধ অভিধেয় ও প্রয়োজনাত্মক-গ্রন্থ। তাঁহার গীতি-সাহিত্য

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

আলোচনা করিয়া মূর্খ ও পণ্ডিত সমভাবে শাস্ত্রের প্রকৃত তাৎপর্য্য অবধারণ করিতে পারেন, অন্য গ্রন্থ হইতে উপদেশ-সংগ্রহের আবশ্যকতা থাকে না।

ঠাকুর ভক্তিবিনোদ তাঁহার গীতাবলীর শ্রেয়োনির্ণয়-পরিচ্ছেদে কিরূপ সাধারণ যুক্তির দ্বারা সম্বন্ধ-জ্ঞানের উপদেশ দিয়াছেন, তাহা বিচার করিলে চমৎকৃত হইতে হয়। ঠাকুর ভক্তিবিনোদ বিভিন্ন মনোধর্ম্মি-সম্প্রদায়ের নানা কাণ্ড, নানা মত, নানা পথ বা 'যত মত তত পথে'র যে মূল্য নিঃশ্রেয়স লাভের পক্ষে খুবই কম, বরং প্রতিবন্ধক বা উপাধি, তাহা অতীব দুঃখের সহিত জানাইয়াছেন। ঠাকুর নরোত্তম—

"জ্ঞান, কর্ম্ম করে লোক, নাহি জানে ভক্তিযোগ,
নানা মতে হইয়া অজ্ঞান।
তা'র কথা নাহি শুনি, পরমার্থ-তত্ত্ব জানি,
প্রেমভক্তি ভক্তজন-প্রাণ॥"

প্রভৃতি পদের মধ্যে যে-সকল কথা বিনা যুক্তিতে কীর্ত্তন করায় যশোভিলাষী ব্যক্তিগণ ঠাকুর নরোত্তমকে "গোঁড়া একঘেয়ে" প্রভৃতি বলিয়া ঠাকুর মহাশয়ের চরণে অপরাধ করিয়াছে, ভক্তিবিনোদ তাহাই সংক্ষিপ্ত, পরিমিত ও সারগর্ভ যুক্তির সহিত কীর্ত্তন করিয়া সত্যানুসন্ধিৎসুর পরম মঙ্গল বিধান করিয়াছেন। তিনি শ্রেয়োনির্ণয়ে বলিয়াছেন—

"কৃষ্ণভক্তি বিনা কভু নাহি ফলোদয়।
মিছে সব ধর্ম্মাধর্ম্ম জীবের উপাধিময়॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

যোগ-যাগ-তপো-ধ্যান সন্ন্যাসাদি ব্রহ্মজ্ঞান,
নানাকাণ্ডরূপে জীবের বন্ধন-কারণ হয় ॥
বিনোদের বাক্য ধর, নানাকাণ্ড ত্যাগ কর,
নিরুপাধি কৃষ্ণপ্রেমে হৃদয়ে দেহ আশ্রয় ॥"
"আর কেন মায়াজালে পড়িতেছ জীব-মীন।
নাহি জান বদ্ধ হ'য়ে র'বে তুমি চিরদিন ॥"

—শ্রেয়োনির্ণয়ের এই দ্বিতীয় সঙ্গীতে ঠাকুর ভক্তিবিনোদ কৃষ্ণ, জীব ও মায়ার স্বরূপ এবং কৃষ্ণভক্তি ও কৃষ্ণপ্রেমের স্বরূপ অতি প্রাণস্পর্শী ঝঙ্কারে বর্ণন করিয়াছেন।

শ্রেয়োনির্ণয়ের তৃতীয় সঙ্গীতে সচ্চিদানন্দে (কৃষ্ণে) প্রীতিকে ঠাকুর ভক্তিবিনোদ একটি রূপবতী-নারীরূপে বর্ণন করিয়াছেন। দয়া, ধর্ম্ম প্রভৃতি গুণ সেই সতী রমণীর অঙ্গের ভূষণ; কৃষ্ণ-জ্ঞান তাহার পট্টশাড়ি, ভক্তিযোগ তাহার সুগন্ধ, প্রীতি সেই সকল ভূষণে ভূষিতা হইয়া কৃষ্ণের মন চুরি করিতেছে। ভক্তিবিনোদ বলিতেছেন—রূপ ব্যতীত অলঙ্কারের যেরূপ কোন মূল্য নাই, কৃষ্ণপ্রীতি-বিহীন দয়া-ধর্ম্মাদি গুণেরও কিছুই মূল্য নাই, উহারা কৃষ্ণের সন্তোষ-বিধান করিতে পারে না। যেরূপ বানরীর অঙ্গের অলঙ্কার উহার শোভা-বর্দ্ধনের পরিবর্ত্তে উহাকে হাস্যোদ্দীপক করিয়া তুলে, তদ্রূপ কৃষ্ণপ্রেম ব্যতীত দয়া-ধর্ম্মাদি-গুণকে ভক্তিবিনোদ কখনও আদর করেন না।

শ্রেয়োনির্ণয়ের চতুর্থ সঙ্গীতটি নিরাকারবাদি-সম্প্রদায়ের বিচার-খণ্ডনমূলে রচিত হইয়াছে—

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"নিরাকার নিরাকার করিয়া চীৎকার।
কেন সাধকের শান্তি ভাঙ্গ ভাই বার বার॥
তুমি যা' বুঝেছ ভাল, তাই ল'য়ে কাট কাল,
ভক্তি বিনা ফলোদয় তর্কে নাহি জান সার॥"

শ্রেয়োনির্ণয়ের পঞ্চম সঙ্গীতটী ঠাকুরের 'প্রেমপ্রদীপ' উপন্যাসের চতুর্থ প্রভায় যোগী, বাবাজী প্রভৃতির মুখে ভক্তিবিনোদ কীর্ত্তন করাইয়াছেন—

"কেন আর কর দ্বেষ, বিদেশী জন-ভজনে।
ভজনের লিঙ্গ নানা, নানাদেশে নানাজনে॥
কেহ মুক্ত কচ্ছে ভজে, কেহ হাঁটু গাড়ি' পূজে,
কেহ বা নয়ন মুদি' থাকে ব্রহ্ম-আরাধনে॥
কেহ যোগাসনে পূজে, কেহ সংকীর্ত্তনে মজে,
সকলে ভজিছে সেই একমাত্র কৃষ্ণধনে॥
অতএব ভ্রাতৃভাবে থাক' সবে সুসদ্ভাবে,
হরিভক্তি সাধ সদা, এ জীবনে বা মরণে॥"

ঠাকুরের এই গানটী শুনিয়া অতাত্ত্বিক-লোকের ভ্রম হইতে পারে যে, ঠাকুর চিজ্জড়-সমন্বয়বাদ বা 'যত মত তত পথে'র সমন্বয় করিয়াছেন। বস্তুতঃ তাহা নহে। ইহা শ্রীগীতার নিম্নলিখিত শ্লোক-সমূহের প্রতিধ্বনি—

"যেঽপ্যন্যদেবতা ভক্তা যজন্তে শ্রদ্ধয়ান্বিতাঃ।
তেঽপি মামেব কৌন্তেয় যজন্ত্যবিধিপূর্ব্বকম্॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

অহং হি সর্ব্বযজ্ঞানাং ভোক্তা চ প্রভুরেব চ।
ন তু মামভিজানন্তি তত্ত্বেনাতশ্চ্যবন্তি তে॥"

(গীতা ৯।২৩-২৪)

তথাকথিত সর্ব্বধর্ম্ম-সমন্বয়-সম্বন্ধে শ্রীল ঠাকুর ভক্তিবিনোদের বিচার এইরূপ—

"যদি সর্ব্বনিষ্ঠা শ্রেষ্ঠ হয়, তবে জগতে আর অশ্রেষ্ঠ কে আছে? যে যাহাতে নিষ্ঠা করে, তাহাই ভাল। ভাল-মন্দের বিচার কি? মুড়ি-মিছরি একই হইয়া পড়ে। জীবের আর সাধন-ভজনের কিছুই প্রয়োজন থাকে না। তাহা হইলে বেশ্যা-নিষ্ঠ লম্পট ও তৎসঙ্গ-নিস্পৃহ পরমহংস—এ দুইয়ের ভেদ কি? তাহা হইলে অতদ্ ও তদ্—দুই এক। অতএব সকল বিষয়ে নিরপেক্ষতাকে ভাল বলা যায় না, বরং সংসাপেক্ষ হইয়া নিরপেক্ষতাকে বিসর্জ্জন দেওয়াই কর্ত্তব্য। বস্তুতঃ সদ্বস্তু-নিষ্ঠাই শ্রেয়ঃ এবং অসংনিষ্ঠাই দোষ। * * * প্রীতি-তত্ত্বের জীবনই নৈষ্ঠিকতা। ** পরমারাধ্যা ব্রজাঙ্গনাগণ কৃষ্ণ-মাধুর্য্যে এতদূর মুগ্ধা যে, কৃষ্ণ স্বয়ং চতুর্ভুজ হইলে তাঁহারা নিরপেক্ষ-ভাব প্রকাশ করিলেন। * * *

আমরা করযোড়ে সমস্ত জগৎকে বলিতেছি,—হে ভ্রাতৃবর্গ, নিরপেক্ষতা বিষয়-সম্বন্ধেই থাকুক, ভগবৎ-সম্বন্ধে উঁহাকে চিত্ত হইতে দূর কর। ভগবানের নিত্য-লীলা অবলম্বন করিয়া তাঁহার নিত্য-স্বরূপের সেবা লাভ কর। মায়িক লীলার মধ্যেও তাঁহার নিত্য-লীলার পরিচয় আছে। জড়ীয় সাকার-নিরাকার-বিবাদ পরিত্যাগ-পূর্ব্বক অচিন্ত্য-ভেদাভেদতত্ত্ব-স্বরূপ সেই ভগবৎ-সৌন্দর্য্য

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

র্শন কর। ব্রহ্মশক্তি ব্রহ্ম হইতে অভেদ ও নিত্য। সাধনভক্তি-দ্বারা ভাবভক্তি ও তদ্দ্বারা নির্গুণ প্রেমভক্তি লাভ কর। ঈশ্বর-পরমাত্মাদি সাম্বন্ধিক স্বরূপ অতিক্রম করতঃ নিত্যস্বরূপ ভগবান্‌কে প্রীতিযত্নে লাভ কর।" (সজ্জনতোষণী, ২য় খণ্ড, ১১১-১১৩ পৃষ্ঠা)

ঠাকুর ভক্তিবিনোদ তাঁহার উপরি-উক্ত গীতির বিবৃতি যেন 'কৃষ্ণসংহিতা'র উপক্রমণিকায় এইরূপভাবে প্রদান করিয়াছেন—

"সম্প্রদায়-লক্ষণটী প্রাচীনকাল হইতে সর্ব্বদেশে দৃষ্ট হয়। কোমলশ্রদ্ধ পুরুষদিগের মধ্যে ইহা অত্যন্ত প্রবল। মধ্যমাধিকারীরাও কিয়দংশে ইহাকে বরণ করেন। উত্তমাধিকারিগণের সাম্প্রদায়িকতা নাই। লিঙ্গ-নিষ্ঠাই সম্প্রদায়ের প্রধান চিহ্ন। এই লিঙ্গ তিন প্রকার অর্থাৎ আলোচকগত, আলোচনাগত ও আলোচ্যগত। সাম্প্রদায়িক সাধকগণ কতকগুলি বাহ্য চিহ্ন স্বীকার করেন, তাহাই আলোচকগত লিঙ্গ,—মাল্য-তিলকাদি, গৈরিক-বস্ত্রাদি ও বিদেশীয়গণের মধ্যে ব্যাপটিসম্ সুন্নতাদি ইহার উদাহরণ। উপাসনা-কার্য্যে যে-সকল ভিন্ন ভিন্ন কার্য্য নির্ণীত হয়, তাহাই আলোচনাগত লিঙ্গ;—যজ্ঞ, তপস্যা, হোম, ব্রত, স্বাধ্যায়, ইজ্যা, দেবমন্দির, বিশেষ বিশেষ বৃক্ষ-নদ্যাদির বিশেষ বিশেষ পাবিত্র্য, মুক্তকচ্ছতা, আচার্য্যাভিমান, বদ্ধকচ্ছতা, চক্ষুনিমীলন, বিশেষ বিশেষ পুস্তকাদির সম্মাননা, আহারীয় বস্তু-সমুদায়ে বিধি-নিষেধ, বিশেষ বিশেষ দেশ-কালের পবিত্রতা ইত্যাদি ইহার উদাহরণ। পরমেশ্বরের নিরাকার-সাকার-ভাবস্থাপন, ভগবদ্ভাবের নির্দ্দেশক-নিরূপণ অর্থাৎ মূর্ত্ত্যাদি স্থাপন, তাঁহার অবতার-চেষ্টা-প্রদর্শন

৮—

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain. Digitizaqtion by eGangotri

ও বিশ্বাস, স্বর্গ-নরকাদি কল্পনা, আত্মার ভাবী অবস্থা বর্ণন ইত্যাদি —আলোচ্যগত লিঙ্গের উদাহরণ। এই সকল পারমার্থিক-চেষ্টা-নির্গত লিঙ্গদ্বারা সম্প্রদায়-বিভাগ হইয়া উঠে। পরন্তু দেশভেদে, কালভেদে, ভাষাভেদে, ব্যবহারভেদে, আহারভেদে, পরিচ্ছেদ-বস্ত্রাদিভেদে ও স্বভাবভেদে যে-সকল ভিন্নতার উদয় হয়, তদ্দ্বারা জাত্যাদি ভেদ-লিঙ্গ-সকল পারমার্থিক লিঙ্গ-সকলের সহিত সংযোজিত হইয়া ক্রমশঃ একদল মনুষ্যকে অন্যদল হইতে এরূপ পৃথক্ করিয়া তুলে যে, তাহারা যে মানব-জাতিত্বে এক,—এরূপ বোধ হয় না। এবম্বিধ ভিন্নতা-বশতঃ ক্রমশঃ বাগ্‌বিতণ্ডা, পরস্পর আহারাদি পরিত্যাগ, যুদ্ধ ও প্রাণনাশ পর্য্যন্ত অপকার্য্য দৃষ্ট হয়। কনিষ্ঠাধিকারী অর্থাৎ কোমল-শ্রদ্ধ পুরুষদিগের মধ্যে ভারবাহিত্ব প্রবল হইলে এই শোচনীয় ঘটনা অনিবার্য্য হইয়া উঠে। যদি সারগ্রাহী প্রবৃত্তি স্থান প্রাপ্ত হয়, তবে লিঙ্গাদি-জনিত বিবাদ-বিসম্বাদে প্রবৃত্ত না হইয়া কোমলশ্রদ্ধ পুরুষেরা উচ্চাধিকার প্রাপ্তির যত্ন পাইয়া থাকেন। মধ্যমাধিকারীরা বাহ্য লিঙ্গ লইয়া ততদূর বিবাদ করেন না, কিন্তু জ্ঞানগত লিঙ্গাদি দ্বারা তাঁহারা সর্ব্বদা আক্রান্ত থাকেন। কোমলশ্রদ্ধ পুরুষদিগের লিঙ্গ-সকলের প্রতি সময়ে সময়ে ঘৃণা প্রকাশ করিয়া তর্কগত লিঙ্গের প্রতিষ্ঠা করেন। আরাধ্য বস্তু নিরাকার,—এই তর্কগত আলোচ্য-নিষ্ঠ লিঙ্গ-স্থাপনার্থ তাঁহারা কনিষ্ঠাধিকারীদিগের প্রতিষ্ঠিত আলোচ্যগত-লিঙ্গ অর্থাৎ মূর্ত্ত্যাদির অপ্রতিষ্ঠা করিয়া থাকেন। এস্থলে তাঁহাদের ভারবাহিত্বকেই কারণ বলিয়া লক্ষ্য

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

হয়। কেননা, যদি তাঁহাদের উচ্চাধিকার প্রাপ্তি-জন্য সারগ্রাহী চেষ্টা থাকিত, তাহা হইলে উভয় লিঙ্গের সাম্বন্ধিক সম্মাননা করিয়া লিঙ্গাতীত বস্তুর জিজ্ঞাসার উপলব্ধি করিতেন। বস্তুতঃ ভারবাহিত্ব-ক্রমেই লিঙ্গ-বিরোধ উপস্থিত হয়। সারগ্রাহী মহোদয়গণ অধিকারভেদে লিঙ্গভেদের আবশ্যকতা বিচার-পূর্ব্বক স্বভাবতঃ নির্বৈর এবং সাম্প্রদায়িক বিবাদ-সম্বন্ধে উদাসীন হন। এস্থলে জ্ঞাতব্য এই যে, কনিষ্ঠ ও মধ্যমাধিকারীদিগের মধ্যে সারগ্রাহী ও ভারবাহী উভয়বিধ মনুষ্যই লক্ষিত হয়। ভারবাহী লোকেরা যে এই শাস্ত্র আদর করিয়া গ্রহণ করিবেন,—এরূপ আশা করা যায় না। লিঙ্গ-বিরোধ-বিষয়ে সম্পূর্ণ ঔদাসীন্য অবলম্বন-পূর্ব্বক ক্রমোন্নতি-বিধির আদর করিলে কনিষ্ঠ ও মধ্যমাধিকারী —সকলেই সারগ্রাহী হইয়া থাকেন।"

শ্রেয়োনির্ণয়ের ষষ্ঠ সঙ্গীতে—"ভজরে ভজরে আমার মন অতি মন্দ"—ঠাকুর ভক্তিবিনোদের রূপানুগ-ভজনের মর্ম্মকথা প্রকাশিত হইয়াছে। ঠাকুর ভক্তিবিনোদ উক্ত সঙ্গীতের উপসংহারে বলিয়াছেন যে, ভজনানন্দী রূপানুগ সাধুজনের আনুগত্য ব্যতীত কখনও ব্রজবাস সম্ভব নহে।

ষষ্ঠ সঙ্গীতে যেরূপ জীবের মন্দ মনকে হরি-গুরু-বৈষ্ণবের ভজন ও স্মরণের দ্বারা ব্রজের পথে চালনা করিবার প্ররোচনা দিয়াছেন, তদ্রূপ সপ্তম সঙ্গীতে দুষ্ট মনকে বিষয়-বিষ, রিপুর মত্ততা, অসৎকথা, ভুক্তি-মুক্তি-পিপাসা, প্রতিষ্ঠাশা-কুটীনাটী-শঠতাদি বৃত্তি হইতে মুক্ত করিয়া সরল মনে, সাধুসঙ্গে বৈষ্ণব-চরণে রতিবিশিষ্ট হইতে

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

বলিয়াছেন। বৈষ্ণব-চরণে রতি ও আসক্তি ব্যতীত দুষ্ট মন কিছুতেই দমিত হইতে পারে না।

ঠাকুর ভক্তিবিনোদের গীতাবলীর "শ্রীনামাষ্টক" শ্রীরূপের শ্রীনামাষ্টকের পদ্যানুবাদ, ইহা অনুবাদ হইলেও ইহাতে শ্রীরূপানুগবরের মৌলিকত্বের সহিত শ্রীরূপ-পদাঙ্কানুসরণ-বৃত্তিটী পরিস্ফুট হইয়াছে। ঠাকুর ভক্তিবিনোদ তাঁহার সঙ্গীত-সাহিত্যের কোন কোন গীতিতে কোথায়ও মৈথিল, কোথায়ও বা ব্রজবুলি-মিশ্রিত পদ ব্যবহার করিয়াছেন। নামাষ্টকের প্রথম সঙ্গীতটীতে ইহার সাক্ষ্য পাওয়া যায়।

ঠাকুর ভক্তিবিনোদ শ্রীনামাষ্টকের প্রথম, পঞ্চম, ষষ্ঠ, সপ্তম ও অষ্টম গীতিতে শ্রীনাম ও শ্রীরূপের চরণে নামের স্ফুর্ত্তির জন্য প্রার্থনা শিক্ষা দিয়াছেন, যথা—

"নাম-চরণে প'ড়ে, ভক্তিবিনোদ কহে,
তুয়া পদে মাগহু নিলয়॥"
(প্রথমাষ্টক)

"রূপ-স্বরূপ-পদ, জানি' নিজ সম্পদ,
ভক্তিবিনোদ ধরি' মাগে॥"
(পঞ্চমাষ্টক)

"ভকতিবিনোদ মাগে শ্রীরূপ-চরণে।
বাচক-স্বরূপ নামে রতি অনুক্ষণে॥"
(ষষ্ঠাষ্টক)

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"ভক্তিবিনোদ রূপগোস্বামি-চরণে।
মাগয়ে সর্ব্বদা নামস্ফূর্ত্তি সর্ব্বক্ষণে॥" (সপ্তমাষ্টক)

"শ্রীকৃষ্ণ-নাম, রসনে স্ফুরি',
পূরাও আমার আশ।
শ্রীরূপ-পদে, যাচয়ে ইহা,
ভকতিবিনোদ-দাস॥"

(অষ্টমাষ্টক)

পূর্ব্বে বলা হইয়াছে যে, বৎসল ও মধুর রসের বিষয়-বিগ্রহ যশোদা-নন্দন শ্যামসুন্দরই রূপানুগ-গণের আরাধ্য-বস্তু। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষাষ্টকেও 'অয়ি নন্দতনুজ,' 'গোবিন্দ,' 'লম্পট' প্রভৃতি নামের মধ্যে শ্রীযশোদাস্তনন্ধয় তমালশ্যামলত্বিট্ 'গোপীচন্দ্র'কে লক্ষ্য করা হইয়াছে। শ্রীরূপের শ্রীনামাষ্টকেও 'যশোদা-নন্দন' 'নন্দসূনু,' 'কমলনয়ন' 'গোপীচন্দ্র,' 'বৃন্দাবনেন্দ্র' প্রভৃতি নামে তাহা প্রকাশিত হইয়াছে। শ্রীকৃষ্ণের ব্রজভজনগত মধুর ও বৎসল-রতির বিরোধী যে-সকল ভাব আছে, তাহা বিনাশ করিয়াছেন বলিয়া নামাষ্টকে 'পূতনা-ঘাতন,' 'অঘ-বক-মর্দ্দন,' 'কালীয়-শাতন' প্রভৃতি নাম ভক্তিবিনোদ উল্লেখ করিয়াছেন। শ্রীরূপ-প্রভু 'প্রণত-ধর্ম'—এই নামটীতে ঔদার্য্য-বিগ্রহ শ্রীগৌরসুন্দরের পরিচয় প্রদান করিয়াছেন।

গীতাবলীতে শ্রীরাধাষ্টকের আটটী সঙ্গীত রূপানুগ-মুকুন্দনের জীবনরক্ষৌষধি-স্বরূপ। শ্রীরাধাষ্টক কীর্ত্তন করিতে করিতেও শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ ঐকান্তিক-কৃষ্ণ-সম্বন্ধ-জ্ঞানের কথা ও দেহাত্ম-

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

বুদ্ধির মূলক প্রাকৃত-রসবিলাসরূপ দুঃসঙ্গের উপর তীব্র কশাঘাত পরিত্যাগ করেন নাই। ভক্তিবিনোদ ঠাকুর রাধাষ্টকের প্রথমাষ্টকে উপসংহারে গাহিয়াছেন—

"ছোড়ত ধন-জন, কলত্র-সুত-মিত,
ছোড়ত করম গেয়ান।
রাধা-পদপঙ্কজ, মধুরত সেবন,
ভকতিবিনোদ পরমাণ॥"

শ্রীরাধা-পাদপদ্মের সেবক হইবার সুদুর্লভ পরতম সৌভাগ্য-বাঞ্ছার উদয় হইলে ধন, জন, স্ত্রী, পুত্র, জাগতিক মিত্র বা আত্মীয়-স্বজনের প্রতি আসক্তি কর্ম্ম-জ্ঞানের ন্যায় দুঃসঙ্গ-জ্ঞানে ত্যাগ করিতে হইবে। যেমন কর্ম্ম-জ্ঞান-বদ্ধ থাকা-কালে শুদ্ধভক্তি লাভ হয় না, তদ্রূপ ধন-জন-পুত্র-কলত্রাদিতে আসক্তি-থাকা-কালে কিছুতেই শ্রীরাধা-পাদপদ্মের সেবা পাওয়া যায় না। মহাভাগবতের গার্হস্থ্য-লীলা অনর্থযুক্ত জীবের ন্যায় নহে। তাঁহার 'ভজনময় গৃহেতে গোলোক ভায়'। কিন্তু সাধারণ বাহ্য-দৃষ্টিতে মহাভাগবতের গার্হস্থ্য-লীলাও তিনি শেষে রাখিতে চাহেন না। তাঁহার পক্ষে কৃষ্ণের সংসার হইলেও, তাঁহার বিন্দুমাত্র জড়ভোগের সংসার না থাকিলেও তিনি চাহেন—অসঙ্গ হইয়া শ্রীরাধার সেবিকার আনুগত্যে অনুক্ষণ শ্রীরাধা-গোবিন্দের কৈঙ্কর্য্য। শ্রীল রায় রামানন্দ যেরূপ শেষে মহাপ্রভুর ইচ্ছাক্রমে বাহ্য-দৃষ্টিতে সংসার পরিত্যাগ করিয়া শ্রীমন্মহাপ্রভুর হৃদ্গত-ভাবের দোহার হইয়াছিলেন, মহাপ্রভুর সঙ্গে অনুক্ষণ কৃষ্ণরসকথালাপ-প্রসঙ্গে প্রমত্ত

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ছিলেন, সুবল যেরূপ কৃষ্ণের নিত্য-সঙ্গী, ঠাকুর ভক্তিবিনোদ রাধা-পদপঙ্কজ-সেবকেরও সেইরূপ চিত্তবৃত্তির কথা বলিয়াছেন। গৃহ-দেহাসক্ত বা কর্ম্ম-জ্ঞানাসক্ত, ভোগ-ত্যাগাসক্ত, প্রাকৃত-সহজিয়া-সম্প্রদায় মুখে অনুকরণ করিয়া অনুক্ষণ 'রাধে', 'রাধে' বলিলেও শ্রীরাধার কোন সন্ধান পায় না। ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত-সরস্বতী গোস্বামী প্রভুপাদের ভাষায় বলিতে গেলে প্রাকৃত-সহজিয়া-সম্প্রদায়ের সম্মুখে অন্যাভিলাষের বাধাই নিত্য বিরাজিত থাকে। ঠাকুর ভক্তিবিনোদ রাধা ও কৃষ্ণসেবা-প্রাপ্তির গূঢ় রহস্য বলিতেছেন—

"রাধা-পদ বিনা কভু কৃষ্ণ নাহি মিলে।
রাধার দাসীর কৃষ্ণ সর্ব্ববেদে বলে॥"
(প্রথমাষ্টক)

'বিলাপকুসুমাঞ্জলি'তে শ্রীল রঘুনাথ দাস গোস্বামি-প্রভু এই সিদ্ধান্তই করিয়াছেন—

"পাদাব্জয়োস্তব বিনা বর দাস্যমেব
নান্যৎ কদাপি সময়ে কিল দেবি যাচে।
সখ্যায় তে মম নমোঽস্তু নমোঽস্তু নিত্যং
দাস্যায় তে মম রসোঽস্তু রসোঽস্তু সত্যম্॥"

শ্রীরাধার অনুগত-জনের আনুগত্যে ও সঙ্গ-ফলেই কৃষ্ণভজন-রসের আস্বাদন হয়, নতুবা অসম্ভব। শ্রীরূপ-রঘুনাথের কৃপা ব্যতীত শ্রীরাধা-গোবিন্দের কৃপা ও সেবা-লাভ কখনই সম্ভব নহে। কেননা,

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

শ্রীরূপ-রঘুনাথ নিত্য শ্রীরাধা-জন। তাই ঠাকুর শ্রীল ভক্তিবিনোদ শ্রীরাধাষ্টকের ভণিতায় শ্রীরূপ-রঘুনাথের কৃপা-প্রার্থনার আদর্শ প্রদর্শন করিয়াছেন—

"ভকতিবিনোদ, রূপ-রঘুনাথে,
কহয়ে চরণ ধ'রি।
হেন রাধা-দাস্য, সুধীর সম্পদ,
কবে দিবে কৃপা করি'॥"
(চতুর্থাষ্টক)

"এ হেন রাধিকা-পদ, তোমাদের সুসম্পদ,
দন্তে তৃণ যাচে তব পায়।
এ ভক্তিবিনোদ দীন, রাধা দাস্যামৃত-কণ,
রূপ-রঘুনাথ! দেহ তায়॥"
(পঞ্চমাষ্টক)

"এ হেন রাধিকা-চরণ-তলে।
ভকতিবিনোদ কাঁদিয়া বলে॥
তুয়া গণ-মাঝে আমারে গণি'।
কিঙ্করী করিয়া রাখ আপনি॥"
(সপ্তমাষ্টক)

"হেন রাধা-পরিচর্য্যা যাঁকর ধন।
ভকতিবিনোদ তাঁ'র মাগয়ে চরণ॥"
(অষ্টমাষ্টক)

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

শ্রীরাধাষ্টকের পরিশিষ্টে ঠাকুর শ্রীল ভক্তিবিনোদ শ্রীরাধার নাম-গানই রাগাত্মিক শ্রীরূপ-রঘুনাথানুগতানুগত-গণের একমাত্র স্বভাব বলিয়া জানাইয়াছেন। শ্রীরাধার নাম-গানকে ভক্তিবিনোদ Sweet scented Ice-creamএর সঙ্গে তুলনা দিয়াছেন।

"নবসুন্দর পীযূষ রাধিকা-নাম।
অতিমিষ্ট মনোহর তর্পণ-ধাম॥
কৃষ্ণনাম মধুরাদ্ভুত গাঢ় দুগ্ধে।
অতীব যতনে কর মিশ্রিত লুব্ধে॥
সুরভি রাগ হিম রম্য তঁহি আনি'।
অহরহ পান করহ সুখ জানি'॥
নাহি র'বে রসনে প্রাকৃত পিপাসা।
অদ্ভুত রস তুয়া পুরাওব আশা॥"
(শ্রীরাধাষ্টক-পরিশিষ্ট)

সেবোন্মুখ জিহ্বায় শ্রীরাধার নাম-সঙ্গীত নিরন্তর আস্বাদন করিলে কোন প্রাকৃত-পিপাসা থাকে না এবং অপ্রাকৃত উন্নত-উজ্জ্বল-রসের পরিতৃপ্তি ঘটে। পরিশিষ্টের ভণিতায় শ্রীভক্তি-বিনোদ শ্রীরাধা-জন শ্রীল রঘুনাথদাস গোস্বামী প্রভুর আনুগত্যেই শ্রীরাধাকৃষ্ণ-নামের সেবা সম্ভব বলিয়া জানাইয়াছেন—

"দাস-রঘুনাথ-পদে ভক্তিবিনোদ।
যাচই শ্রীরাধাকৃষ্ণ-নাম-প্রমোদ॥"

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

গীতাবলীর শ্রীমন্মহাপ্রভুর শতনাম-গানে শ্রীগৌর-লীলা সংক্ষেপে বর্ণিত হইয়াছে। ঠাকুর শ্রীল ভক্তিবিনোদ 'শ্রীগৌরাঙ্গ-স্মরণ-মঙ্গল-স্তোত্রে' মহাপ্রভুর লীলা বর্ণন করিয়াছেন। শতনাম-কীর্ত্তনেও সেইরূপ নিত্যানন্দের মুখে মহাপ্রভুর আদি, মধ্য ও অন্ত্যলীলা কীর্ত্তন করাইয়াছেন—

"নদীয়া-নগরে নিতাই নেচে গায় রে।
ভক্তিবিনোদ তা'র পড়ে রাঙ্গা পায় রে॥"

ভক্তিবিনোদ মহাপ্রভুর একটী নাম করিয়াছেন—'মর্কট-বৈরাগী-দণ্ডী,' আরও কয়েকটী নামে ভক্তিবিনোদের মৌলিকত্ব প্রকাশিত হইয়াছে। যথা— 'আর্য্যধর্ম্মপাল,' 'মধ্বাচার্য্য-সম্প্রদায়-পাতা', 'কৃষ্ণতত্ত্ব-অধ্যাপক,' 'শ্রীনিবাস-গৃহ-ধন,' 'অন্তর্দ্বীপ-শশধর,' 'সীমন্ত-বিজয়' 'গোদ্রুমবিহারী,' 'মধ্যদ্বীপ-লীলাশ্রয়', 'কোলদ্বীপ-পতি,' 'ঋতুদ্বীপ-মহেশ্বর,' 'জহ্নু-মোদদ্রুম-রুদ্রদ্বীপের ঈশ্বর,' 'নবখণ্ড-রঙ্গ-নাথ,' 'জাহ্নবী-জীবন', 'নগরকীর্ত্তন-সিংহ,' 'ভক্তদোষহন্তা' 'ভারতী-তারণ' 'নির্দ্দণ্ডী সন্ন্যাসী' 'স্বানন্দ-আস্বাদনানন্দী' ইত্যাদি।

ঠাকুর ভক্তিবিনোদ তাঁহার গীতাবলীতে অষ্টপ্রহর নাম-কীর্ত্তনের জন্য শ্রীকৃষ্ণের বিংশোত্তর শতনাম আটটী স্তবকে গ্রথিত করিয়াছেন। মহাপ্রভুর শতনাম-গানে যেরূপ নিতাইর মুখে গৌর-নাম কীর্ত্তন করাইয়াছেন, এখানে তদ্রূপ ভক্তভাবাঙ্গীকারকারী গৌরের মুখে শ্রীকৃষ্ণনাম কীর্ত্তন করাইয়াছেন। শ্রীকৃষ্ণের এই সকল নামের মধ্যে শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের প্রিয়নাম ও বিগ্রহের পরিচয়

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

পাওয়া যায়। ভক্তিবিনোদের বিগ্রহ—'স্বানন্দ-সুখদকুঞ্জবিহারী,' 'রাধামাধব,' 'রাধাবল্লভ,' 'রাধারমণ,' 'রাধাবিনোদ,' 'রাধাকান্ত,' 'রাধারসিক,' 'রাধাপ্রমোদ,' 'রাধানাথ,' 'রাধাচরণামোদ,' 'রাধামিলনামোদ,' 'গিরিধারী,' 'যশোদানন্দন,' 'রাসরসানন্দ,' 'ব্রজজনরঞ্জন,' 'যমুনাতীর-বনচারী,' 'গোপীজনানন্দ' প্রভৃতি।

গীতাবলীতে শ্রীগৌরসুন্দরের শিক্ষাষ্টকের পদ্যানুবাদ-সঙ্গীতে শ্রীভক্তিবিনোদের অপূর্ব্ব মৌলিকত্ব পরিস্ফুট হইয়াছে। "চেতো-দর্পণ মার্জ্জনম্"—এই গৌর-মুখোচ্ছিষ্ট শ্লোকটী যেরূপ গুরু-গম্ভীর ও মাধুর্য্যৌদার্য্য-পরিপূর্ণ, ঠাকুরের—

"চিত্তদর্পণ-পরিমার্জ্জনকারী।
কৃষ্ণকীর্ত্তন জয় চিত্তবিহারী॥"

প্রভৃতি পদসমূহও সেইরূপই পরিপূর্ণ গাম্ভীর্য্য ও ঔদার্য্যের খনি।

"তুয়া দয়া ঐছন পরম উদারা।
অতিশয় মন্দ, নাথ, ভাগ হামারা॥
নাহি জনমিল নামে অনুরাগ মোর।
ভকতিবিনোদ-চিত্ত দুঃখে বিভোর॥"

শিক্ষাষ্টকের দ্বিতীয়াষ্টকের এই কয়েকটী পদ বিরহ-সাগরের উপকরণ দিয়া লিখিত। প্রত্যেকটী পদ্যানুবাদেই ভক্তিবিনোদের রাগাত্মক-চিত্তবৃত্তি ফুটিয়া উঠিয়াছে। অধিকারী পাঠকগণই তাহা পাঠ করিলে উপলব্ধি করিতে পারিবেন। সুতরাং এ সম্বন্ধে অধিক বলা বাহুল্য মাত্র।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

বৈষ্ণব-সিদ্ধান্ত-মালার চতুর্থ গুটিতে ঠাকুর ভক্তিবিনোদ নিজেকে—"নামহট্টের পরিমার্জ্জক ঝাড়ুদার"—এই পরিচয় দিয়া শিক্ষাষ্টকের ঐ সকল সঙ্গীত প্রকট করিয়াছিলেন। শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর ঐ শিক্ষাষ্টক-সঙ্গীতের পূর্ব্বে সকলকে আহ্বান করিয়া এইরূপ বলিয়াছেন—

"ভাই হে!

অনন্ত-কল্যাণ-গুণ-রত্নাকর চিদচিদ্বিশিষ্ট-পরম-মহেশ্বর পরব্রহ্ম পরমাত্মাবতারী সর্ব্বেশ্বর ভগবান্ হরি অপার-সংসার-সাগর-পতিত চিদ্বর্গের কল্যাণ-বিস্তার-করণাভিপ্রায়ে সর্ব্বাদৌ বেদ-স্বরূপে আবির্ভূত হইয়াছিলেন। পরে সেই নিখিল শ্রুতির তাৎপর্য্য বিজ্ঞাপনার্থ নারায়ণ-নারদ-কপিল-ব্যাসাদি ঋষিরূপে অবতীর্ণ হইয়া নিখিল স্মৃতি-শাস্ত্র প্রচার করেন। পুনশ্চ স্বীয় অচিন্ত্য-লীলা-প্রচার-করণাভিপ্রায়ে নৃহরি-বামন-রাম-কৃষ্ণ-স্বরূপে ভূমণ্ডলে আবির্ভূত হন। কিন্তু ক্রমশঃ দুস্তর কলিকালরূপ মেঘাচ্ছন্ন হইলে জীবের চিত্তাকাশ অত্যন্ত কলুষিত হইল। তখন পরাৎপর পরমেশ্বর শ্রীনবদ্বীপ-ধামে শ্রীচৈতন্যচন্দ্ররূপে উদয় হইয়া জীব-নিচয়ের নিত্য-কল্যাণ-সাধনার্থ সর্ব্ববেদ-সার স্বীয় নামামৃত বর্ষণ করত কলি-পীড়িত জীবের সমস্ত অবিদ্যাক্লেশ দূর করিলেন। সেই সচ্চিদানন্দ শচীতনয় স্বীয় শ্রীমুখ-গলিত পরম পীযূষ-স্বরূপ শিক্ষাষ্টক জগজ্জীবকে বিতরণ করেন। সেই শিক্ষাষ্টক অদ্য আমরা গান করিয়া পরমানন্দ লাভ করি।"

বিবিধ সঙ্গীত

'শরণাগতি,' 'কল্যাণকল্পতরু,' 'গীতমালা,' 'গীতাবলী,' 'বাউল-সঙ্গীত,' 'দালালের গান' প্রভৃতি ব্যতীত শ্রীল ভক্তিবিনোদ 'প্রেম-প্রদীপ'-উপন্যাস ও 'জৈবধর্ম্মা'দি গ্রন্থের কয়েক স্থানে কতিপয় সঙ্গীত রচনা করিয়াছেন। ব্যঙ্গ-বিদ্রূপ-সঙ্গীতের দ্বারা দুষ্ট মতবাদ-খণ্ডন-

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

কার্য্যও ভক্তিবিনোদের মহোপকারের একটী বৈশিষ্ট্য লক্ষিত হয়। 'শ্রীভজনরহস্যে' আটটী যামে অষ্টকালীন লীলাও ভক্তিবিনোদ পদ্যাকারে লিপিবদ্ধ করিয়াছেন। ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী ঠাকুর শ্রীব্রজমণ্ডলে ঐ সকল পদ্য সঙ্গীতাকারে কীর্ত্তন করাইতেন। ভজনরহস্যে শ্রীরূপ-রঘুনাথ ও পূর্ব্ব মহাজন-গণের বহু শ্লোক ও শাস্ত্রের বহু শ্লোক ঠাকুর ভক্তিবিনোদ বঙ্গভাষায় পদ্যানুবাদ করিয়াছেন। সেই সকলও সময় সময় ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ সঙ্গীতাকারে কীর্ত্তন করাইতেন। সুতরাং তাহাও ঠাকুরের গীতি-সাহিত্যের মধ্যে পরিগণিত হইতে পারে। ঠাকুর বিরাট পদ্য-সাহিত্য রচনা করিয়া গিয়াছেন। 'শ্রীনবদ্বীপধাম-মাহাত্ম্য', 'শ্রীনবদ্বীপ-ভাবতরঙ্গ', 'শ্রীনবদ্বীপ-শতক,' 'শ্রীহরিনাম-চিন্তামণি' প্রভৃতি পদ্য-গ্রন্থ-সমূহ অনেক সময় সঙ্গীতরূপে কীর্ত্তিত হইয়া থাকে।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

পূর্ব্ব-পদকর্ত্তৃগণ ও শ্রীভক্তিবিনোদ

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদের গীতি-সাহিত্যে শ্রীল নরোত্তম ঠাকুর মহাশয়ের 'প্রার্থনা' ও 'প্রেমভক্তিচন্দ্রিকা'র পূর্ণ মাধুর্য্য, সৌন্দর্য্য, ঔদার্য্য ও সমচিত্তবৃত্তি পরিদৃষ্ট হয়। এজন্যই বোধ হয়, ঠাকুর ভক্তিবিনোদ তাঁহার কল্যাণকল্পতরুর লালসাময়ী প্রার্থনার দ্বিতীয় সঙ্গীতে গাহিয়াছেন—

"কবে **নরোত্তম-সহ সাক্ষাৎ** হইবে।
কবে বা প্রার্থনা-রস চিত্তে প্রবেশিবে॥"

ঠাকুর নরোত্তম ও ঠাকুর ভক্তিবিনোদ সম্পূর্ণ সমচিত্তবৃত্তি-বিশিষ্ট। উভয়েই স্বরূপ-রূপানুগ শুদ্ধভক্তিসিদ্ধান্তসমূহ তাঁহাদের রচিত গীতি-সমূহের মধ্যে অতি সরল ও প্রাণস্পর্শী ভাষায় প্রকাশ করিয়াছেন। শ্রীল নরোত্তম ঠাকুর মহাশয় অনেক কথা সংক্ষেপে বলিয়াছেন; কিন্তু ঠাকুর ভক্তিবিনোদ তাঁহার বিস্তৃত গীতি-সাহিত্যে সেই সকল কথাই নানাপ্রকার চিদ্‌বৈজ্ঞানিক বিশ্লেষণ ও পূর্ব্বাচার্য্যগণের সিদ্ধান্তের অনুসরণ করিয়া যেন ঠাকুর নরোত্তমের 'প্রার্থনা' ও 'প্রেমভক্তিচন্দ্রিকার'ই বিবৃতি করিয়াছেন। বস্তুতঃ ঠাকুর ভক্তিবিনোদের 'কল্যাণকল্পতরু', 'শরণাগতি', 'গীতাবলী' 'গীতমালা' শ্রীসনাতন-রূপ-রঘুনাথ-শ্রীজীব-কৃষ্ণদাস কবিরাজ-ঠাকুর নরোত্তম-বিশ্বনাথ-বলদেব প্রভৃতি বৈষ্ণবাচার্য্যগণের ভক্তিসিদ্ধান্ত-পূর্ণ গ্রন্থরাজির বিবৃতি-গীতিরূপে প্রকাশিত। ঠাকুর ভক্তিবিনোদের

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

গীতাবলীতে শ্রীমন্মহাপ্রভুর শিক্ষাষ্টকের গীতি কিরূপ মাধুর্য্য, ঔদার্য্য ও গাম্ভীর্য্যপূর্ণ-ছন্দে পরিস্ফুট, তাহা অধিকারী পাঠকমাত্রেই অনুভব করিতে পারেন।

ঠাকুর ভক্তিবিনোদের প্রত্যেক গীতিতে তাঁহার অভূতপূর্ব্ব জীব-দুঃখ-দুঃখিতা ও আচার্য্যত্ব পরিস্ফুট। ভক্তিবিনোদ আমাদিগের অনর্থ-ব্যাধি-সমূহকে যেন অতিমর্ত্ত্য রঞ্জনরশ্মি দিয়া নিভৃত অন্তঃপুর পর্য্যন্ত পরীক্ষা করিয়াছেন ও বিষাক্ত স্ফোটকগুলির যথাযোগ্য অস্ত্রোপচার করিয়াছেন।

গীতি-সাহিত্য কেবল উচ্ছ্বাসোদ্বেলিত ভাব-তরঙ্গের অভিব্যক্তি মাত্র,—এই আদর্শ ও মতবাদকে শ্রীল ঠাকুর ভক্তিবিনোদের ভক্তিসিদ্ধান্ত-বিচার-পূর্ণ গীতি-সাহিত্য বিপর্য্যস্ত করিয়া গৌড়ীয়-সাহিত্য-ভাণ্ডারে এক কল্যাণরত্নের খনি আবিষ্কার করিয়াছে। ভক্তিবিনোদের কি গদ্য, কি পদ্য-সাহিত্য উভয়ের মধ্যেই শ্রীরূপানুগ-গৌড়ীয় বা বৈষ্ণব, তাঁহাদের আরাধ্য শ্রীগৌরসুন্দর, গৌরের ধাম, গৌরাভিন্ন বা শ্রীমদ্ভাগবতাভিন্ন হরিনামের অনুশীলনের অবিশ্রান্ত প্রবাহ প্রবাহিত রহিয়াছে। ঠাকুর ভক্তিবিনোদ তাঁহার গীতি-সাহিত্যের সিদ্ধিলালসা প্রভৃতিতে স্বয়ং নিত্যসিদ্ধ হইয়াও আপনাকে সাধক-অভিমান করিয়া অমায়ায় শিক্ষা দিয়া জীবের মঙ্গলবিধান করিয়াছেন। ভক্তিবিনোদ নিত্যসিদ্ধ হইয়াও 'আমি সিদ্ধ হইয়াছি,—এরূপ কথা কখনও বলেন নাই। "আমি সাধক, কবে সেবাসিদ্ধি লাভ করিব"—এই বিচারের আদর্শই সর্ব্বত্র প্রকট করিয়াছেন। "গুরুদেব আমাকে সিদ্ধ-প্রণালী দিয়াছেন,

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

সুতরাং আমি সিদ্ধ হইয়া গিয়াছি বা আমি উচ্চাধিকারী"— এইরূপ প্রতিষ্ঠাশা যে সর্ব্বনাশকর, তাহা ঠাকুর ভক্তিবিনোদের গীতির প্রতি-ছত্রে দেখিতে পাওয়া যায়।

ঠাকুর নরোত্তমের প্রার্থনা ও প্রেমভক্তিচন্দ্রিকাকে ঠাকুর ভক্তিবিনোদের শরণাগতি, কল্যাণকল্পতরু, গীতমালা, গীতাবলী প্রভৃতি গীতি-গ্রন্থের সহিত পাশাপাশি রাখিলে উভয় আচার্য্যেরই রূপানুগবরত্ব সমভাবে সম্প্রকাশিত দেখিতে পাওয়া যায়। একদিকে ঠাকুর নরোত্তম যেরূপ 'প্রার্থনা'র স্বাভীষ্ট-লালসায় বলিয়াছেন—

"হরি হরি আর কি এমন দশা হ'ব।
ছাড়িয়া পুরুষ-দেহ, কবে বা প্রকৃতি হ'ব,
দুহুঁ অঙ্গে চন্দন পরা'ব।"

অপর দিকে ঠাকুর ভক্তিবিনোদও শরণাগতিতে গাহিয়াছেন—

"ছোড়ত পুরুষ-অভিমান।
কিঙ্করী হইনু আজু কান॥
বরজ-বিপিনে সখী সাথ।
সেবন করহুঁ রাধানাথ॥"

ঠাকুর নরোত্তম গাহিয়াছেন—

"মল্লিকা-মালতি-যূথি, নানা ফুলে মালা গাঁথি',
কবে দিব দোঁহার গলায়।"

আবার অন্যদিকে ঠাকুর ভক্তিবিনোদ সর্ব্বত্র গুরুরূপা সখীর আনুগত্য স্বীকার করিয়া বলিতেছেন—

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"কুসুমে গাথবুঁ হার।
তুলসী মণিমঞ্জীর তার॥
যতনে দেওবুঁ সখী-করে।
হাতে লওব সখী আদরে॥
সখী দিব তুয়া তুহুঁক গলে।
দূরত হেরবুঁ কুতূহলে॥"

(শরণাগতি—২৪)

ঠাকুর নরোত্তম প্রার্থনায় গাহিতেছেন—

"ধন-জন-পুত্র-দারে, এ সব করিয়া দূরে,
একান্ত হইয়া কবে যা'ব।
সব দুঃখ পরিহরি, বৃন্দাবনে বাস করি',
মাধুকরী মাগিয়া খাইব॥
যমুনার জল যেন, অমৃত সমান হেন,
কবে পিব উদর পূরিয়া।
কবে রাধাকুণ্ড-জলে, স্নান করি' কুতূহলে,
শ্যামকুণ্ডে রহিব পড়িয়া।"

ঠাকুর শ্রীল ভক্তিবিনোদ কল্যাণকল্পতরুর লালসাময়ী প্রার্থনায় সেই রাগিণীতেই গাহিয়াছেন—

"কবে হেন শুভদিন হইবে আমার।
মাধুকরী করি' বেড়াইব দ্বার দ্বার॥
যমুনা-সলিল পিব অঞ্জলি ভরিয়া।
দেব-দ্বারে রাত্রিকালে রহিব শুইয়া॥"

৯—

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ঠাকুর নরোত্তম প্রার্থনায় গাহিয়াছেন—

"ভ্রমিব দ্বাদশ-বনে, রসকেলি যে-যে স্থানে,
প্রেমাবেশে গড়াগড়ি দিয়া।
সুধাইব জনে জনে, ব্রজবাসিগণ-স্থানে,
নিবেদিব চরণ ধরিয়া॥"

ঠাকুর শ্রীল ভক্তিবিনোদ কল্যাণকল্পতরুর লালসাময়ী প্রার্থনায় সেইরূপ ভাবেই গাহিয়াছেন—

"কাঁদিতে কাঁদিতে আমি যা'ব বৃন্দাবন।
ব্রজধামে বৈষ্ণবের লইব শরণ॥
ব্রজবাসী সন্নিধানে যুড়ি দুই কর।
জিজ্ঞাসিব লীলাস্থান হইয়া কাতর॥
ওহে ব্রজবাসি! মোরে অনুগ্রহ করি'।
দেখাও কোথায় লীলা করিলেন হরি॥"

ঠাকুর নরোত্তমের—

"বৈষ্ণব-চরণ-জল, প্রেমভক্তি দিতে বল,
আর কেহ নহে বলবন্ত।
বৈষ্ণব-চরণ-রেণু, মস্তকে ভূষণ বিনু,
আর নাহি ভূষণের অন্ত॥"

আর ঠাকুর ভক্তিবিনোদের শরণাগতির—

"শুদ্ধভকত-চরণ-রেণু ভজন-অনুকূল।
ভকত-সেবা পরমসিদ্ধি প্রেমলতিকার মূল॥"

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

গীতি উভয়ের সমচিত্তবৃত্তির পরিচায়ক। এদিকে গৌর-জন ঠাকুর নরোত্তম যেমন গাহিয়াছেন—

"শ্রীগৌড়মণ্ডল-ভূমি, যেবা জানে চিন্তামণি,
তা'র হয় ব্রজভূমে বাস।"

সেইরূপ গৌর-জন ঠাকুর ভক্তিবিনোদও গাহিয়াছেন—

"গৌড়-ব্রজ-জনে ভেদ না দেখিব,
হইব বরজবাসী।
ধামের স্বরূপ, স্ফুরিবে নয়নে,
হইব রাধার দাসী॥"

এদিকে ঠাকুর নরোত্তম গাহিয়াছেন—

"হরি হরি! আর কি এমন দশা হ'ব।
কবে বৃষভানুপুরে, আহিরী গোপের ঘরে,
তনয়া হইয়া জনমিব॥
যাবটে আমার কবে, এ পাণি-গ্রহণ হ'বে,
বসতি করিব কবে তায়।
সখীর পরম শ্রেষ্ঠ, যে তাঁহার হয় প্রেষ্ঠ,
সেবন করিব তাঁ'র পায়॥"

অপরদিকে আবার ঠাকুর ভক্তিবিনোদ শরণাগতিতে আরও বিবৃত করিয়া গাহিয়াছেন—

"দেখিতে দেখিতে, ভুলিব বা কবে,
নিজ-স্থূল পরিচয়।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

নয়নে হেরিব, ব্রজপুর-শোভা,
নিত্য-চিদানন্দময় ॥
বৃষভানুপুরে, জনম লইব,
যাবটে বিবাহ হ'বে।
ব্রজগোপী-ভাব, হইবে স্বভাব,
আন ভাব না রহিবে ॥
নিজ-সিদ্ধদেহ, নিজ-সিদ্ধনাম,
নিজ-রূপ স্ববসন।
রাধাকৃপা-বলে, লভিব বা কবে,
কৃষ্ণপ্রেম প্রকরণ ॥"

শ্রীরূপানুগবর উভয় ঠাকুরের এই লালসাময়ী প্রার্থনা-সমূহ একই তাৎপর্য্য-বিশিষ্ট হইয়াও উভয়ের গীতির মধ্যে এমন এক মৌলিকত্ব, বৈশিষ্ট্য ও নিজত্ব রহিয়াছে যে, তাহা সেই ভাবের অনুসরণকারী ব্যতীত অপরে অনুভব করিতে পারিবেন না। ভক্তিবিনোদ-ধারায় অবগাহন-স্নান না করিলে ঠাকুর নরোত্তমের প্রার্থনা শতশতবার পাঠ করিয়াও উহার প্রকৃত মর্ম্ম উপলব্ধি হয় না, বরং হিতে বিপরীত ফল ফলে—প্রাকৃত-সহজিয়া হইয়া যাইতে হয়। ভক্তিবিনোদ-ধারা ত্রিবেণী-ধারার ন্যায় ভক্তি-গঙ্গা, যমুনা ও সরস্বতীর সম্মেলন করিয়াছে। গৌর-জন ঠাকুর ভক্তিবিনোদ শুদ্ধভক্তিগঙ্গা পুনঃ প্রবাহিত করিয়াছেন; ধ্যানেশ্বরী জগন্নাথের পুনরবতার বৈষ্ণব-সার্ব্বভৌম শ্রীল জগন্নাথ-প্রভু শ্রীল গৌরকিশোর-প্রভুকে ব্রজমণ্ডল হইতে নবদ্বীপ-মণ্ডলে আনয়ন করিয়া শুদ্ধভক্তি-

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

গঙ্গার অমৃত-প্রবাহের সহিত যামুনসেবা-প্রবাহের সখীত্ব লাভ করাইয়াছেন, আর শ্রীক্ষেত্রে অবতীর্ণ শ্রীচৈতন্য-সরস্বতী ক্ষেত্র-মণ্ডল হইতে গৌড়মণ্ডলে আগমন করিয়া ঐ দুই ধারার সহিত মিলিত হইয়া 'ত্রিধারা' প্রকট করিয়াছেন।

ঠাকুর নরোত্তম—

"ঠাকুর বৈষ্ণবগণ, করি এই নিবেদন,
মো বড় অধম দুরাচার।
দারুণ-সংসার-নিধি, তাহে ডুবাইল বিধি,
কেশে ধরি' মোরে কর পার॥"

* * *

"এইবার করুণা কর বৈষ্ণব-গোসাঞি।
পতিতপাবন তোমা বিনে কেহ নাই॥"

প্রভৃতি বাক্যে বৈষ্ণব-চরণে বিজ্ঞপ্তি শিক্ষা দিয়াছেন, আবার অন্যদিকে ঠাকুর ভক্তিবিনোদ কল্যাণকল্পতরুর দৈন্যময়ী প্রার্থনায়—

"গলেবস্ত্র কৃতাঞ্জলি বৈষ্ণব-নিকটে।
দন্তে তৃণ ধরি' দাঁড়াইব নিষ্কপটে॥
কাঁদিয়া কাঁদিয়া জানাইব দুঃখগ্রাম।
সংসার-অনল হইতে মাগিব বিশ্রাম॥"

অথবা—

"কৃপা কর বৈষ্ণব-ঠাকুর।
সম্বন্ধ জানিয়া, ভজিতে ভজিতে
অভিমান হ'বে দূর॥"

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

কিংবা—

"বৈষ্ণব-ঠাকুর, দয়ার সাগর,
এ দাসে করুণা করি'।
দিয়া পদছায়া, শোধহ আমারে,
তোমার চরণ ধরি ॥"

প্রভৃতি গীতির মধ্যে আশ্রয়-বিগ্রহের আশ্রয় ব্যতীত কৃষ্ণসেবা-প্রাপ্তির কোন সম্ভাবনা নাই,—ইহা পুনঃ পুনঃ জানাইয়াছেন। ইহা দ্বারা উভয় ঠাকুরের শ্রীরূপানুগবরত্ব প্রকাশিত হইয়া পড়িয়াছে। এখানেই উভয় ঠাকুরের শ্রীরূপ-রঘুনাথের কথা-প্রচার-সেবার প্রকৃষ্ট পরিচয় পাওয়া যায়।

রক্তক-পত্রক-চিত্রক, সুদাম-শ্রীদাম-সুবলাদি, নন্দ-যশোদাদি, ব্রজগোপীগণ—সকলেই ভিন্ন ভিন্ন রসে বৈষ্ণব-ঠাকুর। সেই সকল বৈষ্ণব ঠাকুরের চরণাশ্রয় ব্যতীত কৃষ্ণপ্রাপ্তির "নান্যঃ পন্থা বিদ্যতে"। ইহারই নাম—শ্রীরূপ-রঘুনাথের কথা। ঠাকুর ভক্তিবিনোদ তাঁহার গীতি-সাহিত্যে 'বৈষ্ণব'-শব্দটীর পূর্ব্বে অধিকাংশ স্থলেই 'ঠাকুর' শব্দ ব্যবহার করিয়াছেন। ঠাকুর নরোত্তম বলিয়াছেন—"ঠাকুর বৈষ্ণব", আর ভক্তিবিনোদ বলিয়াছেন—"বৈষ্ণব ঠাকুর"। উভয়ই একই তাৎপর্য্যপর।

ঠাকুর ভক্তিবিনোদের কল্যাণকল্পতরুতে কেবল যে পূর্ব্ব-মহাজনগণের পদাবলীর অনুসরণ দেখিতে পাওয়া যায়, তাহা নহে; তাঁহার প্রত্যেকটি গীতিতে শ্রীমদ্ভগবদ্গীতা ও শ্রীমদ্ভাগবতের শিক্ষা-সার পাওয়া যায়—

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"দুর্লভ মানব-জন্ম লভিয়া সংসারে।
কৃষ্ণ না ভজিনু—দুঃখ কহিব কাহারে॥"

প্রভৃতি গীতি শ্রীমদ্ভাগবতের "লব্ধ্বা সুদুর্লভমিদং বহু সম্ভবান্তে" (ভাঃ ১১।৯।২৯) প্রভৃতি শ্লোকেরই বিবৃতি। আবার কল্যাণ-কল্পতরুর অভিধেয়-বিজ্ঞান-লক্ষণ-উপলব্ধির—

"সামান্য বৈদিকধর্ম্ম অর্থ-ফলপ্রদ।
অর্থ হৈতে কাম লাভ মূঢ়ের সম্পদ॥"

প্রভৃতি পদ গীতার "ত্রৈগুণ্যবিষয়া বেদা" (গীঃ ২।৪৫) প্রভৃতি শ্লোকের তাৎপর্য্য-সার। "নরতনু ভজনের মূল"—ঠাকুর মহাশয়ের এই উক্তির কদর্থ করিয়া বা চণ্ডীদাসের নামে প্রচলিত পদাবলীর "সবার উপরে মানুষ বড়"—এই পদের বিকৃতার্থ করিয়া প্রাকৃত-সহজিয়া-মতবাদের পূতিগন্ধপূর্ণ যে দেহাত্ম-বুদ্ধিকে বহু মানন করা হইতেছিল—

"শরীরের সুখে মন দেহ জলাঞ্জলি।
এ দেহ তোমার নয়, বরঞ্চ এ শত্রু হয়,
সিদ্ধ-দেহ সাধন-সময়ে।
সর্ব্বদা ইহার বলে রহিয়াছ বলী॥"

ঠাকুর ভক্তিবিনোদের কল্যাণকল্পতরুর নির্ব্বেদ-লক্ষণ-উপলব্ধির এই পঞ্চম সঙ্গীত তাহার উপর সম্পূর্ণ লগুড়াঘাত করিয়াছে।

চণ্ডীদাস, বিদ্যাপতি প্রভৃতি শ্রীচৈতন্য-পূর্ব্ব গীতি-সাহিত্য-রচয়িতা মহাজনগণ, মালাধর বসু, গুণরাজ খাঁ প্রভৃতি পদ্যানুবাদ-

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

প্রণেতা শ্রীচৈতন্য-পূর্ব্ব গৌড়ীয়-সাহিত্যিকগণ অথবা শ্রীমন্মহাপ্রভুর সমসাময়িক ও পরবর্ত্তী যুগের বহু পদাবলী বা গীতাবলী-সাহিত্য-রচয়িতৃগণের গীতি-সাহিত্যসমূহে লীলাকথাই বিশেষভাবে বর্ণিত হওয়ায় কাম-ক্রোধাসক্ত, অত্যন্ত দেহ-গেহাসক্ত অনর্থযুক্ত জীব কেবল কাব্য-সৌন্দর্য্যে মুগ্ধ হইয়া কিংবা অনর্থগ্রস্তাবস্থায় ও অপক্বাবস্থায় মুক্তকুলের অনুশীলনীয় ব্যাপার-সমূহ আলোচনা করিতে গিয়া অত্যন্ত অনর্থ ও অপরাধগ্রস্ত হইয়া পড়িয়াছিল। ঠাকুর নরোত্তমের 'প্রার্থনা' ও 'প্রেমভক্তিচন্দ্রিকা'র কতিপয় গীতিতে অনর্থ-রোগ-বিনাশের অনেক উপদেশ থাকিলেও ঠাকুর ভক্তিবিনোদের গীতি-সাহিত্যে সম্বন্ধ-জ্ঞানের কথা অতি বিশদভাবে ও নানাপ্রকার বিশ্লেষণ, বিচার ও যুক্তির সহিত বিবৃত হইয়াছে। সমসাময়িক প্রাকৃত-সহজিয়া-সমাজের দুরবস্থা; বহু প্রকার অন্যাভিলাষী, কর্ম্মী, জ্ঞানী, যোগী, তপস্বী প্রভৃতির কৃষ্ণ-বিমুখতা-বৈচিত্র্য; ক্লীব-নির্গুণ-সগুণ-সংশয়বাদীর, পাশ্চাত্ত্য-শিক্ষার নবীন বিলাস-তরঙ্গে ও বহুরূপী বহির্ম্মুখ-চিত্তবৃত্তিতে পরিপ্লাবিত জীব-জগতের পতনাবস্থা দেখিয়া ঠাকুর ভক্তিবিনোদ তাঁহার গীতি-সাহিত্যের মধ্যে প্রচুর সম্বন্ধ-জ্ঞানের কথা অন্বয় ও ব্যতিরেকভাবে যেরূপ সর্ব্বতোমুখী বিশ্লেষণ-যুক্তির সহিত বিবৃত করিয়াছেন, তাহার তুলনা নাই। কাজেই যাঁহারা গৌড়ীয়-বৈষ্ণব-গীতি-সাহিত্যের বাস্তব-অনুশীলন করিতে গিয়া কেবল ঠাকুর নরোত্তমের 'প্রার্থনা', 'প্রেমভক্তিচন্দ্রিকা' পর্য্যন্ত অধ্যয়ন সমাপ্ত করিবেন কিংবা ঠাকুর ভক্তিবিনোদের গীতি-সাহিত্য-সমূহ অনুশীলন না করিয়াও শুদ্ধ-

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

গৌড়ীয়-বৈষ্ণবধর্ম্মে বা রূপানুগ-ধারায় প্রতিষ্ঠিত থাকা যায় মনে করিবেন, তাঁহারা নিশ্চয়ই শ্রীচৈতন্য-প্রেমামর-তরুর সুফল-আস্বাদনে বঞ্চিত হইবেন। ঠাকুর ভক্তিবিনোদের সমগ্র পারমার্থিক সাহিত্যরাজি কেবলমাত্র পূর্ব্ব-গৌড়ীয়-বৈষ্ণবাচার্য্যগণের শুদ্ধ-ভক্তিসিদ্ধান্ত-সাহিত্যের পরিশিষ্ট-মাত্র নহে; বস্তুতঃ ঠাকুর ভক্তি-বিনোদের অপ্রাকৃত-সাহিত্য-মন্দিরের সেবা ব্যতীত বর্ত্তমানে বিশ্বের কেহই আপনাকে "গৌড়ীয়" বলিয়া আত্ম-পরিচয় প্রদান বা শ্রীরূপানুগ-ধারায় প্রবেশই করিতে পারিবেন না। ইহার প্রত্যক্ষ প্রমাণ এই যে, যাঁহারাই ঠাকুর ভক্তিবিনোদের সাহিত্য ও অনুগামী গৌড়ীয়-সাহিত্যের অনুশীলন হইতে নিজদিগকে পৃথক্ রাখিয়া অন্যান্য পূর্ব্বাচার্য্যগণের সাহিত্য আলোচনা করিয়াছেন, তাঁহারাই বর্ত্তমানে নানাপ্রকার প্রাকৃত-সাহজিক-মতবাদ, সিদ্ধান্ত-বিরোধ, রসাভাস-দোষ ও শুদ্ধভক্তি-বিরুদ্ধ বিচারে বিভ্রান্ত হইয়া শুদ্ধ-রূপানুগ-বৈষ্ণব-ধর্ম্মের সন্ধান হইতে ভ্রষ্ট হইয়াছেন।

পূর্ব্বাচার্য্যগণের সঙ্গীত-সমূহ বিশুদ্ধ-সিদ্ধান্ত-সম্মত হইলেও অনধিকারী ব্যক্তি স্থান-কাল-পাত্রের বিচার পরিত্যাগ করিয়া সেই সকল সঙ্গীত কনক-কামিনী-প্রতিষ্ঠাদির লোভে যেখানে-সেখানে অবৈধভাবে ব্যবহার করিয়া জগতে নানাপ্রকার পাপ, ব্যভিচার ও অপরাধের স্রোত আনয়ন করিয়াছিল। শ্রীভক্তিবিনোদের সমসাময়িক যুগের প্রাকৃত-সহজিয়া-সম্প্রদায়ের রচিত যাত্রা-গান, পালা-গান প্রভৃতিতে নানাপ্রকার ভক্তিসিদ্ধান্ত-বিরোধ ও

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

রসাভাস-দোষ দেখা গিয়াছিল। এইজন্য আমাদের ঠাকুর লীলা-কীর্ত্তন অপেক্ষা সম্বন্ধজ্ঞান-তত্ত্বের বিচারপূর্ণ সঙ্গীতই অধিক রচনা করিয়াছেন এবং লীলা-কীর্ত্তনের মধ্যেও সম্বন্ধ-জ্ঞানের কথা পুনঃ পুনঃ স্মরণ করাইয়া দিয়াছেন। ঠাকুর শ্রীল ভক্তিবিনোদ প্রচলিত সঙ্গীত-সাহিত্য ও কীর্ত্তন-প্রণালী-সম্বন্ধে যে বিচার প্রদর্শন করিয়াছেন, আমরা তাহা নিম্নে উদ্ধার করিয়া এই ক্ষুদ্র গ্রন্থের উপসংহার করিতেছি।

"আজকাল অনেকগুলি কীর্ত্তন-সম্প্রদায় হইয়াছে। ইহারা আপনাদের সঙ্গীতকে "মনোহরসাহী সঙ্গীত" বলিয়া উল্লেখ করে। ইহাদের গানের প্রথা এই যে, প্রথমে আসরে বসিয়া খোল বাজায়, পরে সুর সাধিয়া লয়। সুর-সাধন হইলে একটী গৌরচন্দ্র-সম্বন্ধীয় গীত গায়। গৌরচন্দ্রের যে রসের গীত হয়, সেই রসের কৃষ্ণলীলা একটী পালা-গান হয়। যে-সময়ে গৌরচন্দ্রের গীত হয়, তখন গায়ক, বাদক ও শ্রোতৃগণ দণ্ডায়মান থাকেন। গৌর-গীত সমাপ্ত হইলে সকলে বসিয়া কৃষ্ণ-গীত গান ও শ্রবণ করেন। পালাগুলি পূর্ব্ব-মহাজন-কৃত গীতে পরিপূর্ণ। যে গৃহস্থ ঐ গানের অনুষ্ঠান করান, তিনি মালা-চন্দনের ব্যবস্থা করিয়া প্রথমে মালা মৃদঙ্গের উপর দিয়া তৎপরে গায়ক, বাদক ও শ্রোতৃবর্গকে মালা-প্রদান করেন।

যদিও এই সঙ্গীতের নাম সাধারণে মনোহরসাহী হইয়াছে, তথাপি অনুসন্ধান করিয়া জানা যায়, সকল গানই মনোহরসাহী নয়। শ্রীমন্মহাপ্রভুর সময়ে শ্রীস্বরূপ-গোস্বামীর তত্ত্বাবধানে এই-

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

রূপ কীর্ত্তন-গানের বীজ পত্তন হয়। কিন্তু সে-সময় গানের এরূপ পারিপাট্য হয় নাই। শ্রীশ্রীনিবাস আচার্য্য প্রভুর সময়ে গানের পারিপাট্য হয়। শ্রীবৃন্দাবনে শ্রীনিবাস আচার্য্য, শ্রীনরোত্তম দাস ও শ্রীশ্যামানন্দ—এই তিন মহাত্মা কিছুদিন শ্রীজীব গোস্বামীর শিক্ষা-শিষ্যরূপে অবস্থিতি করেন। শ্রীজীবগোস্বামীর অনুমোদনে ইঁহারা কীর্ত্তন-পদ্ধতির ব্যবস্থা করিলেন। তিন জনেই সঙ্গীত-শাস্ত্রে মহামহোপাধ্যায় ছিলেন। দিল্লীর কালোয়াতি-বিদ্যায় তিন জনেই পারদর্শী। তিন জনেই পরস্পর এক প্রাণ, একাশয় ও হৃদয়-বন্ধু। কিন্তু উক্ত তিন মহাত্মা ভিন্ন ভিন্ন প্রদেশের লোক। শ্রীশ্রীনিবাস-আচার্য্য কাটোয়া-প্রদেশ উজ্জ্বল করিয়াছিলেন।তাঁহার প্রদেশটী মনোহরসাহী পরগণার অন্তর্গত। এতন্নিবন্ধন তাঁহার প্রবর্ত্তিত গান-পদ্ধতির নাম—'মনোহরসাহী-গান'। শ্রীনরোত্তম দাস রাজসাহী জেলার গরাণ-হাটী বা গড়ের হাট পরগণার অন্তর্গত খেতুরী গ্রামের অধিবাসী। এতন্নিবন্ধন তাঁহার প্রবর্ত্তিত গান-পদ্ধতির নাম—'গরাণহাটী গান'। শ্রীশ্যামানন্দ মেদিনীপুর জেলার লোক। তাঁহার প্রবর্ত্তিত গীত-পদ্ধতিকে 'রেণেটি গান' বলা যায়। শ্রীজীব গোস্বামী শ্রীনিবাস আচার্য্যকে 'প্রভু'-পদ, শ্রীনরোত্তম দাসকে 'ঠাকুর'-পদ ও শ্রীশ্যামানন্দকে 'প্রভু'-পদ দিয়াছিলেন।

শ্রীজীব গোস্বামীর অনুমোদনে উৎসাহিত হইয়া গীতাচার্য্যত্রয় আপন আপন প্রদেশে গমন করিলেন। ঐ তিন মহাত্মা গৌড়-ভূমির অলঙ্কার। তাঁহারা গোস্বামীদিগের ন্যায় সংস্কৃত-বিদ্যায় অধিক পণ্ডিত ছিলেন,—এরূপ বোধ হয় না; কেন না, তাঁহাদের

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

বিরচিত কোন সংস্কৃত-গ্রন্থ দেখা যায় না। তাঁহারা ব্রজ-রস-ভজনে পরিপক্ব, বৈষ্ণব-সিদ্ধান্তে পারঙ্গত ও গান-বিদ্যায় বিশারদ। শ্রীমন্মহাপ্রভুর অপ্রকটের পর বৈষ্ণব-জগতে একটু উপপ্লব হইয়াছিল। তখন প্রভু-বংশে উপযুক্ত পাত্র না থাকায় এবং নানা মতবাদ প্রবেশ করায় গৌড়-ভূমি আচার্য্য-শাসন-রহিত হইয়া পড়িয়াছিল। প্রভু বীরচন্দ্রের স্বতন্ত্র-স্বভাব-বশতঃ সমস্ত গৌড়-ভূমিকে তিনি আয়ত্তাধীনে আনিতে পারেন নাই। শ্রীল অদ্বৈত-সন্তানের মধ্যে তখন বড় গোলযোগ। মহাপ্রভুর পার্ষদ মহান্তগণ ক্রমে ক্রমে অপ্রকট হইতে লাগিলেন। এই সুযোগে বাউল, সহজিয়া, দরবেশ, সাঁই প্রভৃতি কুপন্থী প্রচারকগণ স্থানে স্থানে আপন আপন প্রথা প্রচার করিতে লাগিল। শ্রীচৈতন্য-নিত্যানন্দ-নামে সাধারণের বিশেষ বিশ্বাস। স্বীয় স্বীয় কার্য্যোদ্ধার করিবার জন্য তাঁহাদের দোহাই দিয়া উহারা দুর্ভাগা জীবদিগকে কুপন্থা শিখাইতে লাগিল। শ্রীজীবগোস্বামী তখন একমাত্র বৈষ্ণবাচার্য্য। তিনি ব্রজবাসী থাকায় গৌড়-মণ্ডলের শোচনীয় অবস্থা-শ্রবণে সুদুঃখিত হইয়া শ্রীনিবাস আচার্য্য প্রভু, শ্রীনরোত্তম দাস ঠাকুর মহাশয় ও শ্রীশ্যামানন্দ প্রভুকে গৌড়-ভূমির ধর্ম্ম-সংস্কারক আচার্য্য-রূপে প্রতিষ্ঠিত করিয়া প্রভু-পরিকরকৃত সিদ্ধান্ত-গ্রন্থ-সকল গৌড়-ভূমিতে প্রেরণ করিলেন। শ্রীমন্মহাপ্রভুর ইচ্ছায় ঐ সমস্ত গ্রন্থ পথ-মধ্যে অপহৃত হইল। প্রেরিত প্রচারকগণ নিগ্রন্থ হইয়া নিজ-নিজ ভজন-বলে আপন আপন গীত-পদ্ধতি অবলম্বন-পূর্ব্বক শুদ্ধবৈষ্ণবধর্ম্ম প্রচার করিতে লাগিলেন।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ঐ সময়ে গানের পদ্ধতিত্রয় স্ব-স্ব প্রদেশে প্রবলরূপে প্রচারিত হইল। আচার্য্যত্রয় মধ্যে মধ্যে খেতুরি, বিষ্ণুপুর, নবগ্রাম, গোপীবল্লভপুর প্রভৃতি স্থানে দেবপ্রতিষ্ঠাদি-কার্য্য-উপলক্ষে একত্রিত হইয়া পরস্পর বিচার ও যুক্তি করিয়া কার্য্য করিতে লাগিলেন। ইঁহাদের প্রযত্নে শুদ্ধ-বৈষ্ণব-ধর্ম্মের পুনরুত্থান হইল, পূর্ব্বাপেক্ষা অধিক প্রচার হইতে লাগিল। উক্ত তিন প্রচারক গৌড়-ভূমির প্রধান অলঙ্কার ছিলেন বলিলে অত্যুক্তি হয় না।

কলিকাল এরূপ ভয়ানক যে, সৎকার্য্যের বহুদিন স্থিতি করিতে দেয় না। উক্ত আচার্য্যত্রয় ও তাঁহাদের অনুচর শ্রীগোবিন্দ-দাসাদি মহাজনগণের অদর্শনের সঙ্গে-সঙ্গে পরমধর্ম্ম পুনরায় বিপ্লুত হইতে লাগিল। গৌড়-ভূমি হইতে শুদ্ধভক্তির বিচার উঠিয়া যাইতে লাগিল। বৈষ্ণবই হউন, শাক্তই হউন বা কর্ম্মকাণ্ডীই হউন, আচার্য্য-বংশীয়গণ বৈষ্ণবধর্ম্মের ন্যায্য প্রচারক বলিয়া কার্য্য করিতে লাগিলেন। কাজে-কাজেই শ্রীগৌরাঙ্গ-নিত্যানন্দাদ্বৈত ও তাঁহাদের প্রবর্ত্তিত শুদ্ধবৈষ্ণব-ধর্ম্ম ক্রমে ক্রমে সুদূরবর্ত্তী হইয়া পড়িল। এদিকে এইরূপ আচার্য্য-বিপ্লব; আবার বাউল, সহজিয়া প্রভৃতির উপদ্রব ক্রমশঃ বৃদ্ধি হইল। শ্রীবৈষ্ণব-ধর্ম্মের দুর্দ্দশা এই সব কারণে আজ পর্য্যন্ত প্রতীয়মান।

সংসারে এবম্ভূত অবস্থায় বৈষ্ণব-বিরুদ্ধ-সিদ্ধান্ত সর্ব্বত্র লক্ষিত হইতেছে। কেহ কেহ মায়াবাদকেই বৈষ্ণব-ধর্ম্ম বলিতেছেন, কেহ কেহ শুদ্ধধর্ম্মের একটু অঙ্গ লইয়া তাহাতে মায়াবাদ ও কর্ম্মবাদ মিশাইয়া একপ্রকার বিকৃত বৈষ্ণবধর্ম্ম প্রচার করিতেছেন।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

যাহারা নিরীহ, তাঁহারা "অর্চ্চায়ামেব হরয়ে যঃ পূজাং শ্রদ্ধয়েহতে। ন তদ্ভক্তেষু চান্যেষু স ভক্তঃ প্রাকৃতঃ স্মৃতঃ॥"—এই ন্যায় অনুসারে কনিষ্ঠ বৈষ্ণবরূপে অবস্থিতি করিতেছেন। বুদ্ধিমান্ শুদ্ধ বৈষ্ণবের নিতান্ত অভাব। শিক্ষকের অভাব হইলে জীবের যে গতি হয়, তাহাই আজকাল গৌড়-মণ্ডলের অবস্থা। অন্যান্য বিষয়ে যে-সকল দুরবস্থা হইয়াছে, তাহার অলোচনার অবসর এস্থলে নাই। * *

গরাণহাটী-কীর্ত্তন আজকাল প্রায় উঠিয়া গিয়াছে। প্রকৃত মনোহরসাহী কীর্ত্তন কেহ কেহ জানেন। প্রকৃত মনোহরসাহী কীর্ত্তনে নূতন অক্ষর দেওয়ার পদ্ধতি নাই। মহাজনগণ যে অক্ষর গানে সংযুক্ত করিয়াছেন, তাহাই মাত্র গীত হয়। মনোহরসাহী গীতের অপূর্ব্ব ধারা। দুই চারিবার সুর ফিরাইয়া পদটী গান করিতে করিতে শ্রোতৃবর্গের হৃদয়ে ভাব সঞ্চার হয়। মহাজনের বাক্যে রসাভাস ও বৈষ্ণব-বিরুদ্ধ সিদ্ধান্ত নাই। অরসজ্ঞ ব্যক্তি বা গায়ক অক্ষর সংযুক্ত করিলে কাজে-কাজেই রসাভাস ও সিদ্ধান্ত-বিরুদ্ধ কথা হইয়া পড়ে। বৈষ্ণব-সিদ্ধান্ত অতিশয় গম্ভীর। শুদ্ধবৈষ্ণবধর্ম্ম যাঁহারা অধিকদিন সাধুসঙ্গে আলোচনা করিয়াছেন, তাঁহাদের অবশ্যই বিরুদ্ধ-সিদ্ধান্ত হইবে না। বৈষ্ণব-রসও পরম-গম্ভীর। অধ্যাপকদিগের জড়ালঙ্কারের রস ও চিন্ময় বৈষ্ণবালঙ্কারের রস স্বভাবতঃই পৃথক্। ব্যবসায়ী গায়কগণ প্রকৃত সাধুসঙ্গ করেন নাই, বৈষ্ণব-সিদ্ধান্তও ভালরূপ জানেন না। অতএব তাঁহাদের অক্ষরগুলি বৈষ্ণব-কর্ণে বজ্রাঘাতের ন্যায় পড়িয়া থাকে। মনোহরসাহী গান অল্প লোকেই গাহিয়া থাকেন। তাঁহাদের গান

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

শ্রবণ করিলে শ্রবণ জুড়াইয়া যায়। ওস্তাদজী বৈষ্ণবদাসের দেহান্তরের পর শ্রীকুলিয়া-নবদ্বীপে শ্রীঅদ্বৈতদাস এবং লাখুরিয়া-নিবাসী রাগভূষণ শ্রীরসিকলাল দত্ত তথা রঙ্গপুর নিবাসী শ্রীবরদা-প্রসাদ বাগ্‌চী মহাশয় প্রভৃতি এখনও মনোহরসাহী গানকে বজায় রাখিয়াছেন। ইঁহাদিগের গান শুনিয়া যাঁহারা একবার রসবোধ করিয়াছেন, তাঁহারা অর্থ-ব্যবসায়ী সম্প্রদায়পতি গায়কদিগের গান শুনিতে আর স্পৃহা করেন না। আজকাল অর্থ-ব্যবসায়ী গায়কগণ কেবল রেণেটী-পদ্ধতির রং গান করিয়া থাকেন। বৈষ্ণবদিগের ভিতর মান বজায় রাখিবার জন্য মাঝে মাঝে একটী একটী পাকা গান গাহিয়া থাকেন। আর সকলেই নামে রসিক-মাত্র। তাহারা রসবোধশূন্য এবং বৈষ্ণব-সিদ্ধান্ত-বিরুদ্ধভাষী। গানে তাহাদের রাগ-রাগিণী, রং ঢং যথেষ্ট আছে, কিন্তু বৈষ্ণবের শ্রোতব্য অধিক দেখা যায় না। তাহারা সমাগত স্ত্রীলোক ও মূর্খলোকদিগকে রঞ্জন করিবার মানসে গানে এতদূর আখর দেয় যে, মহাজনের পদটী কোথায় থাকে, তাহা জানা যায় না। মূর্খ লোক বাহবা দেয়, অর্থ দেয়, তাহাতেই তাহারা অহঙ্কারে পরিপূর্ণ। আটার রসের কালাকাল বিচার নাই। বৈষ্ণব-তত্ত্বে নিশান্ত-লীলা সর্ব্বপ্রথমে হওয়া উচিত। এই অসাধুরঞ্জকগণ নিশান্ত লীলা অবশেষে গায়। ইহা বৈষ্ণব-সিদ্ধান্ত-বিরুদ্ধ। আর একটি কথা ইহার মধ্যে ভয়ানক আছে। শ্রীরাধাগোবিন্দের শৃঙ্গার-লীলা গীত ও শ্রবণ, উভয়ই প্রধান উপাসনা ও নিত্য-ভজন। এই ভজন-লীলা সর্ব্বসাধারণের নিকট গান করা অনুচিত

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ও অপরাধ। "আপন ভজন-কথা, না কহিবে যথা তথা।"—এই আচার্য্য-বাক্য বিশ্বাস করিলে অর্থ-ব্যবসায়ী গায়কদিগের মুখে রসগান শ্রবণ করা অপরাধ হইয়া উঠে। বিগত গানোৎসবে বীরভূমস্থ কোন মহাত্মা বৈষ্ণব শ্রীকুলিয়া-নবদ্বীপে গান শুনিতে গিয়াছিলেন। তথায় সর্ব্বপ্রকার অধিকারীর নিকট সম্ভোগ-রসের গান হইতেছিল। তচ্ছ্রবণে তিনি ভীত হইয়া চলিয়া গেলেন। গায়ক ও শ্রোতাদিগের এইরূপ অপরাধ-ক্রিয়া আজকাল নিরঙ্কুশ হইয়া পড়িয়াছে। জগতে অধিকাংশ মনুষ্য বিকৃত। তাহারা রং ভালবাসে, প্রকৃত ভজনের নাম লইয়া যথেচ্ছাচার করিয়া থাকে। যে-পর্য্যন্ত এই কুপন্থা স্থগিত না হইবে, সে-পর্য্যন্ত শৃঙ্গার-রসের গাম্ভীর্য্য থাকিবে না। হে ভক্তবৃন্দ! স্বার্থপর গায়ক ও জড়ানন্দপর শ্রোতাদিগের সভায় আপনারা রস-গান শ্রবণ করিবেন না। শ্রাদ্ধ-সভা ত' দূরে যাউক, বৈষ্ণবদিগের আখ্‌ড়ায় এ পদ্ধতি যাহাতে না থাকে, তাহার যত্ন করুন। সর্ব্ব-প্রকার অধিকারী যেখানে উপস্থিত, সেখানে নাম ও প্রার্থনা এবং দাস্য রসের গান হওয়া উচিত। যেখানে অমিশ্র শুদ্ধ রসিক বৈষ্ণব-মাত্র উপস্থিত, সেখানে রস-গান শ্রবণ করুন এবং রসগান-শ্রবণ-সময়ে নিজ-সিদ্ধ-স্বরূপোচিত ভজন-ভাব অনুভব করুন। ইহাতে গান-পদ্ধতি যদি উঠিয়া যায়, যাউক; তাহাতেও বৈষ্ণব-দিগের মঙ্গল হইবে। অর্থলোভে ও ইন্দ্রিয়-সুখের প্রত্যাশায় যেখানে-সেখানে রস-গানের প্রথা থাকিতে দেওয়া নিতান্ত কলির কার্য্য।" —(সজ্জনতোষণী ৬ষ্ঠবর্ষ, ২য় সংখ্যা)

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ইউনিয়ন প্রেস, ঢাকা।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ছাত্রদের শ্রীভক্তিবিনোদ

'শ্রীচৈতন্যদেব', 'গৌড়ীয়-সাহিত্য', 'গৌড়ীয়-গৌরব', 'গোস্বামী শ্রীরঘুনাথ দাস',
'দ্বাদশ আল্‌বর্‌', 'সরস্বতী-জয়শ্রী', 'সরস্বতী-সংলাপ', 'ভুবনেশ্বর', 'বৈষ্ণব-
সাহিত্যে বিরহতত্ত্ব', 'শ্রীচৈতন্যের প্রেম', 'ঠাকুর শ্রীভক্তিবিনোদ',
'পরমগুরু শ্রীগৌরকিশোর', 'গীতিসাহিত্যে শ্রীভক্তিবিনোদ',
'শ্রীব্রজমণ্ডল-পরিক্রমা' প্রভৃতি গ্রন্থ-প্রণেতা এবং সাপ্তাহিক
'গৌড়ীয়' ও পাক্ষিক 'শ্রীগৌড়ীয়' পত্রের সম্পাদক

মহামহোপদেশক

শ্রীসুন্দরানন্দ বিদ্যাবিনোদ

বিরচিত

দ্বিতীয় সংস্করণ

[সর্ব্বস্বত্ব সংরক্ষিত]

ছাত্রদের পক্ষে—আট আনা
সাধারণের পক্ষে—বার আনা

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

প্রকাশক—
শ্রীসুপতিরঞ্জন নাগ এম্-এ, বি-এল্
পুরাণাপল্টন, রমণা, ঢাকা

প্রাপ্তিস্থান—
শ্রীনন্দকিশোর ভক্তিশাস্ত্রী
ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট্
পোঃ শ্রীমায়াপুর, নদীয়া

শ্রীসুপতিরঞ্জন নাগ এম্-এ, বি-এল্
পুরাণাপল্টন, পোঃ রমণা, ঢাকা

মুদ্রাকর—শ্রীরমেশচন্দ্র দে সরকার
মঞ্জুষা প্রিন্টিং ওয়ার্কস্
ঢাকা

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

বিষয়-সূচী

বিষয়			পৃষ্ঠা
১। প্রথম অধ্যায়			
ভক্তিবিনোদ ও তাঁহার দান	...	...	১
২। দ্বিতীয় অধ্যায়			
শ্রীভক্তিবিনোদের শৈশব-ছাত্রজীবন		...	৭
৩। তৃতীয় অধ্যায়			
ছাত্রজীবনে স্ব-পর-মঙ্গল	...	...	১৬
৪। চতুর্থ অধ্যায়			
শ্রীসচ্চিদানন্দ ভক্তিবিনোদ	...	...	১৯
৫। পঞ্চম অধ্যায়			
বহির্ম্মুখ রঙ্গজগৎ ও শ্রীভক্তিবিনোদ		...	৩৪
৬। ষষ্ঠ অধ্যায়			
গৌড়ীয়-সাহিত্য ও শ্রীভক্তিবিনোদ		...	৪১
৭। সপ্তম অধ্যায়			
স্বভাবসিদ্ধ লোক-শিক্ষক ও বিচারক		...	৫২
৮। অষ্টম অধ্যায়			
হরিনাম ও শ্রীভক্তিবিনোদ	...	...	৬১
৯। নবম অধ্যায়			
লোক-ভয় ও সদাচার	...	...	৬৬

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

১০। দশম অধ্যায়
ছাত্র-জীবনে পরমার্থ ৬৮
১১। একাদশ অধ্যায়
শ্মশান-বৈরাগ্য ও শ্রীভক্তিবিনোদ ... ৭৯
১২। দ্বাদশ অধ্যায়
কৃত্রিম অবতারবাদ ও ঠাকুর ভক্তিবিনোদ ... ৮২
১৩। ত্রয়োদশ অধ্যায়
ভক্তিসাহিত্যে শ্রীভক্তিবিনোদ ... ৯৪
১৪। চতুর্দ্দশ অধ্যায়
শ্রীগৌর-জন্মস্থান আবিষ্কার ১০৩
১৫। পঞ্চদশ অধ্যায়
সাধারণের চক্ষে শ্রীভক্তিবিনোদ ... ১১০
১৬। পরিশিষ্ট
প্রশ্নোত্তর ১
১৭। শ্রীভক্তিবিনোদ-গ্রন্থাবলী ১৩

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

প্রবোধিনী কথা

জগতে দুইপ্রকার শিক্ষার আদর্শ দেখিতে পাওয়া যায়—(১) নিরীশ্বর-নৈতিক শিক্ষা ও (২) সেশ্বর-নৈতিক শিক্ষা। নিরীশ্বর-নৈতিক শিক্ষাতে ঈশ্বরের অস্তিত্ব-স্বীকারের প্রয়োজনীয়তা উপলব্ধি হয় না, বরং উহাকে কুসংস্কার বলিয়াই বিবেচিত হয়।

বর্তমানে শিক্ষক ও শিক্ষিতগণের মধ্যে নিরীশ্বর-নৈতিক শিক্ষার প্রতিই অধিকতর সমাদর দেখিতে পাওয়া যায়। ঈশ্বরে বিশ্বাস না করিয়াও নীতিকে আশ্রয় করিবার কারণানুসন্ধানে জানা যায় যে, নীতি আশ্রয় না করিলে ভোগ সুলভ, স্থায়ী ও সামাজিক হয় না। অসভ্য জাতির ভোগ-চেষ্টামূলে 'দুর্নীতি' ও সুসভ্য জাতির ভোগচেষ্টামূলে 'সুনীতি' দৃষ্ট হয়। আবার ঈশ্বর-সংশ্রব-চাতুর্য্যময়ী সেশ্বর-নৈতিক-শিক্ষাও নিরীশ্বর-নীতিরই সহোদরা। ঠাকুর ভক্তিবিনোদের শিক্ষায় বা শ্রীচৈতন্যের শিক্ষায় ঐ উভয় ভগ্নীকে জীবের চেতনবৃত্তির পরিস্ফুরণের বাধিকা বলা হইয়াছে। ঠাকুর অর্থকরী জড় বিদ্যা বা নিরীশ্বর-নৈতিক শিক্ষাকে কোনদিনই আদর করেন নাই। তিনি বলিয়াছেন,—

জড় বিদ্যা যত, মায়ার বৈভব,
তোমার ভজনে বাধা।
মোহ জনমিয়া, অনিত্য সংসারে,
জীবকে করয়ে গাধা॥

—'শরণাগতি'

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

আবার অন্যত্র বলিয়াছেন,—

বিদ্যায় মার্জ্জন তার, কভু কভু অপকার,
জগতেতে করি অনুভব।
যে বিদ্যার আলোচনে, কৃষ্ণরতি স্ফুরে মনে,
তাহারি আদর জান সব ॥
ভক্তিবাধা যাহা হ'তে, সে বিদ্যার মস্তকেতে,
পদাঘাত কর অকৈতব।
সরস্বতী কৃষ্ণপ্রিয়া, কৃষ্ণভক্তি তাঁর হিয়া,
বিনোদের সেই সে বৈভব ॥

—'কল্যাণ-কল্পতরু'

এই জন্য মদীশ্বর ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল সচ্চিদানন্দ ভক্তিবিনোদ ঠাকুর মহাশয় স্বয়ং আমার শিক্ষাগুরু ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী ঠাকুরকে তাঁহার অতি বাল্যকালে শ্রীচৈতন্য-শিক্ষামৃত অধ্যাপন করিয়াছিলেন।

বিশুদ্ধ জ্ঞানের আলোক-প্রাপ্তিই যদি সৎশিক্ষার উদ্দেশ্য বলিয়া স্বীকৃত হয়, তাহা হইলে যে শিক্ষাদ্বারা অজ্ঞানান্ধকার দূরীভূত হইয়া চেতনের বৃত্তি উন্মেষিত হয়, সেইরূপ শিক্ষা দান করাই শিক্ষকমণ্ডলীর কর্ত্তব্য।

ঠাকুর ভক্তিবিনোদ প্রাচ্য ও পাশ্চাত্ত্য শিক্ষার আবর্ত্তনের যুগে শ্রীচৈতন্যমনোঽভীষ্ট-শিক্ষাদাতৃগণের মধ্যে সর্ব্বশ্রেষ্ঠ শিক্ষক। তাঁহার 'শ্রীচৈতন্যশিক্ষামৃত', 'শ্রীশ্রীমহাপ্রভুর শিক্ষা', 'জৈবধর্ম্ম', 'তত্ত্বসূত্র' 'শরণাগতি', কল্যাণকল্পতরু', 'গীতাবলী', 'গীতমালা' প্রভৃতি শতাধিক গ্রন্থ সৎসাহিত্য-ভাণ্ডারের ও পারমার্থিক বিশ্ববিদ্যালয়ের অমূল্য সম্পৎ।

চন্দনকে যেরূপ যত ঘর্ষণ করা যায়, ততই তাহার সুগন্ধ বিস্তারিত হয়, তদ্রূপ শ্রীল ভক্তিবিনোদের শিক্ষামৃত যতই সত্যানুসন্ধিৎসুগণের দ্বারা

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

আলোচিত হইবে, ততই তাহার গন্ধে বিশ্ব আমোদিত হইতে থাকিবে। ঠাকুরের ভাষার অননুকরণীয় লালিত্য, ভাবের গাম্ভীর্য্য ও ঔদার্য্য, সদ্যুক্তির মৌলিকত্ব প্রত্যেক সৎশিক্ষার্থীকেই আকর্ষণ করে।

আধুনিক শিক্ষাজগতের নেতৃগণের ধারণা এই যে, নীতির গণ্ডীর বাহিরের কোন ধর্ম্ম শিক্ষাজগতে আনিতে গেলে তাহা সাম্প্রদায়িকতা-দোষে দুষ্ট হইবার আশঙ্কা আছে। এজন্য ধর্ম্মকে শিক্ষা-মন্দির হইতে নির্ব্বাসিত করাই সমীচীন। ইহা বড়ই দুঃখের বিষয় যে, শিক্ষিতগণকেও ইহা বুঝাইয়া দিতে হয় যে, যে শিক্ষায় নীতি নাই—সে শিক্ষা শিক্ষা নয়; যে নীতিতে ধর্ম্ম নাই—সে নীতি নীতি নয়; যে ধর্ম্মে বাস্তব-সেশ্বর-বিশ্বাস নাই,—সেই ধর্ম্ম ধর্ম্ম নয়; যে ঈশ্বরবিশ্বাসে নিজের সত্তার অনুভূতি অর্থাৎ স্বরূপের উদ্বোধন, স্বরূপের পূর্ণবিকচিত অবস্থার উদ্গম পরিদৃষ্ট না হয়,—সেই ঈশ্বর-বিশ্বাস বাস্তব-সেশ্বর-বিশ্বাস নয়। তাই শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর কোমলমতি বালক-বালিকাদিগকে কৌমারকাল হইতেই নিখিল-শিক্ষকগণের একমাত্র সার্ব্বভৌম শ্রীচৈতন্যের শিক্ষায় শিক্ষিত হইবার জন্য পুনঃ পুনঃ উপদেশ করিয়াছেন।

আমার শিক্ষাগুরুদেব ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের আদেশে ও আনুগত্যে যখন শ্রীশ্রীল ঠাকুর ভক্তিবিনোদের শিক্ষার কথা কীর্ত্তন করিবার জন্য পাশ্চাত্য প্রদেশে গমন করিয়াছিলাম, তখন তদ্দেশীয় কতিপয় বিশ্ববিদ্যালয়ে ও শিক্ষা-প্রতিষ্ঠানে শ্রীচৈতন্যের শিক্ষা প্রচার করিবার সুযোগ হইয়াছিল। ঐ স্থানের অভিজ্ঞতা হইতে জানিতে পারিয়াছি যে, সে দেশের লোক জড়শিক্ষার চরমোৎকর্ষ লাভ করিয়াও মানব-জীবনের সকল সমস্যার সমাধান পান নাই। তাঁহাদের প্রাণও চেতনের শিক্ষার জন্য লালায়িত মনে হয়। জড়-শিক্ষা বা জড়বিদ্যাদ্বারা কখনই কোন জাতি বা সমাজ—ব্যষ্টিগত-ভাবেই

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

হউক বা সমষ্টিগত-ভাবেই হউক, পরশান্তির অধিকারী হইতে পারে না—জীবনের চরম আকাঙ্ক্ষা যে বিশুদ্ধ ভগবৎপ্রেম, তাহা লাভ করিতে পারে না। শ্রীচৈতন্যের শিক্ষার—ঠাকুর ভক্তিবিনোদের শিক্ষার একমাত্র প্রাপ্যবস্তু প্রেম।

ভারতে চিরদিনই চেতনের শিক্ষার কথা প্রচারিত ছিল। এই জন্যই ছাত্র গুরুগৃহে বাস করিতেন, গুরু অধ্যাপনা করিতেন। ছাত্রদের মধ্যে যাহাতে সেই চেতন-শিক্ষার বীজ উপ্ত হয়, তজ্জন্য শ্রীল প্রভুপাদের আদেশে ঠাকুর-ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউটের একজন সেবকসূত্রে আমি কিছুদিন যত্ন করিয়াছিলাম। মদীয় শিক্ষাগুরু বর্ত্তমান গৌড়ীয়াচার্য্য-শিরোমণি পরমহংস ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল অনন্তবাসুদেব পরবিদ্যাভূষণ গোস্বামি-প্রভুর আদেশে বর্ত্তমানে শ্রীগৌড়ীয়মঠের সারস্বত-শ্রবণ-সদনের একটী ছাত্র হইবার চেষ্টা করিতেছি। সারস্বত-শ্রবণসদনের প্রকৃত ছাত্র হইতে পারাই মানব-জীবনের চরম ফল।

শ্রীভক্তিবিনোদ-গৌর-সরস্বতীর প্রচুর কৃপাশীর্ব্বাদলব্ধ মহামহোপদেশক পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ সুকুমারমতি বালক-বালিকাগণকে মদীশ্বর শ্রীসচ্চিদানন্দ ভক্তিবিনোদ প্রভুর আবির্ভাব-শতবর্ষ-পূর্ত্তি-উৎসবে তাঁহার শিক্ষামৃত-বিতরণের জন্য "ছাত্রদের শ্রীভক্তিবিনোদ" গ্রন্থ লিপিবদ্ধ করিয়াছেন। আমার দৃঢ় বিশ্বাস—এই গ্রন্থ-পাঠে প্রকৃত শিক্ষার বীজ তাহাদের হৃদয়ে উপ্ত হইবে। তাহারা এই গ্রন্থ পাঠ করিয়া ও ঐকান্তিক পারমার্থিক শিক্ষকগণের নিকট অভিগমন পূর্ব্বক সমস্ত শিক্ষার সারভূত শ্রীচৈতন্যবাণীর আরাধনায় প্রবুদ্ধ হইতে পারিবে।

শ্রীকৃষ্ণজন্মাষ্টমী, গৌরাব্দ ৪৫২,
শ্রীগৌড়ীয়মঠ, বাগবাজার
কলিকাতা

শ্রীভক্তিবিনোদ-গৌরসরস্বতী-কিঙ্করাভাস
ত্রিদণ্ডিভিক্ষু
শ্রীভক্তিপ্রদীপ তীর্থ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

প্রথম সংস্করণের নিবেদন

এই গ্রন্থের নাম 'ছাত্রদের শ্রীভক্তিবিনোদ' কেন রাখা হইল, তাহার একটী 'কৈফিয়ৎ' দিবার উদ্দেশ্যে এই ক্ষুদ্র 'নিবেদনে'র অবতারণা। কেহ কেহ জিজ্ঞাসা করিয়াছিলেন,—আধুনিক কালে পুস্তকের নাম "ছেলেদের রামায়ণ," "ছেলেদের মহাভারত" প্রভৃতি দেখিতে পাওয়া যায় ; তদনুকরণে পুস্তকের নাম রাখিলে কি 'নামকরণ' সুষ্ঠু হইত না ?

'ছাত্র'-শব্দে শিষ্য বা অনুগত ব্যক্তিকে বুঝায়। যাঁহারা গুরু-গৃহে অবস্থান করেন বা যাঁহারা অন্তেবাসী, তাঁহাদিগকে 'ছাত্র' বলে। আনুগত্য ও সেবাই ছাত্রের ধর্ম্ম। গীতার ভাষায় বলিতে গেলে 'প্রণিপাত', 'পরিপ্রশ্ন' ও 'সেবাই' ছাত্রদের ধর্ম্ম।

আমরা সকলেই ছাত্র। বালক-ই হই, যুবক-ই হই, প্রৌঢ়-ই হই, আর বৃদ্ধ-ই হই, স্ত্রী-ই হই, আর পুরুষ-ই হই, সকলেই শিক্ষার্থী বা ছাত্র। যিনি শ্রীচৈতন্যশিক্ষামৃত বিতরণের জন্য নিত্যসিদ্ধ লোকশিক্ষকরূপে জগতে অবতীর্ণ হইয়াছেন, সেই ঠাকুর ভক্তিবিনোদের ছাত্র-পরম্পরায় অবস্থিত হইতে পারিলেই ঠাকুরের শিক্ষা সুষ্ঠুভাবে গ্রহণ করিতে পারা যায়। সেই ধারায় প্রবিষ্ট না হইলে তাঁহার শিক্ষার প্রকৃত অনুসরণ হইতে পারে না। এই কথাটি স্বল্লাক্ষরে প্রথম-মুখেই জানাইয়া দিবার জন্য 'ছেলেদের' প্রভৃতি শব্দ ব্যবহার না করিয়া 'ছাত্রদের' শব্দটী ব্যবহৃত হইয়াছে।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

'মঠন্তি বসন্তি ছাত্রা যস্মিন্ ইতি মঠঃ'। মঠ বা পরবিদ্যায়তনে ছাত্রগণ আচার-প্রচারপরায়ণ শিক্ষকের নিকট হইতে হরিসেবা শিক্ষা করিয়া থাকেন। সেইরূপ ছাত্র হওয়া প্রত্যেক মনুষ্যেরই কর্ত্তব্য, তাহাই মনুষ্যজীবনের সর্ব্বোচ্চ আকাঙ্ক্ষা ও লাভ।

'ছাত্রদের শ্রীভক্তিবিনোদ' রচনা করিবার কালে ভাষার প্রাঞ্জলতার দিকে যথাসাধ্য দৃষ্টি রাখা হইয়াছে। তবে ইহাও বলা আবশ্যক যে, কেবল ভাষার প্রাঞ্জলতা পরমার্থ বিষয় হৃদয়ঙ্গমে আমাদিগকে সাহায্য করে না। আনুগত্য ও সত্যানুসন্ধানে আৰ্ত্তিই এ বিষয়ে যোগ্যতা আনয়ন করে।

প্রাচ্য ও পাশ্চাত্ত্য প্রদেশে যিনি শ্রীভক্তিবিনোদ-সরস্বতীর শিক্ষা প্রচার করিয়া বহু শিক্ষার্থী ও শিক্ষককে শ্রীচৈতন্য-পাদপদ্মে আকর্ষণ করিয়াছেন, মদীয় শিক্ষাগুরু সেই পরিব্রাজকাচার্য্য শ্রীমদ্ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ এই গ্রন্থের একটি ভূমিকা লিখিয়া দিয়া আমাকে ঠাকুর শ্রীল ভক্তিবিনোদের অকপট সেবক-সম্প্রদায়ের করুণায় অভিষিক্ত হইবার সুযোগ দান করিয়াছেন।

যাহাতে ছাত্রগণ তাহাদের জীবনের প্রথম প্রভাত হইতেই বাস্তব-সত্যের অনুসন্ধান করিতে শিক্ষা করে, তৎপ্রতি লক্ষ্য রাখিয়াই এই গ্রন্থটি রচিত হইয়াছে। নাটক-নভেলের ন্যায় এই গ্রন্থটি সাময়িক কৌতূহল নিবৃত্তির জন্য পাঠ না করিয়া বিশেষ মনোযোগ ও ধৈর্য্য-স্থৈর্য্যের সহিত পুনঃ পুনঃ পাঠ করিয়া ছাত্রগণ মানব-জীবনের চরমমঙ্গল অর্জ্জন করুক,—এই শুভেচ্ছা লইয়াই তাহাদিগের হস্তে এই গ্রন্থ অর্পিত হইল।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

যিনি তর্কহত যুগে শুদ্ধভক্তিগঙ্গার প্লাবন আনয়ন করিয়াছেন, আধুনিক শিক্ষিত সম্প্রদায়ের মধ্যে যিনি সর্ব্বপ্রথমে শ্রীচৈতন্যের বাণী প্রচার করিয়াছেন, পৃথিবীর সর্ব্বত্র শ্রীচৈতন্যবাণীর বিজয়-পতাকা উড্ডীন করিবার প্রেরণা প্রদান করিয়াছেন, তাঁহার শতবর্ষ-পূর্ত্তি আবির্ভাব-উৎসবে সকলেরই স্ব-স্ব যোগ্যতাক্রমে যোগদান করা উচিত।

ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ এক সময় ইচ্ছা করিয়াছিলেন যে, ঠাকুর ভক্তিবিনোদ-ইন্‌ষ্টিটিউটের ছাত্রগণের উপযোগী কএকটি পুস্তক প্রচারিত হয়। তাঁহারই মনোহভীষ্টের কিঞ্চিৎ সেবা করিবার উদ্দেশ্যে এই গ্রন্থটী রচিত হইয়াছে। "ছাত্রদের শ্রীভক্তিবিনোদে"র ন্যায় "ছাত্রদের শ্রীসরস্বতী" নামক গ্রন্থও শীঘ্রই প্রকাশ করিবার আশা থাকিল।

গ্রন্থটী অত্যন্ত ক্ষিপ্রতার সহিত মুদ্রিত হওয়ায় ইহাতে কতকগুলি মুদ্রাকর-প্রমাদ ও নানাপ্রকার ভ্রম সংঘটিত হইয়াছে। সহৃদয় পাঠকগণ ঐসকল স্থান শুদ্ধ করিয়া ও আমাদের ত্রুটি-বিচ্যুতি ক্ষমা করিয়া গ্রন্থের সার গ্রহণ করিলে আমরা বিশেষ অনুগৃহীত হইব।

শ্রীগৌড়ীয় মঠ, বাগবাজার,
কলিকাতা
শ্রীশ্রীগুরুপূজা-মহোৎসব
১৩ই ভাদ্র, ১৩৪৫ বঙ্গাব্দ

শ্রীশ্রীভক্তিবিনোদ-সরস্বতী-কিঙ্করাভাস
শ্রীসুন্দরানন্দ বিদ্যাবিনোদ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

প্রকাশকের নিবেদন (প্রথম সংস্করণ)

শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের অতিমর্ত্ত্য পূত চরিত্র এবং উপদেশাবলী এমন সরল, স্বাভাবিক ও চিত্তাকর্ষক ভাষায় লিপিবদ্ধ করিবার সুযোগ্য অধিকারী তাঁহারই ঐকান্তিক অনুগত ও আশীর্ব্বাদলব্ধ পরমপূজ্য পণ্ডিত শ্রীপাদ সুন্দরানন্দ বিদ্যাবিনোদ প্রভুই বটেন। তাঁহার এই সেবাচেষ্টা-ফলে বাঙ্গালা-সাহিত্য একটী দুর্ল্লভ রত্নে ভূষিত হইলেন। এই সংক্ষিপ্ত ও সরল পুস্তক পাঠে বাঙ্গালী ছাত্রদের হৃদয়ে পরমারাধ্যতম ও বিষ্ণুপাদ শ্রীশ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের সম্বন্ধে আরও বিশদরূপে জানিবার আগ্রহ জাগরিত হইলে গ্রন্থকারের শ্রম সার্থক হইবে।

এই পুস্তকের বিক্রয়লব্ধ অর্থ শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের উপদেশ এবং অভীষ্ট-প্রচারকল্পে ব্যয়িত হইবে।

—প্রকাশক

প্রকাশকের নিবেদন (দ্বিতীয় সংস্করণ)

গ্রাহকবর্গের আগ্রহে অতি অল্প সময়ের মধ্যে এই গ্রন্থের প্রথম সংস্করণ নিঃশেষিত হওয়ায় দ্বিতীয় সংস্করণ প্রকাশিত হইল। এই গ্রন্থ হইতে শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের অতিমর্ত্ত্য চরিত্র ও আদর্শশিক্ষার কথা অবগত হইয়া অনেকেই উপকৃত ও আনন্দিত হইয়াছেন। আশাকরি, পাঠকবর্গ এই গ্রন্থখানি সংগ্রহ করিয়া উপকৃত হইবেন ও আমাদিগকে উৎসাহিত করিবেন।

—প্রকাশক

ছাত্রগণের প্রতি

তোমাদের কাছে শুদ্ধভক্তির বর্ণপরিচয়ের কএকটি কথা ঠাকুর শ্রীভক্তিবিনোদের চরিত্র ও শিক্ষার মধ্য দিয়া উপস্থিত করিলাম। তোমরা শ্রদ্ধা ও মনোযোগের সহিত পুনঃ পুনঃ এই সকল উপদেশ পাঠ করিও। শুদ্ধা সরস্বতীর করুণা-কটাক্ষ লাভ করিয়া ধন্য হইতে পারিবে।

—গ্রন্থকার

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

উপহার-পৃষ্ঠা—

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

নমো ভক্তিবিনোদায় সচ্চিদানন্দনামিনে।
গৌরশক্তিস্বরূপায় রূপানুগবরায় তে॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

ছাত্রদের শ্রীভক্তিবিনোদ

প্রথম অধ্যায়

শ্রীভক্তিবিনোদ ও তাঁহার দান

প্রিয় ছাত্রছাত্রীগণ! তোমরা নিশ্চয়ই শ্রীচৈতন্যদেবের নাম শুনিয়াছ। শ্রীচৈতন্যের আর এক নাম—শ্রীগৌরাঙ্গ। তাঁহার সময় বঙ্গদেশের, বঙ্গদেশের কেন, সমস্ত ভারতের সর্ব্বশ্রেষ্ঠ শিক্ষাকেন্দ্র ছিল—নবদ্বীপ। এজন্য নবদ্বীপকে তখনকার "অক্স্‌ফোর্ড্‌ অব্‌ বেঙ্গল"* বলা হয়।

নয়টী দ্বীপ বা স্থান লইয়া 'নবদ্বীপ' নাম হইয়াছে। নবদ্বীপের মধ্যবর্ত্তী শ্রীমায়াপুর। শ্রীমায়াপুরই শ্রীগৌরাঙ্গের জন্মস্থান। শ্রীগৌরাঙ্গের জন্মভূমি লুপ্ত হইয়া পড়িয়াছিল। সমগ্র বিশ্বের গৌরব সেই গৌরাঙ্গ-জন্মস্থান যিনি এই যুগে পুনরায় আবিষ্কার করিয়াছেন, তাঁহারই নাম—শ্রীশ্রীসচ্চিদানন্দ ভক্তিবিনোদ ঠাকুর।

* ইংলণ্ডে অক্স্‌ফোর্ড্‌ নগর যেরূপ প্রধান শিক্ষাকেন্দ্ররূপে বিখ্যাত, এক সময়ে বঙ্গদেশে নবদ্বীপের সেইরূপ খ্যাতি ছিল।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

তাঁহারই নিত্য-স্মৃতির সহিত বিজড়িত করিয়া সেই গৌরাঙ্গ-জন্ম-ভূমিতে বিশ্ববিখ্যাত বৈষ্ণবাচার্য্য শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামি-প্রভুপাদ "ঠাকুর ভক্তিবিনোদ ইন্‌ষ্টিটিউট্‌" নামক একটি আদর্শ বিদ্যায়তন প্রতিষ্ঠা করিয়াছেন। বর্ত্তমান গৌড়ীয়-বৈষ্ণবাচার্য্য শ্রীল অনন্তবাসুদেব বিদ্যাভূষণ গোস্বামী ঠাকুর সেই বিদ্যা-প্রতিষ্ঠানের সভাপতি।

ঠাকুর ভক্তিবিনোদ নদীয়া জিলার অন্তর্গত বীরনগর গ্রামে একশত বৎসর পূর্ব্বে আবির্ভূত হন। তাঁহার আবির্ভাবের তারিখ—১২৪৫ বঙ্গাব্দের ১৮ই ভাদ্র; ইংরাজী ১৮৩৮, ২রা সেপ্টেম্বর, রবিবার। তাঁহার আবির্ভাবের একশত বৎসর পূর্ণ হইয়া গিয়াছে। সেই উপলক্ষে পৃথীবীর সর্ব্বত্র, বিশ্ববৈষ্ণবরাজসভার প্রচারকেন্দ্র ও মঠ-সমূহে আচার্য্য শ্রীল অনন্তবাসুদেব বিদ্যাভূষণ গোস্বামী ঠাকুরের অনুগত সেবকসম্প্রদায় শ্রীভক্তিবিনোদ-শতবর্ষ-পূর্ত্তি-আবির্ভাব-উৎসবের অনুষ্ঠান করিয়াছেন।

তোমরা হয় ত' শ্রীভক্তিবিনোদের কথা খুব কমই জান। ইহা বঙ্গদেশের পক্ষে বড়ই দুর্ভাগ্যের কথা। তোমরা বলিতে পার, তিনি আমাদের জন্য এমন কি করিয়াছেন যে, আমরা তাঁহার সংবাদ রাখিব। তোমরা যদি তাঁহার চরিত্র ধীরভাবে আলোচনা কর, তাহা হইলে দেখিতে পাইবে, তিনি মানব-জাতিকে এমন জিনিষ দান করিয়াছেন—যে দান আর কেহ এই যুগে করেন নাই। তাঁহার চরিত্র আলোচনা করিতে করিতে বুঝিতে পারিবে যে, এই কথা একটুও অতিরঞ্জিত নহে।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ওঁ বিষ্ণুপাদ
শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদ

শ্রীগৌরাঙ্গের জন্মস্থান শ্রীমায়াপুরে
ঠাকুর ভক্তিবিনোদ-ইনষ্টিটিউটের একাংশ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

তোমরা জান, সকল দানের মধ্যে বিদ্যা-দান শ্রেষ্ঠ। শিক্ষা-জগতে সুপরিচিত মহামহোপাধ্যায় পণ্ডিত হরপ্রসাদ শাস্ত্রী মহাশয় বলিয়াছেন,—"বিদ্যা-দান অপেক্ষাও লাইব্রেরী দান আরও বড়।" ভক্তিবিনোদ ঐ দুই দান অপেক্ষাও অনেক বড় দান করিয়াছেন। তাঁহার চরিত্রের একটী ঘটনার দ্বারা তোমাদিগকে ইহা বুঝাইয়া দিতেছি।

তোমরা পণ্ডিত ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর মহাশয়ের নাম শুনিয়াছ। শ্রীভক্তিবিনোদ পণ্ডিত বিদ্যাসাগর মহাশয়ের খুব পুরাতন ছাত্র ছিলেন। এক সময় তিনি কলিকাতায় বিদ্যাসাগর মহাশয়ের বাসায় গিয়াছিলেন। তখন বিদ্যাসাগর মহাশয় বলিয়াছিলেন,— "ঈশ্বরকে যখন আমরা দেখি নাই, তখন তাঁহার আলোচনা না করাই ভাল।" শ্রীভক্তিবিনোদ ছাত্র হইলেও বিদ্যাসাগর মহাশয়কে সত্যকথা বলিতে ছাড়িলেন না। বলিলেন,—"পণ্ডিত মহাশয়, আপনি 'বোধোদয়ে' "ঈশ্বর নিরাকার চৈতন্যস্বরূপ" লিখিয়াছেন কেন? ঈশ্বরকে না দেখিয়া তাঁহার সম্বন্ধে মতামত প্রকাশ করা কি ভাল হইয়াছে? ঈশ্বর সর্ব্বশক্তিমান্—তাঁহার সকল ক্ষমতাই আছে। যাঁহার সকল ক্ষমতা আছে, তাঁহার কি নিজের আকারটী রক্ষা করিবার ক্ষমতাটুকু নাই? পরমেশ্বর আমাদের নিত্যপ্রভু, আমরা তাঁহার নিত্যদাস। তাঁহার প্রতি আমাদের হৃদয়ের যে সহজ নিত্য-অনুরাগ, তাহাকেই বেদ 'ভক্তি', 'ব্রহ্মবিদ্যা' বা 'পরা বিদ্যা' বলিয়াছেন। সেই বিদ্যাই আসল বিদ্যা। সে বিদ্যা লাভ করিলে কোন জ্ঞানেরই অভাব থাকে না।"

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

বিদ্যাসাগর মহাশয় তাঁহার ছাত্রের এই সকল কথা অস্বীকার করিতে পারিলেন না। অতএব তোমরা দেখ, পরমেশ্বরে ভক্তিই সর্ব্বশ্রেষ্ঠ বিদ্যা। ভক্তিবিনোদ সেই বিদ্যার দুই প্রকার 'লাইব্রেরী' বর্ত্তমান যুগকে দান করিয়া গিয়াছেন। এক প্রকার 'লাইব্রেরী'—তাঁহার শতাধিক ধর্ম্মপুস্তক, আর এক প্রকার 'লাইব্রেরী'—তাঁহার শিক্ষা-দীক্ষায় অনুপ্রাণিত আদর্শ-চরিত্র সেবক-সঙ্ঘ। ইঁহাদিগকে জীবন্ত-গ্রন্থ বা সচেতন-সাহিত্য বলা যায়।

ভগীরথ যেমন স্বর্গ হইতে গঙ্গা আনয়ন করিয়া পৃথিবী পবিত্র করিয়াছেন, তেমনি ঠাকুর ভক্তিবিনোদ এই যুগে পুনরায় শুদ্ধ-ভক্তিগঙ্গা প্রবাহিত করিয়া পতিতগণকে উদ্ধার করিয়াছেন, ভাগবত-ধর্ম্মের গ্লানি দূর করিয়াছেন, বর্ত্তমান ও ভবিষ্যদ্ যুগকে চিরমঙ্গলের প্রকৃত পথ প্রদর্শন করিয়াছেন। তিনি যে-সময় এই দেশে আবির্ভূত হন, তখন এ দেশের অবস্থা ভয়াবহ ছিল। এখন আমরা ভারতের লোকের নানা অভাব দেখিতে পাই এবং পূর্ব্বে বঙ্গদেশে টাকায় আট মণ চাউল পাওয়া যাইত—এই কথা স্মরণ করিয়া গত সুখের দিনের জন্য দীর্ঘনিঃশ্বাস ত্যাগ করি। কিন্তু সে-সময় অর্থের স্বচ্ছলতা থাকায় উহাতে কিরূপ ব্যাপক-ভাবে সামাজিক অবনতি ঘটিয়াছিল, তাহা আলোচনা করি না। তখনকার প্রসিদ্ধ খবরের কাগজ—'সমাচার দর্পণ' * আলোচনা করিলে দেখিতে পাওয়া যায় যে, তখন পুতুলের বিবাহ, বিড়ালের

* ১৮১৯, ৫ই জুন; ১৯শে জুন; ১৮২০, ২১শে অক্টোবর; ১৮২১, ২৩শে সে. ১৮২২, ৯ই মার্চ; ১৮২৯, ১৭ই অক্টোবর ইত্যাদি।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri



ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল সচ্চিদানন্দ ভক্তিবিনোদ ঠাকুর

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain. Digitization by eGangotri

বিবাহ, গ্রাম্য কবিদলের লড়াই, খেমটা ও বাইনাচ, বাজি-পোড়ান, গুপ্তপূজা, মদ্যপান, গাঁজা ও অহিফেন সেবনের প্রতিযোগিতা, নানাপ্রকার বিলাসিতা ও বাহাদুরী দেখাইয়া লোকে অর্থ নষ্ট করিত। কেবল ধন-রত্ন থাকিলেই যদি জগতের অভাব মিটিত ও বিশ্বের শান্তি হইত, তবে ইতিহাসে বড়লোক ও রাজাদের মধ্যে সর্ব্বাপেক্ষা অধিক মারামারি ও কাটাকাটি দেখা যাইত না।

ভারতবর্ষ না হয় বর্ত্তমানে দরিদ্র হইয়া পড়িয়াছে, বিলাতে প্রচুর অর্থশালী স্বাধীন জাতির ও স্বাধীন সাম্রাজ্যের ত' অভাব নাই। কিন্তু তাঁহারা বহু চেষ্টা সত্ত্বেও তাঁহাদের মধ্যে যুদ্ধবিগ্রহ, দলাদলি থামাইতে পারিতেছেন না। কেহ কেহ অবিলম্বে সারা পৃথিবীব্যাপি আর একটী মহাযুদ্ধের আশঙ্কা করিতেছেন। শান্তি-সঙ্ঘ বহু চেষ্টা করিয়াও এক জাতির সহিত আর এক জাতির আন্তরিক মিত্রতা ও বিশ্বশান্তি আনয়ন করিতে পারিতেছেন না। অতএব কেবল ধন-রত্ন থাকিলেই শান্তি হয় না, উহার সদ্ব্যবহার করিবার মত শিক্ষা ও সংযমের সর্ব্বাপেক্ষা অধিক প্রয়োজন। কেবল লেখাপড়া শিক্ষা দ্বারাও জগৎকে শান্তি দান করা যায় না। তাহা হইলে সর্ব্বশ্রেষ্ঠ শিক্ষিত ও সভ্য-জাতিসমূহ তাহা করিতে পারিতেন, শিক্ষিতগণের মধ্যে পরস্পর হিংসা-বৃত্তি থাকিত না। অতএব যাহা পরম শান্তি, পরম অর্থ বা পরম প্রয়োজন দান করিতে পারে, সেই বস্তুর সন্ধানের জন্যই আমাদিগের শিক্ষা আবশ্যক। সেই শিক্ষাই শিক্ষা—যে

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

শিক্ষা আমাদের নিত্য মঙ্গল দান করিতে পারে। এজন্য শ্রীচৈতন্যদেব বলিয়াছেন,—

"সেই সে বিদ্যার ফল জানিহ নিশ্চয়।
কৃষ্ণপাদপদ্মে যদি চিত্ত-বিত্ত রয়॥"

ঠাকুর ভক্তিবিনোদ তাঁহার একটি গানে গাহিয়াছেন,—

"যে বিদ্যার আলোচনে, কৃষ্ণরতি স্ফুরে মনে,
তাহারই আদর জান সব।
ভক্তি-বাধা যাহা হ'তে, সে বিদ্যার মস্তকেতে,
পদাঘাত কর অকৈতব॥"

ঠাকুর ভক্তিবিনোদ মানবজাতিকে যে-সকল শিক্ষা দিয়াছেন, তাহার এক একটি কথা শুনিয়া তোমরা আশ্চর্য্যান্বিত হইবে। তোমাদিগকে সেই সকল কথা ক্রমে ক্রমে শুনাইব। তাঁহার চরিত্র অতি বিস্তৃত ও অদ্ভুত। তোমাদিগকে তাঁহার সমস্ত চরিত্রের কথা বলিতে পারিব না, বলিলেও তোমরা বুঝিবে না। কেবল তোমাদের উপযোগী তাঁহার চরিত্রের কিছু কিছু কথা তোমাদিগকে বলিব। তোমরা খুব মনোযোগের সহিত সেই সকল কথা শুনিও এবং তাহা হইতে সংশিক্ষা লাভ করিয়া তোমাদের জীবন গঠন করিও, যাহাতে তোমরাও নিজেদের মঙ্গল করিয়া, নিরহঙ্কার হইয়া ভবিষ্যতে মানবজাতিকে—বিশ্ব-সমাজকে সর্ব্বশ্রেষ্ঠ দান করিয়া যাইতে পার। মানবজীবনের যাহা চরম উদ্দেশ্য ও সর্ব্বশ্রেষ্ঠ লাভ, শ্রীভক্তিবিনোদের শিক্ষা অবলম্বন করিলে তাহা তোমরা অনায়াসে লাভ করিতে পারিবে।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri



শ্রীশ্রীবিশ্ববৈষ্ণবরাজসভার বর্ত্তমান পাত্ররাজ গৌড়ীয়বৈষ্ণবাচার্য্যবর্য্য পরমহংস ওঁ বিষ্ণুপাদ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

দ্বিতীয় অধ্যায়

শ্রীভক্তিবিনোদের শৈশব-ছাত্রজীবন

ভক্তিবিনোদ তাঁহার একটি আত্মচরিত লিখিয়া গিয়াছেন। তাহাতে তিনি তাঁহার ছাত্রজীবনের কথা এইরূপ লিখিয়াছেন,—

"আমার তিন বৎসর বয়সে আমি কার্ত্তিক সরকারের পাঠশালায় যাইতাম। কার্ত্তিক সরকার আমাকে যে বেতটি দেখাইতেন, তাহা এখনও আমার মনে পড়ে। সকলেই তাঁহাকে ভয় করিত। পঞ্চম বৎসর বয়সে আমাকে রীতিমত পাঠশালায় দেওয়া হইল। এ সময় আর কার্ত্তিক সরকার ছিলেন না। যদু সরকার প্রভৃতি কয়েকজন গুরু মহাশয় ক্রমান্বয়ে পাঠশালা চালাইবার ভারপ্রাপ্ত হইয়াছিলেন। প্রাতে ও অপরাহ্ণে পাঠশালায় উপস্থিত থাকিতে হইত। গুরুমহাশয় প্রত্যুষেই বসিতেন। পাড়ার অনেক ছেলে আমাদের সহিত পড়িত ও লিখিত। তাহাদের মধ্যে যে যে কিছু বয়স প্রাপ্ত হইয়াছিল, তাহারা গুরুমহাশয়ের দূত-স্বরূপে আমাদের উপর পীড়ন করিত। আমাদের পাঠশালায় আসিতে বিলম্ব হইলে তাহারা আমাদিগকে ধরিয়া আনিত। পাঠশালার ঐ নিয়ম ছিল যে, যিনি (বিলম্বে) প্রথমে উপস্থিত হইতেন, তিনি এক ছড়ি খাইতেন, দ্বিতীয় ব্যক্তি দুই ছড়ি, তৃতীয় ব্যক্তি তিন ছড়ি এইরূপে ছড়ির সংখ্যা বৃদ্ধি হইত। আমি প্রায় সাত বৎসরের হইলাম। এমত সময়ে কৃষ্ণনগরে একটি কলেজ সংস্থাপিত হইল। * * * *

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

কাপ্তেন রিচার্ড্‌সন্‌ সাহেব কলেজের তখন প্রিন্সিপ্যাল। রামতনু লাহিড়ী প্রধান দেশীয় শিক্ষক। আমরা অধিক নীচের ক্লাসে পড়িতাম। আমাদের সঙ্গে রাজপুত্র সতীশ চন্দ্র বাহাদুর পড়িতেন। কয়েকদিন পরে কুচবিহারের বালক রাজা আসিয়া জুটিলেন। একটু পরিশ্রমের সহিত বিদ্যাভ্যাস করিয়া ক্লাসে সম্মান লাভ করিলাম। সে বৎসর পরীক্ষায় আমি এক ক্লাস প্রমোশন ও একখানা প্রাইজ্‌ পাইলাম। উলাতে এরূপ ঘোষণা হইল যে, আমি সর্ব্বাপেক্ষা ভাল ছেলে। রবিবার উলার বাটিতে আমার প্রশংসা হইতে লাগিল। মাতামহ দাদা মহাশয় আমাকে অনেক স্নেহ প্রকাশ করিয়া কাছে বসাইয়া প্রসাদ দিলেন। বাবাও আমার প্রতি বিশেষ সদয় হইলেন। এই সময় ডিজারবারেট্‌ অধ্যাপক আসিয়াছিলেন। তিনি আমার অধিক প্রশংসা করায় বাবা তাঁহাকে আমার সম্মুখে প্রশংসা করিতে নিষেধ করিলেন। এই সকল প্রশংসাবাদ শুনিয়া আমার মনটা বড় উচ্চ হইল। এমন কি, অতি শীঘ্রই আমার লেখাপড়া কচুপোড়া হইয়া গেল। আমি আর ক্লাসে ভাল ছেলে থাকিলাম না। দুইদিন পরে আমি জানিলাম যে, আমার আর গোয়াড়ী যাইতে হইবে না।

পুরাতন বাটিতে মহাভারত, রামায়ণাদির কথা হইলে আমি শুনিতে যাইতাম। হনুমান্‌ সমুদ্র পার হইয়া লঙ্কা যাইতেছেন, সিংহিকা রাক্ষসী তাঁহাকে আকর্ষণ করিতেছেন। কথক ঠাকুর ঐ বিষয় অভিনয় করিলে আমার মনে বিশেষ প্রীতি উৎপন্ন

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain. Digitization by eGangotri

হইল। স্কুলের পর কথা শুনিতে যাওয়া আমার একটি কার্য্য হইল। কথা শুনিতে শুনিতে আমাদের শাস্ত্রের অনেক গল্প আমার শিক্ষা হইয়া উঠিল।

আমার নয় বৎসর বয়স হইয়া উঠিলে আমি জগৎ ভট্টাচার্য্য মহাশয়ের নিকট জ্যোতিষ পড়িতে গেলাম। তুলটে পুস্তক তৈয়ার করিবার ঝোঁক উঠিল। জ্যোতিষের বচন মুখস্থ করি ও সঙ্কেত বুঝিয়া লই।

কোনদিন কোনপ্রকার সিদ্ধান্ত হয়, আবার সিদ্ধান্ত থাকে না। একদিন সন্ধ্যার সময় চন্দ্রোদয় হইলে বাবার বৈঠকখানার ছাতে বেড়াইতে বেড়াইতে দেখি, চাঁদ আমার সঙ্গে সঙ্গে চলে। মনে করিলাম, যে চাঁদকে আমরা কৃষ্ণনগরে দেখিয়াছি, এ কি সেই চাঁদ? ছোট গোলাকার জিনিষ কিরূপে সর্ব্বত্র থাকে? একবার মনে করিলাম, ভিন্ন ভিন্ন দেশে চাঁদ বোধ হয় ভিন্ন ভিন্ন, আবার চাঁদ সঙ্গে সঙ্গে চলে দেখিয়া একই চাঁদ সর্ব্বত্র থাকে, এরূপ সিদ্ধান্ত হইল। কোন কোন স্ত্রীলোক বলিয়াছিলেন যে, চন্দ্র ও সূর্য্য দেবতা দুই ভাই, তাঁহারা দুইজনে নিমন্ত্রণ খাইতে গিয়াছিলেন। তাঁহাদের মা বলিয়া দিয়াছিলেন যে, ভাল ভাল খাবার আনিবে। চাঁদ নখের কোণে সন্দেশ আনিয়াছিলেন। সূর্য্য কিছু আনেন নাই। তজ্জন্য মা চাঁদকে অমৃত বর দেন এবং সূর্য্যকে এই বলিয়া শাপ দেন যে, তুমি জগতের মল-মূত্র শুকাইবে। অল্পদিনের মধ্যেই জানিলাম, এসব স্ত্রীলোকের কথা, নিতান্ত অসার। আমি রামায়ণ, মহাভারত, কালীপুরাণ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

অন্নদামঙ্গল প্রভৃতি বাঙ্গালা পুঁথি পড়িয়া অনেক সংবাদ সংগ্রহ করিতেছিলাম। যাঁহাকে একটু বিজ্ঞ দেখি, তাঁহার সহিত ভাল ভাল কথা আলোচনা করি। হলধরমিশ্র দুর্গা, কালী ও শিবদিগের পূজা করেন। আমি ভাবিলাম, দেবতাদের সহিত হলধরের কথা হয়। আমি একদিন তাঁহাকে এই বিষয় জিজ্ঞাসা করিলে তিনি বলিলেন,—"হাঁ, কখনও কখনও কথা হয়।" আমি তাহা একটু বিশ্বাস করিয়া জিজ্ঞাসা করিলাম,—"হাঁ মিশ্র মহাশয়, বাচস্পতি মহাশয় ঠাকুর-বাটিতে রাত্রি দিন থাকেন। তাঁহার সহিত কি ঠাকুরদের কথা হয় ?" তিনি বলিলেন,—"হয়।" আমি বাচস্পতি মহাশয়কে ঐ কথা বলিলে তিনি বলিলেন যে, হলধর মিশ্র মিথ্যা বলিয়াছেন। ঠাকুরেরা কলিকালে মানুষের সহিত কথা বলেন না। বাচস্পতি মহাশয় মোটা ও পণ্ডিত থাকায় হলধর মিশ্রের প্রতি আমার আর শ্রদ্ধা রহিল না। আমি কোনদিন দুই প্রহর রৌদ্রের সময় নির্জ্জন দেখিয়া কোন কোনটী শিবের মন্দির খুলিয়া কথা কহিতাম। তখন প্রতিধ্বনি হইত। আমি মনে করিতাম, শিব বুঝি আমার সহিত পরিহাস করিতেছেন। আমি শিবকে ছুঁইয়া পলাইয়া যাইতাম। মনে করিতাম যে, শিব যদি সত্য হন, তবে আমাকে ধরিবেন বা কোন পীড়া দিয়া আমাকে জব্দ করিবেন। শিব কিছুই করিলেন না দেখিয়া আমি বুঝিলাম যে, শিবের ভিতর কোন বস্তু নাই।

একদিন মাতামহের বৈঠকখানার সম্মুখে বাগানে জামরুল খাইতে গেলাম। শুনিলাম, জামরুল গাছে ভূত থাকে। ভূতের

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ভয়ে সেদিন পলাইয়া গেলাম। পরদিন মনে হইল, ভূতের যদি একটা প্রতিকার করা যায়, তবে নির্ভয়ে জামরুল খাওয়া যায়। রৌদ্রের সময় জামরুল বড় উপাদেয়। অনেককে ভূতের বিষয় জিজ্ঞাসা করিলাম, কেহই আর ভূত নাই, এ কথাটি বলিলেন না। আমি ব্যতিব্যস্ত হইয়া বাচস্পতি মহাশয়কে জিজ্ঞাসা করিলে তিনি বলিলেন যে, ভূতযোনি একটা আছে। ভূত বায়ুর স্বরূপ এবং তাহাদের চক্ষু কুচের ন্যায় ছোট ছোট। বাচস্পতি মহাশয়ের কথা শুনিয়া ভূতের বিষয় আশঙ্কা বৃদ্ধি হইল। কিন্তু জামরুল না খাইলে নয়। ছিরের মা বড় গুণী। সে মাতামহের ভাণ্ডার-রক্ষয়িত্রী ছিল। তাহাকে জিজ্ঞাসা করিলে সে বলিল, "রাম নাম" বলিলে ভূতের ভয় হয় না। জয়কালী বলিয়া একটা চাকরাণী ছিল, সেও ঐ কথা বলিল। আমি পরীক্ষা করিবার জন্য "রাম নাম" বলিতে বলিতে জামরুল তলায় গিয়া বিশেষ নিরীক্ষণ করত কোন প্রকার ভূতের ক্রিয়া দেখিতে পাইলাম না। দুই চারিটা জামরুল পাড়িয়া খাইলাম। বুঝিলাম যে, রাম নামে ভূত পলায়। সন্ধ্যা হইলেই 'রাম রাম' বলি। গলি ঘুজিঁতে চলিতে লইলে 'রাম' নাম করি। আমি মনে মনে আনন্দ লাভ করিলাম যে, অনেক দিনের পর একটা ভূতের ঔষধ পাইয়াছি। শুনিতাম যে, হোমের ঘরে ভূত থাকে। 'রাম রাম' বলিয়া হোমের ঘরে ভূত তাড়াইলাম। এখন সন্ধ্যাকালে বাহিরে থাকিতে পারি। জগদ্ধাত্রীর চালচিত্র করিতে একজন বৃদ্ধ ছুতোর নিযুক্ত থাকিত। আমি তাহার নিকট বসিয়া অনেক কথা জিজ্ঞাসা করিতাম। সে সকল বিষয়ের উত্তর

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

দিত। আমি তাহাকে জিজ্ঞাসা করিলাম, "বল দেখি, এই প্রতিমার মধ্যে দেবতা কখন আসিবে ?" সে উত্তর করিল যে, আমি যেদিন ইঁহার চক্ষু দান করিব, সেই দিন দেবতা আসিয়া প্রতিমায় অধিষ্ঠান হইবে। আমি আগ্রহের সহিত সেই দিনে দেখিতে আসিলাম, কিন্তু দেবতার কোন অধিষ্ঠান দেখিতে পাইলাম না। আমি কহিলাম যে, গোলোক পাল প্রথমে খড়ে, পরে মাটিতে এই প্রতিমাটি গড়িয়াছে। আবার তোমরা প্রথমে খড়ি, পরে রংচিত্র করিলে। দেবতা বস্তুতঃ কখনই আসিলেন না। তখন সেই বৃদ্ধ সূত্রধর কহিল, "ব্রাহ্মণেরা ঘট বসাইয়া মন্ত্র পড়িলে ঠাকুর আবির্ভূত হইবে।" আমি তখনও দেখিয়া কিছুই দেখিতে পাইলাম না। সেই বৃদ্ধ সূত্রধরকে বিজ্ঞ জানিয়া তাহার বাটিতে গিয়া সব কথা জিজ্ঞাসা করিলাম। সে তখন বলিল,—"এই প্রতিমাপূজায় আমার কিছু বিশ্বাস নাই। আমার বোধ হয়, ব্রাহ্মণেরা জুয়াচুরি করিয়া এই ব্যবস্থা দ্বারা টাকা অর্জ্জন করে।"

বৃদ্ধ বার্দ্ধকীর সেই কথায় আমার বিশেষ প্রীতি হইল। আমি তাহাকে পরমেশ্বরের কথা জিজ্ঞাসা করিলাম, সে বলিল, "যে যাহাই বলুক, আমি এক পরমেশ্বর ব্যতীত আর কাহাকেও বিশ্বাস করি না। দেব-দেবী কল্পিত। আমি প্রত্যহ সেই পরমেশ্বরকে আরাধনা করি।" বৃদ্ধের কথায় আমার শ্রদ্ধা হইল।

আমি জিজ্ঞাসু হইয়া উঠিলাম। গোলাম খাঁ পেয়াদা তোষাখানার দ্বারে পাহারা দেয়। তাহাকে জিজ্ঞাসা করিলে সে কহিল যে, ঈশ্বরের নাম খোদা। তিনি একা ছিলেন, আর কেহ ছিল না।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

খোদা নিজের শরীরের ময়লা তুলিয়া রুটির মত করিয়া একার্ণবের জলে ফেলিলেন। রুটির উপরার্দ্ধ আকাশ ও নিম্নার্দ্ধ পৃথিবী হইল। এইরূপে জগৎ সৃষ্টি হইলে আদম হাওয়া সৃষ্টি করিয়া মানুষ সৃষ্টি করিলেন। আমরা সকলেই আদম হাওয়ার বংশ। আমি এই গল্পটী শুনিয়া তাহাকে জিজ্ঞাসা করিলাম,—"তুমি রামকে কি বল?" সে বলিল,—"রাম রহিম এক। তিনিই খোদা।" আমি তখনই ভূতের মন্ত্রের সন্ধান পাইলাম। ভূতের কথায় গোলাম খাঁ কহিল,—"সকল ভূতই শয়তানের আওলাত। তাহারা রহিমের নামে ভয় করে।" আমার তত্ত্বজ্ঞানে চিত্ত প্রসন্ন হইল।

আমি মনে মনে কতই ভাবি। একবার চিন্তা করিলাম, এই জগৎ মিথ্যা। এক ঈশ্বরই বস্তু। আমিও বোধ হয় সেই ঈশ্বর। আমি নিদ্রিত ব্যক্তির স্বপ্নের ন্যায় আপনাকে দুঃখী চিন্তা করিতেছি। নিদ্রা ভাঙ্গিলেই আবার ঈশ্বর-জ্ঞানে হাস্য করিব। কখনও বা মনে করি, আমিই সৃষ্টিকর্ত্তা। অনেক কাল আপনাকে ভুলিয়া গিয়া এইরূপ কষ্ট পাইতেছি। কখনও বা মনে করি যে, আমি ঈশ্বর হইয়া লীলা করিতেছি। লীলার চোটে সমস্ত ভুলিয়া এরূপ বোধ হইতেছে।

আমার একাদশ বৎসর বয়সে পিতার পরলোক গমন হইল। তখন হইতে আমি স্বাধীন হইলাম। কিন্তু আমার পরে কি হইবে, এই ভাবিতে লাগিলাম। সকল দিকই অন্ধকার দেখি। আত্মীয় এমন কেহ নাই যে, আমার বিষয় চিন্তা করেন। স্কুলে যাহা পড়ি মাত্র।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

সংক্ষেপতঃ এই মাত্র ছিল যে, আমি কোন কুসঙ্গ লাভ করি নাই। অনেক বিষয় চিন্তা করি, কবিতা রচনা করিতে চেষ্টা করি। এমত কি, 'উলাচণ্ডীমাহাত্ম্য' নামক একখানি কাব্য রচনা করিয়াছিলাম। সে পুথি আর পাওয়া যায় না।"

ভক্তিবিনোদ এগার বৎসর বয়সেই পিতৃহীন ও স্বাধীন হইয়াছিলেন। তখন তিনি অনেকপ্রকার কুসঙ্গে পড়িতে পারিতেন। কিন্তু অতি শিশুকাল হইতেই কুসঙ্গের প্রতি তাঁহার তীব্র বিরাগ ছিল। "সংক্ষেপতঃ এইমাত্র ছিল যে, আমি কোন কুসঙ্গ লাভ করি নাই"—ভক্তিবিনোদের এই কথাটি ছাত্রগণের পক্ষে বিশেষ মূল্যবান্ ও সংক্ষিপ্ত সারগর্ভ উপদেশ। ছাত্রগণ কুসঙ্গকে বিষ হইতেও মারাত্মক মনে করিবে। সৎসঙ্গ না থাকিলে কুসঙ্গ ছাড়া যায় না। এজন্য ছাত্রগণের বাল্যকাল হইতেই সমস্ত সৎসাহিত্য আলোচনা করা কর্ত্তব্য।

শ্রীভক্তিবিনোদ সাধারণ ছাত্র ছিলেন না। তিনি পরমেশ্বরের প্রেরিত মহাপুরুষ; যেমন প্রহ্লাদ। প্রহ্লাদ অসুরগণের মধ্যে থাকিয়া, ভগবানের বিদ্বেষী অসুর পিতা হিরণ্যকশিপু ও অসুর-শিক্ষক ষণ্ডামর্কের বিদ্যায়তনে পাঠ করিয়াও ভগবানে ভক্তিকেই সকল-শিক্ষা-সার বলিয়া বিচার করিয়াছিলেন ও তাঁহার সহপাঠী বালকগণকে সেই শিক্ষা দান করিয়াছিলেন।

ঠাকুর ভক্তিবিনোদ ছয় সাত বৎসর বয়স হইতেই রামায়ণ, মহাভারতের কথা শুনিতে আগ্রহ প্রকাশ করিতেন। আহার, নিদ্রা পরিত্যাগ করিয়া সেই সকল শাস্ত্রের উপদেশ শুনিতেন

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ও নিজের জীবনে তাহা পালন করিতেন। বাল্যকালে সংসাহিত্যের প্রতি অনুরাগ তাঁহার ভবিষ্যৎ চরিত্রে সম্পূর্ণরূপে প্রকাশিত হইয়াছিল। তিনি বাঙ্গালা, ইংরেজী, সংস্কৃত, হিন্দি উর্দ্দু প্রভৃতি ভাষায় এক শতেরও অধিক ধর্ম্মগ্রন্থ রচনা করিয়া গিয়াছেন। ইহাই তাহার প্রমাণ। তিনি সাধারণ সাহিত্যিক ও কবির ন্যায় লোকের নিকট সম্মান লাভের জন্য কবিতা ও সাহিত্য লিখিতেন না। কিন্তু লোকের মঙ্গলের জন্য এবং নিজের ভজনের জন্য তাহা করিতেন। তাঁহার সাহিত্য-রচনাই পরমেশ্বরের সেবা—যাহাকে শ্রীচৈতন্যদেব "হরিকীর্ত্তন বা নামে রুচি, জীবে দয়া ও বৈষ্ণবসেবা" বলিয়াছেন। সাহিত্য রচনা দ্বারা তিনি এক সঙ্গে এই তিনটি কার্য্য করিয়াছেন—পরের শ্রেষ্ঠ উপকার, ভক্তের সেবা ও ভগবানের সেবা। তিনি মানবজাতিকে অজ্ঞানান্ধকার হইতে উদ্ধার করিবার জন্য সেই সকল সাহিত্য প্রচার করিয়াছিলেন।

তোমরা বিদ্যালয়ে যে-সকল সাহিত্য পড়, তাহা কেবল যাহারা লেখাপড়া জানে না, তাহাদিগকেই কিছুটা লেখাপড়া শিখাইয়া দেয়। কিন্তু ঐরূপ লেখাপড়া শিখিয়া যাঁহারা জগতে সর্ব্বোচ্চ বিদ্বান্ ও পণ্ডিত হইয়াছেন তাঁহারাও শ্রীভক্তিবিনোদের সাহিত্য অধ্যয়ন ও অনুশীলন না করিলে এত পড়িয়া শুনিয়াও অবিদ্বান্ ও অপণ্ডিতই থাকিয়া যাইবেন। ঠাকুর ভক্তিবিনোদের সাহিত্য জগতের সর্ব্বশ্রেষ্ঠ পণ্ডিত ও বিদ্বান্‌গণেরও শিক্ষক, অধ্যাপক ও নিয়ামক।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

তৃতীয় অধ্যায়

ছাত্রজীবনে স্ব-পর-মঙ্গল

ভক্তিবিনোদ যখন শ্রীরামপুরে অবস্থান করিতেন, তখন 'শ্রীচৈতন্যশিক্ষামৃত' নামক একখানি গ্রন্থ রচনা করিয়া শ্রীরামপুর স্কুলের ৭ম ও ৬ষ্ঠ মানের যে-সকল ছাত্রের তিনি অভিভাবক ছিলেন, তাহাদিগকে রীতিমত ঐ পুস্তক পড়াইতে আরম্ভ করেন। ইহা শুনিয়া তোমরা হয় ত' অনেকে আশ্চর্য্যান্বিত হইবে। কারণ, এ জগতের খুব কম মাতা পিতা বা অভিভাবকই তাঁহাদের অধীন বা পাল্য ছোট ছোট ছেলে মেয়েদিগকে স্কুলপাঠ্য-পুস্তকের মত ধর্ম্মপুস্তক রীতিমত পড়াইয়া থাকেন। কিন্তু ঠাকুর ভক্তিবিনোদ জানিতেন, ছাত্রগণকে অল্প বয়স হইতেই ধর্ম্মশিক্ষা না দিলে তাহাদের বিদ্যা অর্জ্জনের কোনই মূল্য নাই। ঐ বিদ্যাগুলিই তাহাদের পক্ষে অবিদ্যা হইয়া পড়িবে।

ভবিষ্যৎ জীবনে কেবল অর্থলাভ বা সম্মানলাভ কিংবা জীবন-যাপনের উপায় সংগ্রহের জন্যই যদি বিদ্যার্জ্জন একমাত্র প্রয়োজন হয়, তবে বিদ্যাহীন অসভ্য জাতি বা পশুপক্ষীর সহিত আমাদের ভেদ কি? অসভ্য মানুষ বা পশুপক্ষী অন্য উপায়ে ভোগ সংগ্রহ করে ও বাঁচিয়া থাকিবার উপায়গুলি ঠিক করিয়া লয়। যিনি হয় ত' এম্-এ পাশ করিয়াছেন, কিংবা খুব বড় ইঞ্জিনিয়ার, ব্যারিষ্টার, জজ বা অধ্যাপক হইয়াছেন, তিনি ভাল জামা-জুতা পরিয়া, চেয়ার-টেবিলে বসিয়া, কাগজ-কলমে লেখাপড়া করিয়া

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

বা বক্তৃতা দিয়া টাকা রোজগার ও ভোগসুখের উপকরণ সংগ্রহ করেন অর্থাৎ বাঁচিয়া থাকেন। অসভ্য মানুষ বা পশু-পক্ষী টেবিল-চেয়ারে না বসিয়াও, কালি-কলমে না লিখিয়াও নিজেরা বাঁচিয়া থাকিতে পারে। তাহা হইলে বিদ্যা শিক্ষা করা ও না করার ফল একই হইয়া দাঁড়ায়, যদি বিদ্যার্জ্জন কেবল অর্থার্জ্জন বা ভোগ-সুখের জন্য উদ্দিষ্ট হয়।

তোমরা বলিতে পার, পশু-পক্ষী বা অসভ্য জাতি ত' পরের উপকার করিতে পারে না অর্থাৎ বহু লোককে টাকা, পয়সা দিয়া সাহায্য করে না। আমরা লেখাপড়া শিখিয়া দরিদ্রকে ধন দান, ক্ষুধাতুরকে অন্ন দান করিব, মূর্খকে লেখাপড়া শিখাইব। পশু-পক্ষী কি তাহা করে না? মৌমাছিগুলিকে দেখ, অতি ক্ষুদ্র পিপীলিকাগুলিকে দেখ, ইহারা কত যত্নের সহিত খাদ্য সংগ্রহ করে এবং নিজেদের আত্মীয়-স্বজনকে পালন করিয়া থাকে, আবার প্রয়োজন হইলে অপরের সঙ্গে ঝগড়াও করে। তোমরা একটা কাককে যদি ধরিয়া রাখ এবং তাহা আর একটী কাক দেখিতে পায়, তাহা হইলে অমনি সে চীৎকার করিয়া বহু কাককে সেখানে জড় করিবে এবং তাহারা সকলেই 'কা কা' রবে তোমাদের হৃদয়ে দয়ার উদ্রেক করাইবে বা তোমাদের কার্য্যের প্রতিবাদ করিবে। কাক কোকিলের শাবককে খাদ্য দিয়া বড় করিয়া দেয়। এই মঙ্গল বৃত্তি যে-কোন পশু-পক্ষীর মধ্যে, এমন কি, গাছপালার*

* স্যর জগদীশ চন্দ্র বসু লিখিয়াছেন,—"কষ্টে পড়িয়া গাছপালার মধ্যেও কেহ কেহ দস্যুবৃত্তি করে। বৃক্ষদের মধ্যে একে অন্যকে সাহায্য করিতে দেখা যায়।

২

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

মধ্যেও তোমরা দেখিতে পাইবে। কাজেই মানবজীবনে বিদ্যা-লাভের শেষ ফল নিজের ভোগ বা যাঁহাদিগকে আত্মীয়-স্বজন বলি, তাঁহাদের ভোগ, অথবা আত্মীয়-স্বজন ছাড়া যাঁহাদিগকে 'পর' বলি, তাঁহাদের ভোগও নহে। বিদ্যা-লাভের ফল—নিজের উপকার, আত্মীয়-স্বজনের উপকার, পরের উপকার ও বিশ্ববাসী সকলের উপকারে নিয়োগ—সত্য বটে। কিন্তু সেই উপকারটি কি, বা কিরূপে করা যাইতে পারে, তাহাই শ্রীচৈতন্যদেব ও তাঁহার ভক্তশিরোমণি শ্রীভক্তিবিনোদ আমাদিগকে শিক্ষা দিয়াছেন। তোমরা ছাত্রজীবন হইতে সেই বিদ্যা শিক্ষা করিতে থাক। শ্রীচৈতন্যদেবের প্রকৃত ভক্তগণের সাহিত্য পাঠ করিলে তোমরা সেই বিদ্যা শিক্ষা করিতে পারিবে। শ্রীচৈতন্যদেব তাঁহার এক শ্রেষ্ঠ ভক্ত রায় রামানন্দকে "কোন্ বিদ্যা সকল বিদ্যার সার ?" এই প্রশ্ন জিজ্ঞাসা করিয়াছিলেন। তাহার উত্তরে রামানন্দ রায় বলিয়াছিলেন যে, "কৃষ্ণভক্তির মত আর বিদ্যা নাই"।

"প্রভু কহে,—কোন্ বিদ্যা বিদ্যা-মধ্যে সার ?
রায় কহে,—কৃষ্ণভক্তি বিনা বিদ্যা নাহি আর ॥"

(চৈঃ চঃ ম ৮।২৪৫)

তারপর মানুষের সর্ব্বোচ্চ গুণ স্বার্থত্যাগ,—গাছে তাহাও দেখা যায়। সন্তানের জন্য নিজের জীবন-দান উদ্ভিদে সচরাচর দেখা যায়।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

চতুর্থ অধ্যায়

শ্রীসচ্চিদানন্দ ভক্তিবিনোদ

যাঁহারা ভগবানের নিজ-জন তাঁহারা জগতের ধর্ম্মবীর বা কর্ম্ম-বীরের ন্যায় জন্ম-মৃত্যুর অধীন মনুষ্য নহেন। তাঁহাদের কার্য্যগুলি অনেক সময় দেখিতে সাধারণের মত মনে হইলেও তাঁহাদের প্রত্যেকটী কার্য্যদ্বারা ভগবানের সেবাই হইয়া থাকে। তাঁহারা ভগবানের ইচ্ছায় লোকের নিত্যমঙ্গল সাধনের জন্য এই পৃথিবীতে আসেন ও ভগবানের ইচ্ছায় এই স্থান হইতে চলিয়া যান। তোমরা দেখিতে পাও, সূর্য্য পূর্ব্বদিকে উঠে ও পশ্চিমদিকে অস্ত যায়। তাই বলিয়া প্রত্যহ প্রাতে সূর্য্যের জন্ম ও সন্ধ্যায় সূর্য্যের মৃত্যু হয়, বলা যায় না, কিংবা পূর্ব্বদিক্‌কে সূর্য্যের জননীও বলিতে পার না। সেইরূপ ভগবানের নিজ-জনগণের কোন নির্দ্দিষ্ট কালে, নির্দ্দিষ্ট বংশে আবির্ভাব দেখিয়া তাঁহাদিগকে সাধারণ লোকের ন্যায় কোন দেশ, কাল বা জাতির অন্তর্গত মনে করিলে তাহা সম্পূর্ণ ভ্রম ও অপরাধ হয়।

তোমরা ইতিহাসে পড়িয়া থাকিবে যে, কালীঘাট, সুতানুটী ও গোবিন্দপুর এই তিনটী গ্রাম লইয়া কলিকাতা সহরের উদ্ভব হয়। এই গোবিন্দপুর গ্রামের পত্তন করেন মহাত্মা গোবিন্দশরণ দত্ত। গোবিন্দশরণের পৌত্র রামচন্দ্র, রামচন্দ্রের পৌত্র পুণ্যাত্মা মদন-মোহন দত্ত। মদনমোহন বহু জনহিতকর কার্য্য করিয়াছিলেন।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ইনি কলিকাতার হেদুয়া পুষ্করিণী জনসাধারণের ব্যবহারের জন্য মিউনিসিপ্যালিটীকে দান করেন। গয়ার প্রেতশিলাতীর্থে ও চন্দ্রনাথের পাহাড়ে বিপুল অর্থব্যয়ে সিঁড়ি নির্ম্মাণ করিয়া দেন। মদনমোহনের পৌত্র রাজবল্লভ। রাজবল্লভের পুত্র ধর্ম্মপরায়ণ সরলপ্রাণ আনন্দচন্দ্র। মহাত্মা আনন্দচন্দ্রের সহধর্ম্মিণী পূজনীয়া জগন্মোহিনী দেবী। ইঁহাদের গৃহে যে মহাপুরুষ আবির্ভূত হন, তিনি বাল্যকালে 'কেদারনাথ' নামে পরিচিত হইয়াছিলেন। যখন তিনি আত্মপ্রকাশ করিলেন, তখন বৈষ্ণব-সমাজে 'শ্রীসচ্চিদানন্দ ভক্তিবিনোদ ঠাকুর' নামে পরিচিত হইলেন।

ঘটনাক্রমে আনন্দচন্দ্রের অবস্থার পরিবর্ত্তন হয়। পিতার অভাবনীয় অবস্থা-বিপর্য্যয়, বাল্যকালে পিতৃবিয়োগ ও অভিভাবকহীন অবস্থার মধ্যে কেদারনাথকে স্বাবলম্বী হইয়া ভবিষ্যৎ জীবন গঠন করিতে হইয়াছিল। সেই সময়ের বঙ্গদেশের সামাজিক প্রথানুযায়ী কেদারনাথের মাতৃদেবী বার বৎসর বয়স্ক বালককে পাঁচ বৎসরের এক বালিকার সহিত বিবাহ দিয়া দিলেন। শ্রীভক্তিবিনোদ নিজেই লিখিয়াছেন,—"ঠিক যেন পুতুল-খেলা। শ্বশুর বাটীতে একলা থাকিতে পারিব না বলিয়া আমার ঝি সঙ্গে গিয়াছিল।" ইহা শুনিয়া তোমরা হয় ত' কেহ কেহ হাস্য করিবে। কিন্তু বাল্য-বিবাহ-প্রথার যুগে এইরূপই অবস্থা ছিল।

ছাত্রজীবনে বিবাহ-ব্যাপারটী একটী বিশেষ সমস্যার কথা। বিবাহ-সম্বন্ধে শ্রীভক্তিবিনোদের উপদেশ বোধ হয়, তোমরা শুনিবার জন্য আগ্রহান্বিত হইবে; শ্রীল ভক্তিবিনোদ কোন দিনই কৃত্রিমতা

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ও কপটতার পক্ষপাতী ছিলেন না। আবার সরলতার নামে ভোগে গা' ভাসাইয়া দেওয়াকেও তিনি কোনদিনই প্রশ্রয় দিতেন না। তিনি বলিতেন,—"যাহারা হরিভজন করে না, তাহারা কখনও ইন্দ্রিয় জয় করিতে পারে না। যাঁহারা হরিভজন করেন, ইন্দ্রিয় জয় করিবার জন্য তাঁহাদের পৃথগ্‌ভাবে চেষ্টা করিতে হয় না।" তিনি এ বিষয়ে সকলকে শ্রীমদ্‌ভাগবতের বিচারের অনুগমন করিতে বলিয়াছেন। বিবাহ করার বা মদ্য-মাংস-ভোজনের যে অনুমোদন শাস্ত্রে পাওয়া যায়, তাহা ঐ সকল কার্য্য হইতে লোককে নিবৃত্ত করিবার উদ্দেশ্যেই। যে-সকল মানুষের পশুর ন্যায় ভোগলালসা বা হিংসা-প্রবৃত্তি অর্থাৎ মাংস-ভোজনের অত্যন্ত লোভ আছে, তাহাদের পক্ষেই যজ্ঞে পশু বধ করিয়া মাংস-ভোজনের ব্যবস্থা দেওয়া হইয়াছে। একটু মদ্য বা মাংস ভোজনের জন্য যদি প্রত্যেকবার যজ্ঞ করিতে হয়, দেখ তাহা কত কষ্টকর। আবার সকল পশু যজ্ঞে ব্যবহার করা যায় না। যজ্ঞীয় পশুর বিশেষ বিশেষ লক্ষণ আছে। সেইরূপ লক্ষণযুক্ত পশু খুঁজিয়া লইয়া অনেক অর্থ ও পরিশ্রম-সাধ্য যজ্ঞ করিয়া একটু মাংস ভোজন করিতে হইলে বেশীদিন আর ঐরূপভাবে মাংস ভোজনের প্রবৃত্তি থাকে না। বিবাহ সম্বন্ধেও তাহাই। পশুর ন্যায় ইন্দ্রিয়-পিপাসাকে সংযত ও নিয়মিত করিবার জন্যই ধর্ম্মপত্নী গ্রহণের ব্যবস্থা। স্ত্রীর সহিত বাস করিবার নানাপ্রকার কঠোর বিধি রক্ষা করিয়া মানুষ অধিক দিন স্ত্রীতে আসক্ত থাকিতে পারে না। আবার পঞ্চাশ বৎসরের পরেই বানপ্রস্থ অর্থাৎ বনে যাইবার বিধি আছে।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

অতএব ইন্দ্রিয়কে দমন করিবার জন্যই ধর্ম্মবিবাহের বিধি-ব্যবস্থা দেখিতে পাওয়া যায়। ঠাকুর ভক্তিবিনোদ এ বিষয়ে শ্রীমন্মহাপ্রভুর শিক্ষাকেই দেখাইয়া দিয়াছেন। শ্রীমন্মহাপ্রভু অবিবাহিত রঘুনাথ ভট্টকে বিবাহ করিতে নিষেধ করিয়াছিলেন। আবার রঘুনাথ দাস গোস্বামী যখন বিবাহিত পত্নী পরিত্যাগ করিয়া চলিয়া আসিতেছিলেন, তখন তাঁহাকে বলিয়াছিলেন,—

"স্থির হঞা ঘরে যাও, না হও বাতুল।
ক্রমে ক্রমে পায় লোক ভবসিন্ধুকূল॥
মর্কট-বৈরাগ্য না কর লোক দেখাঞা।
যথাযোগ্য বিষয় ভুঞ্জ' অনাসক্ত হঞা॥"

(চৈঃ চঃ মঃ ১৬।২৩৭, ২৩৮)

তোমরা এই কথাগুলি একটু ভাল করিয়া চিন্তা কর। শ্রীরঘুনাথ ভট্ট গোস্বামী ও শ্রীরঘুনাথ দাস গোস্বামী উভয়েই মহাপ্রভুর শ্রেষ্ঠ ভক্ত ও বৈষ্ণব-সম্প্রদায়ের সর্ব্বমান্য আচার্য্য। তাঁহাদিগের এই দুইটি দৃষ্টান্তের দ্বারা মহাপ্রভু শিক্ষা দিলেন যে, যাহারা বিবাহ করে নাই, তাহাদের আর নূতন করিয়া সংসার পত্তন করিবার প্রয়োজন নাই। তাহারা মন-প্রাণ দিয়া সর্ব্বক্ষণ হরিভজন করুক। তাহা হইলেই তাহাদের অন্য দিকে মন যাইবে না। আর যাহারা সাধুর নিকট সৎশিক্ষা লাভ করিবার পূর্ব্বেই বিবাহ করিয়া ফেলিয়াছে, তাহারাও কেবল লোক দেখাইবার জন্য যেন অকালে সংসার পরিত্যাগ না করে। তাহারাও হরিভজন করিতে থাকুক। ক্রমে ক্রমে সংসারাসক্তি

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

শিথিল হইলে সহজেই সুবিধা হইবে। কাঁচা অবস্থায় জোর করিয়া বন্ধন ছিঁড়িতে গেলে অসুবিধা হইবে। রঘুনাথ দাস গোস্বামীর আদর্শেও কিছুদিনের মধ্যেই তাঁহার সংসার ত্যাগ করিবার দৃষ্টান্ত দেখিতে পাওয়া যায়। মোটকথা, গৃহেই থাক, আর বনেই থাক, সাধুসঙ্গ, ভগবানের নামে রুচি, নিজের মঙ্গল ও পরের মঙ্গলের জন্য ব্যাকুলতা প্রত্যহই বৃদ্ধি পাওয়া চাই। ভাবের ঘরে চুরি করিও না। কামারকে ইস্পাত ফাঁকি দিও না।

ছাত্রজীবনে ব্রহ্মচর্য্য পালনের জন্য অনেকে বিশেষ আগ্রহান্বিত হয়। এই আগ্রহটি ভাল, কিন্তু বর্ত্তমানে যেরূপ কৃত্রিম উপায়ে ব্রহ্মচর্য্য পালনের শিক্ষা সাধারণ পুস্তকগুলিতে দেখিতে পাওয়া যায়, তাহাতে শতকরা প্রায় শতজন ছাত্রেরই মঙ্গলের পরিবর্ত্তে অমঙ্গলই হইয়া থাকে। তোমাদিগকে এ সম্বন্ধে শ্রীমদ্ভাগবতের একটি দৃষ্টান্ত বলিতেছি। বর্ষাকালে গঙ্গা হইতে এক কলসী ঘোলা জল আনিয়া ঘরে রাখিয়া দেও। ঘোলা জলকে পরিষ্কার করিবার জন্য উহাতে এক টুক্‌রা "ফটকিরী" ছাড়িয়া দেও; দেখিবে, জলের সমস্ত ময়লা নীচে পড়িয়া গিয়াছে, আর উপরে জল বেশ স্বচ্ছ হইয়াছে। জল পান করিবার জন্য যেই কলসীটি নাড়িবে, অমনি নীচে যে-সকল ময়লা জমিয়াছিল, সব আবার জলের সঙ্গে মিশিয়া পূর্ব্বের ন্যায়ই জল ঘোলা হইয়া পড়িবে। কিন্তু শরৎকালে যখন নদীর জল স্বভাবতঃই নির্ম্মল হয়, তখন তুমি যদি সমস্ত নদীকে ধরিয়াও আলোড়ন কর, কিছুতেই উহা ঘোলা হয় না। তোমরা যদি কৃত্রিমভাবে

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ব্রহ্মচর্য্য পালন করিতে চেষ্টা কর, তাহাতে ঐ কলসীর ঘোলা জলের ন্যায় একটু আলোড়নেই আবার ইন্দ্রিয়ের তাড়না উপস্থিত হইবে। কিন্তু যদি সদ্‌গুরুর আশ্রয় গ্রহণ করিয়া গুরুগৃহে বাস, গুরুসেবা, সাধুর সেবা, ভগবানের সেবা কর, যদি তোমরা ভগবানের নামে রুচিবিশিষ্ট হইতে পার, জীবের প্রতি দয়াপরবশ হইতে পার, তাহা হইলে অতি অনায়াসে ব্রহ্মচর্য্য পালনের সর্ব্বশ্রেষ্ঠ ফল লাভ করিতে পারিবে। বুদ্ধিমান্ সাপুড়িয়া বিষাক্ত সাপের দাঁতগুলি ভাঙ্গিয়া দেয়, সাপকে মারে না। সেই সাপ দিয়া কত রকম খেলা দেখায়, কত টাকা রোজগার করে। সেইরূপ ইন্দ্রিয়গুলিরও সাপের মত বিষাক্ত দাঁত আছে। সদ্‌গুরুর নিকট অভিগমন করিয়া অকপটে হরিভজন করিতে করিতে অনায়াসে ইন্দ্রিয়গুলির বিষাক্ত দাঁত ভাঙ্গিয়া যায়। তখন ইন্দ্রিয়গুলি শত্রু না হইয়া পরম মিত্র হইয়া পড়ে। ঐগুলিকে দিয়া অনেক মঙ্গলের কার্য্য করান যায়। ঠাকুর ভক্তিবিনোদ সেইরূপ প্রণালীতে কি তরুণগণকে, কি প্রৌঢ়গণকে, কি বৃদ্ধগণকে ইন্দ্রিয় জয় করিবার উপদেশ দিয়াছেন।

ছাত্রজীবনে মৎস্যমাংস-ভোজন লইয়া একটি সমস্যা উপস্থিত হয়। কেহ বলেন, মৎস্য-মাংস ভোজন করা ভাল, কেহ বলেন, খারাপ। আবার কেহ বলেন, আহারের সহিত ধর্ম্মের কোন সম্বন্ধ নাই। এমন কি, আধুনিক কোন কোন ধর্ম্মসম্প্রদায়ের নামজাদা নেতা ও প্রবর্ত্তকের দোহাই দিয়া কেহ কেহ বলেন,—"তাঁহারা কত ধার্ম্মিক বলিয়া পৃথিবী-বিখ্যাত হইয়াছেন; কিন্তু

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

তাঁহারাও ত' মৎস্য-মাংসাদি ত্যাগ করেন নাই। অতএব আমরা মৎস্য-মাংসাদি ত্যাগ করিব কেন ?"

তোমরা যদি একটু বুদ্ধিমান্ হও, একটু চিন্তাশীল হইয়া মানুষের মনস্তত্ত্ব বিচার কর, তাহা হইলে দেখিতে পাইবে, মানুষ সর্ব্বদাই নিজের দুর্ব্বলতা সমর্থনের নজির খোঁজে। যাহারা নিজের ভোগকে দীর্ঘজীবী করিয়া রাখিতে চাহে, তাহারাই ঐরূপ যুক্তি দিয়া থাকে। আধুনিক কেহ কেহ বলেন,—"মৎস্য-মাংস ভোজন না করিলে বাঙ্গালী জাতি আরও দুর্ব্বল ও কাপুরুষ হইয়া পড়িবে!" যাহারা এইরূপ রজোগুণকে আদর করে, দেখিবে, তাহারা নিশ্চয়ই তমোগুণে বিলীন হইবে। তোমরা এত বড় কথা হয় ত' সহজে ধরিতে পারিবে না ; কিন্তু জানিয়া রাখিও, রজোগুণ অন্তিমে ধ্বংসের পথেই লইয়া যায়। দেখ না, য়ুরোপের জাতিসমূহ কতটা রজোগুণে অনুপ্রাণিত, তাঁহারা কিরূপ কর্ম্মবীর, যুদ্ধবীর, জ্ঞানবীর, কিরূপ তাঁহাদের জগতের জ্ঞান-সংগ্রহে স্পৃহা, অর্থ ও সম্মানলাভের স্পৃহা, ইন্দ্রিয়-চরিতার্থ করিবার তীব্র চেষ্টা! তাঁহাদের শেষ ফল কি ? তাঁহারা পরস্পর মারামারি, কাটাকাটি করিয়া ধ্বংসের পথে চলিতেছে। এক একটা মহাযুদ্ধে তাঁহাদের রজোগুণ তমোগুণে বিলীন হইতেছে। রজোগুণের শেষ পরিণতি ধ্বংস, ইহা অনিবার্য্য।

ঠাকুর ভক্তিবিনোদ এই মৎস্য-মাংস-ভোজন-সম্বন্ধে কয়েকটি বিবৃত প্রবন্ধ লিখিয়াছেন। আমরা তোমাদিগকে তাহা হইতে কিছু কিছু উদ্ধৃত করিয়া দেখাইতেছি।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"আজকাল কতকগুলি লোকের এমত একটি বদ্ধমূল বিশ্বাস হইয়াছে যে, মৎস্য-মাংস ভোজন না করিলে বহুদিন পর্য্যন্ত নর-শরীরে বল ও ইন্দ্রিয়শক্তি থাকে না। বিলাতী ডাক্তারদিগের পরামর্শ, মৎস্য-মাংসভোজীদিগের প্রবৃত্তি এবং নানাবিধ বৈদেশিক কুসংস্কার হইতে ঐ বিশ্বাসটী জন্ম লাভ করিয়াছে। বিশেষতঃ অত্যন্ত ইন্দ্রিয়-পরতন্ত্র ব্যক্তিগণ ভোগ-লালসা-প্রযুক্ত ঐ মতের নিতান্ত পক্ষপাতী হইয়া অস্মদ্দেশীয় যুবকবৃন্দের মৎস্য-মাংস-ভোজনে প্রবৃত্তি উত্তেজন করেন। তাহাতে ফল এই হইতেছে যে, পুণ্যভূমি ভারতবর্ষে আর্য্যসন্তানগণ পৈত্রিক খাদ্য পরিত্যাগপূর্ব্বক বিজাতীয় দ্রব্যসকল আহার করত ক্রমশঃ হীনবল ও বিগত-বীর্য্য হইতেছেন। শীতপ্রধান দেশের ব্যবহার-সম্বন্ধে আমরা আপাততঃ কিছু বলিতেছি না। কিন্তু আমাদের ভারতবর্ষে নিরামিষ-ভোজনের নিতান্ত প্রয়োজনীয়তা আছে, তাহা সমস্ত ঐতিহাসিক ও বৈজ্ঞানিক বিচার দ্বারা প্রতিপন্ন করা যায়।

আমাদের দেশে পুরাকাল হইতে পক্কাহারী ব্যক্তিদিগের পক্ষে তিন প্রকার ভোজনের ব্যবস্থা আছে। হবিষ্যান্ন-ভোজন, নিরামিষান্ন-ভোজন ও সামিষান্ন-ভোজন। যাঁহারা হবিষ্যান্ন ভোজন করেন, তাঁহারা একবার মাত্র এক পাকে আতপ তণ্ডুল, কএক প্রকার মুদ্গাদি ব্রীহি, কএক প্রকার ফল মূল, ঘৃত, দুগ্ধ ও গুড়-বর্জ্জিত ঐক্ষব পক্ক করত ষষ্টি দণ্ডের মধ্যে এক সময়ে আহার করিতে পারেন। যাঁহারা নিরামিষান্ন ভোজন করেন, তাঁহারা আতপ বা সিদ্ধ তণ্ডুল এবং মৎস্য-মাংস-বিহীন নানাপ্রকার

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ব্যঞ্জন, ঘৃত, দুগ্ধ ও বহুবিধ মিষ্টান্ন ভোজন করিতে পারেন যাঁহারা সামিষান্ন ভোজন করেন, তাঁহারা দেব-পিতৃ-ক্রিয়াতে অর্পিত মাংস ও দেশ-ভেদে মৎস্য ঐ সমস্ত দ্রব্যের সহিত ভোজন করিতে পারেন। এইপ্রকার ত্রিবিধ পক্কাহার সত্ত্ব, রজঃ ও তমোগুণ দ্বারা বিভক্ত। সাত্ত্বিক লোকগণ হবিষ্যান্ন, রাজসিক লোকগণ নিরামিষান্ন এবং তামসিক লোকগণ সামিষান্ন ভোজন করিয়া থাকেন। সমস্ত ইতিহাস পর্য্যালোচনা করিলে দেখিতে পাওয়া যায় যে, সাত্ত্বিক লোকদিগের অতি অল্প পীড়া হয় এবং যোগাদি-ক্রিয়া-সাধনে তাঁহাদের প্রভূত সামর্থ্য আছে। রাজসিক লোকদিগের তামসিক লোকাপেক্ষা স্বল্প পীড়া হয়। রাজসিক লোকেরা অতি শীঘ্র সাত্ত্বিকতা অবলম্বন-পূর্ব্বক উচ্চ উচ্চ আধ্যাত্মিক ক্রিয়ার উপযোগী হন। তামসিক লোকদিগের আহারাদি-বিধান কেবল তাহাদের তত্তৎপ্রবৃত্তি অনুসারে আহারাদি দিয়া ক্রমশঃ তাহাদের প্রবৃত্তির উন্নতি সাধন করিবার অভিপ্রায়ে ব্যবস্থাপিত হইয়াছে। সংক্রান্তি, রবিবার, পর্ব্বদিন, হরিবাসরাদি-ব্রতদিনে যে মৎস্য-মাংসাদি নিষেধ করা হয়, তাহা কেবল তামসিক ব্যক্তিগণের পক্ষে। সাত্ত্বিক ও রাজসিক ব্যক্তিগণের পক্ষে সে-সকল বিধানের তত প্রয়োজন নাই। সাত্ত্বিক ও রাজসিক ব্যক্তিদিগের প্রভেদ এই যে, সাত্ত্বিক ব্যক্তিগণ রাজসিক ও তামসিক খাদ্যাদি কোনকালেই স্বীকার করেন না। রাজসিক ব্যক্তিগণ নিমিত্ত-যোগে তামসিক দ্রব্যাদি কখন কখন স্বীকার করেন।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

কেহ কেহ জিজ্ঞাসা করিতে পারেন যে, কেবল সাত্ত্বিক আহার করিলেই যদি সমস্ত লাভ হয়, তবে কিছু দিবস সাত্ত্বিক আহার মাত্র করিয়াও আমরা কোন রোগ-শূন্যতা, যোগ-যোগ্যতা, আধ্যাত্মিক সামর্থ্য কেন লাভ করি না? এ কথার উত্তর এই যে, মানব-প্রকৃতি কেবল আহারের উপর নির্ভর করে না। আহার, ব্যবহার ও আধ্যাত্মিক চেষ্টা—এই তিন প্রকার কার্য্যের দ্বারা মানব-প্রকৃতির উন্নতি হয়। আদৌ সাত্ত্বিক আহার দ্বারা সত্ত্ব শুদ্ধ হয়। 'সত্ত্ব'-শব্দে শরীর ও মনকে বুঝিতে হইবে। সত্ত্ব শুদ্ধ হইলেও যদি ব্যবহার-সকল সাত্ত্বিক না হয়, তবে শুদ্ধ-সত্ত্ব ক্রমশঃ অপদস্থ হয়। 'ব্যবহার'-শব্দ-দ্বারা আহার ব্যতীত অন্যান্য সমস্ত আচারকে বুঝিতে হইবে। স্ত্রীসঙ্গ পরিত্যাগ, সত্য, সরলতা, অহিংসা প্রভৃতি যম ও নিয়মগত সমুদায়ই ব্যবহার শব্দের অন্তর্গত। আহার ও ব্যবহার সাত্ত্বিক হইলেও মানব যে-পর্য্যন্ত নিয়মিত আধ্যাত্মিক অনুশীলন না করে, সে পর্য্যন্ত মানব-প্রকৃতির সম্যক্ উন্নতি কিরূপে হয়? যদি কেহ সাত্ত্বিক উন্নতির ফল দেখিতে চান, তবে মাসাবধি সাত্ত্বিক আহার, সাত্ত্বিক ব্যবহার ও সাত্ত্বিক অনুশীলন করিয়া দেখুন, অবশ্যই ফল লাভ করিবেন। কোন অংশে ত্রুটী হইলে অবশ্যই ফলের ব্যাঘাত হইবে। ব্যবহার ও অনুশীলন করিবার যোগ্যতা লাভ করিতে হইলে প্রথমেই সাত্ত্বিক আহারের প্রয়োজন।

সাত্ত্বিক আহার, ব্যবহার ও অনুশীলন দ্বারা যে মানব-উন্নতি সাধিত হয়, তাহার অনেক উদাহরণ আছে। যুবকবৃন্দ বৈদেশিক

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

দর্শন-বিদ্যার প্রতি অধিক শ্রদ্ধা করেন বলিয়া আমরা তাঁহাদিগকে থিয়সফিষ্ট্ ও মুসলমান ফকিরদিগের চরিত্র দেখাইয়া দিতেছি। মুসলমান, বৌদ্ধ ও থিয়সফিষ্ট্গণ মানব-উন্নতির বিধি কিয়ৎ-পরিমাণে অবগত হইয়া অনেকস্থলে কার্য্য-সিদ্ধি করিয়াছেন। সে-স্থলে যথার্থ আর্য্য ও বৈদিক সাত্ত্বিকতা যে আরও অধিকতর কার্য্যকর ও ফলপ্রসূ, ইহাতে আর সন্দেহ কি ?

আমাদের নব্য যুবকবৃন্দের উপকারার্থ আমরা অনেকগুলি উদাহরণ দিব। তন্মধ্যে অদ্য একটী উদাহরণ দিতেছি, তাহা পরীক্ষা করিয়া লইতে পারেন।

উত্তর-পাড়া-নিবাসী প্রসিদ্ধ ব্যক্তি শ্রীযুত চন্দ্রনারায়ণ চট্টোপাধ্যায় মহাশয়ের এখন বায়ান্ন বৎসর বয়স। তিনি দশবৎসর বয়স হইতে হবিষ্যান্ন-ভোজী। তাঁহার শরীরে ও সমস্ত ইন্দ্রিয়েতে যথেষ্ট বল আছে। তাঁহার চক্ষের যথেষ্ট তেজ আছে। তাঁহার খুল্লতাত প্রেমনারায়ণ চট্টোপাধ্যায় মহাশয় ৭০ বৎসরেও নিরামিষ-ভোজন-বলে তাঁহার ন্যায় স্বাস্থ্য ভোগ করিয়াছিলেন।"

ঠাকুর শ্রীল ভক্তিবিনোদ সাধারণ ভোগ-পিপাসু ব্যক্তিগণকে প্রবোধ দিবার জন্য নিরামিষ বা হবিষ্যান্ন-ভোজন শারীরিক স্বাস্থ্যরক্ষার পক্ষেও উপকারী দেখাইয়াছেন। কিন্তু তিনি ইহা অপেক্ষা অনেক উচ্চ কথা বলিয়াছেন। তোমরা ছোট হইলেও সেই সকল কথা শুনিবার কাণ প্রস্তুত করিতে থাক। কেবল দৈহিক স্বাস্থ্য 'স্বাস্থ্য' নয়। পৃথিবীতে এমন বহু লোক আছে— যাহারা খুব বলশালী, এমন কি, বিশ্ববিজয়ী বীর ; কিন্তু তাহারাও

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

অতি সহজে সামান্য অর্থ, স্ত্রী বা সম্মান-লালসার নিকট পদানত হইয়া পড়ে। অমিত বলশালী বীরকেও অবলা তাহার ভ্রূভঙ্গীতে পদানত করিতে পারে, মুহূর্ত্তে বীরের সমস্ত বল হরণ করিয়া লইতে পারে। অতএব সেস্থানে শারীরিক স্বাস্থ্য কি করিতে পারিল ?

দেহ ও মন—এই দুইটী ছাড়াও আর একটী বস্তু আছে, যাহা চেতন, যাহা আমাদের প্রাণ—জীবন ; যাহা থাকাতে আমরা আমাদিগকে জীবন্ত বলিয়া পরিচয় দিতে পারি। তাহার নাম 'আত্মা'। সেই আত্মার স্বাস্থ্যকে ভাল রাখা সর্ব্বাগ্রে প্রয়োজন। উহার স্বাস্থ্য নষ্ট করিয়া কেবল খোসার স্বাস্থ্যের দিকে দৃষ্টি করিলে কোন মঙ্গল হইবে না ; আমাদিগকে পশু-পক্ষী হইতেও অধম হইয়া যাইতে হইবে। পশু, পক্ষীও নিজের প্রভুত্ব স্থাপনের জন্য, ক্ষণিক সুখভোগের জন্য স্বাস্থ্য ভাল রাখিবার প্রকৃতিগত-প্রেরণা অনুভব করে ও তজ্জন্য যাহা খুসী, তাহা আহার করে। তোমরা মানুষ, তোমরা শিক্ষা লাভ করিতেছ, তোমরা কিছু কিছু চেতন-রাজ্যের কথাও শুনিবার অবকাশ পাইতেছ। আশা করি, তোমরা পশু-পক্ষীর সমান হইতে চাহিবে না। এ আত্মমর্য্যাদা-বোধ তোমাদের আছে। তোমরা আত্মার স্বাস্থ্যের দিকে দৃষ্টি কর। ভগবানের সেবার জন্য—আত্মার মঙ্গলের জন্য তাঁহার প্রসাদ, অনুগ্রহ, কৃপা গ্রহণ করিতে শিক্ষা কর। এ সম্বন্ধে অনেক কথা আছে। তোমরা যত অধিক অকপট সাধুগণের শিক্ষায় শিক্ষিত হইবে, তত তাহা বুঝিতে পারিবে।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

শ্রীল ভক্তিবিনোদ সাধুশিক্ষার কথা বিশেষ করিয়া বলিয়াছেন। তাঁহার লিখিত উপদেশ হইতে তোমাদিগকে কিছু বলিতেছি। তোমরা সেই শিক্ষা গ্রহণ করিও। তিনি বলিয়াছেন—

"সাধুশিক্ষা দুই প্রকার অর্থাৎ বাক্যের দ্বারা উপদেশ এবং চরিত্র দ্বারা অপরকে সাধু-চরিত্র শিক্ষা দেওয়া।

তুমি ভাল করিয়াছ শিখাও অন্যেরে।
এই মত ভাল কর্ম্ম সেও যেন করে॥

শ্রীমন্মহাপ্রভু বলিতেছেন,—তোমাদের সাধু-চরিত্র অপরকে শিক্ষা দেও। তুমি ভাল কার্য্য করিতেছ, উত্তম। কিন্তু জগজ্জীব তোমার ভ্রাতৃগণ। তাহারা অসৎ কার্য্যের দ্বারা পতিত হইতেছে; তোমার কর্ত্তব্য এই যে, তোমার সাধু-চরিত্র দেখাইয়া তাহাদিগকে তোমার চরিত্র অনুসরণ করাও। কেবল কথার দ্বারা শিক্ষা দিলে যথেষ্ট হয় না। চরিত্র দ্বারা শিক্ষা দেওয়াই প্রধান কার্য্য। দেখ, আমার জন্য কোন বিধি নাই। আমি স্বেচ্ছাময় ঈশ্বর, যাহা ইচ্ছা হয়, তাহাই করিতে পারি। তথাপি আমি দুরন্ত কলি-কালে জীবের চরিত্র শোধন করিবার জন্য শ্রীশচীদেবীর গর্ভে জন্ম-গ্রহণ করিয়া শিক্ষা দিতেছি। আমি বাল্য-চরিত্রের দ্বারা বালক-দিগকে শিক্ষা দিয়াছি। গৃহস্থ-চরিত্রের দ্বারা গৃহিগণকে শিক্ষা দিয়াছি, সন্ন্যাসি-চরিত্রের দ্বারা গৃহত্যাগী জনগণকে শিক্ষা দিয়াছি। তোমরা আমার চরিত্র অনুসরণ-পূর্ব্বক অন্যান্য জীবগণকে শিক্ষা দেও। যখন যে-বিষয়ে কিছুমাত্র সন্দেহ হয়, তখন আমার চরিত্র আলোচনা করিয়া স্বীয় চরিত্রের গঠন কর।"

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

শ্রীল ভক্তিবিনোদের চরিত্র হইতে তোমাদিগকে আজ একটি হাস্যকর অথচ শিক্ষাপূর্ণ দৃষ্টান্ত বলিতেছি। শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ যখন শ্রীরামপুরে থাকিতেন, তখন তোমাদের ন্যায় ছোট ছোট ছেলেপিলেদের মধ্যে কাহারও কাহারও মাংস-ভোজনের ইচ্ছা হয়। ছেলেপিলেরা জানিত, ভক্তিবিনোদ ঠাকুরের সম্মুখে কিছুতেই মাংস খাওয়া যাইবে না। এক শনিবারে ঠাকুর ভক্তিবিনোদ কোন কার্য্যে শ্রীরামপুর হইতে কলিকাতা যান। এই সুযোগে সেই দিন মাংস-মহোৎসবের আয়োজন হয়। পাচক ব্রাহ্মণ কুলদা বন্দ্যোপাধ্যায় বাজার হইতে প্রচুর মাংস কিনিয়া আনে। কিন্তু মাংস-বিক্রেতা কুলদাকে ঠকাইয়া ছাগ-মাংসের নাম করিয়া কুকুরের মাংস দিয়া দেয়। উহা পাক করিয়া খাওয়ার পর সকলেই অনর্গল বমি করিতে থাকে এবং সেই দিন হইতে সকলেই প্রতিজ্ঞা করে যে, তাহারা জীবনে আর কখনও মৎস্য মাংস ভোজন করিবে না। ভক্তিবিনোদ ঠাকুরকে ফাঁকি দিয়া তাঁহার ইচ্ছার বিরুদ্ধে ঐরূপ কার্য্য করায় তাহারা যে হাতে হাতে ফল পাইল, ইহা তাহাদের বুঝিতে বাকী থাকিল না।

বড় হইলে তোমরা যখন 'মনুসংহিতা' পড়িবে, তখন দেখিবে, তাহাতে লেখা আছে, যাহারা মৎস্যভোজী, তাহারা সকল প্রকার মাংসই ভোজন করিতে বাধ্য হয়; কেন না, মৎস্য প্রায় এমন কোন জিনিষ নাই, যাহা না খায়। সুতরাং যাহারা মৎস্য ভোজন করে, তাহারা সকল অপবিত্র বস্তুকেই আহার করে। বড় হইয়া ভাগবত পড়িলে জানিবে যে, আমরা এই জন্মে

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

যে পশুগুলি ভোজন করিব, উহারাই পরজন্মে আমাদিগকে মারিয়া খাইবে। * ইহা যে কেবল শাস্ত্রের শাসন, তাহা নহে; ইহা সম্পূর্ণ যুক্তিযুক্ত। যে যেরূপ কার্য্য করে, সে সেরূপই ফল পায়। যে নিজের স্বুখের জন্য অপরকে এক ঘা মারিবে, তাহাকেও সুদে-আসলে আর এক ঘা খাইতে হইবে।

* মনুসংহিতা ৫।১৫ ; ভাঃ ১১।৫।১৪

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

পঞ্চম অধ্যায়

বহির্ম্মুখ রঙ্গজগৎ ও শ্রীভক্তিবিনোদ

তোমরা অনেকেই চলচ্চিত্র বা সিনেমা দেখিয়াছ ও দেখিয়া থাক। ইহা বৈজ্ঞানিক যুগের একটা মহাদান। একশ্রেণীর লোক বলেন,—"সিনেমার সাহায্যে আমরা দেশ-দেশান্তরের অনেক খবর, অনেক চিত্র, অনেক শিক্ষা অবিকৃতভাবে প্রত্যক্ষ করিতে পারি।" আবার আর এক শ্রেণীর লোক বলেন,—"সিনেমার উপকারিতা অপেক্ষা অপকারিতাই বেশী। প্রথমতঃ ইহাতে চক্ষু নষ্ট হয়, স্বাস্থ্য নষ্ট হয়, বিদেশের অনেক চুরি, ডাকাতি, ব্যভিচার ও অনেক কিছু খারাপ জিনিষ ইহা হইতে আমরা অনুকরণ করি।" ভারতবর্ষে বর্ত্তমানে যে-সকল বড় বড় ডাকাতি হইতেছে এবং সামাজিক ব্যভিচারের স্রোতঃ চলিয়াছে, তজ্জন্য অনেকের মতে চলচ্চিত্র-গৃহগুলিই দায়ী। বঙ্গের কৃতি-সন্তান স্যর পি, সি, রায় এক সময় মহাপ্রভুর জন্মস্থান শ্রীধাম-মায়াপুরে সৎশিক্ষা-প্রদর্শনী-উন্মোচন-উপলক্ষে আসিয়াছিলেন। সে-সময় তিনি বলিয়াছিলেন যে, জগতে যত নেশা সৃষ্টি হইয়াছে, তন্মধ্যে সিনেমার নেশাই সর্ব্বাপেক্ষা বেশী। কোন প্রসিদ্ধ সিনেমা-গৃহের অধ্যক্ষ স্যর সি, পি, রায়কে অনেকগুলি সিঁদুর-মাখানো টাকা দেখাইয়া বলিয়াছিলেন যে, সিনেমার টিকেট বিক্রয় করিবার সময় প্রায়ই ঐরূপ টাকা পাওয়া যায়। বাড়ীর মেয়েরা তাঁহাদের সিঁদুরের কৌটায় প্রতিবৎসর বিজয়া দশমীর সময় একটি বা দুইটি

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

করিয়া টাকা রাখিয়া দেয়। ঐ টাকা কিছুতেই তাহারা খরচ করে না। ঐ টাকাকে তাহারা 'লক্ষ্মী' মনে করে। কিন্তু ছেলেদের সিনেমা দেখিবার নেশা এতটা প্রবল হইয়া উঠিয়াছে যে, তাহারা মা-লক্ষ্মীদের ঐ টাকা যে-কোন উপায়ে সংগ্রহ করিয়া সিনেমার টিকেট কিনিয়া থাকে।

যাহা হউক, সিনেমা দেখা ভাল কি মন্দ এই বিচারের মধ্যে না গেলেও অন্ততঃ ইহা সকলকেই স্বীকার করিতে হইবে যে, ওটা একটা দুরারোগ্য নেশা। নেশা জিনিষটাই খারাপ, উহা আমাদের ঘাড়ে ভূতের মত চাপিয়া অনেক কিছু অন্যায় কার্য্য করায়। নেশার বশীভূত হইলে এক মানুষ অপর মানুষকে খুন পর্য্যন্ত করিতে পারে।

তোমাদিগকে যে-সময়ের কথা বলিতেছি অর্থাৎ ঠাকুর ভক্তিবিনোদের যুগে, তখন সিনেমার প্রচলন হয় নাই। তবে তখন বিলাতী ধরণের নাটক কলিকাতা সহরে আরম্ভ হইয়াছিল। সেই সময় কলিকাতায় ষ্টার-থিয়েটার খুব বিখ্যাত হইয়াছিল। তোমাদের মধ্যে অনেকেই অমৃতবাজার পত্রিকা দেখিয়াছ। সেই অমৃতবাজার পত্রিকার প্রতিষ্ঠাতা শিশির কুমার ঘোষ মহাশয় ভক্তিবিনোদ ঠাকুরকে জ্যেষ্ঠ ভ্রাতার ন্যায় শ্রদ্ধা-ভক্তি করিতেন। একদিন (ইংরাজী ১৮৮৪ সালে) শিশির বাবু ভক্তিবিনোদের নিকট আসিয়া বলিলেন যে, নাট্যকার গিরীশচন্দ্র ঘোষ মহাশয় ষ্টার-থিয়েটারে চৈতন্য-লীলার অভিনয় করিবেন। গিরীশ বাবুর একান্ত ইচ্ছা যে, ঠাকুর ভক্তিবিনোদের ন্যায় শ্রীচৈতন্যের ভক্ত

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

সেই অভিনয় দর্শন করেন। সেই সময় ভক্তিবিনোদের নিকট একজন বালক বসিয়াছিলেন। বালকটির বয়স মাত্র দশ বৎসর। তাঁহার কথা তোমরা পরে শুনিতে পাইবে। ভক্তিবিনোদ ঠাকুরকে শিশির বাবু বলিলেন,—"এই বালকটিকেও দয়া করিয়া সঙ্গে লইয়া যাইবেন।" তোমরা শুনিয়া আশ্চর্য্যান্বিত হইবে, তখন হইতেই সেই বালকটি হরিনাম করিতেন, গলায় তুলসী মালা পরিতেন, কপালে তিলক দিতেন, ঠাকুরপূজাও করিতেন। এরূপ সম্মানের সহিত বিনা পয়সায় থিয়েটার ও সিনেমা দেখিবার নিমন্ত্রণ পাইলে তোমরা কি করিতে? তোমাদের অভিভাবকগণ হয় ত' বয়স বেশী বলিয়া থিয়েটারে যাইবার জন্য বিশেষ আগ্রহান্বিত না হইলেও তোমরা কখনও সেই লোভ ছাড়িতে পারিতে না। বিশেষতঃ যেখানে ধর্ম্মের কথা হইবে—শ্রীচৈতন্যদেবের লীলা দেখান হইবে, সেখানে যাইতে কোনই আপত্তির কারণ থাকিতে পারে না। কিন্তু ঠাকুর ভক্তিবিনোদ শিশির বাবুকে কি বলিয়াছিলেন, শুনিবে? তিনি বলিয়াছিলেন,—"শ্রীচৈতন্যদেবকে লইয়া যেখানে খেলা হয়, সেখানে যাওয়াও অপরাধ। দুষ্টা স্ত্রীগণ শ্রীচৈতন্যদেব, শ্রীনিত্যানন্দ বা শ্রীচৈতন্যদেবের ভক্ত সাজিবে; আমি এরূপ অপরাধের প্রশ্রয় দিতে পারিব না। আমি এই অভিনয় দেখিতে গেলে এ আদর্শ অনুসরণ করিয়া ছেলেপিলেরা পর্য্যন্ত নষ্ট হইবে এবং জগতের লোকও এই কুশিক্ষার অনুকরণ করিবে।"

ইহার পর স্বয়ং নাট্যকার গিরীশ বাবু আসিয়া ঠাকুর ভক্তিবিনোদকে অনুরোধ করিয়া বলিলেন,—"যে-সকল অভিনেতা

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

চৈতন্য-লীলার অভিনয় করে, তাহারা কএক দিন পূর্ব্ব হইতেই সংযম অভ্যাস করিয়া থাকে। হবিষ্যান্ন-গ্রহণ, গঙ্গাস্নান, সন্ধ্যা আহ্নিক রীতিমত করিয়া ইহারা অভিনয় শিক্ষা করে।" এই কথা শুনিয়া ঠাকুর ভক্তিবিনোদ আরও অসন্তুষ্ট হইলেন ও বলিলেন,—"তাহা হইলে ইহার মত ভণ্ডামি ত' আর কিছুই নাই! ভগবানের নাম লইয়া ইহারা পাপকার্য্য চালায়, লোকের মনোরঞ্জন করে! যাঁহারা ভগবানের ইন্দ্রিয়-তর্পণ করিবার চেষ্টা করেন, আমরা তাঁহাদেরই সঙ্গ করিব। আর অন্য সঙ্গ—অসৎসঙ্গ।"

ঠাকুর ভক্তিবিনোদ এইরূপ কঠোর শাসক ও নিরপেক্ষ সাধু ছিলেন। তিনি বন্ধু-বান্ধবের অনুরোধে কিংবা কোন লোকের মন রাখিবার জন্য সত্যের আদর্শ নষ্ট করিতেন না। ইহাই তাঁহার চরিত্রের প্রধান শিক্ষা। তোমরা হয় ত' মনে করিতে পার যে, "ছেলেবেলায় ঐরূপ কঠোর শিক্ষা গ্রহণ করিলে আমরা জগতের কোন খবরই বলিতে পারিব না; একঘেয়ে, নীরস, পবিত্রতাবাদী জীব-বিশেষ হইয়া একঘ'রে হইয়া থাকিব। বাল্যকালে সকল বিষয়ে অভিজ্ঞতা অর্জ্জন না করিলে কখনও সর্ব্বতোমুখিনী শিক্ষা লাভ করা যায় না।"

তোমরা এখানে প্রকৃত বিষয়টি বুঝিতে ভুল করিয়াছ। তোমাদের সর্ব্বতোমুখিনী শিক্ষা-অর্জ্জনে বাধা দেওয়া হইতেছে না; কিন্তু সকল বিষয়ের অভিজ্ঞতা লাভ করিতে হইবে বলিয়া যদি তোমরা বিষ-ভক্ষণের অভিজ্ঞতা সংগ্রহ করিতে চাহ, তাহা হইলে মৃত্যুমুখে পতিত হইবে। তোমরা যদি বাল্যকাল

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

হইতেই সাধুতার প্রতি সুদৃঢ় নিষ্ঠা না রাখ ও তাহার অনুশীলনে অভ্যস্ত না হও, তবে ভবিষ্যতে তোমাদের জীবনকে সৎপথে রাখিতে পারিবে না।

আজকাল অনেক ছাত্র ভাষা শিক্ষা করিবার ছল করিয়া কুৎসিৎ নাটক-নভেল পাঠ করিয়া থাকে। তাহাদের কাহারও কাহারও যুক্তি এই—'ধর্ম্মগ্রন্থ এরূপ সরল ও সহজ ভাষায় লিখিত নাই: কাজেই সাহিত্য শিখিবার জন্য আমাদিগকে কুৎসিৎ নাটক-নভেলই পড়িতে হয়।' আমরা তোমদিগকে জিজ্ঞাসা করি, নিজেকে আগে বাঁচান বড় কথা, না ভাষা শিক্ষা করা বড় কথা? বরং তোমরা যদি সকলে মিলিয়া এইরূপ একটি সাধু-আন্দোলন উপস্থিত কর যে, যাহাতে বিশ্ববিদ্যালয়ে সৎশিক্ষাপূর্ণ সাহিত্যের প্রচার হয় এবং তৎসঙ্গে তোমরা অসৎ সাহিত্যগুলিকে 'বয়কট্' কর, তাহা হইলে বিদ্যালয়ের কর্ত্তৃপক্ষ ও বিশ্ববিদ্যালয়ের কর্ণধারগণ সৎসাহিত্য-প্রচারে অধিক মনোযোগী হইবেন। তখন তোমাদের দেশের সৎসাহিত্য-সম্পদ্ ক্রমশঃই বাড়িয়া উঠিবে। ছাত্রদের মধ্যে আজকাল নানাপ্রকার আন্দোলন দেখিতে পাওয়া যায়; কিন্তু সত্যের জন্য এইপ্রকার সমবেত চেষ্টা হইলে এক-দিকে যেমন ছাত্রদের গৌরব বৃদ্ধি হইবে, অপরদিকে দেশ ও সমাজের এবং নিজেদেব পরমমঙ্গল সাধিত হইবে। যদি তোমাদের চলচ্চিত্র বা রঙ্গ-জগৎকে আত্মার উন্নতিকল্পে নিয়োগ করিবার সাধু উদ্দেশ্য হয়, তাহা হইলে তোমরা "নীরস" ও "শুষ্ক একঘেয়ে" বলিয়া বিবেচিত হইবে না। তোমরা প্রহ্লাদ-চরিত্র,

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ধ্রুব-চরিত্র, অম্বরীষ রাজার কাহিনী, পৃথু-পরীক্ষিতের কাহিনী, রামায়ণ-মহাভারতের শিক্ষা-সমূহ, শ্রীচৈতন্যভাগবত ও শ্রীচৈতন্য-চরিতামৃতের অনেক ভাল ভাল চরিত্র, 'শ্রীচৈতন্যচন্দ্রোদয় নাটক', ঠাকুর হরিদাসের শিক্ষা, শ্রীগৌরাঙ্গের জননী শচীমাতা; শ্রীনিত্যা-নন্দের জননী পদ্মাবতী; সার্ব্বভৌম ভট্টাচার্য্যের পত্নী; শ্রীগৌরাঙ্গের সহধর্ম্মিণী লক্ষ্মীপ্রিয়া ও বিষ্ণুপ্রিয়া; হেমলতা ঠাকুরাণী, গঙ্গামাতা প্রভৃতি পারমার্থিক পাত্রগণের সৎশিক্ষাপূর্ণ চরিত্র, যাহা বঙ্গদেশে এখনও সুপ্রচারিত হয় নাই, সেই সকল অবলম্বন করিয়া আদর্শ-শিক্ষক বা নিয়ামকের অধীনে অর্থাৎ যেন তোমরা শিক্ষা-লাভ করিবার পরিবর্ত্তে কেবল ইন্দ্রিয়সুখেই গা' ভাসাইয়া না দেও, কোনপ্রকার বিপদে পতিত না হও, সেই দিকে তীক্ষ্ণ দৃষ্টি রাখিয়া অভিনয়াদি করিতে পার। তোমরা হয় ত' কেহ কেহ দেখিয়া থাকিবে যে, ভাগবতধর্ম্মের প্রচারকগণ ছায়াচিত্রে শ্রীচৈতন্য-লীলা, শ্রীকৃষ্ণ-লীলা ও শ্রীরাম-লীলার কত উপদেশ এবং কত বড় বড় প্রদর্শনী খুলিয়া দেশ-বিদেশে কত সৎশিক্ষা প্রদান করিয়া থাকেন। চলচ্চিত্রে আমরা শ্রীগৌড়ীয়মঠের এক বিরাট্ সঙ্কীর্ত্তন-শোভাযাত্রা, নবদ্বীপ-পরিক্রমা প্রভৃতি দেখিয়াছিলাম। ঐ সকল আমাদিগকে আত্মমঙ্গলের উদ্দীপনা করিয়া দেয়। মোটের উপর, তোমরা সুকুমার-মতি, তোমরা তোমাদের নিজেদের ভাল মন্দ বুঝ না, এজন্য তোমরা যাহাই করিবে, তাহা প্রকৃত সাধুর নিয়ামকত্বে না হইলে আপাতঃ ভালকার্য্যও পরিণামে মন্দ হইয়া পড়িবে। এজন্য ছাত্রজীবনে সর্ব্বাপেক্ষা বড় কথা—সদ্গুরুর শিক্ষার অনুগমন।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

এজন্যই পূর্ব্বকালে প্রত্যেক ছাত্রেরই সদ্‌গুরু-গৃহে বাস বাধ্যতা-মূলক ছিল। যদি এখনও তোমরা মঙ্গল লাভ করিতে চাও, তাহা হইলে সেইরূপ বিচারকে 'সেকেলে' মনে না করিয়া এই ছাত্রজীবনেই তোমরা সদ্‌গুরুর অনুসন্ধান করিবে ও তাঁহার শাসনাধীন হইয়া চলিবে। তোমরা যদি অকপটে সৎশিক্ষা লাভ করিবার জন্য ব্যাকুল হও, ভগবান্ নিশ্চয়ই তোমাদিগকে সদ্‌গুরু মিলাইয়া নিবেন। ইহা ধ্রুব-সত্য জানিবে।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ষষ্ঠ অধ্যায়

গৌড়ীয়-সাহিত্য ও শ্রীভক্তিবিনোদ

তোমরা যদি বঙ্গসাহিত্যের ইতিহাস আলোচনা কর, তাহা হইলে দেখিতে পাইবে, গৌড়ীয়-বৈষ্ণব-সাহিত্য বা গৌরাঙ্গদেবের ভক্তগণের সাহিত্য হইতেই বাঙ্গালার সাহিত্যের বিকাশ হইয়াছে। বিদ্যাপতি, চণ্ডীদাসের পদাবলী, শ্রীগুণরাজ খাঁর শ্রীকৃষ্ণ-বিজয়, শ্রীচৈতন্যভাগবত, শ্রীচৈতন্যচরিতামৃত, শ্রীচৈতন্যমঙ্গল, গোবিন্দ দাস, ঠাকুর নরোত্তম, শ্রীনিবাস আচার্য্য প্রভৃতি বৈষ্ণব-কবিগণের পদাবলী, শ্রীনরহরি চক্রবর্ত্তী ঠাকুরের ভক্তিরত্নাকর প্রভৃতি বহু বহু বৈষ্ণব-গ্রন্থ বঙ্গসাহিত্যের সৃষ্টি করিয়াছেন। শ্রীচৈতন্যদেবের অন্তরঙ্গ ভক্ত শ্রীরামানন্দ রায়, শ্রীসনাতন, শ্রীরূপ, শ্রীশ্রীজীব, শ্রীরঘুনাথ, শ্রীগোপাল ভট্ট প্রভৃতি গোস্বামিগণের এবং শ্রীকবিকর্ণপূর, শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ঠাকুর প্রভৃতি আচার্য্য-গণের সংস্কৃত সাহিত্যের সহিত কালিদাসের কাব্যের তুলনাই হয় না। গোস্বামিগণের কাব্যসাহিত্য এত শ্রেষ্ঠ—এত মধুর! কারণ, যিনি কাব্যের একমাত্র মূল নায়ক—উৎস, সেই কৃষ্ণের সম্বন্ধে ঐ সকল কাব্য লিখিত।

যখন বঙ্গদেশে গদ্য-সাহিত্যের সৃষ্টি হইতেছিল, তখন ঠাকুর ভক্তিবিনোদ সজ্জনতোষণী পত্রিকা, বিষ্ণুপ্রিয়া পত্রিকা ও প্রায় একশত ভক্তিগ্রন্থ লিখিয়া বাঙ্গালার পারমার্থিক গদ্য

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ও পদ্য-সাহিত্যকে সম্বর্দ্ধিত করিয়াছিলেন। সেই সময়ের সাধারণ গদ্য ও পদ্য-সাহিত্য এবং পাশ্চাত্ত্য ভাব-ভাষার অনুকরণে লিখিত নাটক-নভেল প্রভৃতি বঙ্গীয় সমাজকে বিশেষতঃ তরুণগণকে ধীরে ধীরে তাঁহাদের অজ্ঞাতসারে নিরীশ্বর-নীতি ও দুর্নীতির পিচ্ছিল-পথে টানিয়া লইয়া যাইতেছিল। তখন একমাত্র ঠাকুর ভক্তিবিনোদের ভক্তি-সাহিত্যই বহু সৌভাগ্যবান্ ব্যক্তির প্রাণ রক্ষা করিয়াছিল। ঠাকুর ভক্তিবিনোদ সেই উপন্যাস-সৃষ্টির যুগে পারমার্থিক-শিক্ষা-মূলক উপন্যাস রচনা করিয়া বহু ছাত্র, যুবক ও বৃদ্ধকে পরম-মঙ্গলের কথা শিক্ষা দিয়াছিলেন। রাজা রামমোহন রায়ের ধর্ম্ম ও সাহিত্য তখনকার তরুণ-তরুণীগণকে প্রচ্ছন্ন নাস্তিকতার পথে লইয়া চলিয়াছিল। তোমরা হয় ত' ইহা শুনিয়া আশ্চর্য্যান্বিত হইবে; কিন্তু একটু গভীরভাবে বিচার করিয়া দেখ বুঝিতে পারিবে, যেখানে সর্ব্বশক্তিমান্ পরমেশ্বরকে ইন্দ্রিয়হীন করিবার চেষ্টা, যেখানে তাঁহার লীলা বা বিলাস অর্থাৎ পরমেশ্বরের ভোগ অস্বীকার করা হয়, সেখানে মানুষ নিজের ভোগকেই আদর করে, অথবা ভোগে অতৃপ্ত হইয়া ত্যাগের পথের পথিক হয়। একটু গম্ভীরভাবে আলোচনা করিলে বুঝিতে পারিবে,—মানুষের ভোগ ও ত্যাগ-চেষ্টা—এই দুইটি বৃত্তিই পরমেশ্বরের প্রতি বিদ্রোহ। কেন না, এই বিশ্বের একচ্ছত্র অধিপতি পরমেশ্বর। যখন আমরা ভোগ করিতে যাই, তখন যেমন ভোগের একচেটিয়া মালিক পরমেশ্বরকে ভোগ হইতে বঞ্চিত করিবার চেষ্টা আমাদের হৃদয়ে গুপ্ত থাকে, তেমনই যখন আমরা ত্যাগ করিতে চাই, তখনও

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ভগবানের সেবার উপকরণগুলিকে তাঁহার ভোগে লাগাইবার চেষ্টা করি না, বরং সেগুলিকে ব্যর্থ করিবারই প্রচ্ছন্ন প্রয়াস করি। ভগবানের সেবার জিনিষ যদি ভগবানের সেবাতেই লাগাই, তবেই সেই বস্তুর প্রকৃত সদ্ব্যবহার হয়।

সাহিত্য সমাজের নাড়ী। সমসাময়িক ব্রাহ্মধর্ম্মে যে-সকল সাহিত্যের সৃষ্টি হইয়াছিল, তাহাতে ভগবানের বিলাসকে সম্পূর্ণ অস্বীকার করা হইয়াছে—ভগবান্‌কে 'ঠুঁটোরাম' করিয়া অঙ্কিত করা হইয়াছে। এইরূপ গুপ্ত নাস্তিক-সাহিত্যের বন্যার মধ্যে শ্রীভক্তিবিনোদ ভগীরথের ন্যায় প্রেম ও ভক্তি-সাহিত্যের প্রবল বন্যা আনয়ন করিবার উদ্যোগ করিয়াছিলেন। যদি তাঁহার 'প্রেমপ্রদীপ' নামক উপন্যাস-গ্রন্থ তোমরা পাঠ কর, তাহা হইলে তিনি সেইরূপ গুপ্ত নাস্তিকতার বিরুদ্ধে কি কি সুন্দর যুক্তি প্রদান করিয়াছেন, তাহা দেখিতে পাইবে।

ঠাকুর ভক্তিবিনোদ দেশের সমসাময়িক অবস্থা দেখিয়া বলিয়াছিলেন,—"আজকাল লোকেরা উপন্যাস পড়িতে ভালবাসেন। উপন্যাসের মধ্যে হোমিওপ্যাথিক ডোজে ভক্তিতত্ত্বশিক্ষা দেওয়াই আমাদের কর্ত্তব্য; কেন না, বিষয়ীদিগের চিত্তে স্বল্প পরিমাণ তত্ত্বকথা প্রবেশ করিতে করিতে চিত্তকে ভক্তি-বিষয়ে শ্রদ্ধান্বিত করিতে পারে।" (সজ্জনতোষণী পত্রিকা ১০।১২—"সমালোচনা")

ঠাকুর ভক্তিবিনোদের সুপ্রসিদ্ধ গ্রন্থ "জৈবধর্ম্ম"ও কতকটা উপন্যাসের আকারে লিখিত। ইহাতে সমস্ত বেদ-বেদান্ত ও গোস্বামিগণের শাস্ত্রের সার রক্ষিত হইয়াছে।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

বালক কেদারনাথ তখনকার দেশবিখ্যাত সাহিত্যিক কাশীপ্রসাদ ঘোষ মহাশয়ের কলিকাতার বাড়ীতে অবস্থান করিয়া হিন্দু-স্কুলে অধ্যয়ন করিতেন। ইহা ইংরাজী ১৮৫৬ সালের কথা। এই সময়ে ভক্তিবিনোদ হিন্দু-স্কুলের প্রথম শ্রেণীর ছাত্র। সেই বৎসরই কলিকাতা বিশ্ববিদ্যালয়ের সৃষ্টি হইল ও এণ্ট্রান্স্ পরীক্ষা প্রথমে আরম্ভ হইল। তখন শ্রীভক্তিবিনোদের সহাধ্যায়ী ছিলেন—আদি ব্রাহ্ম-সমাজের প্রবর্ত্তক বিখ্যাত দেবেন্দ্রনাথ ঠাকুরের পুত্র সত্যেন্দ্রনাথ ঠাকুর ও গণেন্দ্রনাথ ঠাকুর। শ্রীভক্তিবিনোদ সাহিত্য-চর্চ্চায় এতটা অগ্রণী হইয়াছিলেন যে, তিনি অল্পদিনের মধ্যেই স্কুলের সমস্ত ছাত্র ও শিক্ষকগণের দৃষ্টি আকর্ষণ করিলেন। তিনি তখন ইংরাজী ভাষায় যে-সকল কবিতা রচনা করিতেন, তাহা শিক্ষকগণের, ক্রমশঃ প্রিন্সিপাল ক্লিপ্‌ট্ সাহেবের গোচরে আসিল। ইহার পূর্ব্ব হইতেই শ্রীভক্তিবিনোদ কাশীপ্রসাদ বাবুর 'হিন্দু-ইন্‌টেলিজেন্সার' সংবাদপত্রে ইংরাজীতে প্রবন্ধ লিখিতে আরম্ভ করেন ও নানা-স্থানের সভায় ইংরাজীতে বক্তৃতা করিতে থাকেন। দেশ-বিখ্যাত কৃষ্ণদাস পাল ও শম্ভুচন্দ্র মুখোপাধ্যায় তখন 'হিন্দু-ইন্‌টেলিজেন্সার' কাগজে লিখিতেন; কিন্তু তাঁহাদের লেখা হইতে শ্রীভক্তিবিনোদের রচনাতে অনেক মৌলিক গবেষণা থাকিত। কেশবচন্দ্র সেন তখনও ব্রাহ্মধর্ম্মে প্রবেশ করেন নাই—হিন্দু-বালক; শ্রীভক্তিবিনোদের সহিত হিন্দু-স্কুলে পড়েন এবং সাহিত্য-চর্চ্চায় অনুরাগী। কেশবচন্দ্র 'বৃটিশ-ইণ্ডিয়ান্-সোসাইটী' নামে সাহিত্য-চর্চ্চার একটি

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

সভা স্থাপন করেন। য়ুরোপীয় অধ্যাপকগণ, পাদ্রী ডাল্‌সাহেব প্রভৃতি অনেকেই এই সভায় আসিতেন। ভক্তিবিনোদের সাহিত্য-প্রতিভা কেশবচন্দ্রকে বিশেষ আকৃষ্ট করিল। কেশব-চন্দ্র ভক্তিবিনোদকে তাঁহার সভার একটি বিশিষ্ট সভ্য করিলেন। ভক্তিবিনোদ প্রত্যহ 'মেট্‌কাফ্‌ হলে' গমন করিয়া পুস্তকাদি পাঠ করিতেন। তখন স্বনামখ্যাত প্যারীচরণ মিত্র মহাশয় লাইব্রেরীয়ান্ ছিলেন। ভক্তিবিনোদ বহু সভায় বক্তৃতা করিতে লাগিলেন। পাদ্রী ডাল্‌সাহেব ও জর্জ্জ টম্‌সন্ সাহেব শ্রীভক্তি-বিনোদের তীক্ষ্ণ প্রতিভা দেখিয়া বিশেষ আকৃষ্ট হইলেন। ১৮৫৬ খৃষ্টাব্দের শেষভাগে অর্থাৎ প্রথম শ্রেণীতে অধ্যয়নকালে ভক্তিবিনোদ ইংরাজী ভাষায় "পোরিয়েড্‌" কাব্য রচনা করেন। কবিরাজ গঙ্গাচরণ সেন ও পাদ্রী ডাফ্‌সাহেব ঐ কাব্য পাঠ করিয়া এতদূর আকৃষ্ট হইয়াছিলেন যে, পাদ্রীসাহেব ঐরূপ কবিতা লিখিয়া তদানীন্তন জমিদারগণের দৌরাত্ম্য বর্ণন করিবার জন্য ভক্তিবিনোদকে অনুরোধ করেন। কিন্তু শ্রীভক্তিবিনোদ সাহিত্যকে পরমেশ্বরের সেবায় ডালি দিবার জন্য প্রস্তুত হইতে-ছিলেন। যে সাহিত্য-প্রচারে বিশ্ব-সমাজের পরম মঙ্গল হয়, মানুষের সাময়িক চিত্তরঞ্জন বা সঙ্কীর্ণ সাম্প্রদায়িকতা পোষণের পরিবর্ত্তে তাহাদের প্রকৃত নিত্য ও পরমোদার মঙ্গল হয়, সেই জন্যই তাঁহার সাহিত্য-প্রতিভা বিকশিত হইতেছিল। তিনি এই সময় যত্নের সহিত মিল্টন, কার্লাইল, হ্যাজ্‌লিট্‌, জেফ্‌রী, মেকলে, য়্যাডিসন্, ইয়ংগ্‌স্, নাইটথট্ প্রভৃতি সাহিত্যিকগণের সাহিত্য

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

অধ্যয়ন করেন ও ছোট ছোট ইংরাজী কবিতা রচনা করিয়া 'লাইব্রেরী গেজেট' সংবাদপত্রে প্রকাশ করিতে থাকেন।

হিন্দু-স্কুলের ছাত্র ভক্তিবিনোদ ছাত্রজীবনেই কিরূপ উচ্চ দার্শনিক তত্ত্ব ও ধর্ম্মতত্ত্বসমূহ আলোচনা ও অনুশীলন করিতেন, তাহা তোমাদিগকে তাঁহার নিজের ভাষায় একটুকু শুনাইয়া দিই—

"সন্ধ্যার পর অনেক দিবসই আমি যোড়াশাঁকো শ্রীযুত দেবেন্দ্রনাথ ঠাকুরের বাড়ীতে বসিতাম। আমার সতীর্থ শ্রীযুত সত্যেন্দ্রনাথ ঠাকুরের বড় দাদা শ্রদ্ধাস্পদ দ্বিজেন্দ্রনাথ ঠাকুরও আমার বড় দাদা। যদি কখনও মানবের মধ্যে আমার হৃদয়বন্ধু থাকেন, তবে বড় দাদাই আমার হৃদয়বন্ধু। তাঁহার নিকট বসিয়া আমি অনেক সংস্কৃত গ্রন্থ আলোচনা করিতাম। পরমার্থ-বিজ্ঞানের অনেক গ্রন্থ পাঠ করিলাম। বড় দাদাও আমার সঙ্গে সঙ্গে ঐ আলোচনার সহায় থাকিতেন। ক্যাণ্ট্, গোএটি, হিজেল, সুইডেন্‌বর্গ, স্কুপেনহুয়ার, হিউম্, ভাল্‌টেয়ার, কুজে। প্রভৃতি অনেক লেখকদিগের পুস্তক আলোচনা করিয়া আমার মনে এই সিদ্ধান্ত হইল যে, দ্রব্যমাত্রই নাই। গুণ আছে। গুণসমষ্টিকেই দ্রব্য মনে করা যায়। গুণ থাকিলেই যে গুণাধারের প্রয়োজন, ইহারও প্রমাণ নাই। এইরূপ পদার্থ-তত্ত্ব-বিষয়ে আমার যে সিদ্ধান্ত হইল তাহা বড় দাদা শুনিয়া বিশেষ চিন্তা করিয়া বলিলেন,—'ভাই, তুমি গম্ভীররূপে চিন্তা করিয়াছ। আমি তোমাকে হটাইতে পারিতেছি না। আমি কোন একটা সভায় আমার ঐ তত্ত্ব-বিস্তার বিষয়ে বক্তৃতা করিলাম। তারকনাথ প্যালিত আমার সতীর্থ, বড় বন্ধু

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ছিলেন। তখনও তিনি বিলাত যান নাই। আমার বিচারে তিনি বড় সন্তুষ্ট হইয়া প্রস্তাব করত আমাকে একদিন ব্রিটিশ-ইণ্ডিয়ান্‌-সোসাইটীতে বক্তৃতা করাইলেন। উপস্থিত সাহেবগণ বলিলেন যে, আমার বিচার গম্ভীর হইয়াছে। সেই সভার আর এক অধিবেশনে আমি "বেতালপঞ্চবিংশতি" ইংরাজীতে নাটকাকারে রচনা করিয়া পাঠ করিয়াছিলাম। সেদিন বড় বিতর্ক হইল। সেইদিন হইতে আমার বয়স্যবৃন্দের মধ্যে আমাকে একজন তার্কিক বলিয়া লোকে বলিতে লাগিলেন।"

আদি ব্রাহ্ম-সমাজের নেতা দেবেন্দ্রনাথ ঠাকুরের পুত্র সত্যেন্দ্র-নাথ ও তাঁহার জ্যেষ্ঠভ্রাতা দ্বিজেন্দ্রনাথের সহিত শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের প্রগাঢ় বন্ধুত্ব থাকিলেও বন্ধুত্বের খাতিরে ভক্তিবিনোদ সত্যকে জলাঞ্জলি দেন নাই। শ্রীভক্তিবিনোদ ছাত্রজীবন হইতেই আত্মীয়-স্বজন, বন্ধু-বান্ধব, জাগতিক সর্ব্ববিধ গুরুজন—সকল অপেক্ষাও সত্যকে অনেক বড় মনে করিতেন। এই সময়ের অবস্থা তিনি তাঁহার স্বলিখিত চরিত্রে এইরূপ বর্ণন করিয়াছেন,—

"আমি ব্রাহ্মদিগের বক্তৃতা ও পুস্তকাদি পড়িয়াছিলাম। এক ঈশ্বর মানা ভাল, এ কথা আমার অনেক দিন হইতে বিশ্বাস ছিল। কিন্তু ব্রাহ্মেরা যে-ধরণে বিচার করেন এবং যে-রকম উপাসনা করেন, তাহাতে আমার কখনও রুচি হয় নাই। ডাল্‌-সাহেবের সহিত পারমার্থিক-বিষয়ে অনেক আলোচনা হয়। তাঁহার নির্দ্দেশমত আমি বাইবেল ও নানাবিধ খৃষ্টীয় গ্রন্থ পড়ি। চ্যানিং সাহেবের অনেকগুলি গ্রন্থ এবং রামমোহন রায়ের

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

পাদ্রীদের সহিত বিতর্ক-বিবরণ সমস্ত পাঠ করি। তখন আমার ধর্ম্মগ্রন্থে এরূপ ঝোঁক হইল যে, সেলের কোরাণ পর্য্যন্ত পড়িয়া ফেলিলাম। থিয়োডোর পার্কার ও নিউম্যানের গ্রন্থ-সকল ভাল করিয়া পড়িলাম। পূর্ব্বে যে পদার্থ-বিদ্যার গ্রন্থ-সকল পড়িতেছিলাম, তদপেক্ষা ধর্ম্মগ্রন্থ পড়িতে ভাল লাগিল।”

তোমরা ইতিহাসে সিপাহী-বিদ্রোহের কথা পড়িয়াছ। সেই সময়ে বঙ্গদেশ তথা সমগ্র ভারতের রাজনৈতিক আকাশ কিরূপ ঘনঘটায় আচ্ছন্ন হইয়াছিল, লোকের ধন, প্রাণ কিরূপ প্রতিমুহূর্ত্তে বিপৎসঙ্কুল হইয়াছিল, তাহা তোমরা পুস্তকের লেখায় পড়িয়া থাকিবে। তাহাতে তোমাদের গায়ে কোনই আঁচ লাগে নাই, বরং আমোদ ও কৌতূহলের সহিত সেই সকল গল্প পড়িয়াছ। তখন ঠাকুর ভক্তিবিনোদের স্কুলের ছাত্রজীবন অতিবাহিত হইয়াছে মাত্র। কিন্তু সেই ভক্তবীর যুবক সেই ভারতব্যাপী বিদ্রোহের সময়ও সত্যের অনুসন্ধান হইতে বিরত হইয়া ঘরে বসিয়া থাকেন নাই। তিনি প্রত্যহ সন্ধ্যায় দ্বিজেন্দ্রনাথ ঠাকুর, ‘তত্ত্ববোধিনী’ পত্রিকার তৎকালীন সম্পাদক ও বাণেশ্বর বিদ্যালঙ্কার প্রভৃতি পণ্ডিতগণের সহিত জটিল তত্ত্বসমূহ আলোচনা করিতেছিলেন। ভক্তিবিনোদ বাণেশ্বর বিদ্যালঙ্কার ও কএকজন পণ্ডিতকে লইয়া ঐ সময়ে বর্দ্ধমানে গিয়াছিলেন। মহারাজ মহতাপচন্দ্র ভক্তিবিনোদের রচিত সাহিত্যে বিশেষ আকৃষ্ট হইয়াছিলেন।

রাজা রামমোহন রায় গদ্য-রচনার জন্য ব্যাকরণের নিয়ম (“গৌড়ীয় ব্যাকরণ”—সাহেবগণের বাঙ্গালা ভাষা শিক্ষার

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

সাহায্যার্থ ইংরাজী ভাষায় বাঙ্গালা ব্যাকরণের আদর্শে রচিত) 'গ্রন্থ নির্দ্ধারণ' ও 'সংবাদ-কৌমুদী' নামক সংবাদপত্রে বাঙ্গালা গদ্যে প্রবন্ধ প্রকাশ করায় কোন কোন মতে রামমোহন রায়ই গদ্য-সাহিত্যের স্রষ্টা বলিয়া বিবেচিত হন। ইহার পরবর্ত্তী যুগে পণ্ডিত ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর, অক্ষয়কুমার দত্ত, প্যারীচাঁদ মিত্র, বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় প্রভৃতি সাহিত্যিকগণ আধুনিক বাঙ্গালা-গদ্য-সাহিত্য রচনা করেন। ১৮৩৮ খৃষ্টাব্দে অর্থাৎ যে-বৎসর শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ আবির্ভূত হন, সেই বৎসরই ঔপন্যাসিক বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়, কবি হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায়, কবি সুরেন্দ্রনাথ মজুমদার, কৃষ্ণদাস পাল প্রভৃতি সাহিত্যিকগণ জন্মগ্রহণ করেন। মহাভারতের বঙ্গানুবাদকারী কালীপ্রসন্ন সিংহ ১৮৪০ খৃষ্টাব্দে, নাট্যকার গিরীশচন্দ্র ঘোষ ১৮৪৪ খৃষ্টাব্দে, কবি নবীনচন্দ্র সেন ১৮৪৬ খৃষ্টাব্দে ও সাহিত্যিক রমেশচন্দ্র দত্ত ১৮৪৮ খৃষ্টাব্দে জন্মগ্রহণ করেন। ইঁহারা কেহই ঐকান্তিক পারমার্থিক-গৌড়ীয়-সাহিত্যের সেবা করেন নাই। রাজা রামমোহন রায় সমাজ-সংস্কার ও রাজনীতি-বিষয়ক কতিপয় প্রবন্ধ 'সংবাদ-কৌমুদী'তে লিখিয়াছিলেন। উহা একান্ত পারমার্থিক-সাহিত্য বলিয়া বিবেচিত হইতে পারে না। রাজা রামমোহন রায়ের 'বেদান্তগ্রন্থ,' 'বেদান্তসার' ও কতিপয় উপনিষদের বঙ্গানুবাদ প্রভৃতি গদ্যানুবাদ গ্রন্থমাত্র। বাঙ্গালার নিজস্ব সম্পৎ প্রেমধর্ম্মের সুমধুর মৌলিক বিচারপূর্ণ আধুনিক গদ্য-সাহিত্য শ্রীল ঠাকুর ভক্তিবিনোদের পূর্ব্বে আর কেহই এরূপ বিপুলভাবে রচনা ও প্রচার করেন

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

নাই। অতএব ঠাকুর ভক্তিবিনোদই বর্ত্তমান যুগের একান্ত পারমার্থিক গৌড়ীয় গদ্য-সাহিত্যের আদি শিল্পী,—এ বিষয়ে কোন সন্দেহ নাই।

ঠাকুর ভক্তিবিনোদ 'শ্রীসজ্জনতোষণী' পত্রিকার সম্পাদক ছিলেন। বাঙ্গালা দেশের সাময়িক পরমার্থপ্রচারিণী পত্রিকার ইতিহাস আলোচনা করিলে জানা যায় যে, 'সজ্জনতোষণী' সর্ব্বাপেক্ষা প্রাচীন পারমার্থিক-পত্রিকা। ইংরাজী ১৮৮১ বা বঙ্গাব্দ ১২৮৮ সালে এই পত্রিকা প্রথম প্রকাশিত হয়। ইহার পূর্ব্বে 'নিত্যানন্দদায়িনী' নামে এক মাসিক পত্রিকা প্রতি তিন মাস অন্তর ত্রৈমাসিক আকারে শ্রীরাধাবিনোদ দাস বাবাজী নামক এক ব্যক্তির সম্পাদকতায় প্রকাশিত হইয়াছিল। ইহাকে "সাময়িক পত্রিকা" বলা যাইতে পারে না। উহাতে পারমার্থিক সাময়িক সংবাদের আলোচনার পরিবর্ত্তে বটতলার পুথির আকারে গ্রন্থাদিই প্রচারিত হইত, শুদ্ধভক্তির কথা খুব কমই থাকিত। ঐ পত্রিকা ১২৭৭ বঙ্গাব্দের বৈশাখ মাস হইতে ১২৮০ সাল পর্য্যন্ত চারি বৎসরকাল চলিয়াছিল। এজন্য ঠাকুর ভক্তিবিনোদকে বর্ত্তমান যুগের পারমার্থিক সাময়িক সংবাদপত্রেরও আদি-প্রবর্ত্তক বলা যাইতে পারে। ঠাকুর তাঁহার ছাত্রজীবন হইতেই গৌড়ীয়-সাহিত্যের সেবা আরম্ভ করেন। তাঁহার প্রথম রচনার নাম— 'হরিকথা'। ইহা ১৮৫০ খৃষ্টাব্দে প্রকাশিত হইয়াছিল। তখন ঠাকুরের বয়স বার বৎসর মাত্র।

ঠাকুর যে কেবল বঙ্গ-ভাষায় পারমার্থিক সাহিত্য প্রচার

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

করিয়াছেন, তাহা নহে; তিনি সংস্কৃত, ইংরাজী, হিন্দি, উর্দ্দু, পারসী প্রভৃতি নানা ভাষায় বহু গ্রন্থ লিখিয়াছেন।

ঠাকুর ভক্তিবিনোদের ছাত্রজীবনের কিয়দংশ তোমাদিগকে বলিলাম। তাহার পর তিনি কিরূপ নিঃসম্বল ও নিঃসহায় অবস্থায় হরিভজনের অনুকূল-জীবন যাপনের জন্য চেষ্টান্বিত হইয়াছিলেন, তাহা তোমাদিগকে সামান্যভাবে বলিব। তোমরা মনে রাখিও, তিনি পরমার্থ-দানের জন্যই জগতে আসিয়াছিলেন। সাধারণ জাগতিক কর্ম্মবীরের মত তাঁহার চরিত্র আলোচনা বা অনুকরণ করিলে তোমরা মঙ্গলের পরিবর্ত্তে অমঙ্গলই বরণ করিয়া ফেলিবে। মহাপুরুষদের চরিত্র হইতে পরমার্থের শিক্ষা গ্রহণ করিতে হইবে। জাগতিক উন্নতি লাভের জন্য মহাপুরুষগণের চরিত্রকে আদর্শ করা উচিত নহে। বহু কষ্টে সম্রাটের নিকট পৌঁছিয়া এক মুষ্টি ছাই ভিক্ষা করা যেরূপ পণ্ডশ্রম, মহাপুরুষগণের আদর্শ-চরিত্রের সম্মুখে আসিয়া জাগতিক উন্নতি কামনা করাও তদ্রূপ। তোমরা ভক্তিবিনোদের সর্ব্বশ্রেষ্ঠ দান গ্রহণ করিবার যোগ্য হও।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

সপ্তম অধ্যায়

স্বভাবসিদ্ধ লোক-শিক্ষক ও বিচারক

ঠাকুর ভক্তিবিনোদ শিক্ষকরূপেই তাঁহার লৌকিক জীবন আরম্ভ করিয়াছিলেন। বস্তুতঃ তিনি নিত্যসিদ্ধ লোকশিক্ষক ছিলেন। এখন যেরূপ বৈষ্ণব-ধর্ম্মের কথা ঠাকুর ভক্তিবিনোদের মূল প্রেরণায় বঙ্গদেশে, ভারতের সর্ব্বত্র এমন কি, য়ুরোপে পর্য্যন্ত প্রচারিত হইয়াছে, তৎকালে সেরূপ কিছুই ছিল না। শ্রীচৈতন্যদেব বঙ্গভূমিতে অবতীর্ণ হইলেও বঙ্গদেশের লোকে শ্রীচৈতন্যের কোন কথা জানিতেন না। এই সময়ে শ্রীচৈতন্যের কথার কিরূপ দুর্ভিক্ষ ছিল, তাহা ঠাকুর ভক্তিবিনোদের চরিত্র পাঠ করিলে বেশ বুঝা যায়। তখন খৃষ্টান-মিশনারীরা স্থানে স্থানে বক্তৃতা ও গৃহস্থের অন্তঃপুরে মহিলা-প্রচারকগণকে প্রেরণ করিয়া খৃষ্টধর্ম্মে দীক্ষিত করিবার চেষ্টা করিতেন। বালকগণের সুকুমার হৃদয়ে খৃষ্টীয় ধর্ম্মের বীজ রোপণ করিবার জন্য মিশনারী-স্কুল-স্থাপন, বেকার যুবকগণের গ্রাসাচ্ছাদনের সংস্থান করিয়া দিয়া তাহাদিগকে খৃষ্টধর্ম্মের প্রতি অনুরাগী করিতেন। আর একদিকে খৃষ্টানদিগের কবল হইতে রক্ষা করিবার জন্য সেই বিদেশীয় ধর্ম্মেরই ভাঙ্গা-গড়া-সংস্করণরূপে ব্রাহ্মধর্ম্মের প্রচার হইতেছিল। সনাতন-বৈষ্ণব ধর্ম্ম নির্জ্জন বনে লুকাইয়া আত্মরক্ষা করিতেছিল। কোথায় কোথায়ও বৈষ্ণব-ধর্ম্মের অতি বিকৃত কঙ্কাল দেখা

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain. Digitizagtion by eGangotri

যাইত। এই সময়ে ঠাকুর ভক্তিবিনোদ যুবক মাত্র। তিনি আমাদিগকে জানাইয়াছেন—

"আমার ধর্ম্ম-সম্বন্ধে তখন মত এই যে, শুষ্কজ্ঞান-প্রধান ব্রাহ্মধর্ম্ম ভাল নহে। উপাসনায় রসময়ী ভক্তিই ভাল। আমি কলিকাতা হইতেই ইউনিটেরিয়ান্ পণ্ডিতদিগের এবং থিয়োডার পার্কার প্রভৃতির বিরচিত গ্রন্থসকল পড়িয়াছিলাম। তাহাতে আমার মনে যীশুর প্রতি একটু ভক্তি ছিল। আমার ভক্তির প্রতি বাল্য-কাল হইতেই শ্রদ্ধা ছিল। যখন উলা-গ্রামে ছিলাম, তখন হরিকীর্ত্তন শুনিয়া আনন্দিত হইতাম। একদিন আমার মাতামহের কর্ম্মচারীরা কতকগুলি জাতি-বৈষ্ণবকে বিলে মাছ ধরার অপরাধে তাড়ন করিতেছিল। এই কথা বলিতেছিল যে, বৈষ্ণব হইয়া জীব হত্যা করা অত্যন্ত অধমতা। ঐ কথা আমার কাণে গেলে আমার মনে হইল যে, বৈষ্ণবদিগের জীব হত্যা করা উচিত নয়। শাক্তগণ বলিদান করিয়া জীব হত্যা করে, মৎস্য মারে ও খায়। বৈষ্ণবই জগতে সমীচীন। বৈষ্ণব-ধর্ম্মে কিছু ভাল বস্তু আছে, ভক্তিরস আছে,—এরূপ শ্রদ্ধা হইয়াছিল। শাক্তাদি-ধর্ম্মে অনেক অপকর্ম্ম এবং ব্রাহ্মধর্ম্ম নিতান্ত রসহীন, এইরূপ বোধ আমার হৃদয়ে ক্রমশঃ স্থান লাভ করিয়াছিল। আমার খৃষ্টধর্ম্মকে ব্রাহ্মধর্ম্মের অপেক্ষা অনেক গুণে ভাল বোধ হইয়াছিল। মেদিনীপুর স্কুলে থাকার সময় আমার এমত মনে হইল যে, বৈষ্ণব-ধর্ম্মের পুস্তক পাইলে পড়ি। মেদিনীপুর স্কুলে একটি জাতি-বৈষ্ণব পণ্ডিত ছিলেন।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

তাঁহার সহিত কথোপকথনে জানিলাম যে, চৈতন্য-প্রভু বঙ্গদেশে বৈষ্ণবধর্ম্ম-প্রচারক। চৈতন্যচরিতামৃত বলিয়া যে পুস্তক আছে, তাহাতে চৈতন্যের মত ও গল্প আছে। আমি সন্ধান করিয়াও এক কপি চরিতামৃত পাইলাম না। সেই গ্রন্থখানি পড়িলে মন সুখী হইবে,—ইহাই বিশ্বাস ছিল। তখন বৈষ্ণব-গ্রন্থ ছাপা হয় নাই।"

ঠাকুর ভক্তিবিনোদ যে-সময় মেদিনীপুর স্কুলে ছিলেন, তখন ব্রাহ্মধর্ম্ম-প্রচারক রাজনারায়ণ বসু মহাশয়ও সেখানে ছিলেন। রাজনারায়ণ বসু একজন সুপরিচিত সাহিত্যিক। মেদিনীপুরে একটি সাহিত্য-সভা ছিল। সেই সভায় ঠাকুর ভক্তিবিনোদ একটি বক্তৃতা করিলে রাজনারায়ণ বসু চমৎকৃত হইলেন এবং ভক্তিবিনোদকে বলিলেন যে, তাঁহার মত এরূপ অশেষ শাস্ত্রজ্ঞ পণ্ডিত কেন একটি সামান্য বিদ্যালয়ের শিক্ষকতা গ্রহণ করিয়াছেন? বস্তুতঃ শ্রীভক্তিবিনোদ তথায় শিক্ষকতা-গ্রহণের ছলে শুষ্ক-ধর্ম্মের কবলে কবলিত বিপথগামী ছাত্র, যুবক তথা শিক্ষকগণের যে পরম-মঙ্গল-বিধানে ব্রতী হইয়াছিলেন, তাহা রাজনারায়ণ বসু তখন ধরিতে পারেন নাই।

ঠাকুর ভক্তিবিনোদ সেই সময় মেদিনীপুর-সমাজে তিনপ্রকার লোক দেখিতে পাইলেন—(১) দুশ্চরিত্র মাতাল, (২) ব্রাহ্ম-ধর্ম্মাবলম্বী ও (৩) স্মার্ত্ত-হিন্দু। ভক্তিবিনোদ কোনও প্রকার পাপকে কোনও দিন তাঁহার চতুঃসীমানায় আসিতে দেন নাই। তিনি এই সময়ের কথা এইরূপ লিখিয়াছেন—

"মাতালদিগের সহিত আলাপ থাকে কিন্তু তাহাদের বিশেষ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain. Digitizagtion by eGangotri

সঙ্গ করি না। ক্রমে ক্রমে কতকগুলি লোক আমার অনুগতও হইল। তাহারা প্রায়ই অল্পবয়স্ক, কৃতবিদ্য বা বিদ্যার্থী।”

ভক্তিবিনোদ তাঁহার সজ্জনতোষণী পত্রিকায় ‘কলি’ শীর্ষক একটি প্রবন্ধ লিখিয়াছেন। তাহাতে তিনি ভাগবতের একটি উপাখ্যান বর্ণন করিয়াছেন। যখন পরীক্ষিৎ রাজা হইলেন, তখন তিনি একদিন সরস্বতী নদীর তীরে উপস্থিত হইয়া দেখিলেন, এক ব্যক্তি রাজার ন্যায় পোষাক পরিয়া ও হাতে দণ্ড লইয়া একটি গাভী ও একটি বৃষকে তাড়না করিতেছে। দণ্ডের আঘাতে বৃষটি এক পায়ে দাঁড়াইয়া কাঁপিতেছিল। আর গরুটি ঐ ব্যক্তির পদাঘাতে অত্যন্ত কাতর হইয়া কাঁদিতেছিল। পরীক্ষিৎ রথ হইতে ইহা দেখিতে পাইলেন এবং তাঁহার ধনুতে বাণ সংযোগ করিয়া গম্ভীরস্বরে বলিতে লাগিলেন,—“তুই কে? তোর এতদূর আস্পর্দ্ধা যে, আমার প্রজাদিগের উপর বল প্রয়োগ করিতেছিস্! তুই নটের ন্যায় রাজ-বেষ ধারণ করিয়াছিস্। কিন্তু তোর কর্ম্ম দেখিয়া তোকে ‘শূদ্র’ বলিয়া বোধ হইতেছে। কৃষ্ণ ও অর্জ্জুন জগৎ হইতে প্রস্থান করিয়াছেন দেখিয়া কি তুই নির্জ্জনে নিরপরাধ প্রাণীকে বধ করিতে সাহসী হইয়াছিস্? তোর প্রাণদণ্ড হওয়া উচিত।”

পরীক্ষিৎ বৃষকে জিজ্ঞাসা করিয়া জানিলেন যে, সে বৃষরূপে ধর্ম্ম। সত্যযুগে তাঁহার তপস্যা, শৌর্য্য, দয়া ও সত্যরূপ চারিটী পা ছিল। কলিতে তাহা ভাঙ্গিয়া গিয়াছে। কলিতে তাহার একটি মাত্র পা রহিয়াছে; তাহাও কলি ভাঙ্গিয়া দিবার জন্য

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

চেষ্টা করিতেছে। আর গাভীটী সাক্ষাৎ পৃথিবী। দুষ্ট রাজারা ইহাকে ভোগ করিবার চেষ্টা করিতেছে। তাই, ঐ সাধ্বী গাভী হতভাগিনীর ন্যায় বিলাপ করিতেছে। পরীক্ষিৎ ধর্ম্ম ও পৃথিবীকে সান্ত্বনা প্রদান করিয়া কলিকে তাঁহার (পরীক্ষিতের) রাজত্ব ছাড়িয়া চলিয়া যাইবার আদেশ করিলেন। তখন কলি অত্যন্ত কাতর হইয়া পরীক্ষিতের হাতে পায়ে ধরিয়া বলিতে লাগিলেন— "সর্ব্বত্রই ত' আপনার রাজ্য। তবে আমি কোথায় থাকিব? আমাকে এমন একটি স্থান নির্দ্দিষ্ট করিয়া দি'ন, যেখানে আমি নিশ্চিন্তভাবে বাস করিতে পারি।" তখন পরীক্ষিৎ শরণাগত কলিকে চারিটি স্থানে থাকিবার অধিকার দিলেন। সেই স্থানগুলি এই—(১) জুয়া-খেলা, (২) নেশা-পান, (৩) স্ত্রীসঙ্গ ও (৪) জীব-হত্যা। এই চারিটি স্থান পাইয়া কলি বলিল,—"আমাকে এমন একটি স্থান দেন, যেখানে ঐ সকল জিনিষই পাওয়া যায়।" তখন রাজা পরীক্ষিৎ কলিকে বলিলেন,—"তুমি সোণা বা টাকা-পয়সার মধ্যে থাক। সেই একটি স্থানেই মিথ্যা, গর্ব্ব, কাম, হিংসা ও শত্রুতা একাধারে পাইবে।"

অতএব তোমরা বুঝিতে পারিলে জুয়াখেলা, মদ্যাদি নেশা-পান, ইন্দ্রিয়ভোগ ও প্রাণীবধ—এই সকল কলির স্থান। ঠাকুর ভক্তিবিনোদ এই চারিটি স্থানের বিষয় বিস্তৃত করিয়া লিখিয়াছেন,—

"অপ্রাণী বস্তু দ্বারা যে-স্থলে ক্রীড়া হয়, তাহাই দ্যূত-ক্রীড়া-স্থান। তাস, পাশা, সতরঞ্চ, দশ-পঁচিশ, বাঘবন্দীরূপ যতপ্রকার ক্রীড়া আছে, সে-সব স্থানকে দ্যূত-ক্রীড়া-স্থান বলা যায়। অধুনাতন

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

লটারিগৃহকেও (সিনেমা প্রভৃতিকেও) দ্যূত-ক্রীড়া-স্থান বলা যায়। নলরাজা, যুধিষ্ঠির, দুর্য্যোধন, শকুনি প্রভৃতি রাজন্যবর্গের ইতিহাস আলোচনা করিলে দেখা যাইবে যে, দ্যূত-ক্রীড়া-স্থানে জুয়াচুরি, কপটতা প্রভৃতি উপায় দ্বারা অর্থলাভ-জন্য বিষম কলহ ও সর্ব্বনাশ হইয়া গিয়াছে। তাই দেখ, দ্যূতক্রীড়া কি ভয়ানক! অনেক ভদ্রলোক অসৎসঙ্গে পতিত হইয়া ক্রীড়া-মন্দিরে প্রবেশ করিয়া অসৎ হইয়া যায়।

আসব-মাত্রেই পান। পান কোন স্থানে দ্রব জলীয়, কোন স্থানে ধূম্রাকার। তন্ত্র বলিয়াছেন,—পান – পর্ণ (তাম্বূল), গুবাক, তামাক, গাঁজা, মদিরা ও সুরা—এই সকল আসব ব্রতধ্বংসকারী। ইহারা উত্তরোত্তর বলবান্। পর্ণ-সেবনে দুর্জ্জয় বিলাসেপ্সা বৃদ্ধি হয়। গুবাক দ্বারা চিত্ত-চাঞ্চল্য উদয় হয়। তাম্রকূটের (তামাক, সিগারেট, বিড়ি প্রভৃতির) দ্বারা মতিভ্রংশ, জাড্য ও ভগবদ্বহির্ম্মুখতা হয়। গাঁজা-সেবনে বুদ্ধিনাশ হয়। অহিফেন্, ধূম্রপান ও অষ্টপ্রকার মদিরা অল্পকালের মধ্যে দ্বিপদগণকে চতুষ্পদ করিয়া ফেলে। ভাং, কালকূট, তামাক, ধুস্তুর, আফিং, খর্জ্জুর-রস, তাড়ি ও গাঁজা—এই আটটি সিদ্ধি-দ্রব্য, স্বকার্য্য সিদ্ধির জন্য কলি সাক্ষাৎ কল্পনা করিয়াছে।

স্ত্রী—'স্ত্রী'-শব্দে ধর্ম্মপত্নী এবং অধর্ম্মপত্নী উভয়কেই বুঝায় বটে। বিবাহিতা পত্নীর সহায়তায় জীবন নির্ব্বাহ করিলে কলিদোষ লাগে না। যে-স্থলে পুরুষ স্ত্রৈণভাবে আপনার পত্নীর

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

বশীভূত হইয়া কর্ত্তব্যবিমূঢ় হয়, সেইখানেই বিবাহিতা পত্নীতে কলির অবস্থান। ধর্ম্মশূন্য স্ত্রীসঙ্গেই কলির বল।

সূনা—নরগণের পরস্পরের বিষয় লইয়া যুদ্ধ, জিহ্বা-লালসায় জীব-বলি প্রভৃতি সর্ব্বপ্রকার জীব-হত্যায় কলি বাস করে।

স্বর্ণ—রজোগুণ হইতে অর্থলোভ। সুতরাং অর্থের সুব্যবহার অর্থাৎ ভগবৎসেবা ও ভাগবতসেবা এবং বিশুদ্ধরূপে জীবন-নির্ব্বাহ ব্যতীত যে সুবর্ণাসক্তি, তাহাতে নিত্য কলির বাস আছে। অনৃত অর্থাৎ মিথ্যা-ভাষণ ও কপট ব্যবহার দ্বারা মনুষ্য-স্বভাব অত্যন্ত দূষিত হয়। তাহাও কলির বাসস্থান। মদ কলির প্রিয়স্থান।

অতএব কৃষ্ণ বলিয়াছেন,—

অতিবাদাংস্তিতিক্ষেত নাবমন্যেত কঞ্চন।
নচৈনং দেহমাশ্রিত্য বৈরং কুর্ব্বীত কেনচিৎ॥

কেহ তোমাকে অতিবাদ করে, তাহা সহ্য করিবে। কাহাকেও অপমান করিবে না। এই দেহ আশ্রয় করিয়া কাহারও প্রতি বৈরসাধন করিবে না। কাম যে কলির স্থান, তাহাতে সন্দেহ নাই। কৃষ্ণসেবার কাম অপ্রাকৃত, তাহার নাম প্রেম। ইন্দ্রিয়-সেবার কাম প্রাকৃত, তাহাই কলির স্থান। তাহা অবশ্য পরিত্যাগ করিবে।"

ভক্তিবিনোদ যাহা প্রচার করিতেন, পুস্তকে ও পত্রিকায় যাহা লিখিতেন, তাহা নিজে আচরণ করিতেন। তিনি যেরূপ সর্ব্বপ্রকার দ্যূতক্রীড়া (জুয়াখেলা), মাদকদ্রব্য-সেবন (নেশা

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

করা), জীবহত্যা, ইন্দ্রিয়-ভোগ প্রভৃতিকে কলির স্থান বলিয়াছেন, তিনি স্বয়ং নিজের আচরণেও সেই সকল হইতে শতযোজন দূরে অবস্থান করিবার আদর্শ প্রকাশ করিয়াছেন। তিনি যে কোন-প্রকার মৎস্য-মাংসাদি গ্রহণ করিতেন না ও তাঁহার অধীন কাহাকেও মৎস্য-মাংসাদি ভোজনে প্রশ্রয় দিতেন না, তাহা তোমাদিগকে পূর্ব্বে বলিয়াছি। তিনি কোন দিন জীবনে পান, তামাক, কিংবা কোনও প্রকার নেশা নিজে ত' গ্রহণ করেনই নাই, তাঁহার অধীন কাহাকেও তাহা গ্রহণ করিতে দেন নাই। তিনি বলিতেন,—"জীব একমাত্র ভক্ত ও ভগবানের দাস হইবে। ভগবান্ ও ভক্তে আসক্তি হইলেই জীবের মঙ্গল হইবে। যদি তাহারা নেশার দাস হইয়া পড়ে বা নেশায় আসক্ত হয়, তাহা হইলে তাহাদের পক্ষে ভগবানে আসক্তি সুদূরে থাকিবে। তিনি তাঁহার অধীন কাহাকেও তাস, পাশা প্রভৃতি খেলায় প্রশ্রয় দিতেন না। ছোট ছোট ছেলেপিলেরাও তাঁহার অধীন থাকিয়া সেই আদর্শই গ্রহণ করিয়াছিলেন।

ঠাকুর ভক্তিবিনোদ যখন কৃষ্ণনগরে ডিষ্ট্রীক্ট্ বোর্ড অফিসের এক অংশে বাসা করিয়াছিলেন, সেই সময় একদিন সন্ধ্যার পূর্ব্বে একটি প্রৌঢ়া মহিলা তথায় আসিয়া ভক্তিবিনোদ ঠাকুরকে দর্শন করিবার প্রার্থনা জানাইলেন। ঐ মহিলাটি ভক্তিবিনোদ ঠাকুরের সুপরিচিত বাবু মহেন্দ্রনাথ ভট্টাচার্য্য এম্-এ, বি-এল বিদ্যারণ্য মহাশয়ের আত্মীয়া। ভক্তিবিনোদ ঠাকুর একজন মহাপুরুষ, তাঁহাকে দর্শন করিলে মঙ্গল হইবে, মহেন্দ্র বাবুর

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

নিকট এই কথা শুনিয়া ও মহেন্দ্র বাবুর দ্বারা প্রেরিত হইয়া ঐ মহিলাটি ভক্তিবিনোদ ঠাকুরকে দর্শন করিতে আসিয়াছিলেন। তখন ভক্তিবিনোদ ঠাকুরের নিকট উপস্থিত ছিলেন—সরস্বতী ঠাকুর। ইনি সবে-মাত্র সংস্কৃত-কলেজ ছাড়িয়া শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের নিকট থাকিয়া তাঁহার "জৈবধর্ম্ম" গ্রন্থের শ্রুতলিপি লিখিতেছিলেন। শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ সরস্বতী ঠাকুরের দ্বারা ঐ মহিলাটীকে জানাইলেন যে, তাঁহাদের বাসায় অন্য কোন মহিলা নাই, সেখানে কেবল পুরুষগণ বাস করেন; সুতরাং তিনি সন্ধ্যাকালে কোন মহিলার সহিতই সাক্ষাৎ করিতে পারেন না। ঐ মহিলাটি নানাপ্রকার কাকুতি-মিনতি করিয়া মহাপুরুষের একটিবার মাত্র শ্রীচরণ-দর্শন-জন্য পুনঃ পুনঃ প্রার্থনা জানাইলেন। কিন্তু ঠাকুর ভক্তিবিনোদ বজ্রের ন্যায় কঠিন থাকিলেন। শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের ঐ আদর্শ হইতেও তোমরা দেখিতে পাইলে যে, তিনি মুখে যাহা প্রচার করিতেন, স্বয়ং কার্য্যেও তাহা সর্ব্বক্ষণ পালন করিতেন।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

অষ্টম অধ্যায়

হরিনাম ও শ্রীভক্তিবিনোদ

ঠাকুর ভক্তিবিনোদ বাল্যকালে যে "জামরুল গাছের ভূত" ছাড়াইবার মন্ত্র 'রাম'-নামের গল্প বলিয়াছেন, তাহা তোমাদিগকে পূর্ব্বে বলিয়াছি। সাধারণ লোক হরিনামকে দিয়া নিজের ভোগের কাজ করাইয়া লইতে চাহে। ইহাই ভগবানের নামের নিকট 'অপরাধ'। হরিনাম—সাক্ষাৎ হরি। হরিকে দিয়া—গুরু-জনকে দিয়া কি আমাদের গোলামি করাইতে পারি? মানুষ যখন হরিনামের দ্বারা নিজের জাগতিক সুখ-সুবিধা করাইয়া লইতে চাহে, তখনই নামের নিকট অপরাধ হইয়া থাকে। অনেক সময় তোমরা হয় ত' দেখিয়া থাকিবে, গ্রামে কলেরা বা বসন্ত হইলে খুব হরিসঙ্কীর্ত্তন করা হয়। এগুলি হরিনামের নিকট অপরাধ। হরিনামের কাছে নিজের কোন সুখের কামনা করিতে নাই। জগতের জ্বালা-যন্ত্রণা ও অশান্তি হইতে মুক্তি বা পরিত্রাণের কামনাও নামের চরণে সর্ব্বাপেক্ষা অধিক অপরাধ। নামের আভাসেই ঐসকল ফল লাভ হয়।

ভগবানের নাম সকলেই সকল সময়, সকল অবস্থায় গ্রহণ করিতে পারেন। অতিবালক, অতিবৃদ্ধ, যুবক, স্ত্রী, পুরুষ, যে-কোন জাতি, যে-কোন দেশের লোক হরিনাম করিলে তাহাদের মঙ্গল হয়। এমন কি, পশু, পক্ষী, বৃক্ষ, লতারও হরিনাম-কীর্ত্তন শুনিলে

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

সুবিধা হয়। ঠাকুর ভক্তিবিনোদ এজন্য তাঁহার অধীন ছেলে-পিলেদিগকে, ছাত্রগণকে হরিনাম করিবার উপদেশ দিতেন এবং তৎসঙ্গে সাবধান করিয়া দিতেন যে, হরিনামের সেবার জন্যই হরিনাম করিবে। নামের নিকট অন্য কিছু কামনা করিবে না।

তোমরা হয় ত' পরীক্ষা পাশের জন্য হরিনাম করিতে ইচ্ছুক হও। কেহ কেহ পরীক্ষার খাতার উপরে হরিনাম লিখিয়া থাক। তোমাদের ভিতরে কামনা থাকে, যেন ভগবানের নামের বলে তোমরা পরীক্ষায় পাশ হইতে পার। এরূপ কামনা অন্তরে গুপ্তভাবে থাকিলেও হরিনামের চরণে অপরাধ হইয়া যায়। কেহ হয় ত' বলিতে পার, প্রথমে নিষ্কাম হইয়া হরিনাম করা যায় না, কোন কামনা লইয়া হরিনামের উচ্চারণ করিতে করিতে পরে নিষ্কাম হওয়া যায়। ঠাকুর ভক্তিবিনোদ এই মত সমর্থন করিতেন না। তিনি বলিতেন, অন্যায় কার্য্য করিতে করিতে মানুষ সৎ হইতে পারে না। অকস্মাৎ অজ্ঞান-বশতঃ অন্যায় কার্য্য করিয়া ফেলিলে উহা চিরতরে পরিত্যাগ ও উহা পুনরায় না করিবার দৃঢ়-সঙ্কল্প লইয়া সৎকার্য্যে প্রবিষ্ট হইলেই মানুষ সৎ হইতে পারে। এজন্য তোমরা অন্যায় ব্যবহার বা কোনপ্রকার কামনা-বাসনার সহিত হরিনাম করিবার দুর্ব্বুদ্ধি পোষণ করিও না, বা হরিনামের বলে পাপ-কার্য্যে ধাবিত হইও না। একটিমাত্র হরিনাম উচ্চারণ করিলে যখন সমস্ত পাপ বিনষ্ট হইয়া যায়, তখন খুব পাপ-কার্য্য করিতে থাকিব, আর সেইসমস্ত পাপ হরিনাম ক্ষালন করিয়া দিতে থাকিবেন,—এইরূপ 'পাটোয়ারী বুদ্ধি, লইয়া

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

হরিনাম করিবার অভিনয় করিলে প্রকৃত হরিনাম করা হইবে না; কেবল পাপ-কার্য্যের মাত্রাই বাড়িয়া যাইবে। শ্রীনামের নিকট ঐরূপ অপরাধ হওয়ায় তোমরা ভক্তি হইতে চিরবঞ্চিত হইবে।

তোমাদিগকে সেই "জামরুল গাছের ভূতে"র কথা বলিতে বলিতে এতদূর আসিয়াছি। কি জন্য বলিয়াছি, এখন বুঝিতে পারিবে। পঞ্চাশ বৎসরেরও অধিকদিন পূর্ব্বের কথা। ঠাকুর ভক্তিবিনোদ শ্রীসরস্বতী পূজার দিনে (১২৯২ বঙ্গাব্দ) শ্রীগুণরাজ খাঁর জন্মস্থান কুলীন-গ্রাম দর্শন করিতে যান। তোমরা পূর্ব্বে শুনিয়াছ যে, এই গুণরাজ খাঁ 'শ্রীকৃষ্ণবিজয়' নামে একখানি পুস্তক লিখিয়াছিলেন। এই গ্রন্থটীকে বাঙ্গালা-দেশের আদিম-গৌড়ীয়-গীতি-সাহিত্য বলা যাইতে পারে। এই পুস্তক শ্রীমন্মহা-প্রভুর আবির্ভাবেরও পূর্ব্বে লিখিত। স্বয়ং মহাপ্রভু এই গ্রন্থ পাঠ করিয়া ইহার খুব প্রশংসা করিয়াছিলেন। ইহা বাঙ্গালা পদ্যে শ্রীমদ্ভাগবতের অনুবাদ।

সেই কুলীনগ্রাম ইষ্ট ইণ্ডিয়ান্ রেলওয়ের মেমারি ষ্টেশন হইতে সাত আট মাইল দূরে। ভক্তিবিনোদ ঠাকুর ৬ষ্ঠ শ্রেণীর ছাত্র বালক সরস্বতীকে (ইনিই পরে শ্রীগৌড়ীয়মঠের প্রতিষ্ঠাতা শ্রীভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী নামে বিখ্যাত হন) ও অন্যান্য কএকজনকে লইয়া কুলীন-গ্রামে গিয়াছিলেন। ঐ গ্রামের শেষভাগে একটি আখড়া ছিল। এই আখড়ার মহান্তের চরিত্র খুব খারাপ ছিল। এদিকে লোককে দেখাইবার জন্য ও পাপ ক্ষালন করিবার কামনায় মহান্ত খুব হরিনাম করিবার অভিনয় করিত।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

মহান্তের মৃত্যুর পরেই ঐ ঠাকুরবাড়ীর ঘরে—যেখানে মহান্ত বাস করিত, সেখানে খুব ভূতের উপদ্রব আরম্ভ হইল। গ্রামবাসিগণ সন্ধ্যার পরে সেই পথ দিয়া চলিতে পারিত না, চতুর্দ্দিক হইতে ইট-পাট্‌কেল আসিয়া সকলের গায়ে পড়িত, নানাপ্রকার বিকট চীৎকার শুনিতে পাওয়া যাইত। মহান্তের চেলাও ভূতের উপদ্রবে অতিষ্ঠ হইয়া পড়িয়াছিল। যখন সেখানে ভূতের এইরূপ দৌরাত্ম্য চলিতেছিল, তখন ঠাকুর ভক্তিবিনোদ কএকজন ছাত্রকে লইয়া সেই ভূতের বাড়ীতেই রাত্রিতে স্থান লইলেন। মহান্তের শিষ্য ঠাকুর ভক্তিবিনোদকে জানাইল যে, মহান্ত মরিবার পরেই সেখানে ভীষণ ভূতের উপদ্রব আরম্ভ হইয়াছে। কেহ কেহ ঠাকুরকে জিজ্ঞাসা করিলেন—"মহান্ত এত ঠাকুর-সেবা করিয়াছেন, এত হরিনাম করিয়াছেন, তবে কেন তিনি মরিয়া ভূত হইলেন? তবে কি হরিনামের কোন শক্তি নাই? শাস্ত্রে শুনা যায়, যে-কোনভাবে হরিনাম করিলেই জীবের মঙ্গল হয়।"

তাঁহাদের প্রশ্নের উত্তরে ঠাকুর ভক্তিবিনোদ বলিলেন,—"নামের নিকট অপরাধের ফলেই ঐ মহান্ত মরিবার পর ভূত হইয়াছে। সে প্রকৃত হরিনাম করে নাই, হরিনামের অক্ষরগুলি তোতা পাখীর মত আওড়াইয়া নামের বলে আরও অধিক পাপ করিয়াছে। সে মনে করিয়াছিল, হরিনাম করিয়া তাহার পাপের শোধ দিবে। ইহাতেই তাহার নামের নিকট ভীষণ অপরাধ হইয়াছে। নাম পরম-মঙ্গলময়। নামে কোন দোষ নাই। কিন্তু নাম যে প্রণালীতে গ্রহণ করা উচিত, উহার ব্যতিক্রম

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

করিলে প্রকৃত-প্রস্তাবে নাম গ্রহণ করা হয় না। দুধ না খাইয়া যদি তোমরা চূণগোলাকে 'দুধ' মনে করিয়া খাও, তবে কি দুধের ফল পাইবে ? দুধের সঙ্গে বিষ মিশ্রিত থাকিলে কি দুধের ফল পাইবে,—না বিষের ফলই আরও অধিক পাইবে ?

তোমাদের মনে একটি কথা জানিবার জন্য কৌতূহল হইতে পারে,—ঠাকুর ভক্তিবিনোদ যখন ভূতের বাড়ীতে বাস করিয়াছিলেন, তখন ঠাকুর ও তাঁহার সঙ্গিগণের উপর ভূত কোন উপদ্রব করিয়াছিল কি না ? শ্রীল ভক্তিবিনোদ ও তাঁহার সঙ্গী বালক শ্রীসরস্বতী ঠাকুর শুদ্ধ হরিনামপরায়ণ ছিলেন। কাজেই সেরূপ মহাপুরুষ গৃহে প্রবেশ করিয়াছেন জানিতে পারিয়া ভূত সেই স্থান হইতে চিরতরে বিদায় লইয়াছিল।

৫

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

নবম অধ্যায়

লোক-ভয় ও সদাচার

তোমরা অমৃতবাজার পত্রিকার প্রতিষ্ঠাতা শিশির কুমার ঘোষ মহাশয়ের নাম শুনিয়া থাকিবে। শিশির বাবু বলিয়াছেন যে, ভক্তিবিনোদ ঠাকুরের লিখিত 'ভাগবত-স্পীচ্' পাঠ করিয়া তাঁহার বৈষ্ণব-ধর্ম্মের প্রতি সর্ব্বপ্রথমে অনুরাগ হয়। ভক্তিবিনোদ ঠাকুর প্রচার-কার্য্য আরম্ভ করিবার প্রায় পঁচিশ বৎসর পরে শিশির বাবু শ্রীল ভক্তিবিনোদের প্রচার-কার্য্যের প্রতি নানাভাবে সহানুভূতি প্রকাশ করিয়াছিলেন। শিশির বাবু ভক্তিবিনোদ ঠাকুরের নিকট হরিনাম-সম্বন্ধে অনেক কথা শুনিয়া তুলসীর মালায় হরিনাম জপ করিতে থাকেন। কিন্তু তিনি গলায় তুলসীর মালা ধারণ, বা কপালে তিলক, কিংবা বৈষ্ণব-সম্প্রদায়ের প্রণালী অনুসারে দীক্ষা-গ্রহণ ও খাদ্যাখাদ্যের বিচার গ্রহণ করিতে প্রস্তুত ছিলেন না। ভক্তিবিনোদ ঠাকুর ভগবানের সেবায় বিন্দুমাত্রও লোকভয় করিতেন না। তিনি বলিতেন,—ভগবানের সেবা-কার্য্যে বা সদাচার-পালনে লোক-ভয় করিলে ভগবানের প্রতি অনুরাগ যে কম, ইহাই প্রমাণিত হয়। তিনি যাঁহাদের অভিভাবক ছিলেন, তাঁহারাও তাঁহারই শিক্ষানুসারে গলায় তুলসীর মালা, কপালে তিলক, নিয়মিতভাবে মালিকায় হরিনাম গ্রহণ ও সদাচার পালন করিতেন। তিনি বাল্যকাল হইতেই সাধু ও শাস্ত্রের

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

অনুযায়ী সদাচারে সকলকে সৎসাহসী করিয়াছিলেন। যাঁহারা লোক-ভয়ে বা লোক-লজ্জায় ঐরূপ সদাচার-গ্রহণে বিমুখ ছিলেন, তাঁহাদিগের জন্য তিনি একটী গান রচনা করিয়াছিলেন। যাঁহারা পারমার্থিক-সম্প্রদায়ের দোষ দিয়া ব্যবহারিক সম্প্রদায়কে 'বড়' মনে করেন, তাঁহাদিগকে লক্ষ্য করিয়াই এই গানটি রচিত হয়,—

সম্প্রদায়ে দোষ-বুদ্ধি, জানি' তুমি আত্মশুদ্ধি,
করিবারে হৈলে সাবধান।
না নিলে তিলক-মালা, ত্যজিলে দীক্ষার জ্বালা,
নিজে কৈলে নবীন বিধান ॥
পূর্ব্ব-মতে তালি দিয়া, নিজ-মত প্রচারিয়া,
নিজে অবতার-বুদ্ধি ধরি'।
ব্রতাচার না মানিলে, পূর্ব্ব-পথ জলে দিলে,
মহাজনে ভ্রমদৃষ্টি করি' ॥
কোঁটা-দীক্ষা-মালা ধরি', ধূর্ত্ত করে সুচাতুরী,
তাই তাহে তোমার বিরাগ।
মহাজন-পথে দোষ, দেখিয়া তোমার রোষ,
পথপ্রতি ছাড় অনুরাগ ॥
এখন দেখহ ভাই, স্বর্ণ ছাড়ি' নৈলে ছাই,
ইহকাল পরকাল যায়।
কপট বলিল সবে, ভকতি বা পেলে কবে,
দেহান্তে বা কি হ'বে উপায় ॥"

(কল্যাণকল্পতরু, 'উপদেশ'—১৭)

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

দশম অধ্যায়

ছাত্র-জীবনে পরমার্থ

অনেকে মনে করেন, অল্প বয়সে ভগবানের ভজন করা উচিত নহে; যে বয়সের যাহা, তাহাই করা উচিত। ভগবানের ভজন বৃদ্ধকালের জন্য স্থগিত রাখিয়া দেওয়াই কর্ত্তব্য। এ সম্বন্ধেও ঠাকুর ভক্তিবিনোদ কয়েকটি গান রচনা করিয়া আমাদিগকে শিক্ষা দিয়াছেন, তন্মধ্যে তোমাদিগকে একটি গান শুনাইতেছি,—

"জীবন-সমাপ্তিকালে করিব ভজন,
এবে করি গৃহসুখ।
কখন এ কথা নাহি বলে বিজ্ঞজন,
এ দেহ পতনোন্মুখ॥
আজি বা শতেক বর্ষে অবশ্য মরণ,
নিশ্চিন্ত না থাক ভাই;
যত শীঘ্র পার, ভজ শ্রীকৃষ্ণ-চরণ,
জীবনের ঠিক নাই॥"

(কল্যাণকল্পতরু, প্রয়োজন-বিজ্ঞান-উপলব্ধি—৪)

ঠাকুর ভক্তিবিনোদ অতি শৈশবকাল হইতেই হরিভজনের আবশ্যকতা তাঁহার নানা উপদেশ ও আচরণের মধ্যে শিক্ষা দিয়াছেন। তিনি একটি গানে গাহিয়াছেন,—

"জননী-জঠরে, ছিলাম যখন,
বিষম-বন্ধন-পাশে।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

একবার প্রভু, দেখা দিয়া মোরে,
বঞ্চিলে এ দীন-দাসে ॥
তখন ভাবিনু, জনম পাইয়া,
করিব ভজন তব।
জনম হইল, পড়ি' মায়াজালে,
না হইল জ্ঞান-লব ॥
আদরের ছেলে, স্বজনের কোলে,
হাসিয়া কাটা'নু কাল।
জনক-জননী স্নেহেতে ভুলিয়া,
সংসার লাগিল ভাল ॥
ক্রমে দিন দিন, বালক হইয়া,
খেলিনু বালক-সহ।
আর কিছুদিনে, জ্ঞান উপজিল,
পাঠ পড়ি অহরহঃ ॥
বিদ্যার গৌরবে, ভ্রমি দেশে দেশে,
ধন উপার্জ্জন করি'।
স্বজন পালন, করি এক মনে,
ভুলিনু তোমারে হরি ॥

* * *

বিদ্যার বিলাসে, কাটাইনু কাল,
পরম সাহসে আমি।
তোমার চরণ, না ভজিনু কভু,
এখন শরণ তুমি ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

পড়িতে পড়িতে, ভরসা বাড়িল,
জ্ঞানে গতি হ'বে মানি।
সে আশা বিফল, সে জ্ঞান দুর্ব্বল,
সে জ্ঞান অজ্ঞান জানি॥
জড়বিদ্যা যত, মায়ার বৈভব,
তোমার ভজনে বাধা।
মোহজনমিয়া, অনিত্য সংসারে,
জীবকে করয়ে গাধা॥"

(শরণাগতি—২, ৩)

ঠাকুর ভক্তিবিনোদ অনেক সময় বালক প্রহ্লাদের চরিত্র ও উপদেশ কীর্ত্তন করিয়া বালকগণকে, এমন কি, বৃদ্ধগণকে পর্য্যন্ত হরিভজনের অত্যাবশ্যকতা শিক্ষা দিতেন।

হিরণ্যকশিপু তাঁহার শিশুপুত্র প্রহ্লাদকে শিক্ষিত করিবার জন্য শুক্রাচার্য্যের পুত্র ষণ্ড ও অমর্কের বিদ্যায়তনে পাঠাইয়াছিলেন। হিরণ্যকশিপু বিষ্ণুর নাম শুনিতে পারিতেন না। তাঁহার শিশুপুত্রের কাণেও যাহাতে কোনওরূপ বিষ্ণুর কথা না পোঁছে, এজন্য হিরণ্যকশিপু তীক্ষ্ণ দৃষ্টি রাখিয়াছিলেন। কিন্তু প্রহ্লাদ মাতৃগর্ভে থাকাকালেই দেবর্ষি নারদের উপদেশ লাভ করিয়াছিলেন। ইহা শুনিয়া তোমরা হয় ত' আশ্চর্য্যান্বিত হইবে। মাতৃগর্ভে থাকার সময় ধর্ম্মোপদেশ কিরূপে শুনা ও বুঝা সম্ভব

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

হইতে পারে! হিরণ্যকশিপুর পত্নী কয়াধূ গর্ভবতী থাকা-কালে কএকদিন নারদের আশ্রমে বাস করিয়া তাঁহার সেবা করিয়াছিলেন। সেই সময় শ্রীনারদ কয়াধূর গর্ভস্থ প্রহ্লাদকে লক্ষ্য করিয়া যে-সকল উপদেশ দিয়াছিলেন, তাহা প্রহ্লাদ শুনিতে পান। হরিকথা ও সাধুসঙ্গের এমনই শক্তি যে, তাহা যে-কোন অবস্থায় কার্য্যকরী হইতে পারে।

প্রহ্লাদ নারদের সেই সকল উপদেশ স্মরণ রাখিয়াছিলেন। যখন তিনি গুরুমহাশয়ের পাঠশালায় পড়িতে যাইতেন, তখন কি করিয়া তিনি সেই সকল উপদেশ তাঁহার সহপাঠিগণের নিকট বলিবেন ও তদ্দ্বারা তাহাদের উপকার করিবেন, এজন্য তাঁহার বিশেষ চেষ্টা থাকিত। এদিকে হিরণ্যকশিপুর আদেশে গুরুমহাশয়গণ ত' ধর্ম্মের কথা তুলিতেই দিতেন না; তাঁহারা কেবল অর্থকরী বিদ্যা, দণ্ডনীতি, রাজনীতি—এই সকল শিক্ষা দিতেন। তাঁহারা মনে করিতেন, ধর্ম্মের কথা বলিলে অসুর-বালকগণ দেবতা হইয়া যাইবে—অভিভাবকগণের অসুবিধা হইবে। কিন্তু যখনই পাঠশালার গুরুমহাশয়গণ গৃহ-কার্য্যে ব্যস্ত হইতেন, তখনই প্রহ্লাদ তাঁহার সমবয়স্ক ছোট ছোট বালকদিগকে ভাল ভাল কথা উপদেশ দিতেন। সেই সকল উপদেশ শ্রীমদ্ভাগবতে লেখা আছে। প্রহ্লাদের কএকটী উপদেশ তোমাদিগকে বলিতেছি,—

"বন্ধুগণ! যাঁহারা বুদ্ধিমান্, তাঁহারা খুব বাল্য বয়স হইতেই ভক্তির অনুশীলন করিয়া থাকেন। তোমরা মনে করিও না,

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

হরিভক্তি অল্পবয়স্ক বালকদের জন্য নহে—বিদ্যালয়ের ছাত্রদের জন্য নহে। এই সংসারে মনুষ্য-জন্ম খুব সৌভাগ্যফলে পাওয়া যায়। আবার কাহার কোন্ সময় মৃত্যু হয়, তাহারও ঠিক নাই। যদি এমন হইত যে, বৃদ্ধ না হইলে কেহ মৃত্যুমুখে পতিত হইবে না, তাহা হইলে তোমরা বৃদ্ধকালের জন্য হরিভজন রাখিয়া দিতে পারিতে। তা'রপর দেখ, যে কাজ বাল্যবয়সে অভ্যাস করা যায়, তাহাই ভালরূপে শিখা যায়। মানব-জীবনের একমাত্র উদ্দেশ্য—হরিভজন। সেই কার্য্যটী কি তোমরা বৃদ্ধবয়সের জন্য রাখিয়া দিবে? দেখ, এই শরীর ব্যাধির মন্দির। প্রতিমুহূর্ত্তে কত কত রোগ, শোক, বাধা-বিঘ্ন আসিয়া উপস্থিত হইতেছে। সময় থাকিতে যদি নিত্যজীবনের কার্য্যটী না করিয়া রাখ, তবে মনুষ্য-জীবন-ধারণ বৃথা হইল। তোমরা বলিতে পার, 'আমরা অল্পবয়সেই যদি ভোগ-সুখ ছাড়িয়া দেই, তাহা হইলে আমাদের জীবন কি ব্যর্থ হইল না?' তোমরা একটু বিচার করিয়া দেখ, যে-কোন জন্মই পাও না কেন, সব সময়ই ভোগের বিষয় পাইবে। কুকুর, বিড়াল, এমন কি, গাছ-পালা-জন্মেও সুখ ও দুঃখ পাওয়া যায়। কিন্তু একমাত্র মনুষ্য-জন্ম ছাড়া হরিভজনের এত সুযোগ আর কোন জন্মেই পাওয়া যায় না। ভগবানের সেবায় যে আনন্দ আছে, তাহার নিকট ভোগ-সুখ, এমন কি, এই জগতের জ্বালা-যন্ত্রণা হইতে নিষ্কৃতি বা মুক্তি পর্য্যন্ত অতি ক্ষুদ্র,—তুলনাই হয় না। যে বালক নিজে আচরণ করিয়া—সদ্‌গুরুর অনুগত হইয়া হরিকথা শ্রবণ ও কীর্ত্তন করে, সেই বালকই বড় হইয়া

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

মাতা, পিতা, স্বদেশ, সমাজ ও সমগ্র বিশ্বের নিত্যমঙ্গল করিয়া থাকে; সে-ই যথার্থ দেশ-প্রেমিক, বিশ্ব-প্রেমিক, সর্ব্বভুবন-মঙ্গল। তাই বলি, তোমরা সাধুর সঙ্গে ভগবানের কথা শ্রবণ কর; তাহাতেই বিদ্যার চরম ফল পাইবে। মাতা পিতা গুরুজন বটেন এবং তাঁহাদের কথাও আমাদের অবশ্য শুনিতে হইবে। কিন্তু যদি তাঁহারা হরিভজনে বাধা দেন, হরিকথা শুনিতে, প্রকৃত সাধুর সঙ্গ করিতে আপত্তি করেন, তবে তাহা শুনিতে হইবে না। ইহা দ্বারা মাতা-পিতার প্রতি প্রকৃত শ্রদ্ধাই প্রদর্শন করা হইবে। কারণ, পরমপিতা পরমেশ্বর যে আমাদের মাতা-পিতারও পিতা ও প্রভু, ইহা তাঁহারাও বুঝিতে পারিবেন। তাঁহারা মোহগ্রস্ত হইয়া বর্ত্তমানে বুঝিতে না পারিলেও তাঁহাদিগকে সেই সত্য সৎসাহসের সহিত বুঝাইতে হইবে। ইহাতে মাতা, পিতা বা অভিভাবকগণের উপদেশের আপাত লঙ্ঘন হইলেও পরিণামে ইহা দ্বারাই মাতা-পিতার প্রকৃত পূজা হইবে।"

শ্রীচৈতন্যদেবও আমাদিগকে এইরূপ উপদেশ দিয়াছেন,—

"জগতের পিতা—কৃষ্ণ, যে না ভজে বাপ।
পিতৃদ্রোহী পাতকীর জন্ম জন্ম তাপ॥"

(শ্রীচৈতন্যভাগবত ম ১।২০২)

মাতৃভক্তশিরোমণি নিমাই যখন সন্ন্যাস লইয়া শচীমাতার নিকট হইতে চলিয়া যান, তখন তিনি মাকে বলিয়াছিলেন,—"মাগো, জগতের ছেলেরা মাকে টাকা-কড়ি, সোণা-রূপা দিয়া

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

সন্তুষ্ট করে ; আমি তোমাকে কৃষ্ণপ্রেম আনিয়া দিব, সেজন্যই আমি সন্ন্যাস করিতেছি।

"আনের তনয় আনে রজত-সুবর্ণ।
খাইলে বিনাশ পায়—নহে পরধর্ম্ম ॥
ধন উপার্জ্জন করে আনে বড় দুঃখ।
ধনই যাউক, কিবা আপনে মরুক ॥
আমি আনি' দিব কৃষ্ণপ্রেমধন।
সকল সম্পদ্ময় কৃষ্ণের চরণ ॥

(শ্রীচৈতন্যমঙ্গল ১৪৮।২০০-২০২)

ঠাকুর ভক্তিবিনোদ যে উপদেশ দিয়াছেন, তাহা তোমরা শ্রবণ কর,—

"গুরুজনের অন্যায় উপদেশ প্রতিপালন করিবে—এরূপ নয়, কিন্তু রূঢ়বাক্য ও অপমান-সূচক ব্যবহার দ্বারা তাঁহাদিগের প্রতি ঘৃণা প্রকাশ করিবে না। মিষ্ট বচন, নম্রতা, উপযুক্ত সময়ে বিনয়-পূর্ব্বক বিচার দ্বারা তাঁহাদিগের অন্যায় আচরণের অনুমতি স্থগিত করিতে হইবে।"

(শ্রীচৈতন্যশিক্ষামৃত ২।২।৯০)

তোমরা যদি শ্রীচৈতন্যদেব ও তাঁহার ভক্তগণের চরিত গ্রন্থ-সমূহ পাঠ কর, তবে দেখিতে পাইবে যে, শ্রীচৈতন্যদেব যে-সকল ছাত্রকে পড়াইতেন, তাহাদের প্রত্যেককে কপালে তিলক ধারণ করিতে হইত। যদি কোন ছাত্র ভুলক্রমে কোনদিন কপালে তিলক না দিয়া আসিত, তখন মহাপ্রভু সেই ছাত্রকে লজ্জা দিয়া বলিতেন,—"যে কপালে তিলক নাই, সেই কপাল শ্মশানের মত।"

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"তিলক না থাকে যদি বিপ্রের কপালে।
সে কপাল শ্মশান-সদৃশ—বেদে বলে॥"
(শ্রীচৈতন্যভাগবত আ ১৫।১২)

ছাত্রগণ সনাতন-ধর্ম্মের বিধি-অনুসারে সর্ব্বাঙ্গে তিলক দিয়া পড়িতে আসিত। কারণ, তাহারা বুঝিতে পারিয়াছিল, সৎকার্য্য করিতে লজ্জা ও লোকভয় করিলে নিজেই বঞ্চিত হইতে হয়, কেহ যদি ভোজন করিতে বসিয়া লোক-ভয়ে ও লজ্জায় কম ভোজন করে, তবে ঠকিবে কে? সেইরূপ আমরা যদি লোক-ভয়ে বা লজ্জায় সদাচার পালন না করি, তবে আমরাও পরমার্থ হইতে বঞ্চিত হইব।

শ্রীচৈতন্যদেব 'ভদ্রবেশ' বলিয়া একটি শব্দ ব্যবহার করিয়াছেন। 'ভদ্রবেশ' অর্থে—'বৈষ্ণববেষ'। দাড়ি, গোঁফ প্রভৃতি ছেদন করিয়া মালা-তিলক-ধারণকে 'ভদ্রবেশ' বলে। দাড়ি, গোঁফ রাখা অভদ্রোচিত বেশ বলিয়া বৈষ্ণবশাস্ত্রে কথিত হয়। বাঙ্গালার তদানীন্তন মুসলমান সম্রাট্ প্রসিদ্ধ হুসেনসাহ বাদসাহের প্রধান মন্ত্রী ছিলেন—সাকরমল্লিক। পরে ইনি শ্রীসনাতন গোস্বামী নামে প্রসিদ্ধ হন। সাকরমল্লিক কর্ণাট্ ব্রাহ্মণ-কুলে আবির্ভূত হইয়াছিলেন। ইঁহার পিতার নাম ছিল—কুমারদেব। কিন্তু অহিন্দু-সমাজে মিশিয়া তাঁহার বেশ ও আকৃতি পরিবর্ত্তিত হইয়াছিল। সনাতন শ্রীচৈতন্যদেবের চরণাশ্রয় করিবার জন্য হুসেন-সাহের প্রধান-মন্ত্রিত্ব-পদ ত্যাগ করিতে ইচ্ছা করিলেন। কিন্তু হুসেনসাহ সনাতনকে কিছুতেই ছাড়িয়া দিতে প্রস্তুত ছিলেন না।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

তিনি সনাতনকে বন্দী করিয়া রাখিলেন। সনাতন বন্দী-শালার রক্ষককে সাত হাজার স্বর্ণমুদ্রা দিয়া সন্তুষ্ট করিলেন ও নিজে দরবেশের পোষাক পরিয়া পলাইয়া আসিলেন। সনাতন কাশীতে আসিয়া চন্দ্রশেখরের ঘরের দ্বারে অপেক্ষা করিতে লাগিলেন। তখন শ্রীচৈতন্যদেব তথায় অবস্থান করিতে-ছিলেন। শ্রীচৈতন্য দরবেশবেশী সনাতনকে চন্দ্রশেখরের দ্বারা ডাকাইয়া তাঁহার পোষাক পরিবর্ত্তন ও তাঁহাকে 'ভদ্র' করিবার আজ্ঞা দিলেন।

যাঁহারা বলেন, সদাচার-পালন বা সাধু বেশের মধ্যে কিছু নাই, তাঁহাদের অন্তর খুঁজিয়া দেখিলে দেখিবে যে, তাঁহাদের হৃদয়ে কপটতা, দুর্ব্বলতা ও লোকভয় রহিয়াছে। আমাদের পরমার্থে এমনই অরুচি হইয়াছে যে, আমরা কোন্‌টা শাস্ত্রীয়, কোন্‌টা অশাস্ত্রীয়, কোন্‌টা হরিসেবার অনুকূল, কোনটা প্রতিকূল, তাহা বিশেষ তলাইয়া দেখা প্রয়োজনীয় মনে করি না। সমাজে যাহা বহু লোকে গ্রহণ করে, আমরা বিনা বিচারে তাহাই গড্ডলিকা-প্রবাহের ন্যায় অনুসরণ করিয়া থাকি। সমাজে এক এক সময় আহারে-বিহারে, চাল-চল্‌তিতে এক একটা ফ্যাসন বাহির হয়। আবার সেই ফ্যাসনগুলি কিছুদিন পরেই পুরাতন হইলে আমাদের নিকট অত্যন্ত বিরক্তিকর ও ঘৃণাজনক বস্তু হইয়া পড়ে। সনাতন-ধর্ম্মাবলম্বিগণের সদ্বেশ ও সদাচার সেই জাতীয় বস্তু নহে। কারণ, উহা মানুষের ভাল বা মন্দ সমালোচনার অধীন নহে। সমাজের বহু লোক শাস্ত্রীয় সদ্বেশ বা ভদ্রবেশ গ্রহণ করেন না

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

বলিয়া উহা গ্রহণ করিতে যদি তোমরা লজ্জা বোধ বা হৃদয়ে দুর্ব্বলতা অনুভব কর, তবে কোনদিনই তোমরা সত্যের প্রতি অনুরাগী হইতে পারিবে না।

সত্য কোন লোকাপেক্ষা করে না। লোক-ভয় থাকিলে নিরপেক্ষসত্য বরণ করা যায় না। কারণ, সত্যের গ্রাহক জগতে খুবই কম ;—খুব কম বলিয়া তোমরা যদি নিরুৎসাহিত হও বা বেশীর ভাগ লোকের দলে থাকিয়া অসত্যপথ আশ্রয় করাকেই আরামজনক মনে কর, তবে মনুষ্য-জন্মের প্রকৃত উদ্দেশ্যের দিকে কোনও দিনই অগ্রসর হইতে পারিবে না।

সদাচার কেবল মনে মনে আবদ্ধ করিয়া রাখিলেও চলে না। বাহিরেও উহা পালন ও আচরণ করিতে হয় ; তবে লোক দেখাইবার জন্য নহে, নিজেকে উহাতে প্রতিষ্ঠিত করিবার জন্য অন্তরে ও বাহিরে সদাচার শিক্ষা করা কর্ত্তব্য। লোকদেখান সাধুর বেশকে কেহই ভাল বলেন না, তাহা কপটতা ও অপরের নিকট হইতে সম্মান পাইবার পিপাসা। সেইজন্য শ্রীচৈতন্যদেব ও ঠাকুর শ্রীভক্তিবিনোদ উভয়েই বলিয়াছেন—ভিতরে বাহিরে ভাল হও। কেবল লোক দেখাইবার জন্য কপটতা করিয়া বাহিরে ভণ্ডামি করিও না, আবার বাহিরের প্রতি বিরাগী হইয়া তোমার লোক-ভয় ও লোক-লজ্জারূপ কপটতাকে অন্তরে পুষিয়া মনে মনে 'মনকলা'ও খাইও না। শুষ্ক তর্ক করিলেও জীবন বৃথা হইবে। ঠাকুর ভক্তিবিনোদ তাঁহার এক বাউল-সঙ্গীতে গাহিয়াছেন,—

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"মনের মালা জপ্‌বি যখন মন,
কেন কর্‌বি বাহ্য বিসর্জ্জন।
মনে মনে ভজন যখন হয়,
প্রেম উথ্‌লে প'ড়ে বাহ্যদেহ ব্যাপ্ত হ'য়ে রয় ;
আবার দেহে চরে, জপায় করে, ধরায় মালা অনুক্ষণ ॥
যে ব্যাটা ভণ্ড তাপস হয়,
বক বিড়াল দেখা'য়ে বাহ্য নিন্দে অতিশয় ;
নিজে ছুৎ পেলে কামিনী-কনক করে সদা সংঘটন ॥
সে ব্যাটার ভিতর কক্কাকার,
বাহ্য সাধন নিন্দা বই আর আছে কিবা তা'র ;
(নিজের) মন ভাল দেখা'তে গিয়ে নিন্দে সাধু-আচরণ।
শুদ্ধ করি' ভিতর বাহির ভাই,
হরিনাম ক'রতে থাক, তর্কে কাজ নাই,
তোমার তর্ক কর্‌তে জীবন যা'বে চাঁদবাউল তায় দুঃখী হন ॥"

(বাউল-সঙ্গীত—৮)

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

একাদশ অধ্যায়

শ্মশান-বৈরাগ্য ও শ্রীভক্তিবিনোদ

ছাত্রদের মধ্যে সময় সময় 'শ্মশান-বৈরাগ্য' দেখিতে পাওয়া যায়। 'শ্মশান-বৈরাগ্য' কাহাকে বলে, তোমরা জান কি ? শ্মশানে গেলে মরা মানুষকে চিতার আগুনে জ্বলিতে দেখিয়া মনে সংসারের প্রতি তাৎকালিক বিরক্তি আসে, আবার শ্মশান হইতে বাড়ীতে ফিরিয়া কিছুক্ষণ পরেই তাহা ভুলিয়া যাইতে হয়। পরমেশ্বরে স্বাভাবিক প্রীতি উদিত না হওয়ায় বৈরাগ্য স্থায়ী হয় না, বরং ঐরূপ কৃত্রিম বৈরাগ্যের প্রতিক্রিয়ার ফলে ভবিষ্যতে ভোগের প্রতি আরও আসক্তি ও নাস্তিকতা বৃদ্ধি হয়। লোকের নিকট হইতে সম্মান প্রাপ্তির আশায় বৈরাগ্যের ভাণ দেখান খুবই খারাপ। তাহাতে চিরতরে মঙ্গলের পথ রুদ্ধ হয়। ঠাকুর ভক্তিবিনোদ এইরূপ কপটতা ও সাময়িক উচ্ছ্বাসকে তীব্রভাবে নিন্দা করিয়াছেন। তিনি বলিয়াছেন,—

"ভগবদ্ভক্তিজনিত বা জ্ঞানজনিত যে বিষয়-বৈরাগ্য হয়, তাহা উত্তম, কিন্তু চেষ্টা করিয়া বৈরাগ্য উৎপত্তি করিতে গেলে অনেক অমঙ্গল হইয়া উঠে। সংসারে বর্ত্তমান থাকিয়া গৃহস্থধর্ম্ম উত্তমরূপ পালন করাই সাধারণের কর্ত্তব্য। যথার্থ বৈরাগ্য উদিত হইলে সন্ন্যাস-আশ্রমবিহিত বৈরাগ্যাচরণ করিবে, অথবা ভগবৎসেবাপর হইয়া ক্রমশঃ গার্হস্থ্য-চেষ্টা-সমূহ খর্ব্ব করিবে।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ইহারই নাম যথার্থ বৈরাগ্য। অনেকে গৃহে কষ্ট বোধ করিয়া, অথবা অন্য কোন উৎপাত-প্রযুক্ত গৃহধর্ম্ম পরিত্যাগ করেন, সে-কার্য্যটী পাপ-কার্য্য। ক্ষণিক বিরাগ হইলে আশ্রম ত্যাগ করিবার অধিকার জন্মে না। কোন কোন লোক বুঝিতে না পারিয়া পরে ভক্তি অর্জ্জন করিব,—এই মনে করিয়া ভেক-ধারণ-রূপ বৈরাগ্য-লিঙ্গ গ্রহণ করেন; ইহা তাঁহাদের ভ্রম, যেহেতু ঐ বৈরাগ্য স্বভাব হইতে উদিত হয় নাই, কেবল কোন ক্ষণিক চিন্তা বা বিরাগ হইতে উৎপন্ন হইয়া থাকে। ফলে ঐ বৈরাগ্য কয়েক দিবসের মধ্যেই উৎসন্ন হয় এবং তদ্‌গ্রহীতাকে কদাচারে ও ইন্দ্রিয়পরতায় নিক্ষেপ করে। * * *

অধিকার বিচার না করিয়া অনধিকার-গত-আচার স্বীকার করিলে জগতের ও নিজের প্রকৃত অনিষ্ট ঘটে। কোন কোন লোক ভ্রমক্রমে, কেহ কেহ বা ধূর্ত্ততা-সহকারে উচ্চাধিকার-যোগ্য না হইয়াও সেই অধিকারের কার্য্য-সকল করিতে থাকেন, তদ্দ্বারা ক্রমশঃ জগন্নাশ হইয়া থাকে; ধর্ম্মের নামে অসদাচার প্রচার করাই অনেক স্থলে দৃষ্টি করা যায়। ভাক্ত সন্ন্যাসীদিগের বর্ণাশ্রম-লোপরূপ ধর্ম্ম-প্রবর্ত্তন এবং নেড়া, বাউল, কর্ত্তাভজা, দরবেশ, কুম্ভপটিয়া, অতিবাড়ী, স্বেচ্ছাচারী ভাক্ত ব্রহ্মবাদীদিগের বর্ণাশ্রম-বিরুদ্ধ চেষ্টা-সকল অত্যন্ত অহিতকর। ঐ সমস্ত কার্য্য দ্বারা তাহারা যে পাপ প্রচলিত করে, তাহা জগন্নাশ-কার্য্য-বিশেষ। সহজিয়া, নেড়া, বাউল, কর্ত্তাভজা প্রভৃতির যে অবৈধ স্ত্রীসংসর্গ সর্ব্বদা লক্ষিত হয়, তাহা নিতান্ত ধর্ম্মবিরুদ্ধ।”

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ঠাকুর শ্মশান-বৈরাগ্যের যেরূপ তীব্র নিন্দা করিয়াছেন, মানব-জীবনের সর্ব্বশ্রেষ্ঠ উদ্দেশ্য ভগবৎসেবা হইতে বিমুখ থাকিয়া দিন-যাপনকে ততোধিক নিন্দা করিয়াছেন। ঠাকুর বলিয়াছেন,—"মনুষ্য-জীবন অল্পদিন, তাহাতে আবার উপদ্রব অনেক; এই স্বল্প-জীবনের মধ্যে সরলতার সহিত হরিভজনই কর্ত্তব্য।"

(জৈবধর্ম্ম—৯ম অঃ)

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

দ্বাদশ অধ্যায়

কৃত্রিম অবতার-বাদ ও ঠাকুর ভক্তিবিনোদ

যখন ভগবান্ গোলোক হইতে এই পৃথিবীতে অবতরণ করেন, তখন তাঁহাকে 'অবতার' বলে। ভগবান্ পৃথিবীতে আসিলেও মায়া তাঁহাকে স্পর্শ করিতে পারে না। জনমত বা কোন দল-বিশেষ কল্পনার দ্বারা কাহাকেও 'অবতার' বলিয়া প্রচার করিলেই যে তিনি প্রকৃতপ্রস্তাবে 'অবতার' হইবেন, এরূপ নহে। জরা-মৃত্যুগ্রস্ত জীবকে ভগবানের 'অবতার' বলার ন্যায় অপরাধ আর কিছুই নাই। জীব কখনও 'ভগবান্' হইতে পারে না। আবার ভগবান্ও কখনও 'জীব' হন না।

তোমরা আজকাল নানা অবতারের কথা শুনিতে পাও। শ্রীগৌরাঙ্গের অনুকরণে কএক বৎসরের মধ্যেই এই সুজলা সুফলা বাঙ্গালায় বহু অবতার আগাছার ন্যায় গজাইয়া উঠিয়াছে। লোকের স্তুতির জোরে কত অশিক্ষিত, কুশিক্ষিত, 'পাগলাটে' লোক যে 'অবতার' ও 'সাধু,' 'মহাপুরুষ' 'সিদ্ধ,' 'পরমহংস' প্রভৃতি বলিয়া গণ্য হইয়া গিয়াছে ও হইতেছে, তাহার ইয়ত্তা নাই!

ঠাকুর ভক্তিবিনোদ বুজ্‌রুকী ও কপটতাকে কোন দিনই সাধুতা বলিতে প্রস্তুত ছিলেন না। তোমাদিগকে তাঁহার সময়ের একটী সত্য ঘটনা বলিতেছি।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

উড়িষ্যার অতিবাড়ী নামক এক সম্প্রদায়ে বিষ্‌কিষণ (বিষ্বক্‌-সেন) নামক এক ব্যক্তি খণ্ডায়েৎ বংশে জন্মিয়া কিছুদিন যোগাভ্যাসের ফলে কতকগুলি বিভূতি লাভ করিয়াছিল। যোগিগণ যোগাভ্যাসের দ্বারা যে-সকল ঐশ্বর্য্য লাভ করেন, তাহাকে 'বিভূতি' বলে। যাহা সাধারণ লোকের নিকট অসাধ্য বা অসম্ভব, তাঁহারা এরূপ কতকগুলি কার্য্য সময় সময় করিতে পারেন। যেমন, নিরাশ্রয়ভাবে কিছুক্ষণ উঁচুতে উঠিয়া থাকা, খুব হাল্কা ও খুব ভারী হইতে পারা, খুব ছোট ও খুব বড় হওয়া—এই রকম।

তোমরা হয় ত' এই সকলকে খুব আশ্চর্য্যজনক ব্যাপার বা খুব বড় কথা মনে করিবে। কারণ, অসম্ভব ব্যাপারকে সম্ভব দেখিলে সকলেই আশ্চর্য্যান্বিত হইয়া থাকে; কিন্তু ইহা জগতের নিকট আশ্চর্য্যজনক হইলেও ইহাতে ভক্তি বা সাধুত্ব কিছুই নাই। সার্কাস্‌ওয়ালা ও যাদুকরগণ অনেক অসম্ভব ব্যাপার দেখাইয়া সাধারণ লোককে মুগ্ধ করিতে পারেন বলিয়া কি তাঁহারা শ্রেষ্ঠ ধার্ম্মিক বা সাধু হইয়াছেন? তাঁহাদের অর্থের পিপাসা, সম্মানের পিপাসা, ভোগের পিপাসা কি কমিয়াছে? তাঁহারা কি ভগবানের অহৈতুকী সেবার জন্য ব্যাকুল হইয়াছেন?

পূর্ব্বে তোমাদিগকে যে বিষ্‌কিষণ যোগীর কথা বলিয়াছি, সেই ব্যক্তি ঐরূপ কিছু বিভূতি লাভ করিয়া নিজকে 'মহাবিষ্ণু' বা 'ভগবানের অবতার' বলিয়া প্রচার করিয়াছিল। সেই যোগী ভুবনেশ্বরের নিকট একটী বনে দলবল লইয়া এক মন্দির স্থাপন

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

করিয়াছিল। উড়িষ্যার ভিন্ন ভিন্ন স্থানে সে বিজ্ঞাপন ও ঢোল দিয়া ঘোষণা করিল যে, ১৪ই চৈত্রের মধ্যে সে পৃথিবীকে ম্লেচ্ছদের হস্ত হইতে উদ্ধার করিবে, চতুর্ভুজ-মূর্ত্তি দেখাইবে ও ধর্ম্ম-সংস্থাপন করিবে। তাহার কথা যে সত্য, ইহা প্রমাণ করিবার জন্য সে যোগ-বিভূতি প্রকাশ করিয়া বহু লোকের দুরারোগ্য-ব্যাধি ভাল করিয়া দিল। যাহাকে যাহা বলিয়া দিতে লাগিল, সব ফলিতে লাগিল। সে লোকের মনের কথা বলিয়া দিতে পারিত। কাজেই তাহার কথা যে সত্য হইবে, ইহা অশিক্ষিত লোক বা স্ত্রীলোক দূরে থাকুক, কতিপয় শিক্ষিত লোকও বিশ্বাস করিল। সে প্রচার করিল যে, কোন পূর্ণিমার রাত্রিতে সে রাসলীলা করিবে। তাহাতে কেবলমাত্র মহিলাগণের অধিকার থাকিবে। এই সকল কথা ক্রমে ক্রমে সকলের নিকট প্রচারিত হওয়ায় কতিপয় ব্যক্তি একযোগে উড়িষ্যার তদানীন্তন কমিশনার র‍্যাভেন্সা (Ravenshaw) সাহেবের নিকট অভিযোগ উপস্থিত করিল। এই কমিশনার সাহেবের নামেই কটকের বিখ্যাত গভর্ণমেণ্ট কলেজের নাম হইয়াছে। কমিশনার সাহেব বিষ্‌কিষণের সম্বন্ধে অনুসন্ধান ও বিচার করিবার যোগ্যতম পাত্র একমাত্র ভক্তিবিনোদ ঠাকুরকেই নির্দ্ধারণ করিলেন। বিষ্‌কিষণ যে জঙ্গলে দলবল লইয়া বাস করিতেছিল, ঠাকুর ভক্তিবিনোদ একদিন রাত্রিতে তথায় গিয়া উপস্থিত হইলেন। দেখিলেন, বহু লোক যোগীকে ঘিরিয়া বসিয়া রহিয়াছে। বহু দুরারোগ্য রোগী তাহার নিকট ঔষধ লইতে আসিয়াছে। কেহ বা তাহাকে

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

'ভগবানের অবতার' বলিয়া স্তব করিতেছে। ঠাকুর ভক্তিবিনোদ উপস্থিত হইবা-মাত্রই যোগী বলিয়া উঠিল,—"বাবু, তুমি বাঙ্গালী ও ম্যাজিষ্ট্রেট; তুমি এই রাত্রে কিজন্য এখানে আসিয়াছ?"

শ্রীভক্তিবিনোদ —"আপনাকে দর্শন করিতে আসিয়াছি।"

যোগী—"তাহা হইলে আমার উপদেশ শুন। আমি মহাবিষ্ণু, দুগ্ধসমুদ্র হইতে উঠিয়া আসিয়াছি, শীঘ্রই ম্লেচ্ছদিগকে বিনাশ করিব। দেখ, এই বিজ্ঞাপন সর্ব্বত্র ঘোষণা করিয়াছি।"

এই বলিয়া বিষ্‌কিষণ এক টুক্‌রা তালপাতা ঠাকুর ভক্তিবিনোদের হস্তে অর্পণ করিল, তাহাতে এইরূপ এক ছড়া লিখিত ছিল,—

"বনেরে অছি বিষ্‌কিষণ। গুপ্তরে অছি ন জানই আন॥
১৩ মীনরে আরম্ভিব রণ। চতুর্ভুজ হোই নাশিব ম্লেচ্ছগণ॥"

বিষ্‌কিষণ সর্ব্বজ্ঞের ন্যায় ঠাকুর ভক্তিবিনোদের সমস্ত পরিচয় ও তাঁহার সঙ্গে কে কে আসিয়াছেন, তাঁহারা গুপ্তভাবে কোথায় আছেন, সমস্ত বলিয়া দিতে লাগিল। কিন্তু ঠাকুর যোগীর ঐ বিভূতি দেখিয়া একটুও মুগ্ধ হইলেন না, বা বোকা লোকের ন্যায় যাহাকে-তাহাকে ভগবানের 'অবতার'ও মনে করিলেন না। বিষ্‌কিষণকে ঠাকুর ভক্তিবিনোদ জিজ্ঞাসা করিলেন,—

"আপনি যদি মহাবিষ্ণুই হন, তবে পুরীতে যেখানে শ্রীজগন্নাথদেব আছেন, সেখানে না থাকিয়া এ বনে আছেন কেন?"

যোগী—"আমি ভগবান্, পুরীতে ভগবান্ নাই। 'সেটা কাঠ অছি; চৈতন্য ত' আমার ভক্ত ছিল, আমি ভারতকে আবার

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

হিন্দু-রাজ্য করিব, এজন্য বনে আছি। আমি জানি, তুমি একজন ভাল বিচারক ও ভক্ত। হিন্দুরাজ্য হইলে তোমাকে আমি একটা খুব বড় পদ দিব, তোমাকে সমস্ত উড়িষ্যার গভর্ণর করিয়া দিব।"

শ্রীভক্তিবিনোদ যোগীর খোসামোদি কথায় ও পাগলের ন্যায় প্রলাপে ভুলিলেন না। কারণ, যে জীব নিজেকে 'ভগবান্' ও শ্রীজগন্নাথদেবকে 'কাঠ' বলিতে পারে, সেইরূপ অপরাধী ব্যক্তির যোগ-বিভূতির কোন মূল্যই নাই, সে ধ্বংসের পথে চলিয়াছে।

ঠাকুর বলিলেন,—"জীব কখনও ভগবান্ হইতে পারে না। রাবণ, হিরণ্যকশিপু, শিশুপাল, দন্তবক্র প্রভৃতি ঐরূপ দুর্ব্বুদ্ধির বশীভূত হওয়ায় বিনাশ লাভ করিয়াছিল।"

ঠাকুর ভক্তিবিনোদকে যোগী তাহার বিভূতি সদ্য-সদ্য প্রত্যক্ষ করাইবার জন্য ঠাকুরের সম্মুখেই কয়েকজন দুরারোগ্য রোগীকে মুহূর্ত্তের মধ্যে ভাল করিয়া দিল। একজন শূল বেদনায় ছট্‌ফট্‌ করিতেছিল, প্রতি মুহূর্ত্তে আত্মহত্যা করিতে চাহিতেছিল। ঐ ব্যক্তিকে যোগী হাতে করিয়া একটু ছাই দিল। সে উহা পেটে মাখিয়া তৎক্ষণাৎ ভাল হইয়া গেল। কিন্তু ভগবদ্ভক্তের শিরোমণি ঠাকুর ভক্তিবিনোদকে ঐ সকল মায়া বিন্দুমাত্রও বিচলিত করিতে পারিল না।

ঠাকুর পরদিন প্রাতেই খণ্ডগিরি যাত্রা করিলেন ও কয়েকজন গুপ্তচরকে বিষ্‌কিষণের গতিবিধি লক্ষ্য করিবার জন্য রাখিয়া গেলেন। ঠাকুর গ্রাম হইতে গ্রামান্তরে বিষ্‌কিষণের সম্বন্ধে

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

লোক-মত সংগ্রহ করিতে লাগিলেন। কোন গ্রামের লোকের মুখেই বিষ্‌কিষণের প্রশংসা ছাড়া নিন্দা শুনিতে পাওয়া গেল না; আর যাইবেই বা কেন? যে ব্যক্তি তাহাদের মনের কথা বলিয়া দিতে পারিত, কত কঠিন কঠিন বেয়ারাম ভাল করিয়া দিত মামলো-মোকদ্দমা জয় করাইয়া দিত, তাহাকে কি লোকে খারাপ বলিতে পারে? সে নিজেকে 'ভগবান্' বলুক, আর জগন্নাথকে 'কাঠ' বলুক, চৈতন্যদেবকে 'ভগবদ্ভক্ত' বলুক, তাহাতে আত্মসুবিধাবাদী হরিবিমুখ জনমণ্ডলীর ক্ষতি বৃদ্ধি কি? কয়জন মানুষ ভগবান্‌কে সত্য সত্য ভালবাসেন? মানুষ ভগবান্ সাজিলে কয়জনের প্রাণে আঘাত লাগে? মানুষ ত' কেবল নিজের দেহ ও মনের ভোগ লইয়াই ব্যস্ত! যাহারা তাহাদের ভোগের যোগানদারী করিতে পারে, বহির্ম্মুখ-সমাজ তাহাদিগকেই 'সমাজ-সুহৃৎ' বলিয়া বরণ করে!

যাহা হউক, ঠাকুর ভক্তিবিনোদের নিকট বিভিন্ন গ্রামের অধিবাসিগণ একটী কথা জানাইলেন,—বিষ্‌কিষণ যে পূর্ণিমার রাত্রিতে রাসলীলা (?) করিবেন, তাহা শুনিয়া অনেক বাড়ীর মেয়েরাই উহা দেখিবার জন্য চঞ্চল হইয়া উঠিয়াছে। ইহাতে তাহাদের ভয়ের কারণ হইয়াছে। তাহারা রাসলীলায় যোগদান করিলে সমাজে তাহাদের কুৎসা রটনা হইবে। উহা হইতে ঠাকুর কোনরূপে বাঁচাইতে পারিলে গ্রামবাসিগণ ঠাকুরের সঙ্গে যোগদান করিতে প্রস্তুত আছে।

ঠাকুর ভক্তিবিনোদ নানাস্থানের লোকের মত সংগ্রহ ও নানা-

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

প্রকার অনুসন্ধান সমাপ্ত করিয়া শতাধিক সশস্ত্র-পুলিশ-প্রহরী, পুলিশ সুপারিণ্টেণ্ডেণ্ট্ ও দুইজন পুলিশ ইন্সপেক্টার সঙ্গে লইয়া যোগীর স্থানে পৌঁছিলেন। তখন কেবলমাত্র ভোর হইয়াছে, বিষ্‌কিষণের সম্মুখে যজ্ঞাগ্নি জ্বলিতেছে। যোগী চোখ বুঝিয়া, সুর করিয়া দুলিয়া দুলিয়া স্তব পড়িতেছে। এক হাজারেরও অধিক লোক যোগীর নানা সেবার জন্য প্রস্তুত রহিয়াছে। শতাধিক ব্যক্তি বিষ্‌কিষণকে ঘেরিয়া বসিয়া আছে। ইহার মধ্যে শ্রীভক্তিবিনোদ সশস্ত্র পুলিশ লইয়া যোগীর সম্মুখে উপস্থিত হইলেন। বন্দুক, সঙ্গীন ও লাল-পাগড়ীধারী পুলিশ-প্রহরী দেখিয়া যোগীর চক্ষু স্থির হইল। উপস্থিত ব্যক্তিগণের মধ্যে কেহ কেহ পলাইয়া গেল, কেহ বা চিত্রার্পিতের ন্যায় দাঁড়াইয়া থাকিল। অল্প সময়ের মধ্যে প্রচার হইয়া পড়িল—অবতার বিষ্‌কিষণকে ধরিবার জন্য সরকার হইতে ফৌজ আসিয়াছে। কিছুক্ষণ নিস্তব্ধ থাকিয়া বিষ্‌কিষণ ঠাকুর ভক্তিবিনোদকে জিজ্ঞাসা করিল,—"বাবু, এ কি ?"

শ্রীভক্তিবিনোদ—"ইহারা আপনাকে লইতে আসিয়াছে। সরকারের হুকুম,—আপনাকে পুরীক্ষেত্রে গিয়া থাকিতে হইবে।"

বিষ্‌কিষণ অত্যন্ত কর্কশ-স্বরে বলিয়া উঠিল—"সরকার আবার কে ? আমিই ত' রাজা, ভগবান্ ; আমি কাহাকেও মানি না। দেখি, কাহার সাধ্য আছে, আমাকে এ স্থান হইতে লইয়া যায় !"

শ্রীভক্তিবিনোদ—"আপনি যদি সহজে না যান, আমরা আপনাকে লইয়া যাইতে বাধ্য করিব।"

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

বিষ্‌কিষণ—"যাও দেখি, কাহার কেমন ক্ষমতা !"

এই বলিয়া বিষ্‌কিষণ তাহার মস্তক এইরূপভাবে আলোড়ন করিল যে, তাহার জটা হইতে শত শত জ্বলন্ত সর্পের মত অগ্নিশিখা বাহির হইতে লাগিল। যোগীর চক্ষু লাল হইয়া উঠিল ও তাহা হইতে যেন আগুনের স্ফুলিঙ্গ ছুটিতে লাগিল।

পুলিশ প্রহরিগণ যোগীর ঐ বিভূতি দেখিয়া অন্তরে অন্তরে অত্যন্ত ভীত হইল এবং তাহারা মনে করিল যে, ঐ যোগী নিশ্চয়ই একজন শক্তিশালী মহাপুরুষ, তবে সরকারের আজ্ঞায় বাধ্য হইয়া ইচ্ছার বিরুদ্ধেও তাহাদিগকে কার্য্য করিতে হইতেছে। কিন্তু ঠাকুর ভক্তিবিনোদ বজ্রগম্ভীর-স্বরে বিষ্‌কিষণকে বলিলেন,—

"বিষ্‌কিষণ! তুমি যতই ইন্দ্রজাল দেখাও না কেন, আমরা তাহাতে ভুলিব না। তুমি ভগবানের চরণে অপরাধী। ক্ষুদ্র জীব হইয়া নিজেকে ভগবান্ বলিতেছ; ভগবান্‌কে অবজ্ঞা করিতেছ! দ্বিতীয়তঃ তুমি রাজদ্রোহী, তোমাকে পুরী যাইতেই হইবে, তথায় তোমার বিচার হইবে।"

বিষ্‌কিষণ—"আমি যাইব না—ক্ষমতা থাকে, লইয়া যাও।"

শ্রীভক্তিবিনোদ—"ভাল, তাহাই হউক।"

তখন শ্রীভক্তিবিনোদ চারিজন প্রহরীকে গ্রাম হইতে শীঘ্রই একটা গরুর গাড়ী আনিবার জন্য আদেশ করিলেন। ঠাকুর এই অবসরে বিষ্‌কিষণকে অনেক বুঝাইয়া বলিলেন,—

"বিষ্‌কিষণ! তুমি এখনও দুর্ব্বুদ্ধি পরিত্যাগ কর। নিজের

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

দোষ স্বীকার কর। অহঙ্কার ছাড়িয়া ভগবানের নিকট ক্ষমা ভিক্ষা কর। তোমার সামান্য যোগ-বিভূতি পরমেশ্বরের ঐশ্বর্য্য ও ভগবানের সেবকগণের মহত্ত্বের নিকট অতি ক্ষুদ্র, তাহা একবার ভাল করিয়া বুঝ।”

যোগী ক্রুদ্ধ হইয়া বলিল,—“তুমি এখনও বুঝিলে না, আমি কে? আমি যদি একবার ক্রোধাগ্নি প্রজ্বলিত করি, তবে ত্রিভুবন ভস্ম করিয়া দিতে পারি, কেবল জগতের প্রতি দয়া করিয়াই আমি তাহা করিতেছি না।’

তখন ঠাকুর হাসিতে হাসিতে বলিলেন,—“আচ্ছা, এখন পুরী চল, সেখানে গিয়া ক্রোধাগ্নি দেখাইও।”

এদিকে গরুর গাড়ী আসিয়া উপস্থিত হইল। উপায়ান্তর নাই দেখিয়া বিষ্‌কিষণ গাড়ীতে উঠিবার পূর্ব্বে ঠাকুরকে বলিল,—“ভক্তের কথা ভগবান্ রক্ষা করেন, তাই তোমার কথা রক্ষা করিবার জন্য পুরী যাইতেছি।”

পুরীতে যাইয়া কমিশনার সাহেবের নির্দ্দেশমত ঠাকুর ভক্তিবিনোদ বিষ্‌কিষণের বিচার আরম্ভ করিলেন। বিচারের সময়ও যোগী নানাপ্রকার যোগ-বিভূতি দেখাইতে লাগিল। বিষ্‌কিষণকে হাজতে রাখা হইয়াছিল। বিষ্‌কিষণ সেখানে একেবারে উপবাসী ও দিবারাত্র নিদ্রাহীন অবস্থায় একই আসনে বসিয়া থাকিল। ঠাকুর ভক্তিবিনোদ যোগীকে আহার করিবার জন্য বিশেষ অনুরোধ করিলেন ও অনেক সদুপদেশ দিলেন; কিন্তু বিষ্‌কিষণ কিছুই গ্রহণ করিল না। উড়িষ্যার অনেক ব্যক্তি বিষ্‌কিষণের পক্ষ-সমর্থনের

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

জন্য তাহাদের নিজেদের ব্যয়ে উকিল নিযুক্ত করিয়াছিলেন। একদিন মোকদ্দমা মুলতুবির তারিখ পড়িবার পর বিষ্‌কিষণ ঠাকুর ভক্তিবিনোদকে বলিল,—

"বাবু, এখনও তুমি নিরস্ত হও, তোমার সর্ব্বনাশ হইবে— গৃহে গিয়া দেখ তোমার কি সর্ব্বনাশ হইতেছে।"

শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর বাসায় ফিরিয়া গিয়া দেখিলেন, তাঁহার একটী স্নেহভাজন শিশু ভয়ানক পীড়িত হইয়া পড়িয়াছে, ঘন ঘন অচেতন হইয়া পড়িতেছে। গৃহে ক্রন্দনের রোল উঠিয়াছে। ঠাকুর ভক্তিবিনোদ ইহাতে বিন্দুমাত্রও বিচলিত হইলেন না ; কারণ, তিনি যোগীর যোগ-বিভূতি অপেক্ষা পরমেশ্বরের সেবাকে কোটি কোটি গুণ শ্রেষ্ঠ ও সত্য জানিতেন। উপযুক্ত চিকিৎসকের দ্বারা কিছুকাল চিকিৎসা করাইবার পর সেই শিশু-সন্তানটী সম্পূর্ণ আরোগ্য লাভ করিল।

পুনর্বিচারের দিন মোকদ্দমা মুলতুবি থাকিল। কাছারী ভাঙ্গিবার সময় বিষ্‌কিষণ শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরকে তীব্র ভাষায় উচ্চ-কণ্ঠে বলিয়া উঠিল,—"সে-দিন তোমার ঘরে কি বিপদ্ হইয়াছিল, দেখিয়াছ ত ? এখনও তোমার চৈতন্য হইতেছে না ! আর কবে তুমি আমাকে ভগবান্ বলিয়া চিনিতে পারিবে ! আমারও কাল শেষ বিচারের দিন, তোমারও কাল শেষ দিন। অবতারকে অবহেলা করিলে কি শাস্তি হয়, কাল দেখিবে। কাল কেমন বিচারাসনে বসিয়া হুকুম দাও, দেখিব।"

ঠাকুর বাসায় ফিরিয়া যেই বিচারালয়ের বেশ পরিত্যাগ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

করিবেন, অমনি অকস্মাৎ তাঁহার দক্ষিণ বক্ষে একটা ফিক্ বেদনা অনুভব করিলেন। রাত্রি যত অধিক হইতে লাগিল, বেদনাও তত বৃদ্ধি পাইতে লাগিল। ঠাকুর কিছুমাত্র বিচলিত হইলেন না; কিন্তু পরের দিন যে তাঁহাকে রায় দিতে হইবে। কি করিয়াই বা তিনি এই শরীরে পরদিন কাছারীতে যাইবেন? সারা-রাত্র চিকিৎসকের ব্যবস্থানুযায়ী পরিচর্য্যা হইল, পরদিনও প্রাতঃকালে বক্ষে বেশ বেদনা ছিল, বেলা দশটার সময় বেদনার একটু উপশম বোধ করিলেন। সৌভাগ্যক্রমে পূর্ব্বেই 'রায়' লেখা প্রস্তুত ছিল, কেবল তাহা আর একবার ভাল করিয়া দেখিলেন। যেদিন 'রায়' প্রদান করেন, সেদিন বিষ্কিষণের অনুরাগী প্রায় এক সহস্র লোক পুরীতে ভীষণ গোলমাল আরম্ভ করিল। বিষ্কিষণের আঠার মাস কঠিন পরিশ্রমের সহিত জেল হইল। ইহা শুনিয়া তথায় উপস্থিত বিরাট্ জনতা "অবিচার, অবিচার!" বলিয়া চীৎকার করিয়া উঠিল। কাছারী ভঙ্গের পর ঠাকুর যখন বাসায় ফিরিলেন, তখন দেখিলেন, তাঁহার শরীরে আর একটুকুও বেদনা নাই। কাছারীতে যাইবার সময় তিনি পাল্কীতে গিয়াছিলেন, ফিরিবার সময় তিনি হাটিয়াই বাসায় আসিলেন। সত্যের নির্ভীক বিচারক, ভগবানের চরণে অপরাধীর কঠোর ও নিরপেক্ষ দণ্ডদাতা ঠাকুর ভক্তিবিনোদ লোকের ভয়ে ভীত হইয়া পরমসত্যকে লঙ্ঘন করেন নাই।

তোমরা শ্রীল ভক্তিবিনোদের এই আদর্শ হইতে সত্যের জন্য, পরমেশ্বরের জন্য তাঁহার কতটা প্রীতি, তাহা শিক্ষা করিবে।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

মানুষকে 'ভগবান্' বলা কিংবা সামান্য যোগ-বিভূতিকে ভগবানের সেবা হইতে বড় মনে করার ন্যায় অপরাধ ও আত্মবঞ্চনার আদর্শ আর কিছুই নাই। শ্রীরামচন্দ্র, শ্রীকৃষ্ণ, শ্রীচৈতন্যদেব—ইঁহারা স্বয়ং ভগবান্। ইঁহারা মানুষ নহেন, ইঁহারা জীবের মঙ্গলের জন্য তাঁহাদের গোলোকস্থ নিত্যরূপ লইয়া পৃথিবীতে অবতীর্ণ হইয়াছিলেন। যোগ-বিভূতিসম্পন্ন বা অন্য কোন ঐশ্বর্য্যযুক্ত ব্যক্তিকে শ্রীরামচন্দ্র, শ্রীকৃষ্ণ বা শ্রীচৈতন্যদেবের অনুকরণে অবতার সাজাইতে গেলে ভগবানের চরণে ভীষণ অপরাধ হয়। তোমরা জগতের বহু লোকের কথা শুনিয়া—গণগড্ডলিকার স্রোতে সদ্‌বিচারকে ভাসাইয়া দিয়া কোনদিন ঐরূপ অপরাধের প্রশ্রয় দিও না।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ত্রয়োদশ অধ্যায়

ভক্তিসাহিত্যে শ্রীভক্তিবিনোদ

তোমরা যে যুগে বাস কর, তাহাকে কেহ কেহ 'যান্ত্রিক' যুগ বলেন। কেন না, এই যুগে নানাপ্রকার যন্ত্র ও কলকারখানার সৃষ্টি হইয়াছে। মুদ্রাযন্ত্র যান্ত্রিকযুগের একটী শ্রেষ্ঠ অবদান। রেলগাড়ীও শিক্ষা-বিস্তারের একটী প্রধান বাহন। রেলগাড়ী ও মুদ্রাযন্ত্র বিলাতে বহুদিন পূর্ব্বে প্রচলিত হইলেও ঠাকুর ভক্তিবিনোদের সময় বঙ্গদেশের সর্ব্বত্র খুব বেশী প্রচলিত হয় নাই। এখন যেমন তোমরা বিদ্যালয়ের পাঠ্যপুস্তক ও ধর্ম্ম-পুস্তকাদি সামান্য ব্যয়েই মুদ্রা-যন্ত্রের কল্যাণে পাইতে পার, শ্রীভক্তিবিনোদের সময়ে শাস্ত্র-গ্রন্থাদি পাওয়া সেরূপ সহজ ছিল না। ধর্ম্মগ্রন্থ-সমূহ হাতে লিখিয়া রাখা হইত। ঐ সকল পুঁথি কোন কোন পণ্ডিত-বংশের ব্যক্তিগত সম্পত্তিরূপে সিন্দুকের মধ্যে আবদ্ধ থাকিত ও কীটের খাদ্যরূপে পরিণত হইত। পাছে সেই সম্পত্তি হাত-ছাড়া হইয়া যায়, এইজন্য ধর্ম্ম-গ্রন্থসমূহ অনেকেই লুকাইয়া রাখিতেন। ইহাতে ধর্ম্মের কথা, শাস্ত্রের কথা বংশ-পরম্পরায় সামান্যভাবে বা বিকৃতরূপে আবদ্ধ থাকিত। কিন্তু জনসাধারণ ধর্ম্মের কোন কথাই জানিতে পারিত না। শ্রীভক্তিবিনোদ যখন শ্রীচৈতন্যদেবের সম্বন্ধে অনুসন্ধান আরম্ভ করেন, তখন জনসাধারণ শ্রীচৈতন্যের কথা জানা দূরে থাকুক,

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

যাঁহারা বংশ-পরম্পরায় 'বৈষ্ণব' বলিয়া পরিচয় দিতেছিলেন, তাঁহাদের মধ্যেও অনেকে শ্রীচৈতন্যদেবের সম্বন্ধে অনেক কথাই জানিতেন না। এইরূপ শ্রেণীর এক ব্যক্তিকে শ্রীচৈতন্যদেবের কথা জিজ্ঞাসা করিলে তিনি শ্রীচৈতন্যদেবকে নিত্যানন্দের কনিষ্ঠ সহোদর ভ্রাতা বলিয়াছিলেন। শ্রীভক্তিবিনোদ অনেক চেষ্টা করিয়া শ্রীচৈতন্যদেবের একখানি চরিত-গ্রন্থ সংগ্রহ করাইয়া পুরীতে লইয়াছিলেন। তিনি অনেক চেষ্টা করিয়া, অনেক অর্থ ব্যয় করিয়া পুরীর রাজার গ্রন্থাগার হইতে পুঁথি সংগ্রহ করিয়া নিজ হাতে তাহা নকল করিয়া তবে বৈষ্ণব-শাস্ত্র পাঠ করিয়াছিলেন। আর তিনি এখনকার মত রেলে চড়িয়া কলিকাতা হইতে এক রাত্রিতে পুরীতে পৌঁছেন নাই। সঙ্গে ছাতু বাঁধিয়া হাঁটা-পথে চলিতে চলিতে অনেক কষ্টে পুরীতে পৌঁছিয়াছিলেন। পুরীতে পৌঁছিয়া তিনি কিরূপ শাস্ত্র আলোচনা করিয়াছিলেন, তাহা তাঁহার আত্মচরিত হইতে তোমাদিগকে বলিতেছি,—

"প্রথমে সমস্ত দ্বাদশ-স্কন্ধ ভাগবত শ্রীধরস্বামীর টীকার সহিত পাঠ করিলাম। আমার সঙ্গে হরিহরদাস মহাপাত্র ও মার্কণ্ডেয় মহাপাত্র ভাগবত পড়িতে আরম্ভ করেন। কিন্তু ৫।৭ দিনের মধ্যে উঁহারা এত পশ্চাৎপদ হইলেন যে, শেষে আমার নিকট পড়িতে লাগিলেন। উঁহারা তৎপূর্ব্বে নদীয়া ও কাশীতে বেদান্ত পড়িয়া আসিয়াছিলেন। ভাগবত শেষ করিয়া আমি ষট্‌সন্দর্ভ নকল করিয়া লইয়া পড়িলাম। বলদেব-কৃত গোবিন্দভাষ্যসহ বেদান্ত লিখিয়া লইয়া পড়িলাম। 'ভক্তিরসামৃতসিন্ধু' পড়িলাম। 'হরিভক্তি-

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

কল্পলতিকা' লিখিয়া লইলাম। নিজে কিছু কিছু সংস্কৃত রচনা করিতে লাগিলাম। 'দত্তকৌস্তুভ' নামক সংস্কৃত-গ্রন্থ পুরীতেই রচনা করি। 'শ্রীকৃষ্ণসংহিতা'র অনেক শ্লোকই সেই সময়ে রচনা করি। ঐ সময় শ্রীজগন্নাথবল্লভ-উদ্যানের বাটীতে আমাদের ভাগবত-সংসৎ হয়।"

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ কেবল যে ঐ সকল গ্রন্থাদি নিজের জন্য সংগ্রহ করিয়াছিলেন, তাহা নহে। তিনি সমগ্র জীবকে তাঁহার পরা বিদ্যার ফল দান করিয়া গিয়াছেন। তিনি জাগতিক সম্মান বা কোন অর্থ-লাভের জন্য গ্রন্থ রচনা করেন নাই। পুস্তক ব্যবসায়িগণের ন্যায় তিনি ধর্ম্মগ্রন্থ বিক্রয় করিয়া সংসার-ব্যয় নির্ব্বাহ করেন নাই। ধর্ম্মগ্রন্থ প্রচার করিয়া তিনি জীব-জগতের নিত্য-মঙ্গল ও তাহাদিগকে সর্ব্বশ্রেষ্ঠ সম্পত্তি দান করিয়াছেন। তিনি লোকের উপকারের জন্য নিজের সংগৃহীত কতিপয় দুষ্প্রাপ্য পুঁথিও দান করিয়াছিলেন। স্বাধীন ত্রিপুরার মহারাজা বীরচন্দ্র মাণিক্য বাহাদুরের অর্থ-সাহায্যে যখন পণ্ডিত রামনারায়ণ বিদ্যারত্ন মহাশয় বহরমপুর হইতে শ্রীমদ্ভাগবত প্রকাশ করিবার উদ্যোগ করিলেন, তখন শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর উক্ত বিদ্যারত্ন মহাশয়কে শ্রীমদ্ভাগবতের শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ঠাকুরের টীকাটী প্রদান করেন।

ভক্তিবিনোদ ঠাকুর একদিকে যেমন প্রকৃত ভক্তিগ্রন্থকে আদর করিতেন, অপর দিকে জাল পুঁথিগুলিকে কিছুতেই স্বীকার করিতেন না। পণ্ডিত হরপ্রসাদ শাস্ত্রী মহাশয় (তখনও মহামহোপাধ্যায়

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

উপাধি পান নাই) শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের নিকট প্রায়ই আসিতেন। এক সময় শাস্ত্রী মহাশয় জয়ানন্দের 'চৈতন্যমঙ্গল' নামক একখানি পুঁথিকে শ্রীচৈতন্যলীলার বিশেষ প্রামাণিক পুঁথি বলিলে এবং ঠাকুরকে তাহা অনুমোদন করিবার জন্য অনুরোধ করিলে ঠাকুর কিছুতেই তাহা সমর্থন করিলেন না।

তোমরা চলচ্চিত্রে চণ্ডীদাস-বিদ্যাপতির অভিনয়সমূহ দেখিয়া থাক। চণ্ডীদাস-বিদ্যাপতির নাম করিয়া অনেকগুলি জাল গান বাজারে প্রচলিত হইয়াছে। উহাতে শুদ্ধভক্তির বিরুদ্ধ নানা-প্রকার কুসিদ্ধান্ত দেখিতে পাওয়া যায়। সাধারণ সাহিত্যিকগণের শুদ্ধভক্তি-সম্বন্ধে আলোচনা ও সদ্‌গুরুর নিকট হইতে সৎসিদ্ধান্ত শ্রবণের অভাব থাকায় তাঁহারা ঐ সকল জালগানের কৃত্রিমতা ধরিতে পারেন না। তাঁহারা ভাষা ও রঙ্গরসের স্রোতে নিজেদের বিচার-শক্তিকে ভাসাইয়া দেন।

ঠাকুর ভক্তিবিনোদের সমসাময়িক হারাধন দত্ত নামক এক সাহিত্যিক চণ্ডীদাস ও বিদ্যাপতির নামে আরোপিত কতকগুলি সহজিয়া পদাবলী ঠাকুর ভক্তিবিনোদকে দেখাইতে আসিয়া-ছিলেন। ঐ পদগুলির কোথায় কোথায় ভক্তির বিরুদ্ধ কথা ও রসবোধের অভাব আছে, ঠাকুর তাহা একটী একটী করিয়া দেখাইয়া দেন। ঠাকুর বলিলেন,—ভণিতায় চণ্ডীদাস-বিদ্যাপতির নাম থাকিলেই উহাকে সেই সকল মহাজনের গান বলিয়া মনে করিতে হইবে না। নিজেদের অভিসন্ধিযুক্ত দুষ্টমত বিখ্যাত মহাপুরুষের নামে চালাইবার জন্য অনেক সময় দুষ্ট লোকেরা

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ঐরূপ কৌশলের আশ্রয় করে। দ্বিতীয়তঃ চণ্ডীদাস ও বিদ্যাপতির নাম অনুকরণ করিয়া বহুলোক পরবর্ত্তিকালে জন্মগ্রহণ করিয়াছেন। এখনও নানাস্থানে অনেক সহজিয়া-চণ্ডীদাস বাস করে। এই শ্রেণীর লোক যে-সকল সঙ্গীত রচনা করিয়াছে, তাহাকে কখনও শ্রীচৈতন্যদেব আদর করিতে পারেন না ও করেন নাই। শ্রীচৈতন্যদেবের ধর্ম্মে কোনপ্রকার দুর্নীতি বা ব্যভিচার নাই।

বর্ত্তমানে বাজারে চণ্ডীদাস-বিদ্যাপতির নামে যে-সকল সাহিত্য বাহির হইয়াছে, এমন কি, তাহা যদি কোন বিশ্ববিদ্যালয় হইতে প্রকাশিত হয়, তাহা হইলেও পারমার্থিক জহুরীর নিকট হইতে যাচাই না করিয়া, তাহা কখনও ধর্ম্ম-সাহিত্য বলিয়া স্বীকার করিতে হইবে না। বিশেষতঃ তোমরা ছাত্র। তোমাদের পক্ষে, কেবল তোমাদেরই বলি কেন, যাঁহারা খুব প্রবীণ ও প্রাচীন হইয়াছেন, তাঁহাদিগকেও ঠাকুর ভক্তিবিনোদ কোনপ্রকার রসগ্রন্থ অর্থাৎ যাহাতে বদ্ধজীবের ধারণার অতীত শ্রীরাধা-গোবিন্দের পরমগম্ভীর লীলার কথা বর্ণিত আছে, তাহা পাঠ করিতে নিষেধ করিয়াছেন। কেন না, তাহাতে লোক এক বুঝিতে আর এক বুঝিয়া ফেলিবে; পেটের অসুখের রোগীকে যদি খুব পুষ্পান্ন, খেচরান্ন, পায়সান্ন ও গুরুপাক দ্রব্য ভোজন অথবা যথেচ্ছাচার করিতে দেওয়া হয়, তবে কি তাহার রোগ সারিবে,—না রোগ বাড়িবে? এমন কি, ইহাতে তাহার মৃত্যু পর্য্যন্তও ঘটিতে পারে। কিন্তু রোগের এমন স্বভাব যে, তাহা

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

কুপথ্যের প্রতি অধিক লোভ জন্মাইয়া থাকে। দেখ, ঠাকুর ভক্তিবিনোদ কি বলিয়াছেন,—

"যে-সকল ব্যক্তি স্থূলদেহগত সুখকে বহুমানন করত চিন্ময় দেহগত এই সকল আনন্দ-বৈচিত্র্য অবগত হন নাই, তাঁহারা এসব কথার প্রতি দৃষ্টিপাত, মনন ও আলোচন করিবেন না। কেন না, তাহা হইলে ঐসকল বর্ণনাকে মাংস-চর্ম্মগত ক্রিয়া মনে করিয়া হয় অশ্লীল বলিয়া নিন্দা করিবেন, নয় আদর করিয়া সহজিয়া-ভাবে অধঃপতন লাভ করিবেন।"

(শ্রীচৈতন্যশিক্ষামৃত ৭।৭)

তোমরা বৈষ্ণবসাহিত্য পড়িবার জন্য কৌতূহলী হইয়া যে-কোন পুস্তক পড়িতে যাইও না। যদি মঙ্গল চাও, এ বিষয়ে খুব সতর্ক হইবে। তোমরা নিত্যধর্ম্মের কথা আলোচনার জন্য সহজ ভাষায় লিখিত অথচ অমূল্য উপদেশপূর্ণ শুদ্ধভক্তিমূলক গ্রন্থসমূহ পাঠ করিতে পার। কিন্তু এখানেও তোমরা একটী বিষয়ে বিশেষ সতর্ক হইবে, প্রকৃত সাধুর নিকট সেবাবুদ্ধির সহিত এবং বাস্তব সত্য জীবনের বাস্তবতায় পরিণত করিবার সঙ্কল্প ও সদুদ্দেশ্য লইয়া এই সকল গ্রন্থ পাঠ না করিলে তোমরা খাঁটি সত্য পাইবে না। এজন্য পারমার্থিক গ্রন্থ পাঠের পূর্ব্বে শাস্ত্র-সমূহের নিকট একান্তভাবে প্রার্থনা করিবে, যেন তোমরা অকপট হইতে পার, যেন তোমাদের নিকট প্রকৃত সত্যের প্রকাশ হয় ও যেন কোন রকম যবনিকা আসিয়া সত্যকে আড়াল না করে। তোমরা যদি সরল হও, খাঁটি সত্য জানিতে চাহ, তোমাদের যদি কোনপ্রকার

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ভেজাল মিশাইবার গুপ্ত বাসনা না থাকে, দেখিবে, তোমাদের কাতর প্রার্থনায়, হৃদয়ের আর্ত্তি ও ব্যাকুলতায় পরমেশ্বর প্রসন্ন হইয়া তোমাদের নিকট প্রকৃত সাধু পাঠাইয়া দিবেন। সেই সাধুর উপদেশের সহিত গ্রন্থরূপে অবতীর্ণ সাধু বা আচার্য্যের উপদেশ মিলাইয়া তাহা তোমাদের জীবনে পরিপালন করিতে করিতে গ্রন্থ অধ্যয়ন করিলে পরমসত্যের রাজ্য ক্রমশঃ তোমাদের নিকট প্রকাশিত হইবে।

তোমরা কি কি সদ্‌গ্রন্থ পাঠ করিতে পার, তাহার একটী অসম্পূর্ণ তালিকা ঠাকুর ভক্তিবিনোদের বিচার অনুসরণ করিয়া নিম্নে দিতেছি,—

১। শ্রীচৈতন্যভাগবত—আদি-কবি শ্রীল বৃন্দাবনদাস ঠাকুর-রচিত ; ইহাতে শ্রীগৌরাঙ্গের মধুর লীলা পদ্য-ছন্দে বর্ণিত আছে। ইহা বঙ্গভাষার আদি-গ্রন্থ।

২। প্রেমবিবর্ত্ত—ইহা গৌরাঙ্গের পার্ষদ পণ্ডিত শ্রীজগদানন্দ গোস্বামী কর্ত্তৃক রচিত। ইহাতে শ্রীগৌরাঙ্গের লীলার মধ্য দিয়া অনেক উপদেশ আছে।

৩। Life & Precepts of Sree Chaitanya Maha-Prabhu—শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের রচিত। ইহাতে ইংরাজী ভাষায় শ্রীচৈতন্যের লীলা ও শিক্ষা আছে।

৪। শ্রীচৈতন্যশিক্ষামৃত, প্রথম খণ্ড—এই গ্রন্থ শ্রীমদ্ভক্তি-বিনোদ ঠাকুরের প্রণীত। ইহাতে নীতি, ধর্ম্ম, জ্ঞান, বৈরাগ্য, মুক্তি, ভক্তি, প্রীতি-সম্বন্ধীয় মহাপ্রভুর উপদেশ আছে।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

৫। শরণাগতি ও কল্যাণকল্পতরু—এই দুইটী ঠাকুর ভক্তিবিনোদ-রচিত গীতি গ্রন্থ। ইহার কতিপয় গান, যাহা তোমাদের পক্ষে উপযোগী, তাহা কণ্ঠস্থ ও হৃদয়স্থ করিবে এবং সেই ভাবে জীবনযাপন করিবার জন্য দৃঢ়সঙ্কল্প হইবে। প্রাতঃকালে উঠিয়াই সর্ব্বাগ্রে এই সকল প্রার্থনা শ্রীভগবানের চরণে নিবেদন করিবে। এই সকল গ্রন্থ পাঠ করিয়া যখন কতকটা অগ্রসর হইবে ও ভগবদ্ভক্তির সিদ্ধান্ত বুঝিতে পারিবে, তখন শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের 'শ্রীমহাপ্রভুর শিক্ষা,' 'জৈবধর্ম্ম', 'উপদেশামৃতের বৃত্তি,' 'হরিনামচিন্তামণি' প্রভৃতি গ্রন্থ পাঠের অধিকার পাইবে।

যদি তোমাদের তত্ত্ব-বিষয়ে অধিক জ্ঞান লাভ করিবার কোনদিন যোগ্যতা হয়, তখন ঠাকুরের 'তত্ত্বসূত্র,' 'আম্নায়সূত্র,' 'তত্ত্ববিবেক,' 'শ্রীকৃষ্ণসংহিতা,' 'ব্রহ্মসংহিতা' (ঠাকুরের অনুবাদ ও তাৎপর্য্য সহ), ঠাকুরের ভাষ্যসহ 'গীতা' প্রভৃতি গ্রন্থ পাঠ করিতে পারিবে। 'তত্ত্বসূত্র' গ্রন্থে ঠাকুর কিরূপ সুন্দর যুক্তিদ্বারা সাধারণ ব্যক্তিগণকে পরমেশ্বরে ভক্তি-শিক্ষা দিয়াছেন, দেখিয়া চমৎকৃত হইবে। ঠাকুরের 'তত্ত্বসূত্র' ও 'শ্রীচৈতন্যশিক্ষামৃত' পড়িয়া অনেক নাস্তিকও শ্রেষ্ঠ ভগবদ্ভক্ত হইয়াছেন। তাঁহার 'তত্ত্ববিবেক' গ্রন্থ পাঠ করিলে দেখিতে পাইবে যে, বৈষ্ণবধর্ম্ম একঘেয়ে ধর্ম্ম বা অন্ধ-বিশ্বাসীর উন্মত্ততা ও উচ্ছ্বাস নহে। পৃথিবীর সমস্ত দর্শন ও ধর্ম্ম-মতের তুলনামূলক আলোচনা করিয়া ঠাকুর বৈষ্ণবধর্ম্মের সর্ব্বশ্রেষ্ঠত্ব প্রমাণ করিয়াছেন এবং সেই আলোচনার মধ্যে কিরূপ নিরপেক্ষতা ও একান্ত সরল সত্যানুরাগ প্রদর্শন করিয়াছেন।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ঠাকুরের শতবর্ষপূর্ত্তি-আবির্ভাবতিথি-উপলক্ষে ঠাকুরের রচনামৃতসমুদ্র মন্থন করিয়া যে সকল মহারত্ন উদ্ধার করা হইয়াছে, তাহা একটা গ্রন্থাকারে প্রকাশিত হইয়াছে। সেই গ্রন্থের নাম— 'শ্রীভক্তিবিনোদবাণী-বৈভব'। তাহা ১০৮ বৈভব বা অধ্যায়ে বিভক্ত। তোমাদের মধ্যে যাঁহারা এ বিষয়ে বিশেষ অনুসন্ধিৎসু, তাঁহারা ঐ গ্রন্থের মধ্যে ঠাকুরের অনবদ্য রূপ দর্শন করিয়া মুগ্ধ হইবে। ঠাকুর মানবজাতির দুঃখে কতটা কাঁদিয়াছেন, তিনি আমাদের কতটা অকপট দরদী, তিনি ভাবী জগতের জন্য কি সর্ব্বশ্রেষ্ঠ দান করিয়া গিয়াছেন, বর্ত্তমান যুগের ও অনন্ত ভবিষ্যদ্ যুগের অসংখ্য সমস্যার কি সুন্দর সমাধান করিয়াছেন, তাহা তোমরা গ্রন্থরূপে অবতীর্ণ ঠাকুর ভক্তিবিনোদের মধ্যে তাঁহার কৃপায় তাঁহারই দেওয়া চক্ষে দেখিয়া এক নূতন জীবন লাভ করিতে পারিবে।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri



শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের সমাধি-মন্দির—
গোদ্রুমদ্বীপ



শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের ভজনস্থান—
শ্রীভক্তিকুটী, পুরী

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

চতুর্দ্দশ অধ্যায়

শ্রীগৌর-জন্মস্থান আবিষ্কার

তোমরা ঠাকুর ভক্তিবিনোদের দয়ার কথা পূর্ব্বেই শুনিয়াছ। এখন তোমাদিগকে বঙ্গদেশ তথা সমগ্র জগতের প্রতি তাঁহার আর একটী শ্রেষ্ঠ দানের কথা বলিতেছি।

তোমরা পূর্ব্বে শুনিয়াছ,—শ্রীগৌরাঙ্গদেব এই বঙ্গদেশের শ্রীমায়াপুর-নবদ্বীপে আবির্ভূত হইয়াছিলেন। স্বয়ং ভগবান্ আমাদের প্রতি কত দয়াপরবশ হইয়া বাঙ্গালীর বেষে এদেশে আসিয়া বাঙ্গালা ভাষায় গোলোকের কথা বলিয়াছিলেন। ইহার পূর্ব্বে স্বয়ং ভগবান্ আর কখনও বাঙ্গালীর বেষ লইয়া বাঙ্গালা দেশে অবতীর্ণ হন নাই—বাঙ্গালা ভাষায়ও কথা বলেন নাই। ভগবান্ শ্রীকৃষ্ণ বা শ্রীরামচন্দ্র ইঁহারা অন্য দেশে অবতীর্ণ হইয়াছিলেন ও অন্য ভাষায় উপদেশ দিয়াছিলেন। তারপর তাঁহারা পৌরাণিক যুগে বা বহু প্রাচীনকালে অবতার-লীলা প্রকাশ করিয়াছিলেন বলিয়া আমরা তাঁহাদের কথা ও চরিত্র বুঝিতে পারিতেছিলাম না। তোমরা ত' অল্পবয়স্ক; তোমাদের কথা কি, অনেক প্রবীণ, প্রাচীন, সুশিক্ষিত, কত বড় বড় মনীষীও কৃষ্ণচরিত্র বুঝিতে ভুল করিয়াছেন! গীতায় শ্রীকৃষ্ণ "আমাকে ভজনা কর, আমিই সকলের প্রভু"—এইরূপ বলায় অনেকে তাঁহাকে বুঝিতে ভুল করিয়াছেন। কেহ কেহ মনে করিয়াছেন,—

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

শ্রীকৃষ্ণের কিরূপ দাম্ভিকতা! নিজেকে নিজেই ভজনা করিতে বলিতেছেন! কিন্তু শ্রীকৃষ্ণ যখন শ্রীকৃষ্ণের ভক্তের বেষ ও আচার-ব্যবহার লইয়া শ্রীগৌরাঙ্গরূপে অবতীর্ণ হইয়া শ্রীকৃষ্ণকে ভজনা করিতে বলিলেন, কত শ্রেষ্ঠ পণ্ডিত, কত বৈদান্তিক, কত নৈয়ায়িক, কত সম্রাট্, রাজা, মহারাজা, রাজমন্ত্রী, কত সন্ন্যাসী, ব্রহ্মচারী, গৃহস্থ, কত সাধারণ লোক সমস্ত ছাড়িয়া তাঁহার পশ্চাতে ধাবিত হইলেন, তাঁহার আদর্শ-চরিত্র ও শিক্ষা অনুসরণ করিয়া ধন্যাতিধন্য হইলেন; তখন সকলেই বুঝিতে পারিলেন যে, শ্রীকৃষ্ণের ভজন সর্ব্বাপেক্ষা শ্রেষ্ঠ। স্বয়ং শ্রীকৃষ্ণ শ্রীকৃষ্ণের ভক্তের সাজে একমাত্র এই বাঙ্গালা দেশেই প্রেম-প্রচারের জন্য আবির্ভূত হইয়াছিলেন। বিশ্বব্রহ্মাণ্ডের কোথাও আর এইরূপ হয় নাই ও হইবে না।

যেখানে সেই শ্রীগৌরাঙ্গ অবতীর্ণ হইয়াছিলেন, যে-স্থানের কথা প্রসিদ্ধ ব্যাকরণকার মহর্ষি পাণিনি 'গৌড়পুর' নামে তাঁহার ব্যাকরণের সূত্রে উল্লেখ করিয়াছেন, যে-স্থান এক সময় বিদ্যার সর্ব্বপ্রধান কেন্দ্র ছিল, যে-স্থানে এক সময় বঙ্গের রাজধানী ছিল, যে-স্থানে সেনবংশীয় রাজগণের সভায় মহাকবি জয়দেব 'গীত-গোবিন্দের গান গাহিয়া সকলকে মুগ্ধ করিতেন, যে-স্থানে গঙ্গাদেবী প্রবাহিতা থাকিয়া সর্ব্বক্ষণ গৌরাঙ্গের সেবা করিতেন, যে-স্থান হইতে সঙ্কীর্ত্তনের প্রথম প্রবর্ত্তন হয়—গৌড়ীয়-সাহিত্য-শোভার প্রথম বিকাশ হয়, সেই গৌর-জন্মভূমি কালক্রমে লুপ্ত হইয়া পড়িয়াছিল।

বড়ই দুঃখের কথা, মানবজাতি বাঙ্গালার তথা চতুর্দ্দশ ভুবনের ঈশ্বরকে বোধ হয় শ্রদ্ধা করিতে জানেন না বলিয়াই তাঁহার

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

আবির্ভাব-ভূমিতে কোনপ্রকার স্মৃতিচিহ্ন-পর্য্যন্ত রক্ষা করেন নাই! অথবা ভগবদ্‌ ইচ্ছায় এই সকল কার্য্য ঠাকুর শ্রীল ভক্তিবিনোদের জন্যই রক্ষিত ছিল।

ঠাকুর ভক্তিবিনোদ কিরূপভাবে এই লুপ্ত মহাতীর্থ উদ্ধার করিলেন, তাহা তোমাদিগকে বলিতেছি।

ঠাকুর ইচ্ছা করিয়াছিলেন যে, তিনি মথুরা-বৃন্দাবনে যমুনার তীরস্থ কোন বনে গমন করিয়া নির্জ্জন-ভজন করিবেন। এইরূপ সঙ্কল্প করিয়া তিনি কোন কার্য্যোপলক্ষে তারকেশ্বর গিয়াছিলেন। তথায় রাত্রিতে বিশ্রাম করিতেছেন, এমন সময় শ্রীতারকেশ্বর শ্রীল ভক্তিবিনোদের নিকট স্বপ্নযোগে উপস্থিত হইয়া বলিলেন,—"তুমি বৃন্দাবনে যাইবে স্থির করিয়াছ, কিন্তু তোমার গৃহের নিকটবর্ত্তী শ্রীনবদ্বীপ-ধামের যে কার্য্য আছে, তৎসম্বন্ধে তুমি কি করিলে ?"

এই স্বপ্ন দেখিয়া ঠাকুর ভক্তিবিনোদ শ্রীবৃন্দাবন যাওয়া স্থগিত রাখিলেন। কিন্তু তখনও শ্রীমন্মহাপ্রভুর জন্মস্থানের কোন সন্ধান করিয়া উঠিতে পারিলেন না। এই সময়ের কথা তিনি তাঁহার আত্মচরিতে এইরূপ বলিয়াছেন,—"আমি প্রতি শনিবার নবদ্বীপ যাইয়া প্রভুর লীলা-স্থান অন্বেষণ করিয়া কিছুই পাই না, তাহাতে বড়ই দুঃখ হয়। এখনকার নবদ্বীপের লোকেরা কেবল নিজ-নিজ পেট ইত্যাদি বুঝিয়া থাকেন, প্রভুর লীলাস্থান-সম্বন্ধে কিছুই যত্ন করেন না। একদিন সন্ধ্যার পর আমি ও কমল এবং একজন কেরাণী ছাদের উপর উঠিয়া চতুর্দ্দিকে

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

দৃষ্টিপাত করিতেছি। দশটা, রাত্রে খুব অন্ধকার ও মেঘ হইয়াছে। গঙ্গাপার-উত্তরদিকে একটী আলোকময় অট্টালিকা দেখিলাম। * * * প্রাতে সেই রাণীর বাটীর একটি ছাদ হইতে সেই স্থানটী ভাল করিয়া দেখিলে দেখিলাম যে, তথায় একটী তালগাছ আছে। অন্য লোককে জিজ্ঞাসা করায় তাহারা বলিল, ঐ স্থান বল্লালদীঘি, তথায় লক্ষ্মণসেনের দুর্গ-চিহ্ন ইত্যাদি আছে। সে-সোমবারে কৃষ্ণনগর গিয়া পরের শনিবারে বল্লালদীঘি গেলাম। তথায় রাত্রে আর এক প্রকার অদ্ভুত ব্যাপার দেখিয়া পরদিন পদব্রজে ঐ সব স্থান দর্শন করিলাম এবং তত্রস্থ পুরাতন লোক-দিগকে জিজ্ঞাসা করিয়া ঐ স্থানটী শ্রীমন্মহাপ্রভুর জন্মস্থান বলিয়া জানিলাম। শ্রীনরহরি ঠাকুরের 'পরিক্রমা-পদ্ধতি', 'ভক্তিরত্নাকর' এবং 'চৈতন্যভাগবতে' যে সমস্ত গ্রাম-পল্লীর উল্লেখ আছে, ক্রমশঃ সমস্ত দেখিলাম। কৃষ্ণনগরে বসিয়া 'নবদ্বীপধাম-মাহাত্ম্য' রচনা করিয়া কলিকাতায় ছাপিতে পাঠাইলাম। কৃষ্ণনগরের ইঞ্জিনিয়ার দ্বারিকা বাবুকে সমস্ত কথা বুঝাইলে তিনি স্বীয় বিদ্যাবুদ্ধি-বলে সকল বুঝিতে পারিলেন এবং আমার জন্য একখানা নবদ্বীপ-মণ্ডলের নক্সা করাইয়া দিলেন। তাহাও ধাম-মাহাত্ম্যে স্বল্পাকারে ছাপা হইল।"

লক্ষ্মণসেনের রাজধানী যে নবদ্বীপে ছিল এবং এখানে যে শ্রীচৈতন্যদেব আবির্ভূত হইয়াছিলেন, তাহা বিলাতের পণ্ডিতগণও স্বীকার করিয়াছেন—

"Nadia (Navadwip), ancient capital of Nadia District and the residence of Laxhan Sen. According

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

to local legend the town was founded in 1063 by Laxhan Sen. **Here in the end of the 15th century was born the great reformer Chaitanya.** (*Hunter's Imperial Gazetteer, 1880*)

"নদীয়া (নবদ্বীপ)—নদীয়া জেলার প্রাচীন রাজধানী এবং লক্ষ্মণ সেনের বাসস্থলী। স্থানীয় কিংবদন্তী অনুসারে ১০৬৩ খৃষ্টাব্দে ঐ নগরী লক্ষ্মণ সেনের দ্বারা প্রতিষ্ঠিত হইয়াছিল। পঞ্চদশ শতাব্দীর শেষভাগে এই স্থানে সুপ্রসিদ্ধ ধর্ম্ম-প্রচারক শ্রীচৈতন্য জন্মগ্রহণ করিয়াছিলেন।"

শ্রীকৃষ্ণের বৃন্দাবনীয় লীলা-স্থান সমূহ যখন লুপ্ত হইয়া পড়িয়াছিল, তখন যেরূপ শ্রীচৈতন্যদেব স্বয়ং ও শ্রীসনাতন, শ্রীরূপ গোস্বামী প্রভুর দ্বারা সেই সকল লুপ্তস্থান পুনঃ প্রকাশ করিয়াছিলেন, তদ্রূপ শ্রীচৈতন্যদেবের ইচ্ছায় তাঁহারই আবির্ভাব-স্থান ঠাকুর ভক্তিবিনোদ পুনরায় আবিষ্কার করিলেন।

সেই সময় সমগ্র বৈষ্ণব-জগতের সার্ব্বভৌম সম্রাট্‌রূপে এক মহাত্মা বিরাজিত ছিলেন। তাঁহার নাম—বৈষ্ণবসার্ব্বভৌম ওঁ বিষ্ণুপাদ শ্রীল জগন্নাথদাস বাবাজী মহারাজ। ঠাকুর ভক্তিবিনোদ এই মহাত্মার অনুগত ছিলেন। এই মহাত্মাই শ্রীগৌরাঙ্গদেবের প্রকৃত জন্মস্থানটী নির্দ্দেশ করিয়া দেন।

পৃথিবীর স্বভাবই এই যে, যখনই কোন সত্যবস্তুর প্রকাশ হয়, তখন কতকগুলি অসত্যপ্রিয় লোকের হিংসার উদয় হইয়া থাকে। ঠাকুর তাঁহার আত্মচরিতে লিখিয়াছেন,—

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

"প্রাচীন নবদ্বীপ প্রকাশিত হইলে আধুনিক কুলিয়া-নবদ্বীপে (বর্ত্তমান নবনদ্বীপ সহরে) বড়ই হিংসার উদয় হইল। কত কথা বলিতে লাগিল, গৌরাঙ্গ-ভক্তদিগকে অনেক প্রকার গালি বর্ষণ করিতে লাগিল, কিন্তু যাঁহারা গৌরাঙ্গের চরণে দেহ সমর্পণ করিয়াছেন, তাঁহারা বহির্ম্মুখ ধনলোভী লোকদের কথায় কর্ণপাত না করিয়া দেব-সেবা ও মন্দির-স্থাপনের যত্ন করিতে লাগিলেন।"

সত্যকথা প্রচার করিতে গিয়া শ্রীনিত্যানন্দকে জগাই-মাধাইর লোষ্ট্রাঘাত, ঠাকুর হরিদাসকে বাইশ বাজারে বেত্রাঘাত সহ্য করিতে হইয়াছিল। স্বয়ং শ্রীচৈতন্যকে রাজদ্বারে অভিযুক্ত, কত নিন্দা-ভাজন, এমন কি, নবদ্বীপ হইতে অন্যত্র গমন করিতে হইয়াছিল। সত্য-প্রচারের ইতিহাস চিরকালই এইরূপ। ঠাকুর ভক্তিবিনোদ জগতের মঙ্গলের জন্য সত্য প্রচার করিতে গিয়া কিরূপ লাঞ্ছনা-গঞ্জনা সহ্য করিয়াছিলেন, তাহা কলিকাতা-সংস্কৃত-কলেজের অধ্যক্ষ মহামহোপাধ্যায় ডক্টর সতীশচন্দ্র বিদ্যাভূষণ এম-এ, পি-এইচ্-ডি মহাশয় স্বচক্ষে দর্শন করিয়া এইরূপ বলিয়াছেন,—

শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুর অনেক অনুসন্ধান করিয়া গৌরাঙ্গের প্রকৃত জন্মভূমি নির্দ্দেশ করেন। প্রকৃত নবদ্বীপ খুঁজিয়া বাহির করিবার জন্য তিনি লোকের গঞ্জনা সহ্য করিয়াও শ্রীমায়াপুরকেই মহাপ্রভুর প্রকৃত জন্মস্থান নির্দ্ধারণ করেন। নবদ্বীপ-সহরবাসী অনেকে এই কার্য্যে স্বার্থের খাতিরে তাঁহার বিরুদ্ধাচরণ করিতেন। কারণ, যদি মায়াপুরে মহাপ্রভুর জন্মস্থান হয়, তাহা হইলে মহাপ্রভুর নাম লইয়া যাহারা বর্ত্তমান নবদ্বীপে জীবিকার্জ্জন

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

করে, তাহাদের জীবিকা-নির্ব্বাহের ব্যাঘাত হয়। যখন তিনি এই সকল কার্য্যে নিযুক্ত ছিলেন, তখন আমি কৃষ্ণনগরে ছিলাম। এখন পর্য্যন্তও কোন কোন অসদ্ব্যক্তি তাঁহার সদনুষ্ঠানের বিরুদ্ধাচরণ করে, কিন্তু ফলতঃ মহদ্ব্যক্তির বিরুদ্ধে গিয়া আপন আপন নীচতার পরিচয় দেয় মাত্র ; তাহাতে তাহাদের চেষ্টা নিষ্ফল হইবে।"*

বর্ত্তমানে এই গৌরাঙ্গের জন্মস্থান শ্রীমায়াপুরে ঠাকুরের কৃপায় কত মঠ, মন্দির, পরবিদ্যাপীঠ, বিদ্যায়তন, ভক্তগণের আবাস এবং শাস্ত্রের আলোচনা ও অনুশীলনের প্রতিষ্ঠান-সমূহ প্রকাশিত হইয়াছে। বিশ্বের গৌরব-স্বরূপ এই স্থান দেখিবার জন্য পৃথিবীর সকল স্থান হইতে কত কত মনীষী আসিয়া থাকেন। ঠাকুরের কৃপায় বঙ্গের তথা ভারতের—সমগ্র বিশ্বের প্রাচীন গৌরবের পুনরুদ্ধার হইয়াছে। এই স্থানে শ্রীবিশ্ববৈষ্ণবরাজ-সভার মূল ভক্তিশিক্ষা-প্রতিষ্ঠান শ্রীচৈতন্যমঠ-নামে বিখ্যাত। শ্রীবিশ্ববৈষ্ণব-রাজসভার প্রচারকগণ শ্রীমায়াপুর হইতে পৃথিবীর সর্ব্বত্র শ্রীচৈতন্যের কথা বিস্তার করিতেছেন।

* ইং ১৯১৮, ৪ঠা সেপ্টেম্বর, কলিকাতা থিয়সফিকেল সোসাইটি হলের সাধারণ সভায় বক্তৃতা।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

পঞ্চদশ অধ্যায়

সাধারণের চক্ষে শ্রীভক্তিবিনোদ

যাহারা ভগবানের রাজ্য হইতে এদেশে আসেন, তাঁহারা ঠিক জাগতিক প্রতিভাশালী ব্যক্তিগণের মত নহেন। 'প্রতিভা' ও 'ভক্তি' এক বস্তু নহে। প্রতিভা জাগতিক বৃত্তিবিশেষ; কিন্তু ভক্তি সাক্ষাৎ গোলোকের বস্তু। ঠাকুর ভক্তিবিনোদ ভক্তি-দেবীর বিনোদন, উল্লাস ও পরমচমৎকারিতা জগতে বিস্তার করিয়াছিলেন বলিয়া তিনি 'শ্রীভক্তিবিনোদ' নামে চিরবিখ্যাত।

সাধারণের ধারণা এই যে, জগতের লোক যদি কোন ধর্ম্ম বা ধার্ম্মিককে 'বড়' বলেন, তবেই তিনি 'বড়', আর যদি তাঁহারা 'ছোট' বলেন বা 'নিন্দা' করেন, কিংবা তাঁহাদের সম্বন্ধে কিছু না বলেন, তবে সেই ধর্ম্ম ও ধার্ম্মিকগণ 'ছোট', 'মন্দ' বা 'নগণ্য' বলিয়াই বিবেচিত হন। কেহ কেহ মনে করেন যে, শ্রীচৈতন্যদেবকে, শ্রীকৃষ্ণকে তাঁহারা প্রশংসা করিয়া উদ্ধার করিয়া দিয়াছেন! বস্তুতঃ তাহা নহে। পরমেশ্বর বা পরমেশ্বরের ভক্তকে কেহ উদ্ধার করিতে পারে না। যাঁহারা তাঁহাদের গুণ আলোচনা করেন, তাঁহাদেরই মঙ্গল হয় অর্থাৎ তাঁহারা সেই সকল মহদ্‌গুণে আকৃষ্ট হইয়া কৃতকৃতার্থ হন। আর যাঁহারা তাঁহাদের নিন্দা করেন বা তাঁহাতে উদাসীন থাকেন, তাঁহারা জগতের অসদ্‌গুণ-গুলিতে আসক্ত হইয়া পড়েন।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ঠাকুর ভক্তিবিনোদের সম্বন্ধে জাগতিক মনীষিগণ যে-সকল প্রশংসা করিয়াছেন, তদ্দ্বারা ঠাকুরের মহত্ত্ব কিছু বৃদ্ধি হয় নাই ; কারণ, তাঁহার মহত্ত্ব নিত্যকালই আছে ও থাকিবে। তবে যাঁহারা তাঁহার গুণগান করিয়াছেন, তাঁহারাই 'মহৎ' বলিয়া পরিচিত হইয়াছেন। সাধারণ লোক জগতের বিখ্যাত ব্যক্তিগণের মতামতকে 'বড়' মনে করেন বলিয়া তাঁহাদের ভাষায় তোমাদিগকে ঠাকুর ভক্তিবিনোদের চরিত্র কিছু বলিতেছি।

তোমরা কলিকাতা বিশ্ববিদ্যালয়ের খ্যাতনামা ভাইস্‌চ্যান্সেলার ও হাইকোর্টের মাননীয় বিচারপতি সর্ব্বজন-পরিচিত পরলোকগত স্যর গুরুদাস বন্দ্যোপাধ্যায় এম-এ, ডি-এল, পি-এইচ্-ডি মহাশয়ের নাম শুনিয়া থাকিবে। তিনি কলিকাতার বঙ্গীয় সাহিত্য-পরিষদে বাঙ্গালা ১৩৩২ সালের ১৮ই ভাদ্র ঠাকুরের স্মৃতি-সভায় ঠাকুরের সাহিত্য-চর্চ্চার বৈশিষ্ট্য-সম্বন্ধে বলিতে গিয়া বলিয়াছিলেন,—

"ঠাকুর ভক্তিবিনোদের একমাত্র মূল লক্ষ্য ছিল—সাহিত্যের দ্বারা ভগবানের সর্ব্বতোমুখী সেবা—কীর্ত্তন-প্রচার। শ্রীরূপ-সনাতনের গ্রন্থ-রচনাই যেমন তাঁহাদের ভজন, জপ, তপ, সিদ্ধি ছিল, ভক্তিবিনোদ ঠাকুরের গ্রন্থরচনা-কার্য্যও ঠিক সেইরূপ ছিল।"

সেই সভায় কাশীমবাজারের মহারাজ স্বনামধন্য স্যর মণীন্দ্রচন্দ্র নন্দী বাহাদুরও ঠাকুরের সম্বন্ধে বলিয়াছিলেন,—

"ভক্তিবিনোদ ঠাকুর অকপট সরলতাময় বৈষ্ণবতার মূর্ত্তিমান্ বিগ্রহ। ঠাকুরের কথা শুনিয়া আমি তখন বুঝিতে পারিয়াছিলাম, বঙ্গদেশে ও

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

পৃথিবীতে শিক্ষিত ও সর্ব্বপ্রকার জনসাধারণের মধ্যে সত্য-সত্যই শ্রীমন্মহা-প্রভুর ধর্ম্ম-প্রচারের দিন আসিতেছে।"

সংস্কৃত কলেজের অধ্যক্ষ মহামহোপাধ্যায় ডক্টর সতীশচন্দ্র বিদ্যাভূষণ মহাশয় ঠাকুরের সম্বন্ধে বলিয়াছিলেন,—

"যে-যুগে ঠাকুর আবির্ভূত হন, সেই সময় ইংরেজীবিদ্যার চর্চ্চাই অধিক হইত। ঠাকুর ভক্তিবিনোদ সেই সময় ইংরেজী-সাহিত্যে অসাধারণ ব্যুৎপত্তি লাভ করিয়াও ভক্তিশাস্ত্রের অধ্যাপকের সাহায্য ব্যতীত নিজের স্বাভাবিক রুচিক্রমেই প্রেমভক্তির কথা বিভিন্ন ভাষায় আলোচনা করিয়াছিলেন। তাহারই ফলে তিনি সুবিস্তৃত ভক্তি-সাহিত্য রচনা করিয়া গিয়াছেন। ঠাকুর ভক্তিবিনোদের সাহিত্য জগতে প্রচারিত হইলে সকলেই বুঝিতে পারিবেন যে, এই ভক্তি-সাহিত্যই আমাদের নিজস্ব সাহিত্য।"

কলিকাতা হাইকোর্টের মাননীয় বিচারপতি সারদাচরণ মিত্র এম-এ, বি-এল্, পি, আর, এস্, মহাশয় বলিয়াছেন,—

"শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের কপটতা-রহিত মধুময় পবিত্র চরিত্রই ছিল তাঁহার অলৌকিকতা।"

অমৃতবাজার পত্রিকার তদানীন্তন প্রবীণ সম্পাদক মতিলাল ঘোষ মহাশয় বলিয়াছিলেন যে, তাঁহার দাদা শিশির কুমার ঘোষ অনেক সময় ঠাকুর ভক্তিবিনোদের নিকট শ্রীগৌরাঙ্গের ও শ্রীকৃষ্ণের কথা শ্রবণ করিতেন। শিশির বাবু শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরকে 'দাদা' বলিয়া ডাকিতেন ও বিশেষ শ্রদ্ধা করিতেন। শ্রীসনাতন, শ্রীরূপ, শ্রীরঘুনাথ-দাস, শ্রীরঘুনাথ-ভট্ট, শ্রীগোপাল ভট্ট ও শ্রীজীব—এই ছয় গোস্বামী যেরূপ শ্রীচৈতন্যের বাণী ও

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

শিক্ষা-সম্বন্ধে গ্রন্থ লিখিয়া জগতের উপকার করিয়াছেন, ঠাকুর ভক্তিবিনোদও তাহাই করিয়াছেন।

ইহার পরের বৎসর (১৩২৩ সাল, ২৮শে ভাদ্র) কলিকাতা ইউনিভার্সিটি-ইন্‌ষ্টিটিউট্-হলে ঠাকুর ভক্তিবিনোদের আর একটী স্মৃতি-সভার অধিবেশন হইয়াছিল; তাহাতে কলিকাতা-বিশ্ববিদ্যালয়ের ভাইস্‌চ্যান্সেলার স্যর দেবপ্রসাদ সর্ব্বাধিকারী সভাপতির আসন গ্রহণ করিয়াছিলেন। ঐ সভায় রায় যতীন্দ্রনাথ চৌধুরী এম্-এ, বি-এল্, শ্রীযুক্ত হীরেন্দ্রনাথ দত্ত বেদান্তরত্ন, বিপিনচন্দ্র পাল, পাঁচকড়ি বন্দ্যোপাধ্যায় প্রভৃতি অনেকেই ঠাকুরের মহিমার কথা বলিয়াছিলেন।

রায় যতীন্দ্রনাথ চৌধুরী মহাশয় বলেন,—

"যুবকগণ তাঁহার গ্রন্থ পাঠ করিয়া জ্ঞান লাভ করুন এবং তিনি কি ছিলেন, তাহা জানুন।" * * *

"'শ্রীকৃষ্ণসংহিতা'য় তিনি যাহা লিখিয়াছেন, তাহা পাঠ করা সকলের কর্ত্তব্য। 'বৈষ্ণবধর্ম্ম' বলিতে একমাত্র সার্ব্বজনীন ধর্ম্মকে বুঝায়। আমরা মূল-প্রীতিসূত্র ভুলিয়া গিয়াছি। জীবাত্মা ও পরমাত্মায় যে প্রীতির মিলন আছে, তাহাই সকলের ধর্ম্ম—ইহারই নাম 'বৈষ্ণবধর্ম্ম'। তিনি বর্ত্তমান শিক্ষিত-সমাজে ইহা নানাভাবে দেখাইয়া আমাদের ভক্তিভাজন হইয়াছেন।"

শ্রীযুক্ত হীরেন্দ্রনাথ দত্ত বেদান্তরত্ন মহাশয় ঠাকুরের সম্বন্ধে বলিয়াছিলেন,—

"শ্রীচৈতন্যদেব চারিশত বর্ষ পূর্ব্বে যে বৈষ্ণবধর্ম্ম প্রচার করিয়াছিলেন, কালবশে তাহাতে অনেক পরিবর্ত্তন লক্ষিত হয়। কিন্তু এই মহাপুরুষের

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

আবির্ভাবের ফলে সেই বৈষ্ণবধর্ম্মের সত্য-বাণী দিন দিন পরিস্ফুট হইয়া উঠিতেছে। যখন ধর্ম্মের গ্লানি উপস্থিত হইয়াছিল, তখন ভক্তিবিনোদ ঠাকুর মহাশয় গ্রন্থাকারে অনেক জটিল বিষয়ের মীমাংসা করিয়া দিয়াছিলেন।"

বাগ্মিবর বিপিনচন্দ্র পাল মহাশয় ঠাকুরের সম্বন্ধে বলেন,—

"শ্রীভক্তিবিনোদের 'কৃষ্ণসংহিতা' পড়িয়া পরিতৃপ্ত হইয়াছি। ইহার তুল্য সিদ্ধান্ত আর নাই। ভক্তিবিনোদ মহাশয় চারিশত বৎসরের পূর্ব্বের প্রচারিত ধর্ম্মকে পুনরায় স্বচ্ছভাবে প্রচার করিয়াছেন।"

'নায়ক' পত্রিকার সুপ্রসিদ্ধ সম্পাদক পাঁচকড়ি বন্দ্যোপাধ্যায় মহাশয় বলিয়াছিলেন,—

"আমরা যখন সাহেব সাজিতে গিয়াছিলাম—যখন বুঝিয়াছিলাম, য়ুরোপ হইতে সমস্ত বুঝিতে হইবে, জানিতে হইবে, তখন ভক্তিবিনোদ বুঝাইয়াছিলেন—ভক্তি কি। ভক্তিবিনোদের পুস্তকগুলি পড়িলে বা আলোচনা করিলে বুঝিতে পারা যায়, ইনি কি জন্য জগতে আসিয়াছিলেন; সাহিত্য-রাজ্যে, ভাব-রাজ্যে ও রস-রাজ্যে ইহার স্থান কোথায়? তাঁহার প্রবন্ধগুলি যখন প্রকাশিত হইত, তখন মনে হইত যেন কোথা হইতে তড়িদালোক প্রকটিত হইতেছে।"

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

উপসংহার

তোমাদিগকে শ্রীল ঠাকুর ভক্তিবিনোদের সম্বন্ধে অনেক কথা বলিলাম। জগতে এ সকল কথার গ্রাহক খুব কম। ঠাকুর ভক্তিবিনোদও বলিয়াছেন, জগতের লোক খোস-গল্প, রঙ্গরস, তরল আলাপ—এই সকল ভালবাসে। তাহাতে মনের আপাত সুখ হয়। শ্রীমদ্ভাগবত জগতের লোকের অবস্থা একটি উদাহরণ দিয়া বলিয়াছেন,—যেরূপ বর্ষাকালে ব্যাঙ্‌গুলি কল্ কল্ করিতে থাকে ও তাহা শুনিয়া সাপগুলি তাহাদের খাদ্যের সন্ধান পায়, সেইরূপ যাহারা আত্ম-মঙ্গলের কথা না বলিয়া বা না শুনিয়া জগতের ভাল বা মন্দের কথা লইয়া ব্যস্ত থাকে, তাহাদের গতিও সেইরূপ হয়। জগতের নানা কথা লইয়া ব্যস্ত থাকিলে, সেই কথারই স্মরণ হইতে থাকে এবং জন্ম-জন্মান্তর নানাপ্রকার ক্লেশের মধ্যে ভ্রমণ করিতে হয়।

তোমরা যদি প্রকৃত বুদ্ধিমান্ হও, যদি সত্য সত্য মঙ্গল চাও, যদি সকল শিক্ষার সার লাভ করিতে চাও, যদি এই মনুষ্য-জন্মের সর্ব্বোৎকৃষ্ট সফলতা প্রাপ্ত হইতে চাও, তবে শ্রীল ঠাকুর ভক্তি-বিনোদের আদর্শ-চরিত্র ও উপদেশ-সমূহ কখনও ভুলিও না। উহা পুনঃ পুনঃ পাঠ করিয়া ও প্রকৃত সাধু মহাপুরুষগণের নিকট শুনিয়া হৃদয়ে গাঁথিয়া রাখিও। নিজেদের জীবনে পালন করিবার জন্য ঠাকুরের নিকট বল প্রার্থনা করিও। কেন না, এই ঠাকুরের কথা তোমাদিগকে শ্রীচৈতন্য, শ্রীকৃষ্ণ, শ্রীমদ্ভাগবত, শ্রীহরিনাম—

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

এই সকলের কথাই জানাইয়া দিবে। লোকের কথায় সদালোচনা ছাড়িও না। অল্প বয়সে ভক্তির কথা আলোচনা করা উচিত নহে,—এরূপ পরামর্শ যেন তোমাদিগকে মঙ্গলের পথ হইতে ভ্রষ্ট না করে। তোমরা শ্রেষ্ঠ রাজনীতিবিৎ প্রহ্লাদ মহারাজের সহপাঠিগণের প্রতি উপদেশ স্মরণ রাখিও। উহা কোনকালে ভুলিও না। আর ঠাকুর ভক্তিবিনোদ তোমাদের হৃদয়ের সংশয়ের যে-সকল মীমাংসা করিয়াছেন, তাহারও কয়েকটি এই গ্রন্থের পরিশিষ্টে সংক্ষেপে লিপিবদ্ধ হইল, তাহাও বিশেষ মনোযোগের সহিত আলোচনা করিও।

সর্ব্বশেষে তোমরা ঠাকুর শ্রীল ভক্তিবিনোদের কৃপা প্রার্থনা করিয়া ঠাকুরের অনুগত অকপট সাধুগণের অনুসরণে সম্মিলিত-কণ্ঠে তাঁহার জয়গান কর।

জয় পরা বিদ্যার যুগ-প্রবর্ত্তক শ্রীভক্তিবিনোদের জয়!

জয় শ্রীচৈতন্য-সরস্বতীর জয়!!

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

পরিশিষ্ট

প্রশ্নোত্তর

ছাত্রদের মনে যে-সকল সংশয়, সমস্যা ও প্রশ্নের উদয় হইতে পারে এবং শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর উহাদের যে সকল সমাধান করিয়াছেন, সেইরূপ কতিপয় প্রশ্ন ও উত্তর নিম্নে প্রকাশিত হইল,—

প্রশ্ন—১। বাল্যকালে পরমার্থের অনুশীলন করা উচিত কি ?

ঠাকুর ভক্তিবিনোদ—বালক-কালে পরমেশ্বরের সাধন হইতে পারে না,—এরূপ মনে করা অনুচিত। আমরা ইতিহাসে দেখিতেছি যে, ধ্রুব ও প্রহ্লাদ অত্যন্ত শৈশব অবস্থায় পরমেশ্বরের প্রসাদ লাভ করিয়াছিলেন। যদি কোন মানব কোন কার্য্য করিতে সমর্থ হইয়া থাকেন, তবে মানবমাত্রেই যত্ন করিলে সেই কার্য্য সাধন করিতে পারিবেন, ইহাতে সন্দেহ কি ? বিশেষতঃ যাহা প্রথম বয়স হইতে অভ্যাস করা যায়, তাহা ক্রমশঃ স্বভাবস্বরূপ হইয়া পড়ে।

(শ্রীচৈতন্যশিক্ষামৃত ১।১)

প্রশ্ন—২। মাতা, পিতা প্রভৃতি গুরুজন যদি হরিভজনে বাধা দেন ও অন্যায় উপদেশ করেন, তবে তাহা পালন করা উচিত কি না ?

ঠাকুর—গুরুজনের অন্যায় উপদেশ প্রতিপালন করিবে, এরূপ নয় ; কিন্তু রূঢ়বাক্য ও অপমান-সূচক ব্যবহার দ্বারা তাঁহাদিগের প্রতি ঘৃণা প্রকাশ করিবে না। মিষ্ট বচন, নম্রতা, উপযুক্ত সময়ে বিনয়পূর্ণ বিচার দ্বারা তাঁহাদিগের অন্যায়াচরণের অনুমতি স্থগিত করিতে হইবে।

(শ্রীচৈতন্যশিক্ষামৃত ২।২)

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

প্রশ্ন—৩। সকলেই কেন ভক্ত হয় না ?

ঠাকুর—সকল আত্মাতেই ভক্তিবীজ আছে। সেই বীজকে অঙ্কুর ও ক্রমে বৃক্ষরূপে পরিণত করিতে হইলে তাহার মালিগিরি করা আবশ্যক। ভক্তি-শাস্ত্রের আলোচনা, পরমেশ্বরের উপাসনা, সাধুসঙ্গ ও ভক্ত-নিষেবিত স্থানে বাস ইত্যাদি কতকগুলি কার্য্যের আবশ্যকতা আছে। ভক্তি-বীজ অঙ্কুরিত হইবার সময় ভূমি পরিষ্কার, কণ্টক, কঠিন কঙ্করাদি দূরীকরণরূপ কার্য্য-সমূহ নিতান্ত প্রয়োজন। ভক্তি-বিজ্ঞান জানিলে ঐ সকল কার্য্য সুচারুরূপে হইতে পারে। (প্রেমপ্রদীপ)

প্রশ্ন—৪। সাম্প্রদায়িক বৈষ্ণব-মতের দ্বারা জীব-জগতের কি উপকার হইতে পারে ?

ঠাকুর—ইতিহাস আলোচনা করিয়া দেখিলে জানা যাইবে যে, এই পবিত্র ভারত-ক্ষেত্রে কখনই সম্প্রদায়-বিরুদ্ধ মত ছিল না। পাশ্চাত্য পণ্ডিতগণের সহিত যে-পর্য্যন্ত ভারতের সংশ্রব হইয়াছে, সেই অবধিই কোন কোন লোক সম্প্রদায়-বিরোধী হইয়া পড়িয়াছেন। সম্প্রদায়-প্রণালী জীবের পক্ষে নিতান্ত হিতকর।*** সম্প্রদায়ে প্রবেশ করিলে সাধু-পদাশ্রয়, সৎকর্ম্ম-শিক্ষা, ধর্ম্মালোচন এবং ক্রম-বৈরাগ্য অনায়াসেই লাভ হইবে। যতদিন অসম্প্রদায়-বুদ্ধি প্রবল থাকিবে, ততদিন জীবনান্ত তর্ক-বিতর্ক করিয়াও আত্মপ্রসাদ পাইতে পারিবেন না। সম্প্রদায়স্থ কোন কোন ব্যক্তি স্বার্থপর হইয়া কদাচার করেন দেখিয়া সম্প্রদায়-প্রণালীকে নিন্দা করা অসার লোকের কার্য্য। সম্প্রদায়ে প্রবেশ-পূর্ব্বক সম্প্রদায়কে পবিত্র করিবার চেষ্টা করাই বুদ্ধিমান্ ব্যক্তির কর্ত্তব্য। বাজারে ভাল দ্রব্য সর্ব্বদা পাওয়া যায় না এবং অনেক প্রকার কৃত্রিমতা চলিতেছে দেখিয়া বাজার সংস্কার করাই বিধেয় ; কিন্তু ঐ সকল কারণের জন্য বাজার-প্রণালী উঠাইয়া দিবার যিনি চেষ্টা করেন, তাঁহার বুদ্ধিকে কোন-প্রকারে প্রশংসা করিতে

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

পারি না। সম্প্রদায়ের প্রথম আচার্য্যগণ জগন্মঙ্গল বিধান করিবার জন্যই সম্প্রদায় নির্ম্মাণ করিয়াছিলেন।

(সজ্জনতোষণী ৪।৪—'সম্প্রদায়-প্রণালী')

প্রশ্ন—৬। বৈষ্ণব কাহাকে বলে ?

ঠাকুর—উদিতবিবেক ব্যক্তিদিগের নামান্তর বৈষ্ণব।

(জৈবধর্ম্ম ৩য় অঃ)

প্রশ্ন—৬। বৈষ্ণবধর্ম্ম কি ?

ঠাকুর—এই ধর্ম্ম জীবের নিত্যধর্ম্ম। বৈষ্ণব-জীব জড়মুক্ত অবস্থায় বিশুদ্ধ চিদাকারে কৃষ্ণপ্রেমের অনুশীলন করেন এবং জড়বদ্ধ অবস্থায় উদিতবিবেক হইয়া জড় ও জড়-সম্বন্ধের মধ্যে সমস্ত অনুকূল-বিষয় আদর-পূর্ব্বক গ্রহণ করেন এবং প্রতিকূল সমস্তই বর্জ্জন করেন; শাস্ত্রের বিধিনিষেধের বশীভূত হইয়া কার্য্য করেন না। যে বিধি যখন হরিভজনের অনুকূল, তখনই তাহাকে আদর করেন, যখন প্রতিকূল, তখনই তাহাকে অনাদর করেন। নিষেধ-পক্ষেও বৈষ্ণবের ব্যবহার তদ্রূপ। বৈষ্ণবই জগতের সারপদার্থ। বৈষ্ণবই জগতের বন্ধু। বৈষ্ণবই জগতের মঙ্গল।

(জৈবধর্ম্ম ৩য় অঃ)

প্রশ্ন—৭। বৈষ্ণব-ধর্ম্ম এত বড় হইলে ইহাকে লোকে 'নেড়া-নেড়ীর ধর্ম্ম' বলে কেন ?

ঠাকুর—বাউল, সাঁই, নেড়া, দরবেশ, কর্ত্তাভজা, অতিবাড়ী প্রভৃতির যে-সকল মত আছে, সে-সমুদয়ই অবৈষ্ণব-মত। তাহাদের উপদেশ ও কার্য্য অত্যন্ত অসংলগ্ন। অনেকেই তাহাদের মতের আলোচনা করিয়া বৈষ্ণব-ধর্ম্মে অশ্রদ্ধা করেন। কিন্তু বাস্তবিক বৈষ্ণব-ধর্ম্ম ঐ সকল ধর্ম্মধ্বজীদিগের দোষের জন্য দায়ী হইতে পারে না।

(প্রেমপ্রদীপ)

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

প্রশ্ন—৮। বৈষ্ণবেরা কি মূর্ত্তি-পূজক পৌত্তলিক নহেন?

ঠাকুর—বৈষ্ণবেরা যে শ্রীবিগ্রহ পূজা করেন, সে ঈশ্বরাতিরিক্ত একটী পুত্তলিকা নয়, কিন্তু ঈশ্বর-ভক্তির উদ্দীপক ও নিদর্শন-মাত্র। পরমেশ্বর অদ্বিতীয় পুরুষ, তাঁহার সমান বা অধিক কেহ নাই। সমস্তই তাঁহার অধীন। তাঁহার হিংসা উৎপন্ন করিতে পারে, এমত কিছুই নাই। তাঁহার প্রতি ভক্তি অর্জ্জন করিতে যে-কিছু কার্য্য করা যায়, তিনি হৃদয়নিষ্ঠা লক্ষ্য করিয়া তাহার ফল দান করেন। সমস্ত নিরাকার-তত্ত্বেরই নিদর্শন আছে। নিদর্শন যদিও লক্ষিত বস্তু হইতে ভিন্ন বটে, তথাপি তদ্দ্বারা তদ্বস্তুর ভাব উপস্থিত হয়। ঘটিকা-যন্ত্রদ্বারা নিরাকার কাল, প্রবন্ধদ্বারা অতিসূক্ষ্ম জ্ঞান এবং প্রতিকৃতিদ্বারা দয়া-ধর্ম্মাদি নিরাকার বিষয়-সকল যখন পরিজ্ঞাত হইতেছে, তখন ভক্তি-সাধনে আলোচ্যগত লিঙ্গরূপ শ্রীবিগ্রহদ্বারা যে উপকার হয়, তাহাতে সন্দেহ নাই।

(প্রেমপ্রদীপ)

প্রশ্ন—৯। বৈষ্ণবেরা জীবের কি উপকার করেন? তাহাদিগকে ত' জীবসেবা করিতে দেখা যায় না।

ঠাকুর—জীবে দয়া বৈষ্ণব-ধর্ম্মের একটী প্রধান অঙ্গ। জীবের প্রতি দয়া বৈষ্ণবের একটী স্বভাব। যাঁহাতে এই স্বভাব লক্ষিত না হয়, তিনি সহস্র সহস্র বাহ্য-চিহ্ন ধারণ করিলেও বৈষ্ণব হইতে পারেন না। "জীবে দয়া, নামে রুচি, বৈষ্ণবসেবা"—ইহাই মাত্র বৈষ্ণবের কর্ত্তব্য বলিয়া শ্রীশচীনন্দন সর্ব্বত্র শিক্ষা প্রচার করিয়াছেন। * * * জীবকে কৃষ্ণোন্মুখ করাই বৈষ্ণবের প্রধান কার্য্য। যে-স্থলে স্থূল-শরীরের রোগনিবৃত্তি বা ক্ষুন্নিবৃত্তি করাই প্রধান উদ্দেশ্য হয়, সে-স্থলে বৈষ্ণবতা নাই; যেহেতু তদ্দ্বারা কেবল ক্ষণিক উপকার হয়, কিন্তু নিত্য উপকার

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

হয় না। তবে যেখানে ঐসব কার্য্যের দ্বারা কৃষ্ণোন্মুখী প্রবৃত্তির সহায়তা করা যাইতে পারে, সেখানে তত্তৎ কার্য্যেও বৈষ্ণবের স্বতঃ প্রবৃত্তি হয়।

(সজ্জনতোষণী ৪র্থ বর্ষ—'জীবে দয়া')

প্রশ্ন—১০। যদি শরীর নীরোগ না হয়, তাহা হইলে পরমার্থলাভ কিরূপে হইবে ?

ঠাকুর—যদি প্রেম-সম্বন্ধ না থাকে, তবে দীর্ঘজীবন ও রোগ-শূন্যতা কেবল অনর্থের মূল। প্রত্যাহারক্রমে ইন্দ্রিয়-সংযম সাধিত হইলেও প্রেমাভাব হয়; তবে তাহাকে শুষ্ক ও তুচ্ছ বৈরাগ্য বলি। যেহেতু পরমার্থের জন্য ত্যাগ বা গ্রহণ উভয়ই তুল্য ফলপ্রদ। নিরর্থক ত্যাগ কেবল জীবকে পাষাণবৎ করিয়া ফেলে।

(প্রেমপ্রদীপ)

প্রশ্ন—১১। ধর্ম্ম কেন বহুবিধ হইল ?

ঠাকুর—শুদ্ধ অবস্থায় জীবের ধর্ম্ম একই প্রকার। জড়বদ্ধ হইয়া জীবের ধর্ম্ম আদৌ দুই প্রকার হইয়াছে অর্থাৎ সোপাধিক ও নিরুপাধিক। নিরুপাধিক ধর্ম্ম কখনই দেশভেদে পৃথক্ হয় না। জড়োপাধি-প্রাপ্ত জীবের দেশ-কাল-পাত্রভেদে প্রকৃতি-পার্থক্যক্রমে সোপাধিক ধর্ম্ম দেশ-বিদেশে ও কালভেদে সহজেই পৃথক্ হইয়া পড়ে। উক্ত সোপাধিক ধর্ম্মই ভিন্ন ভিন্ন দেশে ভিন্ন ভিন্ন আকার ও নাম প্রাপ্ত হয়। জীব যত উপাধি হইতে পরিমুক্ত হন, ততই তাঁহার ধর্ম্ম নিরুপাধিক হয়। নিরুপাধিক অবস্থায় সকল জীবেরই এক নিত্যধর্ম্ম।

(সজ্জনতোষণী ৪।৩—'শ্রীশ্রীমন্মহাপ্রভুর শিক্ষা')

প্রশ্ন—১২। কোন্ কোন্ সদ্‌গুণ অর্জ্জন করিতে পারিলে ভক্তি লাভ হয় ?

ঠাকুর—কৃষ্ণৈকশরণ ব্যতীত অন্য সদ্‌গুণ হইলেও যে-পর্য্যন্ত

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ভক্তিতে শ্রদ্ধা না হয়, সে-পর্য্যন্ত ভক্তি হইবে না। কৃষ্ণভক্তিবিহীন সদ্‌গুণসম্পন্ন জীবেরও জীবন বিফল। কৃষ্ণভক্তির সঙ্গে সঙ্গে সর্ব্বজীবে দয়া, নিষ্পাপতা, সত্যসারতা, সমদর্শিত্ব, দৈন্য, শান্তি, গাম্ভীর্য্য, সরলতা, মৈত্রী, কলদক্ষতা, অসৎ কথায় ঔদাসীন্য, পবিত্রতা, তুচ্ছকামত্যাগ ইত্যাদি সকল গুণ সহজে উদয় হয়।

(সজ্জনতোষণী ৫।১—'সদ্‌গুণ ও ভক্তি')

প্রশ্ন—১৩। বিশ্বপ্রেম কৃষ্ণপ্রেম হইতেও কি উদার নহে?

ঠাকুর—বিশ্বপ্রেম অথবা মানুষে মানুষে প্রেম কেবল আত্ম-প্রেমের বিকার মাত্র। আত্মা ও আত্মাতে যে প্রেম, তাহাই একমাত্র আত্ম-প্রেমের আদর্শ। প্রীতির স্বরূপ না বুঝিয়া যাঁহারা মনোবিজ্ঞান ও প্রীতিবিজ্ঞান ইত্যাদি লিখিয়াছেন, তাঁহারা যতই যুক্তি যোগ করুন না কেন, কেবল ভস্মে ঘৃত ঢালিয়া বৃথা শ্রম করিয়াছেন; দম্ভে মত্ত হইয়া স্বীয় স্বীয় প্রতিষ্ঠা সংগ্রহ করিয়াছেন মাত্র, জগতের কোন উপকার করা দূরে থাকুক, বহুতর অমঙ্গল সৃজন করিয়াছেন। * * * একটী বিস্ফুলিঙ্গ যেরূপ দাহ্য-বিষয় লাভ করিয়া ক্রমশঃ মহাগ্নির পরিচয় দিয়া জগৎকে দহন করিতে সমর্থ হয়, একটী জীবও তদ্রূপ প্রেমের প্রকৃত বিষয় যে কৃষ্ণচন্দ্র, তাঁহাকে লাভ করিয়া প্রেমের মহাবস্থা উদয় করিতে সমর্থ হয়।

(জৈবধর্ম্ম ২য় অঃ)

প্রশ্ন—১৪। কিরূপভাবে সাম্প্রদায়িক বিবাদ-ভঞ্জন ও প্রকৃত-প্রেম-ধর্ম্মের স্থাপন হইতে পারে?

ঠাকুর—পরমেশ্বরের বিশুদ্ধ গুণগণের কীর্ত্তন ,ও তাঁহার প্রেমে সকলের ভ্রাতৃত্ব-স্থাপনই বিশুদ্ধ ধর্ম্ম। ক্রমশঃ সংস্থাপিত ধর্ম্মসকলের হেয়াংশ দূরীভূত হইলে সম্প্রদায়-বিশেষের ভজন-ভেদ ও সম্প্রদায়ে সম্প্রদায়ে বিবাদ থাকিতে পারে না। তখন সকল বর্ণ, সকল জাতি, সর্ব্বদেশের মনুষ্য

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

একত্রিত হইয়া পরস্পর ভ্রাতৃত্ব-সহকারে পরমারাধ্য পরমেশ্বরের নাম-সংকীর্ত্তন সহজেই করিয়া থাকিবেন। তখন কেহ কাহাকে চণ্ডাল বলিয়া ঘৃণা করিবেন না এবং নিজের জাত্যভিমানে মুগ্ধ হইয়া জীবসমূহে সাধারণ ভ্রাতৃত্ব আর ভুলিতে পারিবেন না; তখন হরিদাস প্রেমরসের কলসী লইয়া শ্রীবাসের মুখে ঢালিতে থাকিবেন এবং শ্রীবাস হরিদাসের চরণরেণু সর্ব্বাঙ্গে মাখিয়া 'হা চৈতন্য! হা নিত্যানন্দ!' বলিয়া সহজেই নৃত্য করিবেন। (সজ্জনতোষণী ৪।৩—'নিত্যধর্ম্ম-সূর্য্যোদয়')

প্রশ্ন—১৫। বৈষ্ণবধর্ম্মকেই একমাত্র ধর্ম্ম বলিলে কি তাহাতে গোঁড়ামি হইবে না?

ঠাকুর—বৈষ্ণবধর্ম্ম ব্যতীত আর ধর্ম্ম নাই, অন্যান্য যতপ্রকার ধর্ম্ম জগতে প্রচারিত হইয়াছে বা হইবে, সমস্তই বৈষ্ণবধর্ম্মের সোপান বা বিকৃতি। সোপানস্থলে তাহাদিগকে যথাযোগ্য আদর করিবে, বিকৃতিস্থলে অসূয়া-রহিত হইয়া নিজে ভক্তি-তত্ত্ব আলোচনা করিবে, অন্য কোন পন্থাকে হিংসা করিবে না; যাহার যখন শুভদিন হইবে, সে অনায়াসে বৈষ্ণব হইবে, সন্দেহ নাই।

(জৈবধর্ম্ম ৮ম অঃ)

প্রশ্ন—১৬। বৈষ্ণবধর্ম্ম যে সনাতনধর্ম্ম, তাহার প্রমাণ কি?

ঠাকুর—বৈষ্ণবধর্ম্ম জীবের সঙ্গে সঙ্গে উদিত হইয়াছে। ব্রহ্মা—প্রথম বৈষ্ণব। শ্রীমন্মহাদেব—বৈষ্ণব। আদি প্রজাপতিগণ সকলেই বৈষ্ণব। ব্রহ্মার মানস-পুত্র শ্রীনারদ গোস্বামী বৈষ্ণব। এখন দেখিলেন, বৈষ্ণবধর্ম্ম সৃষ্টির সময় হইতে ছিল কি না? মূল কথা এই যে, সকলেই নির্গুণ-প্রকৃতি হয় না। যে জীবের প্রকৃতি যতদূর নির্গুণ, সে জীব ততদূর বৈষ্ণব। মহাভারত, রামায়ণ ও পুরাণ—এই সকল গ্রন্থই আর্য্য-দিগের ইতিহাস। প্রথম-সৃষ্টিকালের বৈষ্ণবধর্ম্ম দেখিলেন। আবার

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

যখন দেব, নর, দৈত্য প্রভৃতি পৃথক্ পৃথক্ বর্ণিত হইয়াছে, তখন প্রথম হইতেই আমরা প্রহ্লাদ ও ধ্রুবকে পাই। যে-সকল ব্যক্তি বিশেষ যশস্বী, তাঁহাদেরই নাম ইতিহাসে লিখিত হইয়াছে। বস্তুতঃ প্রহ্লাদ ও ধ্রুবের সময় আরও কতশত বৈষ্ণব ছিলেন, তাহা বলা যায় না। ধ্রুব, মনু-পুত্র এবং প্রহ্লাদ—কশ্যপ প্রজাপতির পৌত্র। ইঁহারা অত্যন্ত আদিকালের লোক, ইহাতে সন্দেহ নাই। ইতিহাসের আরম্ভ-কালেই শুদ্ধ-বৈষ্ণবধর্ম্ম দেখিতে পাইতেছেন। পরে চন্দ্র-সূর্য্যবংশীয় রাজগণ এবং ভাল ভাল মুনি ও ঋষিগণ সকলেই বিষ্ণুপরায়ণ হইয়াছিলেন। সত্য, ত্রেতা, দ্বাপর—তিন যুগেই এরূপ উল্লেখ আছে। কলিকালে দাক্ষিণাত্য-প্রদেশে শ্রীরামানুজ, শ্রীমধ্বাচার্য্য ও শ্রীবিষ্ণুস্বামী এবং পাশ্চাত্ত্য প্রদেশে শ্রীনিম্বাদিত্য স্বামী বহু সহস্র ব্যক্তিকে বিশুদ্ধ বৈষ্ণবধর্ম্মে আনয়ন করিয়াছিলেন। তাঁহাদের কৃপায় বোধ হয়, ভারতের অর্দ্ধসংখ্যক মনুষ্য মায়াসমুদ্র উত্তীর্ণ হইয়া ভগবচ্চরণাশ্রয় লাভ করিয়াছেন। এই বঙ্গদেশে আমার হৃদয়নাথ শ্রীশচীনন্দন কত দীন ও পতিত লোককে উদ্ধার করিলেন! এই সমস্ত দেখিয়াও আপনার বৈষ্ণবধর্ম্মের মাহাত্ম্য নয়ন-গোচর হয় না!

(জৈবধর্ম্ম ১০ম অঃ)

প্রশ্ন—১৭। বৈষ্ণবধর্ম্ম যদি অনাদিকাল হইতে চলিয়া আসিতেছে, তবে চৈতন্য-মহাপ্রভু কি নূতন শিক্ষা দিলেন,—যাহাতে তাঁহাকে বিশেষ শ্রদ্ধা করিতে হইবে?

ঠাকুর—বৈষ্ণবধর্ম্ম—পদ্মপুষ্পের ন্যায়, কাল-সহকারে ক্রমশঃ প্রস্ফুটিত হইতেছেন। প্রথম—কলিকা। পরে একটু বিকচিতভাবে লক্ষিত। ক্রমশঃ পূর্ণবিকচিত-ভাবপ্রাপ্ত পুষ্পবৎ প্রকাশিত। ব্রহ্মার সময়ে শ্রীভাগবতের চতুঃশ্লোকীসম্মত ভগবজ্জ্ঞান, মায়াবিজ্ঞান, ভক্তিসাধন

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ও প্রেম কেবল অঙ্কুররূপে জীবের হৃদয়ে প্রকাশ পাইতেছিল। প্রহ্লাদাদির সময়ে কলিকা-আকার দেখা গেল। ক্রমশঃ বাদরায়ণ ঋষির কালে কলিকাগুলি বিকচিত হইতে আরম্ভ হইয়া বৈষ্ণবধর্ম্মের আচার্য্যগণের সময়ে পুষ্পাকারে দেখা গেল। শ্রীমন্মহাপ্রভুর উদয় হইলে প্রেমপুষ্প সম্পূর্ণ বিকচিত হইয়া জগজ্জনের হার্দ্দ-নাসিকায় পরমরমণীয় সৌরভ প্রদান করিতে লাগিল। শ্রীমন্মহাপ্রভু শ্রীবৈষ্ণবধর্ম্মের পরমনিগূঢ়-ভাব যে নাম-প্রেম, তাহাই জগজ্জীবের ভাগ্যে প্রকাশ করিয়াছেন। শ্রীনাম-সঙ্কীর্ত্তন যে পরম আদরের ধন, তাহা কি আর কেহ প্রকাশ করিয়াছিলেন? যদিও শাস্ত্রে ছিল, তথাপি জীব-চরিতগত হয় নাই। আহা! শ্রীমন্মহাপ্রভুর উদয় হইবার পূর্ব্বে প্রেমরস-ভাণ্ডার কি এইরূপে কখনও বিতরিত হইয়াছিল?

(জৈবধর্ম্ম ১০ম অঃ)

প্রশ্ন—১৮। বৈষ্ণবদিগের কীর্ত্তনাদি যদি এত উপাদেয় হয়, তাহা হইলে পণ্ডিত-মণ্ডলীতে ইহার আদর নাই কেন?

ঠাকুর—কলিকালে 'পণ্ডিত'-শব্দের অর্থ-বিপর্য্যয় হইয়াছে। শাস্ত্রে উজ্জ্বলা বুদ্ধির নাম পণ্ডা, তাহা যাঁহাদের আছে, তাঁহাদিগকেই পণ্ডিত বলা যায়। কিন্তু এ সময়ে যিনি ন্যায়ে নিরর্থক ফাঁকি ও স্মৃতি-শাস্ত্রের লোকরঞ্জক অর্থ করিতে পারেন, তাঁহাকেই পণ্ডিত বলে। এরূপ পণ্ডিতগণ কিরূপে ধর্ম্মতাৎপর্য্য ও শাস্ত্রের যথার্থ অর্থ বুঝিতে বা বুঝাইতে পারিবেন? নিরপেক্ষভাবে সর্ব্বশাস্ত্র আলোচনা করিলে যাহা পাওয়া যায়, তাহা কি ন্যায়ের ফাঁকি-সিদ্ধান্তে লাভ হয়? বস্তুতঃ যাঁহারা আত্ম-বঞ্চনায় ও জগৎ-বঞ্চনায় পটু, তাঁহারাই কলিকালে পণ্ডিত! এই সকল পণ্ডিত-মণ্ডলীতে ঘট-পট লইয়া বিতর্ক হয়। বস্তুজ্ঞান ও সম্বন্ধ-জ্ঞানতত্ত্ব এবং জীবের চরম প্রয়োজন ও তাহার উপায় লইয়া কোন বিচার উঠিবার

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

সম্ভাবনা নাই। তত্ত্ব-বিচার হইলে, তবে প্রেম-কীর্ত্তনাদি যে কি বস্তু, তাহা জানা যায়।

(জৈবধর্ম্ম ১০ম অঃ)

প্রশ্ন—১৯। বৈষ্ণব-ধর্ম্মের অনুশীলন করিলে কি কোন বৈজ্ঞানিক উন্নতি লাভ হইবে ?

ঠাকুর—বিষয়-জ্ঞানকে তিরস্কার-পূর্ব্বক শুদ্ধজ্ঞান স্থাপনের নাম 'বিজ্ঞান'। 'বস্তু' এক হইলেও প্রক্রিয়া পৃথক্ বলিয়া 'জ্ঞান' ও 'বিজ্ঞান', দুইটী পৃথক্ পৃথক্ নাম হইয়াছে। তোমরা বিষয়-বিজ্ঞানকে 'বিজ্ঞান' বল, বৈষ্ণবগণ বিষয়-জ্ঞানকে যথাযথ সংস্থাপন করাকে 'বিজ্ঞান' বলেন। তাঁহারা ধনুর্ব্বেদ, আয়ুর্ব্বেদ, জ্যোতিষ, রসায়ন—সমস্ত আলোচনা-পূর্ব্বক দেখেন, এ সমস্তই জড়জ্ঞান, ইহার সহিত জীবের নিত্য-সম্বন্ধ নাই; অতএব উহা জীবের নিত্যধর্ম্ম-সম্বন্ধে নিতান্ত অকিঞ্চিৎকর। যাঁহারা জড়প্রবৃত্তি অনুসারে জড়-জ্ঞানের উন্নতি-সাধনে রত, তাঁহাদিগকে বৈষ্ণবেরা কর্ম্মকাণ্ডগ্রস্ত বলিয়া জানেন—তাঁহাদিগকে নিন্দা করেন না; কেন না, তাঁহারা জড়োন্নতির যত্ন করিয়া বৈষ্ণবের চিদুন্নতির কিয়ৎপরিমাণে পরোক্ষ-ভাবে উপকার করেন। তাঁহাদের ক্ষুদ্র জড়ময় জ্ঞানকে আপনারা 'প্রাকৃতিক বিজ্ঞান' বলেন; তাহাতেই বা আপত্তি কি? নাম লইয়া বিবাদ করা মূঢ়েরই কর্ম্ম।

(জৈবধর্ম্ম ৯ম অঃ)

প্রশ্ন—২০। যদি জড়জ্ঞান ও জড়বিজ্ঞানের উন্নতি না হইত, তবে বৈষ্ণবেরা কিরূপে ভগবানের ভজন করিতেন ?

ঠাকুর—প্রবৃত্তি অনুসারে পৃথক্ পৃথক্ লোক পৃথক্ পৃথক্ চেষ্টা করে, কিন্তু সর্ব্বনিয়ন্তা ঈশ্বর সেই সকল চেষ্টার ফলকে যথাযোগ্য অপর জনগণকে ভাগ করিয়া দেন। (জৈবধর্ম্ম ৯ম অঃ)

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

প্রশ্ন—২১। বৈষ্ণবধর্ম্ম যাজন করিলে কি লোকে অসভ্য বলিবে না?

ঠাকুর—মনুষ্যজীবন অল্পদিন, তাহাতে আবার উপদ্রব অনেক, এই স্বল্পজীবনের মধ্যে সরলতার সহিত হরিভজনই কর্ত্তব্য। সভ্যতা শিক্ষা করা কেবল আত্মবঞ্চনা। আমরা জানি, 'শঠতা'র অন্য নাম 'সভ্যতা'। মনুষ্যজীবন যতদিন সত্যপথে থাকে, ততদিন সরল থাকে; যখন অধিকতর অসত্য ব্যবহার স্বীকার করে, তখনই ভিতরে শঠ ও কুকার্য্যরত হইয়া বাহিরে মিষ্টবাক্যে লোকরঞ্জন করিয়া সভ্য হইতে চায়। সভ্যতা বলিয়া কোন গুণ নাই; সত্য ব্যবহার ও সরলতাই গুণ। ভিতরের দুষ্টতা আচ্ছাদন করিবার যে প্রথা, তাহারই বর্ত্তমান নাম 'সভ্যতা'! 'সভ্যতা' শব্দের অর্থ—সভায় বসিবার যোগ্যতা, তাহা সরল ভদ্রতা। তোমরা ক্রমশঃ শঠতাকেই 'সভ্যতা' বলিতেছ। বস্তুতঃ সভ্যতা যখন নিষ্পাপ, তখন তাহা বৈষ্ণবদের মধ্যেই থাকে; সভ্যতা যখন পাপপূর্ণ, তখন তাহা অবৈষ্ণবের মধ্যে আদৃত। তুমি যে সভ্যতার কথা বলিলে, তাহাঁর সহিত জীবের নিত্যধর্ম্মের কোন সম্বন্ধ নাই। লোক-রঞ্জন-বস্ত্র পরিধান করিলেই যদি সভ্যতা হয়, তবে বেশ্যাগণ তোমাদের অপেক্ষা সভ্য। বস্ত্র-সম্বন্ধে এইমাত্র স্বীকার করা যায় যে, তদ্দ্বারা শরীর আচ্ছাদিত হয় এবং বস্ত্র পরিষ্কার থাকে, দুর্গন্ধ ইত্যাদি দোষ না থাকে। আহারাদি পবিত্র ও উপকারী হয়—ইহাতে দোষ নাই, কিন্তু তোমাদের মতে কেবল খাইতে ভাল হয়, অথচ পবিত্র হউক না হউক, তাহার বিচার নাই। মদ্য-মাংস স্বভাবতঃ অপবিত্র, তাহা ভোজন করিয়া যে 'সভ্যতা' হয়, তাহা কেবল পাপাচার মাত্র। আজকাল যে অবস্থাকে সভ্যতা বলে, তাহা কলিকালের সভ্যতা।

(জৈবধর্ম্ম ৯ম অঃ)

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

The True Catholic Religion.

The religion preached by Mahaprabhu in universal and not exclusive. The most learned and the most ignorant are both entitled to embrace it. The learned people will accept it with a knowledge of *Sambandha tatwa* as explained in the categories. The ignorant have the same privilege by simply uttering the name of the Deity and mixing in the company of pure Vaishnavas.

—*Chaitanya Mahaprabhu : His Life and Precepts.*

A Beacon Light.

The flesh is not our own alas !
The mortal frame a chain ;—
The soul confined for former wrongs
Should try to rise again !!

Why then this childish play in that
Which cannot be our own.
Which falls within a hundred years,
As if a rose ablown !

So push thy onward march O soul !
Against an evil deed
That stands with soldiers—hate and lust !
A hero be indeed !!

Maintain thy post in spirit world
As firmly as you can,
Let never matter push thee down,
O stand heroic man !

—*Saragrahi Vaishnava.*

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

শ্রীভক্তিবিনোদ-গ্রন্থাবলী

গ্রন্থ	প্রকাশ-কাল—খৃষ্টাব্দ	বঙ্গাব্দ
হরিকথা (বাঙ্গালা পয়ার)	১৮৫০	১২৫৭
শুম্ভ-নিশুম্ভ-যুদ্ধ ঐ	১৮৫১	১২৫৮
সাময়িক-পত্রাদিতে প্রবন্ধরচনা আরম্ভ	১৮৫৫	১২৬২
পোরিয়েড্ (ইংরাজী কাব্য) ১ম ভাগ	১৮৫৭	১২৬৪
ঐ ,, ২য় ভাগ	১৮৫৮	১২৬৫
মঠ্স্ অব্ উড়িষ্যা (Maths of Orissa ইংরাজী গদ্য)	১৮৬০	১২৬৭
বিজন গ্রাম (বাংলা কাব্য)	১৮৬৩	১২৭০
সন্ন্যাসী ঐ	,,	,,
আওয়ার ওয়াণ্ট্স্ (Our wants ইংরাজী গদ্য)	,,	,,
বালিদে রেজিষ্ট্রি (উর্দ্দূতে রচিত)	১৮৬৬	১২৭৩
স্পীচ্ অন্ গৌতম (Speech on Gautam ইংরাজী গদ্য)	,,	,,
স্পীচ্ অন্ ভাগবতম্ (Speech on Bhagabatam)— ইংরাজী গদ্য)	১৮৬৯	১২৭৬
গর্ভস্তোত্র-ব্যাখ্যা বা 'সম্বন্ধতত্ত্ব-চন্দ্রিকা' (বাঙ্গালা গদ্য)	১৮৭০	১২৭৭
রিফ্লেক্সন্স্ (Reflections ইংরাজী কাব্য)	১৮৭১	১২৭৮
ঠাকুর হরিদাসের সমাধি-সম্বন্ধে শ্লোক (ইংরাজী)	১৮৭১	১২৭৮
পুরীর জগন্নাথ-মন্দির ঐ	,,	,,
পুরীর আথড়া প্রভৃতি ঐ	,,	,,
বেদান্তাধিকরণমালা	১৮৭২	১২৭৯
দত্তকৌস্তুভম্ (সংস্কৃত-তত্ত্ববিষয়ক)	১৮৭৪	১২৮১
দত্তবংশমালা (সংস্কৃত শ্লোকাকারে বালিদত্ত-সমাজ)	১৮৭৬	১২৮৩

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

গ্রন্থ	খৃষ্টাব্দ	বঙ্গাব্দ
বৌদ্ধবিজয়-কাব্যম্ (সংস্কৃত শ্লোক, অসম্পূর্ণ পাণ্ডুলিপি)	১৮৭৮	১২৮৫
শ্রীকৃষ্ণসংহিতা (সংস্কৃত শ্লোক, বঙ্গানুবাদ প্রভৃতি সহ)	১৮৮০	১২৮৭
কল্যাণকল্পতরু (বাঙ্গালা গীতি-গ্রন্থ)	১৮৮১	১২৮৮
শ্রীসজ্জনতোষণী (বাংলা মাসিকপত্র ১ম-১৭শ খণ্ড, এই বৎসর হইতে আরম্ভ)	"	"
'নিত্যরূপ সংস্থাপন' সম্বন্ধে রিভিউ (ইংরাজী গদ্য)	১৮৮৩	১২৯০
শ্রীমদ্ভগবদ্গীতা (শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী টীকা 'রসিকরঞ্জন' বঙ্গানুবাদ-সহ)	১৮৮৬	১২৯৩
শ্রীচৈতন্যশিক্ষামৃত (বাঙ্গালা গদ্য)	"	"
শিক্ষাষ্টক (সংস্কৃত 'সম্মোদন'-ভাষ্য-সহ)	"	"
মনঃশিক্ষা (শ্রীল দাস গোস্বামীর মনঃশিক্ষার পদ্যানুবাদ)	"	"
দশোপনিষদ্-চূর্ণিকা	"	"
ভাবাবলী (সংস্কৃত শ্লোক ও ভাষ্য)	"	"
প্রেমপ্রদীপ (বাঙ্গালা গদ্য ও উপন্যাস)	"	"
শ্রীবিষ্ণু-সহস্রনাম (শ্রীবলদেবকৃত ভাষ্য-সহ)	"	"
শ্রীকৃষ্ণবিজয় (শ্রীগুণরাজ খান-কৃত পদ্যগ্রন্থ)	১৮৮৭	১২৯৪
শ্রীচৈতন্যোপনিষৎ (সংস্কৃত শ্রীচৈতন্যচরণামৃত ভাষ্য-সহ)	"	"
বৈষ্ণবসিদ্ধান্তমালা (বাঙ্গালা গদ্যে তত্ত্বোপদেশ)	১৮৮৮	১২৯৫
শ্রীমদাম্নায়-সূত্রম্ (সংস্কৃত সূত্র, টীকা ও বাঙ্গালা ব্যাখ্যা)	১৮৯০	১২৯৭
শ্রীনবদ্বীপধাম-মাহাত্ম্য (বাঙ্গালা পদ্য)	"	"
সিদ্ধান্তদর্পণানুবাদ	"	"
শ্রীমদ্ভগবদ্গীতা (শ্রীবলদেব-কৃত ভাষ্য ও বাঙ্গালা 'বিদ্বদ্রঞ্জন' ভাষা-ভাষ্য)	১৮৯১	১২৯৮

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

গ্রন্থ	খৃষ্টাব্দ	বঙ্গাব্দ
শ্রীহরিনাম (বৈষ্ণব-সিদ্ধান্তমালার গুটি-সমূহ, নামহট্টের কার্য্যারম্ভ)	১৮৯২	১২৯৯
শ্রীনাম (বৈষ্ণব-সিদ্ধান্তমালার গুটি-সমূহ, নামহট্টের কার্য্যারম্ভ)	১৮৯২	১২৯৯
শ্রীনাম-তত্ত্ব (শিক্ষাষ্টক) (বৈষ্ণব-সিদ্ধান্তমালার গুটি-সমূহ, নামহট্টের কার্য্যারম্ভ)	১৮৯২	১২৯৯
শ্রীনাম-মহিমা (বৈষ্ণব-সিদ্ধান্তমালার গুটি-সমূহ, নামহট্টের কার্য্যারম্ভ)	১৮৯২	১২৯৯
শ্রীনাম-প্রচার (বৈষ্ণব-সিদ্ধান্তমালার গুটি-সমূহ, নামহট্টের কার্য্যারম্ভ)	১৮৯২	১২৯৯
শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (বাঙ্গালা গদ্য)	”	”
তত্ত্ববিবেক বা শ্রীসচ্চিদানন্দানুভূতি (সংস্কৃত শ্লোকে দার্শনিক তথ্য ও বাঙ্গালা ব্যাখ্যা)	১৮৯৩	১৩০০
শরণাগতি (বাঙ্গালা গীতি-গ্রন্থ)	”	”
শোকশাতন ঐ	”	”
জৈবধর্ম্ম (গৌড়ীয়-বৈষ্ণব-সিদ্ধান্ত-গ্রন্থ)	”	”
তত্ত্বসূত্র (সংস্কৃত সূত্র, ভাষ্য ও বাংলা ব্যাখ্যা)	১৮৯৪	১৩০১
ঈশোপনিষদের ‘বেদার্কদীধিতি’ ব্যাখ্যা	”	”
তত্ত্বমুক্তাবলী বা মায়াবাদ-শতদূষণী (বাঙ্গালা ব্যাখ্যা)	”	”
শ্রীচৈতন্যচরিতামৃতের ‘অমৃতপ্রবাহ’ ভাষ্য (বাঙ্গালা গদ্য)	১৮৯৫	১৩০২
শ্রীগৌরাঙ্গস্মরণমঙ্গল-স্তোত্রম্ (সংস্কৃত শ্লোক)	১৮৯৬	১৩০৩
শ্রীমন্মহাপ্রভুর জীবনী ও শিক্ষা (ইংরাজী)	”	”
শ্রীরামানুজ-উপদেশ (বাঙ্গালা ব্যাখ্যা)	”	”
অর্থ-পঞ্চক ঐ	”	”
ব্রহ্মসংহিতার বঙ্গানুবাদ ও ‘প্রকাশিনী’ নাম্নী বাঙ্গালা বৃত্তি	১৮৯৭	১৩০৪
কল্যাণকল্পতরু (Revised—পুনঃ সংশোধিত)	”	”
শ্রীকৃষ্ণকর্ণামৃতম্ গ্রন্থের বাঙ্গালা ব্যাখ্যা	১৮৯৮	১৩০৫
শ্রীউপদেশামৃতম্ গ্রন্থের ‘পীযূষবর্ষিণী’ বৃত্তি (বাঙ্গালা)	”	”

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

গ্রন্থ	খৃষ্টাব্দ	বঙ্গাব্দ
শ্রীমদ্ভগবদ্গীতার মাধ্বভাষ্য (সম্পাদন)	১৮৯৮	১৩০৫
শ্রীসনাতন গোস্বামি-প্রভুর "শ্রীভগবদ্ধামামৃতম্" গ্রন্থের সংস্কৃত ও বাঙ্গালা ভাষ্য	"	"
শ্রীসনাতন গোস্বামী প্রভুর "ভক্তিসিদ্ধান্তামৃতম্" গ্রন্থের সংস্কৃত ও বাংলা ভাষ্য	"	"
শ্রীভজনামৃতম্ (শ্রীনরহরি ঠাকুর-কৃত) গ্রন্থের বাংলা ভাষ্য	১৮৯৯	১৩০৬
শ্রীনবদ্বীপভাব-তরঙ্গিণী (বাঙ্গালা পয়ার)	"	"
শ্রীহরিনামচিন্তামণি (বাংলা পদ্য)	১৯০০	১৩০৭
দত্তবংশমালা (সম্পূর্ণরূপে সংশোধিত ও পরিবর্দ্ধিত)	"	"
শ্রীভাগবতার্কমরীচিমালা (গুম্ফিত ভাগবত-শ্লোক ও বাঙ্গালা ব্যাখ্যা)	১৯০১	১৩০৮
শ্রীসঙ্কল্পকল্পদ্রুমের বঙ্গানুবাদ	"	"
সমগ্র পদ্মপুরাণ সম্পাদন	"	"
শ্রীভজন-রহস্য (সঙ্কলিত সংস্কৃত শ্লোকসহ বাঙ্গালা পদ্যানুবাদ)	১৯০২	১৩০৯
বিজন-গ্রাম ও সন্ন্যাসী—(সম্পূর্ণ সংশোধিত)	"	"
শ্রীকৃষ্ণসংহিতা (সম্পূর্ণ সংশোধিত)	১৯০৩	১৩১০
সৎক্রিয়াসারদীপিকা (সম্পাদন)	১৯০৪	১৩১১
শ্রীচৈতন্যশিক্ষামৃত (সম্পূর্ণ সংশোধিত এবং দ্বিগুণ পরিবর্দ্ধিত)	১৯০৫	১৩১২
শ্রীপ্রেমবিবর্ত্ত (সম্পাদন)	১৯০৬	১৩১৩
স্বনিয়ম-দ্বাদশকম্ (অসম্পূর্ণ)	১৯০৭	১৩১৪

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

মঞ্জুষা প্রিন্টিং ওয়ার্কস্, ঢাকা

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

आम्नाय-ग्रन्थालय,
रत्ननिधि, करौंदी
वाराणसी-

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

Dr. Urmila Sharma Collection, Varanasi